# ইঞ্জিনিয়ারিং দ্রইং

এসএসসি ও দাখিল (ভোকেশনাল)





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত





বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক ২০১৭ শিক্ষাবর্ষ থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম ও দশম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত।

# ইঞ্জিনিয়ারিং ড্রইং

**ENGINEERING DRAWING** 

প্রথম ও দিতীয় পত্র নবম ও দশম শ্রেণি

লেখক

ইঞ্জিনিয়ার মোঃ হাসানুজ্জামান

সম্পাদক

প্রকৌশলী মোঃ মোদাচ্ছের আলী

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রকাশিত

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯–৭০, মতিঝিল বাণিচ্চ্যিক এলাকা, ঢাকা–১০০০ কর্তৃক প্রকাশিত।

[ প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত ]

## পরীক্ষামূলক সংস্করণ

প্রথম প্রকাশ : নভেম্বর, ২০১৬ পুনর্মুদ্রণ : আগস্ট, ২০১৭

## ডিজাইন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

#### প্ৰসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় জীবনের সর্বতোমুখী উন্নয়নের পূর্বশর্ত। দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সৃশিক্ষিত-দক্ষ মানব সম্পদ। কারিগারি ও বৃত্তিমূলক শিক্ষা দক্ষ মানব সম্পদ উন্নয়ন, দারিদ্য বিমোচন, কর্মসংস্থান এবং আত্মনির্ভরশীল হয়ে বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের কোনো বিকল্প নেই। তাই ক্রমপরিবর্তনশীল অর্থনীতির সঙ্গে দেশে ও বিদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচেছ। এ কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) স্তরের শিক্ষাক্রম ইতোমধ্যে পরিমার্জন করে যুগোপযোগী করা হয়েছে।

শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পরিবর্তনশীল চাহিদার পরিপ্রেক্ষিতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথভাবে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে সক্ষম হবে। অভ্যন্তরীণ ও বহির্বিশ্বে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানে উদ্যোগী হওয়াসহ উচ্চশিক্ষার পথ সুগম হবে। ফলে রূপকল্প-২০২১ অনুযায়ী জাতিকে বিজ্ঞানমনস্ক ও প্রশিক্ষিত করে ডিজিটাল বাংলাদেশ নির্মাণে আমরা উজ্জীবিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ শিক্ষাবর্ষ হতে সকলস্তরের পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করার যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোমলমতি শিক্ষার্থীদের আরও আগ্রহী, কৌতৃহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিকস্তর থেকে শুরু করে ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনালস্তরের পাঠ্যপুস্তকসমূহ চার রঙে উন্নীত করে আকর্ষণীয়, টেকসই ও বিনামূল্যে বিতরণ করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে; যা একটি ব্যতিক্রমী প্রয়াস। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক রচিত ভোকেশনালস্তরের ট্রেড পাঠ্যপুস্তকসমূহ সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক রোর্ড ২০১৭ শিক্ষাবর্ষ থেকে সংশোধন ও পরিমার্জন করে মুদ্রণের দায়িত্ব গ্রহণ করে। এ বছর উন্নতমানের কাগজ ও চার রঙের প্রচ্ছদ ব্যবহার করে অতি অল্প সময়ে পাঠ্যপুস্তকটি মুদ্রণ করে প্রকাশ করা হলো।

বানানের ক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুসৃত হয়েছে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানান রীতি। পাঠ্যপুস্তকটির আরও উন্নয়নের জন্য যে কোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচিত হবে। শিক্ষার্থীদের হাতে সময়মত বই পৌছে দেওয়ার জন্য মুদ্রণের কাজ দ্রুত করতে গিয়ে কিছু ক্রুটি-বিচ্যুতি থেকে যেতে পারে। পরবর্তী সংস্করণে বইটি আরও সুন্দর, প্রাঞ্জল ও ক্রুটিমুক্ত করার চেষ্টা করা হবে। যাঁরা বইটি রচনা, সম্পাদনা, প্রকাশনার কাজে আন্তরিকভাবে মেধা ও শ্রম দিয়ে সহযোগিতা করেছেন তাঁদের জানাই আন্তরিক ধন্যবাদ। পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে পাঠ করবে এবং তাদের মেধা ও দক্ষতা বৃদ্ধি পাবে বলে আশা করি।

প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা চেয়ারম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সূচিপত্ৰ-

ক্রমিক নং	বিষয়বস্ত	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়	অংকন বা ড্ৰইং (Drawing)	۵
দ্বিতীয় অধ্যায়	ড্রইং করার যন্ত্রপাতি ও সরঞ্জাম (Drawing Instruments and Materils).	Ğ
তৃতীয় অধ্যায়	ড্ৰইং শীট (Drawing Sheet)	২৯
চতুর্থ অধ্যায়	এ্যালফাবেট অব লাইন্স (Alphabets of Lines)	৩৫
পঞ্চম অধ্যায়	গ্রাফ অংকন (Graph Drawing)	৫৬
ষষ্ঠ অধ্যায়	লেটারিং ও নাম্বারিং (Lettering & Numbering)	øን
সপ্তম অধ্যায়	কেল অংকন (Scale Drawing)	98
অষ্টম অধ্যায়	ড্ৰইং প্ৰতীক (Drawing Symbol)	৮৩
নম অধ্যায়	জ্যামিতিক অংকন (Geometrical Drawing)	०४
দশম অধ্যায়	অভিক্ষেপ বা প্রজেকশন (Projection)	১২৩
একাদশ অধ্যায়	আইসোমেট্রিক দৃশ্য অংকন (Isometric View)	<b>১</b> 8৬
দ্বাদশ অধ্যায়	অবলিক দৃশ্য অংকন (Oblique View)	<b>3</b> 68
ত্রয়োদশ অধ্যায়	অর্থোগ্রাফিক দৃশ্য অংকন (Orthographic View)	১৭২
চর্তুদশ অধ্যায়	সেকশন বা ছেদিত দৃশ্য অংকন (Sectional View)	<b>ን</b> ৮৫
পধ্যদশ অধ্যায়	নক্শা বা স্কেচিং (Sketching)	ケダベ
ষোড়শ অধ্যায়	ক্লু-থ্রেড অংকন (Screw-Thread)	২০৭
সপ্তদশ অধ্যায়	ডেভেলপমেন্ট বা বিকাশন (Development)	২৩০
অষ্টাদশ অধ্যায়	ওয়ার্কিং দ্রইং (Working Drawing)	<b>২</b> 8১

## ১. অংকন বা ড্ৰইং Drawing

#### ১.১ অংকন বা দ্ৰইং (Drawing) ঃ

কোন একটি বস্তু (Object) বা বস্তুর অংশবিশেষ একটি সমতলের উপর সংক্ষিপ্ত ও সম্পূর্ণভাবে এর আকৃতি, প্রকৃতি, পরিদর্শন এবং উৎপাদনের জন্য প্রয়োজনীয় সার্বিক তথ্য সম্বলিত কতকগুলো ভিন্ন ভিন্ন রেখার মাধ্যমে অন্তর্ভুক্তকরণের ভাষাকেই দ্রইং বলা হয়।

কোন একটি বস্তুকে (Object) একটি কাগজের উপরে নিয়মতান্ত্রিক রেখাসমূহের মাধ্যমে উপস্থাপন করার কৌশলকে ড্রইং বলে।

#### ডইং এর উদ্দেশ্য ঃ

মানুষের মনের ভাবকে অন্যের নিকট প্রকাশ করতে যেমন ভাষার প্রয়োজন হয়, কবি ও লেখকেরা তাদের মনের অভিব্যক্তিকে যেমন- কবিতা ও প্রবন্ধের মাধ্যমে অন্যের কাছে ব্যক্ত করে তোলে, ঠিক তেমনি কারিগরি বা ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে কোনো বস্তু তৈরি, উৎপাদন, ডিজাইন, কনস্ট্রাকশন ও ইলেকট্রিফিকেশনের কাজে কতকগুলো ভিন্ন ভিন্ন রেখার মাধ্যমে তাদের বিষয়টিকে অপরের কাছে উপস্থাপন বা প্রকাশ করার কৌশলই দ্রইং এর উদ্দেশ্য। তাই প্রকৌশলবিদগণের উক্তি হলো ঃ "Drawing is the language of Engineer"

#### ১.২ দ্রইং এর শ্রেণি বিভাগ ঃ

#### ড্রইংকে প্রধানত দুইভাগে ভাগ করা যায়। যথা ঃ

- 🕽। শৈক্সিক দ্রইং (Artistic, Free Hand or Model Drawing)
- ২। প্রকৌশল দ্রইং (Engineering or Projectile Drawing)

#### ১.৩ ইঞ্জিনিয়ারিং দ্রইং এর শ্রেণি বিভাগ ঃ

#### ইঞ্জিনিয়ারিং দ্রইং কে নিমুদিখিত প্রধান ৪ ভাগে ভাগ করা হয়। যথা ঃ

- ১। জ্যামিতিক দ্রইং (Geometrical Drawing)
- ২। যান্ত্রিক দ্বইং (Mechanical Engineering Drawing)
- ৩। পুরকৌশল দ্রইং (Civil Engineering Drawing)
- ৪। তড়িৎ কৌশল ড্রইং (Electrical Engineering Drawing)

#### জ্যামিতিক দ্রইংকে দুইভাগে ভাগ করা হয়। যথা ঃ

- ১) প্লেন জ্যামিতিক দ্বইং (Plane Geometrical Drawing)
- ২) সলিড জ্যামিতিক দ্বইং (Solid Geometrical Drawing)

#### ২। যান্ত্রিক দ্রইং কে সাধারণত নিমুলিখিত ভাগে ভাগ করা হয়। যথা ঃ

- ১) শিট মেটাল দ্রইং (Sheet Metal Drawing)
- ২) মেরিন ড্রইং (Marine Drawing)
- ৩) এয়ার ক্রাফট দ্রইং (Air Craft Drawing)

ফর্মা নং ১, ইঞ্জিনিয়ারিং ড্রইং

8) কেবিনেট ড্রইং (Cabinet Drawing)

#### ৩। পুরকৌশল ড্রইংকে দুইভাগে ভাগ করা যায়। যথা ঃ

- ১) স্থপতি বিদ্যা বিষয়ক দ্রইং (Architechtural Drawing)
- ২) অট্টালিকার গঠন সম্বন্ধীয় দ্রইং (Structural Drawing)

#### বিভিন্ন প্রকার দ্রইং এর বর্ণনা ও প্রয়োগ ঃ

#### ১। শৈল্পিক ড্রইং (Artistic Drawing) ঃ

একজন চিত্রকর কোনো একটি বস্তুকে নিজস্ব কল্পনার মাধ্যমে অথবা বস্তুটিকে সামনে রেখে যেমন ঃ পেইন্টিং, সিনেমা স্লাইড, বিজ্ঞাপন ও বোর্ড ইত্যাদিতে উপস্থাপন করে, এ কৌশলকেই শৈল্পিক দ্রইং বলে।

প্রয়োগ ঃ শৈল্পিক ড্রইং সাধারণত বাণিজ্যিক উদ্দেশ্যে প্রয়োগ করা হয়।

#### ২। প্রকৌশল ডাইং (Engineering Drawing) ঃ

প্রকৌশল সম্মন্ধীয় বস্তু যেমনঃ ইমারত (বিল্ডিং), ব্রিজ, সড়ক, মেশিন, ও যন্ত্রপাতিসমূহ একটি কাগজের উপরে উপস্থাপন করার কৌশলকেই প্রকৌশল ড্রইং (Engineering Drawing) বলে।

#### ১। জ্যামিতিক দ্রইং (Geometrical Drawing) ঃ

জ্যামিতিক বস্তুসমূহ যেমন ঃ বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র, মোচক, (Cone), সিলিভার ও গোলক ইত্যাদি একটি কাগজের উপর উপস্থাপন করার কৌশলই জ্যামিতিক দ্রইং নামে পরিচিত।

প্রয়োগ ঃ কোন ইনস্ট্রমেন্টস, টুলস, বিল্ডিং এর প্লান, ডিজাইন তৈরি করতে এ ড্রইং প্রয়োগ করা হয়।

#### ১) প্লেন জ্যামিতিক দ্রইং (Plane Geometrical Drawing) ঃ

বস্তুসমূহকে দ্বিমাত্রিক ভাবে, অথবা দৈর্ঘ্য ও বিস্তার যেমন ঃ বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র, ত্রিভুজ, ইত্যাদি একটি কাগজের উপর বিভিন্ন রেখার মাধ্যমে উপস্থাপন করার কৌশলকেই প্লেন জ্যামিতিক দ্রইং বলে।

#### ২) সলিড জ্যামিতিক দ্বইং (Solid Geometrical Drawing) ঃ

বস্তুসমূহকে ত্রিমাত্রিকভাবে অথবা দৈর্ঘ্য, বিস্তার ও পুরুত্ব যেমন ঃ ঘন বস্তু, সিলিভার ও গোলক ইত্যাদি একটি কাগজের উপর রেখার মাধ্যেমে বর্ণনা করার কৌশলকেই সলিড জ্যামিতিক দ্রইং বলে।

#### ২। যান্ত্রিক দ্রইং (Machanical Engineering Drawing) ঃ

যে দ্রইং এর মাধ্যমে কোনো ডিজাইনার শিট মেটাল, ইঞ্জিন, ইঞ্জিনের যন্ত্রাংশ, মেশিন, মেশিনারি পার্টস, ইলেকট্রিক্যাল, এয়ারক্রাফটস প্রভৃতি যন্ত্রপাতি ও দ্রব্য সামগ্রীর কার্যপদ্ধতি, কার্যক্ষমতা, সংযোগ পদ্ধতি পরিচালনা, পদার্থের উপাদান ও সংমিশ্রণ

৪ অংকন বা দ্রইং

প্রয়োগ ঃ বিল্ডিং এর সৌন্দর্য ও যাবতীয় সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে ডিজাইনের কাজে এ ড্রইং প্রয়োগ করা হয়।

#### ২) অট্রালিকার গঠন সমন্ধীয় দ্রইং (Structural Drawing) ঃ

যে দ্রইং ব্রিজ, স্টিল স্ট্রাক্চার এবং অট্টালিকার গঠন সম্বন্ধীয় কাজে ব্যবহার করা হয়, তাকে অট্রালিকার গঠন সম্বন্ধীয় দ্রইং (Structural Drawing) বলে। প্রয়োগঃ ব্রিজ, স্টিল স্ট্রাকচার ও অট্রালিকার গঠন সম্পর্কীয় কাজে এটা ব্যবহৃত হয়।

#### ছ্রইং এর ক্ষেত্রে টেকনিসিয়ানের প্রয়োজনীয়তা ঃ

কারখানা, শিল্প প্রতিষ্ঠান, প্রশিক্ষণ কেন্দ্র এবং কারিগরি স্কুল ও কলেজগুলির প্রথম ধাপ অংকন বা ড্রইং। কারণ ড্রইং ব্যতীত কোনো কর্মী বা প্রশিক্ষার্থী মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও কনস্ট্রাকশনের ব্যবহারিক কাজ করতে পারে না। প্রায় প্রতিটি ক্ষেত্রে নমুনা ছাড়াই কাজ বা জবের প্রতিটি অংশের মাপ, পরিমাপ, কার্যপদ্ধতির প্রতি লক্ষ করে জব প্রস্তুত করতে হয়। সে জন্য ড্রইং এর সাহায্যে একমাত্র ঐ সমস্ত মাপ, পরিমাপ নিয়ে কর্মী বা প্রশিক্ষার্থীরা জবের উপর প্রত্যক্ষ ভাবে কাজ করতে পারে।

প্রতিটি ক্ষেত্রে যদিও ডিজাইনার, ড্রাফটসম্যানকে প্রত্যেক কাজের জন্য নির্ভুল ড্রইং দিয়ে থাকেন। তথাপি ট্রেড্সম্যানদের ঐ কাজের কম-বেশি ড্রইং সম্পর্কে জ্ঞান থাকতে হয়। যেহেতু ট্রেডসম্যানদের ঐ জবের পরিপূর্ণ দ্রব্য উৎপাদনের ভূমিকায় সক্রিয় অংশ গ্রহণ করে থাকেন। নচেৎ টেকনিসিয়ানগণ নমুনা ব্যতীত কোন পরিকল্পিত কাজ করতে পারবে না।

মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও পুরকৌশল যে কোনো ধরনের ড্রইং এর সাহায্যে ট্রেডসম্যানরা নিপুণতার সাথে নিত্য নতুন কোনো কিছুর উপযোগ সৃষ্টির ক্ষেত্রে আবিষ্কারকদের সাহায্য করছে। কাজেই মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও পুরকৌশল ড্রইং এর ক্ষেত্রে ট্রেডসম্যান বা টেকনিসিয়ানের প্রয়োজনীয়তা যথোপযুক্ত ও গুরুত্বপূর্ণ।

ইঞ্জিনিয়ারিং দ্রইং

### অनुभीवनी - ১

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী

- ১। ড্ৰইং কী বা ড্ৰইং বলতে কী বোঝায় ?
- ২। ইঞ্জিনিয়ারিং কেন শিখবে ?
- ৩। ড্রইং এর শ্রেণি বিভাগ উল্লেখ কর।

#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। দ্রইং এর উদ্দেশ্য লিখ।
- ২। সংজ্ঞা ও প্রয়োগ ক্ষেত্রগুলো লিখ ঃ
  - i) মেকানিক্যাল ড্ৰইং ii) পুরকৌশল ড্ৰইং iii) তড়িৎ কৌশল ড্ৰইং iv) জ্যামিতিক ড্ৰইং
  - v) স্থপতি ড্রইং vi) মেরিন ড্রইং vii) এয়ার ক্রাফট ড্রইং viii) সলিড জ্যামিতিক ড্রইং
- ৩। স্থপতি বিদ্যা বিষয়ক দ্রইং ও স্ট্রাকচারাল দ্রইং বলতে কী বোঝায় ?
- ৪। ড্রইং এর ব্যবহারিক ক্ষেত্রগুলো উল্লেখ কর।
- ৫। ইঞ্জিনিয়ারিং ড্রইং এর শ্রেণি বিভাগগুলো লিখ।
- ৬। দ্রইং এর ক্ষেত্রে টেকনিসিয়ানের প্রয়োজনীয়তা উল্লেখ কর।

ইঞ্জিনিয়ারিং ড্রইং

ইত্যাদি গুণাবলির বর্ণনা, বিশ্লেষণ করে থাকে, তাকে যান্ত্রিক ড্রইং (Mechanical Engineering Drawing) বলে।

প্রয়োগ ঃ শিট মেটাল, ইঞ্জিন, ইঞ্জিনের যন্ত্রাংশ, মেশিন, মেশিনারি পার্টস, ইলেকট্রিক্যাল, এয়ারক্রাফটস প্রভৃতি যন্ত্রপাতি ও দ্রব্য সামগ্রী বিভিন্ন পদার্থ দিয়ে উৎপাদন করতে এ ড্রইং প্রয়োগ করা হয়।

#### ৩। পুরকৌশল ড্রইং (Civil Engineering Drawing) ঃ

যে ড্রইংকে ডিজাইন এবং কনস্ট্রাকশন, যেমন ঃ রোড, বিল্ডিং, ব্রিজ ও বাঁধসমূহ তৈরির কাজে ব্যবহার করা হয়। তাকে পুর প্রকৌশল ড্রইং বলে।

প্রয়োগ ঃ বিল্ডিং, রোড, ব্রিজ ও বাঁধসমূহ তৈরির কাজে এ ড্রইং প্রয়োগ করা হয়ে থাকে।

#### 8। তড়িৎ কৌশল দ্রইং (Electrical Engineering Drawing) ঃ

যে ড্রইং বৈদ্যুতিক বস্তুসমূহের ডিজাইন ও কনস্ট্রাকশন, যেমন ঃ মটর, জেনারেটর, ট্রান্সফরমার, পোল ও টাওয়ার ইত্যাদি তৈরির কাজে ব্যবহার করা হয়, তাকে তড়িৎ কৌশল ড্রইং বলা হয়।

প্রয়োগ ঃ মটর, জেনারেটর, ট্রান্সফরমার, পোল ও টাওয়ার ইত্যাদি মেরামত, স্থাপন এবং বিন্ডিং কনস্ট্রাকশন করার পর এটা ইলেট্রিফিকেশনের কাজে এ দ্রইং প্রয়োগ করা হয়।

#### বিভিন্ন প্রকার যান্ত্রিক ড্রইং (Mechanical Engineering Drawing) এর বর্ণনা ঃ

#### ১) শিট মেটাল দ্রইং (Sheet Metal Drawing) ঃ

যে ড্রইং শিট মেটাল দিয়ে বালতি, চিমনী ইত্যাদি বা বিভিন্ন যন্ত্রাংশ ও ব্যবহার্য দ্রব্যাদি তৈরির কারখানায় ব্যবহার করা হয়, তাকে শিট মেটাল ড্রইং বলে।

প্রায়োগ ঃ টিনের বালতি, মগ, ফানেল, চিমনী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য সামগ্রী তৈরিতে এ ড্রইং ব্যবহৃত হয়।

#### ২) মেরিন দ্রইং (Marin Drawing) ঃ

যে ড্রইং ডক্ইয়ার্ডে লঞ্চ, স্টিমার ও জাহাজ তৈরির কারখানায় ব্যবহার করা হয়, তাকে মেরিন ড্রইং বলে।

প্রয়োগ ঃ ডক্ইয়ার্ডে লঞ্চ, স্টিমার ও জাহাজ তৈরির কারখানায় এ ড্রইং ব্যবহৃত হয় ।

#### ৩) এয়ার ক্রাক্ট দ্রইং (Air Craft Drawing) ঃ

যে দ্রইং বিমান চালনা সংক্রান্ত, বিমান তৈরির কারখানায় ডিজাইনের জন্য ব্যবহার করা হয়, তাকে এয়ার ক্রাফট দ্রইং বলে। প্রয়োগ ঃ বিমান চালনা সংক্রান্ত, বিমান তৈরির কারখানায় ডিজাইনের জন্য এটা ব্যবহার করা হয়।

#### 8) কেবিনেট দ্রইং (Cabinet Drawing) ঃ

যে ড্রইং খাস কামরার আসবাবপত্র ডিজাইনের কাজে ব্যবহার করা হয়, তাকে কেবিনেট ড্রইং বলে।

#### বিভিন্ন প্রকার পুরকৌশল দ্রইং (Civil Engineering Drawing) এর বর্ণনা ঃ

#### ১) স্থপতি ড্রইং (Architectural Drawing) ঃ

যে দ্রইং বিল্ডিং এর সৌন্দর্য ও যাবতীয় সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে ডিজাইনের কাজে ব্যবহার করা হয়, তাকে স্থপতি বিদ্যা বিষয়ক দ্রইং (Architectural Drawing) বলে।

# ২. ড্রইং করার যন্ত্রপাতি ও সরঞ্জাম

### Drawing Instruments & Materials

#### ২.০ দ্রইং করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ভূমিকা ঃ

প্রকৌশল ও কারিগরি ক্ষেত্রে অংকনের শুরুত্ব অপরিসীম। অংকনকে প্রকৌশলী ও কারিগরদের ভাষা বলা হয়ে থাকে।

অংকন কাজ খুবই বৈশিষ্ট্যপূর্ণ। নিখুঁত এবং ভালো অংকন করতে হলে অবশ্যই উন্নতমানের যন্ত্রপাতির প্রয়োজন হয়। সাধারণত

পেনসিল দিয়ে অংকন বা দ্রইং করার নিয়ম। ক্ষেত্র বিশেষে পেনসিলিং করার পর কালি বা Inking করা হয়। অংকন যন্ত্রপাতিকে

যত্নসহকারে সংরক্ষণ করা দরকার।

#### ২.১ দ্রইং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরশ্লামের তালিকা ঃ

- ১) অংকন বোর্ড (Drawing Board)
- ২) সেট-স্করার বা ত্রিকোণী (Set Square 60° 30° and 45° 45°)
- ৩) টি-স্কয়ার (Tee Square)
- 8) কেল (Scale)
- ৫) কোণ মাপার চাঁদা (Protractor)
- ৬) ফ্রেন্স কার্ভ (Frence Curve)
- ৭) কাঁটা কম্পাস বা ডিভাইডার (Divider)
- ৮) পেনসিল কম্পাস বা 'বো'পেনসিল (Pencil Compass or Bow Pencil)
- **৯)** পেনসিল বা মেকানিক্যাল পেনসিল (Pencil)
- ১০) ড্ৰইং শিট বা ড্ৰইং কাগজ (Drawing Sheet or Drawing Paper)
- ১১) বোর্ড পিন বা বোর্ড ক্লিপ বা দ্রাফটিং টেপ (Board Pin or Clip or Drafting Tap)
- ১২) রাবার বা ইরেজার (Rubber or Eraser)
- ১৩) পেনসিল শার্পেনার (Pencil Sharpener )
- ১৪) শিরিশ কাগজ বা স্যাভ পেপার (Glass Paper or Sand Paper)
- ১৫) কুমাল (Handkerchief)
- ১৬) ট্রেসিং কাগজ (Tracing Paper)
- ১৭) ট্রেসিং কাপড় (Tracing Cloth)
- ১৮) অংকন কালি (Drawing Ink)
- ১৯) বর্ণ লেখনী বা লেটারিং গাইড (Lettering Guide)
- ২০) টেমপ্লেট (Template)

#### 😂 কালি দিয়ে রেখা টানার জন্য সাধারণত নিচের তিন প্রকার কলম ব্যবহার করা হয়। যথা ঃ

১) লাইনিং পেন (Lining Pen)

- ২) 'বো' পেন (Bow Pen)
- ৩) সেটারিং পেন (Lettering Pen)

#### একটি সম্পূর্ণ দ্বইং বল্পে নিমুলিখিত বন্ধপাতি থাকে। বখা :


- ১) পেনসিল (Pencil)
- ২) পেনসিল কম্পাস বা 'বো'পেনসিল (Pencil Compass or Bow Pencil)
- ৩) কাঁটা কম্পাস বা ডিভাইডার (Divider)
- 8) (本門 (Scale)
- ৫) চাঁদা (Protractor)
- ৬) সেট-স্বয়ার বা ত্রিকোণী (Set Square)
- ৭) ফ্রেশ কার্ড (Frence Curve)
- ৮) পেনসিল শার্পেনার (Pencil Sharpener)
- ১) ইরেন্ডার বা রাবার (Rubber or Eraser)
- ১০) 'বো' পেন (Bow Pen)
- ১১) শিরিশ কাগজ ও টুকরো কাগড় (Glass Paper and Piece of Cloth)

#### २,२ **ख्राँर अत यवणांकि ७ मतकांम मम्**ट्रत वावदांत :

১। দ্রবং বোর্ড (Drawing Board) ঃ

দ্রবিং বোর্ড সাধারণত পাইন, তুলা বা গেওরা প্রভৃতি নরম বা হালকা কঠি দারা তৈরি করা হয়। দ্রবিং বোর্ডের উপর দ্রবিং শিটকে বিছিয়ে বোর্ড পিন বা বোর্ড ক্লিপ এর সাহায্যে এটে নিয়ে দ্রবিং করা হয়ে থাকে। এই বোর্ডের চারপার্শ পরস্পরের সাথে এবং উপরিভাগের সাথে এক সমকোণে অর্থাৎ 90° কোণে থাকে। পার্শ্ব অবলম্বনে টি-ক্য়ার চালানোর সময় ক্রমাণ্ড মর্বণের

ফলে পার্শটি যাতে কোনো প্রকার বিকৃত বা ক্ষতিহান্ত না হয় বা টি চলাচলের সুবিধার জন্য বোর্ডের একটি পার্শ্বে এবনাইট বৃষ্ড শক্ত কাঠের সেলুলয়েড অথবা প্রাষ্টিক পাত লম্বভাবে একটি খাঁজের মধ্যে বসানো থাকে। এর জন্যই টি-জ্বার সোজাভাবে বোর্ডের উপরে চালিয়ে সমান্তরাল রেখা টানা যার। বোর্ডের সুবিধাজনক সাইজ হলো ৪13 x 610 মি.মি.। এর উপরিভাগ সম্পূর্ণ সমতল হবে (চিতা ২.২)



চিত্র ২.২ পিট ছাপন করা অবছায় ড্রইং বোর্ড


#### 🗘 দ্রইং বোর্ডের সাইজ নিম্নরূপ হতে পারে :


মিলিমিটারে সাইজ	ইঞ্চিতে সাইজ
1500 x 1000 মি.মি.	60 x 40       ইঞ্চি
1000 x 700 মি.মি.	40 x 27.5 देखि
700 x 500 মি.মি.	27.5 x 20 ইঞ্চি
500 x 300 मि.मि.	20 x 13.5 ইঞ্ছি

#### ২। সেট-কয়ার (Set Square) :

এর অপর নাম ট্রাঙ্গেল (Triangle) বা ত্রিকোণী। সংখ্যার দুইটি, একটি 60° ও 30° এবং অপরটি 45° ও 45° কোণ বিশিষ্ট। উভয় ক্ষেত্রেই তৃতীয় কোণটির মান এক সমকোণ অর্থাৎ 90°। প্রথমটিকে 60° সেট-স্করার এবং দ্বিতীরটিকে 45° সেট স্করার বলা হয়ে থাকে। দুইটি সেট-স্করার দারা অথবা টি-স্করার ও একটি সেট-স্করারের সাহায্যে অনুভূমিক লম্ব এবং কতক গুলো নির্দিষ্ট কোণের মতো নত রেখা টানা হয়ে থাকে। সেট-স্করার সেলুলয়েড অথবা ভলকানাইট ও কাঠ দ্বারা তৈরি হয়। এদের মধ্যে সেলুলয়েড দ্বারা তৈরি সেট-স্করারই সর্বোন্তম। কারণ এটা স্বচ্ছ

বলে এর মধ্য দিয়ে দ্রইং এর অংকন রেখাগুলো বাহির হতে দেখা যায়। 250 mm বা 10" দীর্ঘ 60° এবং 200 mm বা 8" দীর্ঘ। 45° সেট-স্কয়ারই অধিকাংশ স্থানে ব্যবহৃত হয়। সেট-স্কয়ারের ধার (Edges) লঘ (Vertical) এবং ঢালু উভয় প্রকারই হয়। পেনসিল ঘারা রেখা টানার কাজে লঘ ধার বিশিষ্ট সেট-স্কয়ার ভালো। কিয় কালি





ছারা রেখা টানার কাজে ঢালু ধার বিশিষ্ট সেট-স্কয়ার ব্যবহার করা উচিত। কারণ এতে কালি আলে কম থাকে (চিত্র ২.৩)।

চিত্র ২.৩ সেট-স্কয়ার


#### ৩। णि-कन्नान (Tee Square) ३

এটা সাধারণত মেহগনি, সেগুন প্রভৃতি উৎকৃষ্ট শ্রেণির কাঠ দারা তৈরি হয়। ইংরেজি অক্ষর টি' এর মত বলে

একে 'টি-স্কয়ার' বলা হয়ে থাকে। এর দৈর্ঘ্য সাধারণত 61 cm বা 24" এবং 81cm বা 35" হয়। এর দুইটি অংশ ঃ একটি ব্লেড

(Blade) অপরটি স্টক (Stock)। এদের অন্তর্বর্তী কোণের মান 90°। এর স্টক অংশকে বোর্ডের বাম দিকে চেপে রেখে ব্রেডের ইবনাইট' (Ebonite) ধার অবলম্বনে রেখা টানা হয়। ব্রেডের ধারের সাথে সেট-ক্ষয়ারকে মিলিয়ে লম্ব (Vertical) রেখা টানা হয়ে থাকে। টি-ক্ষয়ারের দৈর্ঘ্য ড্রইং বোর্ডের দৈর্ঘ্য

অপেক্ষা সর্বদা বড় হওয়া বাঞ্ছনীয়। দ্রইং এর কাজে টি-ক্ষয়ার একটি শুরুত্বপূর্ণ সরঞ্জাম। সূতরাং ব্যবহার করার সময় এবং ব্যবহার শেষে এর প্রতি বিশেষ যত্ন নেওয়া দরকার। টি-ক্ষয়ার দ্বারা কোনো কিছুর উপর আঘাত দেওয়া উচিত নয়। একে দেয়ালে ঠেস না দিয়ে পেরেকের সাথে ঝুলিয়ে রাখাই বাঞ্ছনীয় (চিত্র ২.৪)।



চিত্র ২.৪ টি-স্কয়ার

#### 8। (अन (Scale) ध

স্কেল বা মাপকাঠির দ্বারা সাধারণত দৈর্ঘ্যের পরিমাপ করা হয়ে থাকে। এটা কাঠ (Wood), হাতির দাঁত (Ivory)

স্টিল (Steel), প্লাস্টিক (Plastic) সেলুলয়েড (Celluloid), কার্ড-বোর্ড (Card Board) ইত্যাদি বিভিন্ন বস্তু দারা তৈরি করা হয়।


সাধারণত এটা 150 mm বা 6" অথবা

300 mm বা 12" দীর্ঘ এবং


ত্রিকোণাকার (Triangular) বা সমতল হয়।

#### কেল (Scale) তিন প্রকার। যথা ঃ

- ১) সরল স্কেল (Plain Scale) সাধারণ স্কেল
- ২) কর্ণ বা ডায়াগোনাল ক্ষেল (Diagonal Scale)
- ৩) ভার্নিয়ার কেল (Vernier Scale)।



চিত্র ২.৫ ত্রিভুজ আকৃতির



চিত্ৰ ২.৬ ডায়াগোনাল স্কেল


সরল কেল দুই প্রকার। যথা ঃ ১) চ্যাপ্টা কেল (Flate Scale)

২) ত্রিভুজ আকৃতির কেল (Triangular Scale)

#### ৫। চীদা (Protractor) ঃ

সাধারণত এটা অর্ধবৃত্তাকার হয় বলে, চলিত ভাষায় একে চাঁদা বলা হয়। সেলুলয়েড বা এ জাতীয় স্বচ্ছ পদার্থ দারা এটা তৈরি হরে থাকে। এটা কোণসমূহের গঠন ও পরিমাপ করার কাজে ব্যবহৃত হয়। এর উপরে এক


ডিম্রি (1°) ক্রমে 0° হতে 180° পর্যন্ত কোপের বিভাগ এবং প্রতি 10° অন্তর অংক চিহ্ন দেওরা খাকে। ফলে এর সাহাব্যে 0° হতে 180° পর্যন্ত যে কোনো কোণ অংকন বা পরিমাপ করা সম্ভব হয়। এ কোণ অংকন বা পরিমাপ প্রহণ যাতে বাম বা ডান দিক থেকেই করা যায়, এজন্য এতে বিভাগ চিহ্নতদো উভয় দিক হতে দেওরা থাকে (চিত্র ২.৭)।



चिव २.९ जीना (Protractor)

#### ७। द्वन कार्ड (French Curve) :

ষে সমস্ক বক্র রেখা অ-সম (Irregular) অথবা যাদেরকে জ্যামিতিক নিয়মে এক বা একাধিক বৃত্ত-চাপ (Arc) দারা অংকন করা সম্ভব হয় না, ওদেরকে এটার সাহায্যে অংকন করা হয়ে থাকে। ফ্রেন্স কার্ত্ত বিভিন্ন রকম আকার ও মাপের হয়। এটা পাতলা কাঠ, সেলুলয়েড, প্লাস্টিক, ইবনাইট ইত্যাদির শিট দারা তৈরি হয়ে থাকে। পাশে দুইধরনের ফ্রেন্স কার্ত্তের চিত্র দেওয়া হলো (চিত্র ২.৮)।




চিত্ৰ ২.৮ ফ্ৰেন্স কাৰ্ড

#### ৭। কটা কম্পাস বা ডিভাইডার (Divider) ঃ

একে চলিড ভাষায় কাঁটা বলে। প্রকৃত পক্ষে এটা সংযুক্ত করা দুইটি পা। এ পা দুইটি ক্রমণ সরু এবং এদের পরেন্ট তীক্ষ। কাঁটা কম্পাস সাধারণত নিম্নলিখিত কাজে ব্যবহার করা হর। বেমন ঃ


- ১) কেল হতে মাপ তুলতে।
- পৃইটি বিন্দু বা রেখার দ্রত্ব জানতে।
- ৩) কোনো সরল বা বক্র রেখার নির্দিষ্ট কোনো অংশে বিভক্ত করতে।
- ৪) কোন রেখাকে সমভাবে বিভক্ত করতে।
- ক) বৃত্ত অংকন করতে।



চিত্র ২.৯ (ক) কার্ম জরেন্ট ও (খ) শিথাং জয়েন্ট পেনসিল কম্পাস

এটা পেনসিলের সীস এর পৃষ্ঠ বা সীস এর মুখ তীক্ষ্ণ ভাবে কনিক্যাল আকৃতি করে কাঁটার জন্য ব্যবহৃত হয়ে থাকে। ছোট আকারের চেয়ে বড় আকারের শার্শেনার ব্যবহার করা উচিত। কারণ ছোট শার্শেনার ব্যবহারে সামান্য অসাবধান হলেই পেনসিলের সীস ভেঙ্গে বায়। শার্শেনার মেশিন শেনসিলের কাঠকে সুন্দর করে কাটে এবং সীসকে উনুষ্ঠ করে দের যা শরে শিরিশ কাগজে যবে


ভীক্ষ করা যায়। শার্লেনার দারা
কাটা পেনসিলের পরেন্ট ব্ব
ভালো মানের হয়। পেনসিলের
সীস ফুইং করার সমর ভোভা
হরেগেলে নিম্নের চিন্ম অনুবারী
আবার সরু বা ধার করা যার।
চ্যান্টা ধার দেরার সমর কেবল
ভানে বামে এপিট-প্রসিট ব্যক্ত
হয়। আর মোচাকৃতি এর ন্যার
ধার দেরার সময় ভানে বামে
হবার সময় ভানে বামে
হবার সময় ভানে বামে
হবার সময় ভালে আছে
হ্রাতে হর (চিন্র ২.১৩)।



চিত্র ২,১৩ পেনসিল কাটার

১৮। শিৰিৰ কাৰ্যজ বা স্যাভ গেপাৰ (Glass Paper or Sand Paper) t

এটা শেনসিলের সীস এর পৃষ্ঠ নির্দিষ্ট আকৃতির তৈরি করা বা সীস তীক্ষ রাখার জন্য ব্যবহৃত হর। অন্যান্য সরস্কামকে ময়লা হতে না দেওয়ার জন্য একে নির্দিষ্ট প্যাকেটের মধ্যে রাখা হর। এই কাজে '৩' সাইজের নিরিশ কাগজ বা স্যাত পেগার খুবই উপযোগী (চিত্র ২,১৪)।



চিত্র ২,১৪ শিরিশ কাগছ বা স্যান্ড পেপার

#### ১৯। क्यांग (Handkerchief) ।

দ্রবিং যম্রণাতি ও দ্রব্য সামগ্রী পরিচার করার কাজে কমাল ব্যবহুত হয়। দ্রবিং করার সময় দ্রবিং কালজের উপর রাবার ব্যবহারের ফলে যে ছোট টুকরা টুকরা ময়লা তৈরি হয়, ওটা মূছে কেলার কাজে এটা ব্যবহুত হয়ে থাকে এবং পরীরের বাম বাতে দ্রবিং পেপারে না পড়ে সে উদ্দেশ্যে কমাল ব্যবহার করা উচিত। তবে ময়লাওলোকে হাত দারা পরিচার করা উচিৎ নয়। কমালটি অবশাই পরিচার হতে হবে।

# ABCDEFGHIJKLM NOPQRSTUVWXYZ abcdefghijklmnopqrst uvwxyz 1234567890

চিত্র ২.১০ লেটারিং গাইড

#### ১০। লাইনিং পেন (Lining Pen) ঃ

এটা ছোট নিবযুক্ত কলম। এটা ছারা মুক্ত হস্তে কাজ করা যায়। কলমের নিবে কালি লেগে ত্তকিয়ে জমা হলে মাঝে মাঝে পানিতে ডুবিয়ে রাখলে কালি নরম হয়। পরে ন্যাক্ড়া ছারা পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা হয়।

#### ১১। রাবার বা ইরেন্সার (Rubber or Eraser) ঃ

এটা নরম রাবার দিয়ে তৈরি হয় বলে চলিত ভাষায় একে রাবার বলা হয়। দ্রইং করার সময় পেনসিল দিয়ে যে সকল অতিরিক্ত রেখা অংকন করা হয়, সেগুলো মুছে ফেলার জন্য এটা ব্যবহার করা হয়। অধিক সংখ্যক অতিরিক্ত রেখা টেনে এগুলো মুছে ফেলার অভ্যাস ত্যাগ করা উচিত। কারণ এতে কাগজ অযথা ক্ষতিগ্রস্ত তো হয়ই, উপরম্ভ সময় ও পরিশ্রমের অপব্যয় হয়। প্রথম থেকেই যথা সম্ভব কেবল প্রয়োজনীয় রেখাগুলো টেনে অংকন সম্পন্ন করা উচিত।

#### ১২। দ্রইং শিট বা দ্রইং কাগজ (Drawing Sheet or Drawing Paper ) ঃ

এটা কাগজের মভের দ্বারা তৈরি করা হয়। দ্রইং কাগজ বিভিন্ন মানের হয়। দ্রইং কাগজের মান এর প্রকৃতির উপর ভিত্তি করে ব্যবহৃত হয়। দ্রইং শিট পুরুত্বে সর্বত্ত এক রকম মানের হওয়া উচিত, যাতে রাবার ব্যবহার করলে শিটের কোনো ক্ষতি না হয়। এটা ছাড়াও দ্রইং শিট এ রকম করা দরকার যাতে এর উপর কালি ছড়িয়ে না যায়। দ্রইং কাগজের এক পার্শ্ব সচরাচর অমসৃণ ও অন্য পার্শ্ব মসৃণ থাকে। দ্রইং কার্যের জন্য মসৃণ তল বেশি উপযুক্ত।


#### ১৩। ট্রেসিং কাগজ (Tracing Paper) ঃ

ট্রসিং পেপার হলো একটি পাতলা আলোক ভেদ্য কাগজ। যার উপর কালি অথবা পেনসিল দিয়ে ট্রেস করা হয়। ট্রেসকৃত দ্রইংগুলো হতে ব্রু-প্রিন্ট প্রস্তুত করা হয়।

১৪। ট্রেসিং কাপড় (Tracing Cloth) ঃ

ট্রেসিং ক্লখ হয় একটি পাতলা আলোক ভেদ্য বস্ত্র। এটা দীর্ঘ সময়ের জন্য চূড়ান্ত ট্রেসিং সংরক্ষণ করার কাজে ব্যবহৃত হয়। এটা সাদা অথবা নীল ঈষৎ রং-এ রঞ্জিত অবস্থায় সহজ্ঞে পাওয়া যায়, যার এক পার্শ্ব অনুজ্জুল এবং অন্য পার্শ্ব উজ্জুল থাকে।


# ১৫। দ্রইং কালি (Drawing Ink) ঃ দ্রইং প্রস্তুত করার জন্য দ্রইং শিট হিসেবে ট্রেসিং কাগজ বা ট্রেসিং কাপড়ের উপর দ্রইং কালি ব্যবহৃত হয়। গাম ও কলোইডাল এর ভিতর কার্বন সমন্বয়ে এটা তৈরি হয়। এটা পানি প্রতিরোধকারী এবং দ্রইং লিটের উপর গভীর ও কালো পলিশবুক্ত লেখায় তক্ষতা আনরন করে (চিত্র ২.১১)।



ठिव २.১১ ख्रुरेर कॉनि

#### ১৬। বোর্ড পিন বা ক্লিপ বা দ্রাফটিং টেপ (Board Pin or Clip or Drafting Tape) :

বোর্ড পিন বা ক্লিপ বা দ্রাফটিং টেপ দিয়ে দ্রইং শিটটিকে দ্রইং বোর্ডের উপর আটকানোর কাজে ব্যবহার করা হয়। এইগুলোর ভিতর স্টিলের পিনই আসবাবপত্র আবদ্ধ করার জন্য সর্বেস্তিম। দ্রইং বোর্ডের উপরে চারকোণায় দ্রইং শিটকে আটকে দেওয়ার জন্য বোর্ড-পিন ব্যবহৃত হয়। বোর্ড-পিনকে সবসময় বোর্ডের মধ্যে উত্তমরূপে প্রবেশ করানো প্রয়োজন। তা না হলে দ্রইং করার সময় শিট সরে বায়। এবং এ অবস্থায় টি-ক্ষয়ার দিয়ে টানা রেখা, পূর্বে টানা রেখার অসমান্তরাল হয়। বোর্ড-পিন ব্যবহারের প্রধান অস্বিধা এই বে, এর মাথা কাগজ্ঞ উচু থাকে। ফলে টি-ক্ষয়ার এবং সেট-ক্ষয়ারকে যখন কাগজের উপর দিয়ে সরানো হয়, তখন এটি বোর্ড-পিন দিয়ে বাধা পায়। উপরস্ক, বোর্ড-পিন বারবার ব্যবহার করার ফলে কাগজের কোণায় একাধিক ছিদ্র হয়। এ কারণে বোর্ড-পিন এর পরিবর্তে বোর্ড-ক্রিপ (চিত্র ২.১২ (খ)) বা দ্রাফটিং টেপ ব্যবহার করা হয়।



চিত্র ২.১২ (ক) বোর্ড পিন ও (খ) বোর্ড ক্লিপ

ब्रिबानग्राप्तिर प्रब्ध 55

ব্যবহার করার সময় ডিভাইভারকে সাধারণত এটা অপেক্ষা বেশি বিষ্ণুত করা হয় না। কটি কম্পাস कारी कम्मीत 62 mm दिए 250 mm भर्ष मोर्च द्रा। त्नि नी भी या नीचे द्रा,

<u>করেক প্রকাথের হতে</u> আ<u>থে</u>।

<u>তবে নিম্নালাপত কটা কম্পাসণ্ডলো ধ্র্যানত তিন প্রকারে ব্যবহার হয়ে থাকে। যথা ঃ</u>

সৈপ্ত জারেন্ট কার্টা কম্পাস (Spring Joint Divider) (Firm Joint Divider)

- । (Extention Joint Divider)। প্রজান ভারেন্ট কালিক কালেন্টা (Extention Joint Divider)।
- ম। ভোলাগৰ কম্পাস বা 'বো' পেনাগৰ (Pencil Compass or Bow Pencil) ঃ
- वनगोर रानामेन संतरनेत एमरमानी नानश विनिष्ठ। धन मार्शसा नृष्ठ ना नृष्ठा पर्वास्म नृष्ठा मर्रक क्या मर्रक এর অপর নাম কম্পাস (Compass)। এর একটি লেগ বা পা স্টের ন্যায় সরু এবং
- হয়। সুন্দ্রভাবে নিয়ন্ত্রণ করার কাজে শিপ্রণ জরেন্ট পেনসিল কম্পাস বেশি উপযোগী।
- নেলাসৰ কন্সাস বা ,বো, নেলাসৰ হাৰালত দুই হাকার। বারা ঃ
- । (triol gring ) করেন (Spring Joint)। । (Firm Joint) ।

। (८.८ घवी) होष्ट

- এটা এক প্রকার ছাঁচ বা ফমার নাম। খ্রাস্টিক বা সেলুলয়েড শিটের মধ্যে বিভিন্ন সাইজ है। (लागांवर नीहरू वी वर्ग लायेन) (Lettering Guide) ह
- । ভাক্টাক্ (४) व्यक्षवं ८ मध्यो। मर्राखर्ड (बन्नी योग्न । व्यक्षवं ८ मध्यो। विक्वि संराजवं रहा शांत्क । (यमन ३ (क) एवि <u> विकड़े जीकारतत जक्रत ७ मध्या निराधत्कत मस्या गिरा (नियी २३। मूक २८७ विध्न जीकांत जाकांत जाकांत प्राकृष्ठिय</u> মাপের অক্ষর বা সংখ্যা লেখা যায়। এটি দেখতে ছাপার অক্ষরের মতো লাগে। ফলে এর সাহায্য বলে। এ ছাচের মধ্যে পেনাসল সীস বা বো-পেন প্রেশ কার্য্যে মুরালে সরাসার ইচ্ছামত নিনিষ্ট ও ধরনের ছোট, বড় অক্ষর ও সংখ্যা লিখিত অবস্থায় ছাঁচ হিসেবে পাওয়া যায়, তাকে লেটারিং গাইড
- লিখতে ভূল হয়, তবে এর সাহাব্যে ঐ ভূল আক্ষর ও সংখ্যা মূছে নতুন ভাবে আক্ষর ও সংখ্যা লেখা সাহায্য খুবই ভাড়াভাড়ি অভি সহজে সুন্দর ভাবে অক্ষর লেখা হয়। যাদ কোনো অক্ষর ও সংখ্যা বর্তমানে বহু উন্নত প্রকারের বই লেখার জন্য এ লেটারিং গাইড ব্যবহার হচ্ছে। যার


रेकिमिशाचिर स्रदेर ३४

#### २०। क्रेन्स्झ्रेर (Template) s

প্লান্টিক, ইস্পাত, কাৰ্ড বোৰ্ড ইজ্যাদিৰ দাবা টেমপ্লেট তৈবি কৰা হয়। দ্বাইং কাজে ব্যবহৃত বিভিন্ন প্ৰতীক চিক্ ভাড়াভাড়ি অংকন কৰাৰ জন্য মেকানিক্যাল, ছাগভ্য ও প্ৰকৌশল বিন্যায় টেমপ্লেটের বহল ব্যবহার ক্ষেছে। একে দ্বাইং করতে সময় কম লাগে। এব সাহাত্যে ইজিনিয়াবিং দ্বাইং এর গুরুত্বপূর্ণ প্রতীক বিভিন্ন ফটের সেটারিং বৃত্ত, উপবৃত্ত ও বহুতুক ইভ্যাদি নানা ধরনের প্রতীক সম্বাভিত টেমপ্লেট বাজারে পাধায়া বায় (চিন্ন ২,১৫)।

ঞ্জোন ঃ টেমপ্লেট দিরে অভি সহজেই জ্যামিডিক বিষয় বেমন – বৃত্ত, বহুকুল ও ইলিপস ইভ্যাদি অংকন করা বার।

#### ि निद्ध दिस्ट्यंदिन क्टाकि किन वमर्थन कहा स्का :



#### O পেनिमन (Peacil) ध

ইঞ্জিনিরারিং দ্রইং এর কাজে কাঠের পেনসিল (Wooden Pencil) এবং মেকানিকাল পেনসিল (Hard Pencil) উভাই ব্যবহার করা হর। বর্তমানে দ্রইং পেনসিলে চার ধরনের সীল (Load) ব্যবহৃত হর। (Graphite) গ্রাকাইট থেকে পেনসিলের সীল তৈরি করা হর। আর কার্বন, ক্রে গ্রবং রেজিনের (Resin) গ্রর সমহরে সীল তৈরি হর। সূত্রাং গ্রাকাইট পেনসিলই দ্রাকটিং পেনসিল ইসেবে পরিচিত। পেনসিল ১৮টি গ্রেছে তৈরি করা হর। ১৮টি গ্রেছের পেনসিলের মধ্যে সীল (Lead) গ্রব কর্ণ অনুসারে গ্রটাকে ভিন্টি ভর বা গ্রেছে বিভক্ত করা হর।

#### া নিল্লে পেনসিলের প্রাড ভিন প্রকার শনাক্ত করা হলো। কথা :

- ১) নরম (Soft Pencil 2B -7B)
- ২) ষধ্যবিধ (Medium Pencil B 3H)
- ভ) चंड (Hard Pencil 4H 9H)

পেনসিলের শ্রেড নির্বাচন করতে হলে প্রথমে জানা দরকার, কি ধরনের কাগজের উপর দ্রইং করা হবে। ভারপর দ্রইং রেখার প্রত্তু এবং গাঢ়ড়ের উপর নির্ভর করে পেনসিলের শ্রেড নির্বারণ করা হব।

#### 😊 হ্রবিং এর কাজে ব্যবহৃত পেনশিলের ১৮টি প্রেড এবং হার্ডনেল নিয়ে উল্লেখ করা হলো :

7B - Softest and Blakest	H - Medium Hard
6B - Extremely Soft, Plus	2H - Hard
5B - Extremely Soft	3H - Hard, Plus
4B - Extra Soft	4H - Very Hard
3B - Very Soft	5H - Extra Hard,

Plus


2B - Soft, Plus 6H - Extra Hard,

Plus.

B - Soft 7H - Extremely Hard HB - Medium Soft 8H - Extremely

Hard, Plus

F- Intermediate Between Soft and Hard 9H - Hardest



চিয় ২,১৬ পেনসিলের রেড

#### বিভিন্ন শ্লেডের পেনসিলের ব্যবহার ঃ

নিৰ্ভুত দ্ৰইং এর কাজে সাধারণত শক্ত পেনসিল ব্যবহার করা হয়। শক্ত পেনসিল যারা কাগক্তে রেখা টানলে এটা কাগক্ষের মধ্যে গভীর হয়ে বলে বার বলে, সহজে ঘবে ভোলা কঠিন হয়। যবার পরে কাগজে দাগ থেকে বার এবং দাগ বা রেখা টানাও আলাদুরূপ হর না।

এখানে 7B অজ্যবিক নরম, HB মধ্যবিধ ও 9H অজ্যবিক শক্ত। অজ্যবিক শক্ত বা অত্যবিক নরম সীসের পোনসিল কোনটিই ইঞ্জিনিয়ারিং ফ্রইং-এর পক্ষে উপযোগী নয়। নরম সীসের পোনসিল হারা রেখা অবাবে (Freely) টানা যার এবং রেখা কাগজে গভীর হয়ে বসে না। ইঞ্জিনিয়ারিং ড্রইং

ফলে একে সহজে ঘষে তোলা যায়। কিন্তু অসুবিধা হলো, এতে কাগজ দ্রুত ময়লা হয় এবং পেনসিলের মুখ তাড়াতাড়ি ক্ষয় হয়ে যায় বলে. রেখাগুলি অসম অর্থাৎ সরু মোটা হয়। মধ্যম পেনসিল সাধারণ ভাবে দ্রুইং এর কাজে বেশি ব্যবহার করা হয়। অপর পক্ষে শক্ত সীসের পেনসিল ছারা রেখা টানলে রেখা কাগজের মধ্যে গভীর ভাবে বসে যায় বলে, একে ঘষে ভোলা কঠিন হয়। ঘর্ষণের পরে কাগজে দাগ থেকে যায়।


দ্রইং-এ সাধারণত যে সব রেখা অংকন করা হয়ে থাকে, সেগুলো হলো সীমা রেখা (Out Lines), কেন্দ্র রেখা (Centre Lines), ছেদ-রেখা (Section Lines) ইত্যাদি। এদের জন্য অধিকাংশ স্থানে 2H বা 3H পেনসিলই উপযুক্ত হয়। মাপান্ধ লেখা (Dimensioning), অক্ষর লেখা (Lettering), বর্ষক রেখা (Extension Lines) টানা, তীর-মুখ (Arrow Head), বৃত্ত (Circle), বৃত্ত-চাপ (Arc), ইত্যাদি অংকন করা, খালি হাতে নকশা করা (Free Hand Skaetching) ইত্যাদি কাজের জন্য HB পেনসিল ব্যবহৃত হয়। উত্তম শ্রেণির রেখা অংকন করার জন্য পেনসিল তথু উপযুক্ত রকমের হলেই চলবেনা এর মুখটিকেও কাজের রকম অনুসারে নিয়ম সম্মত কাটা প্রয়োজন। দ্রুইং এর চাহিদা অনুযায়ী পেনসিল দুইভাবে কাটার নিয়ম আছে (চিত্র ২.১৬)

#### 🔾 দ্রইং এ সঠিক কাজের জন্য পেনসিলের মূখ কর্তন - দুই ধরনের। যথা ঃ

- ১) ছেনি বা চিজেল যন্ত্রের ন্যায় মুখ চ্যাপ্টা (Chisel Pointed)
- ২) মোচাকৃতি বা শল্প কোণের ন্যায় মুখ ক্রমশঃ সরু বা (Conical or Cone Pointed) বাটালীর মুখের ন্যায় চ্যাপ্টা করে কাটা পেনসিল টি-স্করার (Tee Square), সেট-স্করার (Set

বাঢালার মুখের ন্যায় চ্যাপ্তা করে কাঢ়া পেনাসল াঢ়-ক্ষয়ার (Tee Square), সেঢ়-ক্ষয়ার (Set Square) বা সমান্তরাল ধারের সাথে মিলিয়ে সরলরেখা টানার জন্য ব্যবহার করা হয়। এক্ষেত্রে

পেনসিলটিকে লম্বভাবে ধরার প্রয়োজন হয়।আর কোণের ন্যায় কাটা পেনসিল দ্বারা অক্ষর লেখা (Lettering) বা মুক্ত হস্তে রেখা টানার জন্য ব্যবহৃত হয়। ক্রমশঃ সরু মুখ বিশিষ্ট সরলরেখা টানলে দৈর্ঘ্য মাপে ভুল হওয়ার এবং রেখা সরু মোটা হওয়ার আশঙ্কা থাকে (চিত্র ২.১৭)।



Conical


চিত্র ২.১৭ পেন্সিলের মুখ কর্তন (ক) চ্যাপ্টা ও (খ) মোচাকৃতি

#### 🔾 মেকানিক্যাল পেনসিল (Mechanical Pencil) :

বর্তমানে প্রকৌশলীগণ কাঠের পেনসিলের পরিবর্তে মেকানিক্যাল পেনসিল ব্যবহার করে থাকেন। এর অপর নাম স্টাইলাস। একে সীস রিষ্ণিল (Refill) দিয়ে ড্রইং করার পেন বলা যেতে পারে। পেশাদার ব্যক্তিরাই সাধারণত স্টাইলাস

ব্যবহার করে। এর মাথার নব (Knob)টিপে ধরলে প্রয়োজনীয় সীস বের হয়। একটি শক্ত, অন্যটি নরম সীসে সব সময়

কাছে রাখা উচিত। মেকানিক্যাল পেনসিলে যে সীস ব্যবহার করা হয়, তা সাধারণত মধ্যম এবং শক্ত মানের হয়ে থাকে। এ সীসের ব্যাস সাধারণত ০.৩ মি.মি. ০.৫ মি.মি, ০.৭ মি.মি. এবং ০.৯ মি.মি. হয়ে থাকে। পাশে আদর্শ মানের কাঠের পেনসিল এবং মেকানিক্যাল পেনসিল দেখানো হলো (চিত্র ২.১৮)



চিত্র ২.১৮ (a) কাঠের পেনসিল (b) ও (c) মেকানিক্যাল পেনসিল

#### 🗘 পেনসিল ধরা ও চালনা করার পদ্ধতি ঃ


- হাতের আ<del>রু</del>লী হতে 25-30 মি.মি. বাহিরে রেখে পেনসিল ধরতে হবে।
- ২) সেট-ক্ষরারের পার্শ্বে চালনার সময়ে ডানে ও বামে হেলানো হবে না, কেবলমাত্র সামনের দিকে সামান্য হেলানো (20° 25°

#### কোণ) হয়ে চলবে।

- ৩) মোচাকৃতি করে কাটা হলে চলার সময় পেনসিল ক্রমে স্বরতে থাকবে, আর চ্যাপ্টা করে কাটা হলে স্বরবে না।
- 8) মুক্ত হল্পে বা ফ্রি হ্যান্ডে লেখার সময় অথবা সেট-ক্ষয়ার ব্যবহার করলে

#### 😂 পেনসিলের স্ট্রোক নিমুরূপ হবে ঃ

ক) বাম থেকে ডান দিকে খ) উপর হতে নিচে গ) গোলাকার অংকন হলে ডান পার্শ্বে ঘড়িচক্রে ও বাম পার্শ্বে ঘড়িচক্রের বিপরীতে।




চিত্র ২.১৯ পেনসিল চালনা করার পদ্ধতি

ইঞ্জিনিয়ারিং দ্রইং

# সেট-স্করার ও টি-স্করার এর সাহাব্যে অনুভূমিক, লম ও তীর্ষক রেখা অংকন পদ্ধতি ঃ ১) টি-স্করার এর সাহাব্যে অনুভূমিক সরলরেখা অংকন (Draw Horizontal Line) ঃ

টি-স্কয়ারের স্টক (Stock) অংশকে দ্রইং বোর্ডের বামদিকের ইবনাইট

(Ebonite) যুক্ত পার্শ্ব ভাগের উপর চেপে রেখে ব্লেড (Blade) এর উপরের এ রেখার দিকের ধারের সাথে মিলিয়ে বাম দিক থেকে ডান দিকে সরল রেখা টানতে হয়। দ্রইং এ অনুভূমিক রেখা (Horizontal Line) স্চিত করে। স্মরণ রাখা প্রয়োজন যে, টি-ক্ষয়ারের ব্লেড এর নিচের ধার (অর্থাৎ যা ইবনাইট যুক্ত নয়) এবং স্টক এর অন্তর্বর্তী কোণের মান 90° থাকে না। স্তরাং নিচের ধারের সাথ মিলিয়ে কোনো রেখা টানলে তা কখনও অনুভূমিক হয় না (চিত্র ২.২০)।




চিত্র ২.২০ টি-স্কয়ার এর সাহায্যে অনুভূমিক রেখা অংকন

#### ২) টি-ক্ষ্মার ও সেট-ক্ষ্মার এর সাহায্যে লম্ব রেখা অংকন (Draw Vertical Line) ঃ

উন্নত মানের ড্রইং রোর্ডের যে কোনো দুইটি সন্নিহিত পার্শ্ব ঠিক এক সমকোণে থাকে এবং বিপরীত পার্শ্ব দুইটি অধিক সমান্তরাল থাকে। ফলে, টি-ক্ষয়ারের স্টক অংশকে ড্রইং

বোর্ডের উপরের বা নিচের যে কোনো একটি পার্শ্ব ভাগের সাথে মিলিয়ে রেখা টানলে তা পূর্বোক্ত অনুভূমিক রেখার উপর লম্ব হয়। কিন্তু অসুবিধা হলো এই যে, কার্যক্ষেত্রে এই ধরনের উন্নত শ্রেণির ড্রইং বোর্ড প্রায়ই পাওয়া যায় না। কিছু ক্রটি থেকেই যায়। ফলে এ প্রকারের রেখা টানলে এটা প্রায়ই ঠিক লম্ব হয় না। সূতরাং লম্ব রেখা কেবল টি-ক্ষয়ারের সাহায্যে না টেনে এর সহিত সেট ক্ষয়ারেকে মিলিয়ে টানাই সাধারণ নিয়ম। এর জন্য প্রথমে টি-ক্ষয়ারের স্টক অংশকে ড্রইং বোর্ডের বাম দিকে চেপে রেখে যেকোনো একটি সেট ক্ষয়ারের সমকোণ সংলগ্ন একটি ধারকে এর ব্রেড এর সাথে মিলাতে হয়। পরে চিত্র ২.২১ এর ন্যায় ধার অবলম্বনে রেখা টানলে কাজ্কিত লম্ব হবে।




চিত্র ২.২১ টি-স্কয়ার ও সেট-স্কয়ার এর সাহায্যে শব্দ রেখা অংকন


#### ৩) একটি বিন্দুর মধ্যে দিয়ে এবং নির্দিষ্ট সরল রেখার সমান্তরালরূপে সরল রেখা অংকন ঃ

মনে করি, C বিন্দুর মধ্যে দিয়ে এবং AB সরলরেখার সমান্তরালরূপে একটি সরল রেখা টানতে হবে। এই AB রেখা যদি অনুভূমিক হয়, তাহলে এটি চিত্র ২.২২ এর ন্যায় কেবল টি-ক্ষয়ারের সাহায্যে অথবা চিত্র ২.২১ এর ন্যায় দুইটি সেট-ক্ষয়ারের সাহায্যে টানা যেতে পারে। তবে টি-ক্ষয়ারের সাহায্যে টানাই সহজ ও দ্রুত হয়। আর প্রদন্ত AB রেখাটি যদি কোনো কোণে অর্থাৎ নতভাবে (Inclined) থাকে, তাহলে ঐ সমান্তরাল রেখা চিত্র ২.২৩-এর ন্যায় দুইটি সেট-ক্ষয়ারের সাহায্যে অংকন করা ছাড়া উপায় থাকে না।

সেট-ক্ষয়ারের সাহায্যে রেখা টানার জন্য প্রথমে একটি সেট-ক্ষয়ারের ধারকে প্রদন্ত AB রেখার সাথে মিলিয়ে অপর সেট-ক্ষয়ারটি একটি ধারকে এর অন্য ধারের সাথে মিলাতে হয়। পরে এই মিলিত থাকা অবস্থায় দ্বিতীয় সেট-ক্ষয়ারটিকে দৃঢ়ভাবে ধরে রেখে প্রথম সেট-ক্ষয়ারটিকে নিচের

দিকে এমনভাবে
সরাতে হবে, যাতে এর
উপরের ধারটি C
বিন্দুর সাথে মিলে
যায়। এবার এ ধারের
সাথে মিলিয়ে সরল
রেখা টানলে কাচ্চ্ছিত
সরলরেখা অন্ধিত হবে।





চিত্র ২.২২ ও চিত্র ২.২৩ সেট-ক্ষয়ারের সাহায্যে সমান্তরাল সরল রেখা অংকন


#### 8) একটি নির্দিষ্ট সরলরেখার সমান্তরালরূপে নির্দিষ্ট দূরত্বে অন্য একটি সরলরেখা অংকন ঃ

মনে করি, AB নির্দিষ্ট সরল রেখা এবং এটি থেকে 16 মি.মি. দূরে এর সমান্তরালরূপে উপরে দিকে CD একটি সরলরেখা অঙ্কন করতে হবে। এই কার্য নিচের দুইটি পদ্ধতিতে অঙ্কন করা যার ঃ ক) প্রদন্ত রেখাটি অনুভূমিক হলে ঃ

এর জন্য টি-ক্ষয়ার এবং একটি সেট-ক্ষয়ার নিয়ে চিত্র ২.২৪ এর ন্যায় টি-ক্ষয়ারটির স্টক অংশকে ড্রইং বোর্ডের সাথে চেপে রেখে একে নিচের দিকে এমনভাবে সরাতে হবে যাতে

এর উপরের ধারটি AB-এর সামান্য নিচে আসে।
পণ্ডে সেট-ক্ষয়ারটির সমকোণ-সন্নিহিত একটি ধারকে
টি-ক্ষয়ারের উপরের ধারের সাথে মিলাতে হবে।
এখন 16 মি.মি. মাপ ডিভাইডারে তুলে নিয়ে
(সেট-ক্ষয়ারের লম্ব বাহুটির সাথে সংলগ্ন রাখা
অবস্থায়) এর একটি লেগকে AB রেখার উপর
রেখে অপর লেগটি দিয়ে কাগচ্চের উপর বিন্দু-চিহ্ন্ দিতে হবে। এবার সেট-ক্ষয়ারটিকে সরিয়ে টিক্ষয়ারটিকে উপরের দিকে এমনভাবে সরিয়ে আনতে
হবে যাতে এর উপরের ঢালটি উক্ত বিন্দু-চিহ্ন্রে ঠিক
উপরে আসে। শেষে এ ধারের সাথে মিলিয়ে CD

সরলরেখা অংকন করলে কাচ্ছিত সরলরেখা অংকিত হবে।




চিত্র ২.২৪ টি-স্কয়ার ও সেট-স্কয়ারে সাহায্যে সমান্তরাল সরল রেখা অংকন

#### খ) প্রদত্ত রেখাটি অনুভূমিক না হলে ঃ

এটা দুইটি সেট-ক্ষয়ারের সাহায্যে টানতে হবে। প্রথমে প্রদন্ত

মাপটিকে বো-পেনসিলে তুলে নিয়ে একে ব্যাসার্থ এবং AB এর উপরিস্থ

যেকোনো একটি বিন্দুকে কেন্দ্ররূপে একটি বৃত্ত-চাপ অংকন করতে হবে। পরে একটি সেট-ক্ষয়ারের ধারকে AB-এর সাথে মিলিয়ে এবং অপর সেট-ক্ষয়ারটিকে দৃঢ়ভাবে ধরে রেখে প্রথম সেট-ক্ষয়ারটিকে এমনভাবে সরাতে হবে, যাতে এর উপরের ধারটি পূর্বাঙ্কিত বৃত্ত-চাপটির স্পর্শক (Tangent) হয়। এখন এই ধারের সাথে মিলিয়ে CD সরলরেখা অংকন করলে কাজ্কিত সমান্তরাল রেখা অঙ্কিত হবে (চিত্র ২.২৫)।




চিত্র ২.২৫ সেট-ক্ষয়ারে সাহায্যে সমান্তরাল সরল রেখা অংকন

#### ৫) একটি নির্দিষ্ট সরল রেখার উপর নির্দিষ্ট বিন্দুতে লঘ (Perpendicular) অৰুন ঃ

মনে করি, AB একটি সরল রেখা। এর উপরিস্থ C বিন্দুতে একটি লম্ব টানতে হবে। এটি নিম্নলিখিত দুইটি পদ্ধতিতে করা যায়।

#### ক) প্রদন্ত সরলরেখাটি অনুভূমিক হলে ঃ


এর জন্য টি-ক্ষয়ার এবং একটি সেট-ক্ষয়ার নিয়ে চিত্র ২.২৬ এর ন্যায় প্রথমে টি-ক্ষয়ারটিকে দ্রইং বোর্ডের বামপাশে চেপে রাখা অবস্থায় সরিয়ে এমন স্থানে আনি যাতে এর উপরের ধারটি AB রেখার সামান্য নিচে আসে। পরে সেট-ক্ষয়ারটির সমকোণ-সন্নিহিত একটি ধারকে টি-ক্ষয়ারের ধারের সাথে মিলিয়ে নেই। এবার এই মিলিভ থাকা অবস্থায় সেট-ক্ষয়ারটিকে এমনভাবে সরাই যাতে এর লম্ব ধারটি C বিন্দুর ঠিক উপরে আসে। এখন এ লম্ব ধারটির সাথে মিলিয়ে সরল রেখা অংকন করি। ফলে C বিন্দুতে কাঞ্চিকত লম্ব রেখা অংকিত হলো।



চিত্র ২.২৬ টি-স্কয়ার ও সেট-স্কয়ারে সাহায্যে লম্ব অংকন

#### খ) প্রদন্ত রেখাটি অনুভূমিক না হলে ঃ

এর জন্য দুইটি সেট-জরার নিয়ে চিত্র ২.২৭ এর ন্যায় প্রথমে যে কোনো একটি সেটক্ষরারের সমকোণ-সন্নিহিত একটি ধারকে AB রেখার সাথে এবং অপর সেট-ক্ষরারটি একটি ধারকে এর নিচের ধারের সাথে মিলানো হলো। পরে বিতীয় সেট-ক্ষরারটিকে দৃঢ়ভাবে ধরে রেখে প্রথম সেট-ক্ষরাটিকে এর সাথে মিলিত থাকা অবস্থায় এমনভাবে সরাই যাতে পূর্বোক্ত সমকোণ-সন্নিহিত বাহুটি C বিন্দুর ঠিক উপরে আসে। শেষে এই ধারের সাথে মিলিরে C বিন্দু থেকে সরলরেখা টানি। ফলে এটি C বিন্দুতে লম্ব রেখা অভিত হলো।



চিত্র ২.২৭ সেট-জয়ারে সাহায্যে লম্বরেখা অংকন

- 🖸 প্যান্টোপ্রাফ, ফ্রেক কার্ড ও প্লানিমিটারের ব্যবহার :
- ১) শান্টোমাক (Pantograph) ঃ


এর সাহয্যে ড্রইংকে প্রয়োজনে ছোট ও বড় করা যায়।

#### ২) ক্ৰেণ কাৰ্ড (French Curve) :

ফ্রেঞ্চ কার্তের সাহায্যে যে কোনো বক্র রেখা অভি সহজেই অংকন করা যায়। যেমন-মনে করি 1, 2, 3, 4, 5, 6, 7 চিহ্নিত বিন্দু কর্মটির মধ্য দিয়ে একটি বক্র রেখা টানতে হবে।

প্রথমে, ফ্রেঞ্চ কার্ভটিকে বিভিন্নভাবে ঘুরিরে পরীক্ষা করি বে, এর কোনু অংশের সাথে

প্রদত্ত বিন্দৃগুলো অধিকাংশের মিল হয়। শারণ রাখা প্রয়োজন যে, অন্তত তিনটি বিন্দুর সাথে মিল করাতে হবে। পরে, কার্জটির ধারের সাথে মিলিয়ে এ বিন্দু কয়টির মধ্য দিয়ে বক্ররেখা টানি। চিত্র ২.২৮ এ 5,6,7 চিহ্নিত বিন্দুর সাথে মিল করিয়ে এ রেখা টানার বিষয় দেখানো হলো। এবার কার্জটিকে ঘুরিয়ে পরীক্ষা করি বে, পূর্বের দুইটি বিন্দু এবং অবশিষ্ট বিন্দুগুলোর মধ্যে কত বেশি সম্ভব বিন্দুর সাথে কার্জটিয় কোন অংশ মিলে এদের মধ্য দিয়ে অনুরূপভাবে পুনরায় রেখা টানি। একই প্রকারে বিভিন্ন পর্যায়ে ক্ষুদ্র ক্রেখা টানলেই এদের সমষ্টিতে সমধ্য বক্ররেখাটি অংকন সম্পন্ন হবে।



চিত্র ২.২৮ ক্রেঞ্চ কার্ডের ব্যবহার


ইঞ্জিনিয়ারিং দ্রইং

#### ৩) প্লানিমিটার (Planimeter) :


এটি মানচিত্রের এরিয়ার মাপ ও সীমা রেখা তৈরির কাজে ব্যবহৃত হর।


#### 🗘 পেনসিল কম্পাস বা বো-পেনসিল দিয়ে বৃত্ত অংকন পদ্ধতি ঃ

সরলরেখা টানার সময় পেলিলের সীস কাগন্ধের উপর বতটা চাপ দেয়, বো-পেলিল ব্যবহার করার সময় এর সীস ততটা চাপ দিতে পারে না। এ জন্য বো-পেনসিলে ব্যবহার্য সীস অপেক্ষাকৃত নরম থাকা প্রয়োজন। এ সীসের অপ্রভাগের প্রায় 6 মি.মি. স্থান 'চিজেল' যন্তের ন্যায় এক দিকে ঢালু করে কটি। এবং ঢালু দিককে বাহিরের দিকে রাখা উচিত (চিত্র ২.২৯)। এছাড়া সীসটিকে বো-পেনসিলে প্রবেশ করানোর সময় এর মুখটি সূচি-মুখ থেকে বাতে সামান্য উচ্চতে থাকে, এর প্রতিও লক্ষ রাখা উচিত। ক্ষুদ্র বৃত্তের জন্য বো-পেনসিলের স্চি-মুখটিকে কেন্দ্রের উপর অক্ষ্ঠ ও ডর্জনী আলুলের সাহায্যে চিত্র ২.৩০(১)- এর ন্যায় বো-পেনসিল বা কম্পাস হেলিরে ধরে, বাম দিকে চিত্র ২.৩০ (২) এর ন্যায় বৃত্ত অংকন করতে হয়। বড় বৃত্তের বেলায় উপযুক্ত গঠনের বো-পেনসিল ব্যবহার করা এবং অংকনের সময় সূচি-মুখসহ লেগটিকে লম্বভাবে রাখা উচিত (চিত্র ২.২৯)।



চিত্র ২,২৯ পেনসিল কম্পাস বা বো-পেনসিল






চিত্র ২.৩০১(১)ও চিত্র ২.৩০(২) পেনসিল কম্পাস বা 'বো' পেনসিলের প্রয়োগ চিত্র ২.৩১ বিম কম্পাস

#### সরল রেখার উপরিস্থ নির্দিষ্ট বিন্দুতে চাঁদা বা প্রেট্রান্টর দিয়ে কোণ অংকন ঃ

মনে করি, প্রদন্ত সরলরেখাটি A বিন্দুর বাম দিকে 50° কোণ অংকন করতে হবে। প্রথমে, প্রোট্রান্টর টিকে এমনভাবে স্থাপন করি, যাতে এর 0° 0° বা 180°-180° চিহ্নিত রেখাটি প্রদন্ত রেখাটির সাথে মিলে যায় এবং প্রেট্রান্টরটির লম্ব এবং অনুভূমিক রেখার ছেদ-বিন্দুটি A-এর ঠিক উপরে আসে। পরে, যেদিকে কোণ অংকন করতে হবে, (এখানে বাম দিকে) 0° থেকে নির্দিন্ট ডিগ্রি বিভাগ অঙ্কে (এখানে, 50 তে) বিন্দু-চিহ্ন দিই। শেষে প্রোট্রান্টরিক সরিয়ে কেলে সেট-ক্ষয়ার দিয়ে এই বিন্দু থেকে প্রদন্ত A বিন্দু পর্যন্ত সরল রেখা অংকন করি ফলে নির্দিন্ট কোণ অঙ্কিত হলো (চিত্র ২.৩২)।



চিত্র ২.৩২ চাঁদা বা প্রেট্রাক্টর দিয়ে কোণ অঙ্কন


# © টি-ক্ষার ও সেট-ক্ষারের সাহায্যে নির্দিষ্ট বিন্দৃতে 15°, 75°, 105° এবং 120° সহ বিভিন্ন কোপে সরল রেখা অঙ্কন পড়ভির

চিত্ৰ ২.৩৩ (1-8) এ দেখানো হলো ঃ

অনুভূমিক রেখার সাথে কোণ	চিত্ৰ সংখ্যা	লম্ব রেখার সাথে কোণ	চিত্র সংখ্যা
15°	(7), (8)	15°	(4), (5), (6)
30°	(2)	30°	(1)
45°	(3)	45°	(3)
60°	(1)	60°	(2)
75°	(4), (5), (6)	75°	(7) (8)
105°	(4), (5), (6)	105°	(7) (8)
120°	(1)	120°	(2)
135°	(3)	150°	(1)
150°	(2)	165°	(4), (5) (6)
165°	(7), (8)		

চিত্র ২.৩৩ (ক) অনুভূষিক ও লব রেখার সাথে কোণ অংকন পরিমাণের ছক

#### 🗘 টি-স্করার এবং সেট-ক্ষরারের সাহায্যে বিভিন্ন কোণে সরলরেখা অংকন পদ্ধতি দেখানো হলো ঃ



চিত্র ২.৩৩ (1-8) অংকনের ক্ষেত্রে সেট-স্কয়ার ও টি-স্কয়ার এর প্রয়োগ

#### অনুশীলনী - ২

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। প্রকৌশল-অংকনের উপযোগী করে একটি পেনসিল কিসের সাহায্যে কাটা হয় ?
- ২। কোন্ কাগজের ব্লকে ঘষে পেনসিল সরু গোলাকৃতি করতে হয় ?
- ৩। কী রেখা অংকন করে পেনসিলের পয়েন্ট পরীক্ষা করতে হয় ?
- ৪। চ্যাপটা সীস সম্বলিত পেনসিল কোথায় ব্যবহার করা হয় ?
- ৫। পেনসিল কাটার ধরণ অনুযায়ী পেনসিল কোথায় প্রয়োগ করতে হয় ?
- ৬। ড্রইং করতে পেনসিলটিকে কত কোণে হাতে ধরতে হয় ?
- ৭। পেনসিল প্রধানত কত প্রকার ও কী কী ?
- ৮। পেনসিল কাটার নিয়ম কয়টি ও কী কী ?
- ৯। দ্রইং করার জন্য কী কী যন্ত্রপাতির প্রয়োজন হয় ?
- ১০। কালি দ্বারা দ্রইং করার কলমগুলোর নাম লিখ।
- ১১। নরম পেনসিলের অসুবিধাগুলো লিখ।
- ১২। কেন্দ্র রেখা, ছেদ রেখা ইত্যাদি অংকন করতে কোন পেনসিল ব্যবহৃত হয় ?
- ১৩। মূল ড্রইং অংকনে কোন পেনসিল ব্যবহৃত হয়।
- ১৪। ডিভাইডার কত প্রকার কী কী?
- ১৫ ৷ প্রোট্রাক্টর বলতে কী বোঝায় ?
- ১৬। ক্ষেল বলতে কী বোঝায় ?
- ১৭। ফ্রেঞ্চ কার্ভ কী কাজে ব্যবহৃত হয় ?
- ১৮। বোর্ড পিন ও বোর্ড ক্রিপের কাজ কী ?
- ১৯। কোন ইনুস্ট্রমেন্টস দিয়ে কৌণিক পরিমাপ করা হয় ?

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী

- ১। দ্রইং করার প্রয়োজনীয় যন্ত্রপাতিগুলোর নাম লিখ।
- ২। নিচের যন্ত্রপাতিগুলোর চিত্রসহ এর কার্যাবলী ব্যবহার ও প্রয়োগ পদ্ধতি উল্লেখ কর ঃ
  - ক) ডিভাইডার
  - খ) টি-স্কয়ার
  - গ) সেট-স্কয়ার
  - ঘ) প্রোট্রাক্টর
  - ঙ) ফ্রেঞ্চ কার্ভ
  - চ) বো-পেনসিল

ইঞ্জিনিয়ারিং ড্রইং ২৭

- ৩। দ্রইং বোর্ডের প্রচলিত সাইজগুলো লিখ।
- ৪। বো-পেনসিলের অপর নাম কী ? চিত্র এঁকে দেখাও।
- ে। বর্ডার লাইন প্রদানের আদর্শ মাপগুলো উল্লেখ কর।
- ৬। সেট-স্কয়ার ও টি-স্কয়ার দ্বারা অনুভূমিক, লম্ব ও তীর্যক রেখা অংকন পদ্ধতি কী কী ?
- ৭ ৷ একটি সম্পূর্ণ ড্রইং বক্সে কী কী যন্ত্রপাতি থাকে ?
- ৮। পেনসিলের গ্রেড শনাক্ত কর।
- ৯। টি-স্কয়ার বলতে কী বোঝায় ? এর কাজগুলো উল্লেখ কর।
- ১০। সেট-স্কয়ার বলতে কী বোঝায় ? এর কাজগুলো উল্লেখ কর।
- ১১। ডিভাইডার দিয়ে ক্ষেল থেকে প্রদত্ত পরিমাপ স্থানান্তর করার কৌশল অনুশীলন কর।
- ১২। বো-পেনসিলের সাহায্যে প্রদত্ত ব্যাসের বৃত্ত আঁক।
- ১৩। ফ্রেঞ্চ কার্ভের সাহায্যে প্রদত্ত কোনো অনিয়মিত বাঁকা রেখা কৌশল অনুশীলন কর।
- ১৪। প্রেট্রাক্টর দিয়ে প্রদত্ত কোণ পরিমাপ কর।
- ১৫। প্রোটাক্টর দিয়ে প্রদত্ত কোণ গঠন কর।
- ১৬। সেট-স্কয়ারের সাহায্যে ঃ
  - ক) প্রদত্ত পরিমাপে অনুভূমিক সমান্তরাল রেখা অংকন কর।
  - খ) প্রদত্ত কোণে সমান্তরাল রেখা অংকন কর।
  - গ) লম্ব অংকন কর।
  - ঘ) প্রদত্ত কোণ সৃষ্টি করে রেখা আঁক।
  - ঙ) সেট-স্কয়ারে ক্রটি আছে কীনা নিরীক্ষণ কর।

#### রচনামূলক প্রশ্নাবলী

- 🕽। লেটারিং গাইড, টেমপ্লেট ও প্যান্টোগ্রাপ এর পরিচিতিসহ কার্যাবলী আলোচনা কর।
- ২। কোনো সরল রেখার উপরিস্থ নির্দিষ্ট বিন্দুতে প্রোট্রাক্টর দিয়ে কোণ অংকনের প্রক্রিয়া চিত্রসহ বর্ণনা কর।
- ৩। বো-পেনসিল বা কম্পাস দ্বারা বৃত্ত অংকনের পদ্ধতিটি চিত্রসহ বর্ণনা কর।
- ৪। চিত্রসহ অংকন কর ঃ
  - ক) টি-স্কয়ারের সাহায্যে অনুভূমিক সরলরেখা।
  - খ) টি-ক্ষয়ার ও সেট-ক্ষয়ারের সাহয্যে লম্ব সরলরেখা।
  - গ) একটি বিন্দুর মধ্য দিয়ে এবং নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল রূপে সরলরেখা।
  - ঘ) একটি নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল রূপে নির্দিষ্ট দূরত্বে অন্য একটি অনুভূমিক ও একটি তির্যক রেখা।

- ঙ) অনুভূমিক এবং তির্যক উভয় কৌশলে একটি নির্দিষ্ট সরলরেখার উপর নির্দিষ্ট বিন্দুতে লম।
- ৫। টি-স্কয়ার ও সেট-স্কয়ারের সাহায্যে নির্দিষ্ট বিন্দুতে 15°, 75°, 105° এবং 120° কোণে সরলরেখা অংকন কর।
- ৬। দ্রইং বোর্ডে সেলোফেন টেপ অথবা বোর্ড পিন দিয়ে সঠিকভাবে কাগজ আটকানোর কৌশল অনুশীলন কর।
- ৭। আইসোমেট্রিক ও অবলিক দৃশ্য অংকন করতে কী কী ইনস্ট্রুমেন্ট ব্যবহার করা হয় ?
- ৮। টি-স্কয়ার ও সেট-স্কয়ারের ব্যবহারের দেখিয়ে সমান্তরাল বা প্যারালাল ও লম রেখা অংকন কর।

## ৩. ড্ৰইং শিট

#### **Drawing Sheet**

#### ৩.০ দ্ৰইং শিট (Drawing Sheet) ঃ

বোর্ডের সাইজ অনুযায়ী বিভিন্ন রকমের কাটা অবস্থায় মোটা ও পাতলা কাগজ বাজারে পাওয়া যায়। খসড়া দ্রইং করার জন্য পাতলা কার্টিজ বা অফসেট পেপার এবং স্থায়ী দ্রইংয়ের জন্য মোটা কাগজ ব্যবহার করা যেতে পারে। এর সাইজ প্রয়োজনবোধে নিমুবর্ণিত মাপ অনুযায়ী হয়ে থাকে।

#### ছ্রইং শিটের শনাক্তকরণ ঃ

এটা কাগজের মন্ডের দারা তৈরি করা হয়। অন্যান্য কাগজ হতে এ কাগজের পার্থক্য আছে। এটা অতিশয় মস্প ও তুলনামূলক ভাবে মোটা।

#### ৩.১ দ্রইং শিটের আকার (Size of Drawing Sheet) ঃ

নিম্লে দ্রুইং শিটের আকার মিলিমিটার ও ইঞ্চিতে দেওয়া হলো ঃ

শিট বা কাগজের আকারের	শিট বা কাগজের মাপ	
সংকেত <u> </u>	মিলিমিটারে (mm)	ইঞ্চিতে (″)
A0	1189 × 841 mm	47 × 33 ইম্ভি
A1	841 × 594 mm	33 × 23 ইম্বিঃ
A2	594 × 420 mm	23 × 16 ইঞ্চি
A3	420 × 297 mm	16 × 12 ইঞ্চি
A4	297 × 210 mm	12×9 ইঞ্চি
A5	210 × 148 mm	9×6 ইম্বি

চিত্র ৩.১ শিট বা কাগজের আকারের সংকেত ও মাপের ছক

#### ভ্রইং শিট ব্যবহারের অনুপাত ঃ দ্রইং শিট সাধারণত 1: 1.5 অনুপাতে ব্যবহৃত হয়।

#### ৩.২ দ্রইং শিটের সেটকরণ (Setting of Drawing Sheet) 8

টি-স্কয়ার (T-Square) এর সাহায্যে ড্রইং পেপার সেট করতে হলে ড্রইং বোর্ডের বাম দিক এবং নিচের দিক থেকে যতটা সম্ভব ছেড়ে দিয়ে ড্রইং পেপার স্থাপন করা হয় । কেননা (T-Square) এর হেড, ড্রইং বোর্ডের বাম পাশে স্থাপন করার কারণে ড্রইং বোর্ডের বাম দিকে সঠিকভাবে অংকন করা যায় এবং ড্রইং শিট ড্রাফট্সম্যানের কাছাকাছি থাকলে সুবিধা হয়।

কোন ড্রাফটিং মেশিনের সাহায্যে অংকন করার সময় মেশিনের ক্ষেল চলাচল এলাকার মধ্যে যতটা সম্ভব উক্ত নিয়ম অনুযায়ী শিট স্থাপন করতে হবে। টি-ক্ষয়ার (T-Square) চেপে রেখে এর সমান্তরালে শিটের অনুভূমিক প্রান্ত স্থাপন করে ড্রইং টেপ দিয়ে ড্রইং শিট স্থাপন বা সেট করা হয়।

#### উত্তম দ্রইং এর শর্তাবলি ঃ

#### ভালো ড্রইং করতে হলে অবশ্যই কিছু বিধি নিষেধ বা নিয়মকানুন মেনে চলা উচিত। যেমন ঃ

- ১) শুরুতে ড্রইং বোর্ডের অনুভূমিক ও লম্ব লাইন অনুযায়ী ড্রইং শিট আটকে নিতে হবে।
- ২) এরপর 12 মি.মি. দূর দিয়ে কাগজের চারিদিকে বর্ডার বা মার্জিন টানতে হবে। এ কাজে মোটা চিজেল পয়েন্ট পেনসিল ব্যবহার করতে হবে।
- ৩) মূল দ্রইং এর জন্য তীক্ষ্ণ সীস যুক্ত পেনসিল ব্যবহার করতে হবে।
- 8) শুকনা ও পরিষ্কার রুমাল দিয়ে সেট-স্কয়ারসহ সকল যন্ত্রপাতি মুছে নিতে হবে।
- ক) নরম ইরেজার দিয়ে অতিরিক্ত দাগ মুছে দিতে হবে।
- ৬) অপেক্ষাকৃত বড় ও মোটা অক্ষরে হেডিং এবং ছোট অক্ষরে অন্যান্য তথ্যাদি লিখতে হবে।

#### ড্রইং করার সময় পরিত্যাজ্য বিষয়সমূহ ঃ

- ১) পেনসিলের মুখ উপযুক্ত তীক্ষ্ণ না থাকলে তা দিয়ে কখনো রেখা অংকন করা উচিত নয়।
- ২) পেনসিলের মুখের তীক্ষ্ণতা আনার জন্য ঘরের মেঝে, দেয়াল ইত্যাদির উপর পেনসিলকে কখনো ঘষা উচিত নয়।
- ৩) ক্ষেলের সাহায়্যে কখনো রেখা অংকন করা যাবে না।
- 8) অনুভূমিক রেখা অংকন করার জন্য টী-স্কয়ারের ব্লেডের নিচের ধার কখনো ব্যবহার করা ঠিক নয়।
- টি-ক্ষয়ারের নিচের ধারের সাথে মিলিয়ে কখনো সেট-ক্ষয়ার ব্যবহার করা যাবে না ।
- ৬) টি-স্কয়ার বা সেট-স্কয়ারের ধার অবলম্বনে ছুরি বা ব্লেড দিয়ে ড্রইং বা অন্য কোন কাগজ কখনো কাটা উচিত নয়।
- ৭) আঘাত দেওয়ার কাজে টি-স্কয়ারকে কখনো ব্যবহার করা যাবে না।
- **৮)** ডিভাইডারের মুখকে ড্রইং বোর্ডের মধ্যে খোঁচা দিয়ে প্রবেশ করানো যাবে না।
- ৯) ডিভাইডারকে সাড়াঁশির ন্যায় ব্যবহার বা একে দিয়ে কোনো কিছুকে আঘাত দেওয়া উচিত নয়।
- ১০) ড্রইং শিটকে কখনো ভাজ করা যাবে না।

#### দ্রইং শিট ময়লা হওয়ার সাধারণ কারণাদি ঃ

দ্রইং শিট ময়লা হলে তা ব্যবহারের অযোগ্য হয়ে পড়ে। এ কারণে একে পরিষ্কার রাখার উদ্দেশ্যে দ্রইং করার সময়, সবসময় উপযুক্ত যত্ন নেওয়া একান্ত প্রয়োজন।

#### দ্রইং শিট সাধারণত নিম্নবর্ণিত কারণে ময়লা হয়ে থাকে ঃ

- ১) ঘর্মাক্ত হাত ড্রইং শিটের উপর রাখলে।
- ময়লা হাতে দ্রইং করলে।
- ময়লা জামার হাতা শিটের সংস্পর্শে আসলে।
- ৪) দ্রইং বোর্ড বা শিট ময়লা থাকলে।
- ক) ময়লা সেট-য়য়য়র, টি-য়য়য়র, ইয়েজার বা য়েল দিয়ে দ্রইং কয়লে বা এগুলোকে এ অবস্থায় শিটের উপর রাখলে।
- কাগজের উপর ময়লা অন্য কোনো বস্তুকে রাখলে।
- ৭) অতিরিক্ত নরম সীসের পেনসিল ব্যবহার করার ফলে সীস চূর্ণ শিটের উপর ছড়ালে।

ইঞ্জিনিয়ারিং ডুইং

- ৮) দ্রইং বোর্ড বা শিটের নিকটে পেনসিল কাটলে।
- ৯) পেনসিলের সীসকে দ্রইং বোর্ডের উপর ঘয়ে তীক্ষ্ণ করলে।
- ১০) দ্রইং বোর্ড বা শিটের উপর শিরিশ কাগজ রেখে সীসকে তীক্ষ্ণ করলে।
- ১১) ইরেজার দিয়ে বার বার শিটকে ঘষলে এবং পরে পরিষ্কার না করলে।
- ১২) ময়লা রুমাল বা কাপডের টুকরা দিয়ে কাগজকে পরিষ্কার করলে।

সুতরাং দ্রইং শুরু করার পূর্বে জামার হাতা শুটিয়ে এবং হাতের ঘাম মুছে নিতে হবে। প্রয়োজনে সাবান দিয়ে হাত পরিস্কার করে নিতে হবে, যাতে হাতের ঘাম শীটে না লাগে। এ জন্য সাদা কাগজ বা পরিষ্কার রুমাল বা তোয়ালে হাতের নিচে রাখতে হবে। এছাড়া কাগজের যে অংশে দ্রইং শেষ হয়ে যাবে, সে অংশ সাদা কাগজ দিয়ে ঢেকে দিতে হবে। দ্রইং বোর্ড, সেট-স্কয়ার, টি-স্কয়ার, স্কেল, ইরেজার ইত্যাদিকে দ্রইং করার সময় ও মাঝে মধ্যে রুমাল দিয়ে পরিষ্কার করে নিতে হবে। দ্রইং করার সময় বা পরে শিটের উপর কখনো কোনো ময়লা বস্তু রাখা যাবে না। নরম সীসের পেনসিল ব্যবহার করা উচিত নয় বা ইরেজার এর সাহায়্যে শিটকে অতিরিক্ত ঘর্ষণ করা ঠিক নয়। এছাড়া পেনসিলকে কখনো দ্রইং বোর্ড বা শিটের নিকটে কাটা অথবা এর সীসকে তীক্ষ্ণ করা ঠিক নয়। দ্রইং বোর্ড বা শিটের উপর শিরিশ কাগজ রেখে পেনসিলের সীসকে তীক্ষ্ণ করা উচিত নয়।

#### ৩.৩ দ্রইং শিটের লে-আউটকরণ (Drawing Sheet Lay-Out) ঃ

দ্রইং শিটে সুন্দর, সুষম, পরিষ্কার লে-আউটের উপর ইঞ্জিনিয়ারিং দ্রইং এর সৌন্দর্য ও সার্থকতা অনেকাংশে নির্ভর করে। কোনো বস্তুর ডিজাইন, বর্ণনা, মাপ, পরিমাপ, ইত্যাদি সম্পর্কে পরিপূর্ণ ধারণা দিতে বিস্তারিত ও নিখুঁত দ্রইং এর জন্য প্রয়োজন সুন্দর লে-আউট তথা দ্রইং শীটের চারদিকে বর্ডার লাইন টেনে মার্জিন, টাইটেল ব্লক প্যানেল, পার্ট লিস্ট, রিভিশন ক্ষেল, জোন সিস্টেম, ফোল্ডিং মার্কস, দ্রইং নাম্বার, শিট নাম্বার ইত্যাদি। দ্রইং শিটে এসব সুন্দর ভাবে, উপযুক্ত ক্ষেলে সুষ্ঠুভাবে প্রকাশ করার জন্য নির্দিষ্ট স্থান নির্বাচন করে অংকন করার পদ্ধতিকে দ্রইং শিটের লে-আউট বলে।

#### ড্রইং-এ লে-আউট এর উদ্দেশ্য ঃ

ইঞ্জিনিয়ারিং ড্রইং এ সম্প্রসারিত ড্রইং শিট্ লে-আউট এর উপরে সমৃদ্ধিপূর্ণ ড্রইং এর প্রস্তুকরণ নির্ভর করে। এ জন্য একজন প্রকৌশলীকে ড্রইং এর আদর্শ ও প্রচলিত নিয়মনীতি অবশ্যই জানতে হয়। এ উদ্দেশ্যে তাকে মার্জিন, পার্ট লিস্ট, টাইটেল ব্লক, রিভিশন প্যানেল, জোনসিস্টেম, ফোল্ডিং মার্কস প্রভৃতি সম্পর্কে যেমন পূর্ণ ধারণা রাখতে হয়, তদ্রুপ ড্রইং এর গঠন ও ব্যাখ্যা সম্পর্কেও জ্ঞান থাকতে হয়।

#### 🔾 মার্জিন লাইন (Margine Line) ঃ

যে স্থানে দ্রইং শিটটিকে বাঁধাই করার প্রয়োজনীয়তা থাকে, সেসব ক্ষেত্রে দ্রইং শিটের বামপাশে সাধারণত 40 মি.মি. হতে 70 মি.মি. জায়গা ফাঁকা রেখে যে রেখা অংকন করা হয়, তাকে মার্জিন লাইন বলে।

#### 🔾 বর্ডার লাইন (Border Line) ঃ

দ্রইং শিটের উপরে দ্রইং-এর সৌন্দর্য বজায় রাখার জন্য এবং অংকনের উপযোগী নির্ভূল আয়তাকার ক্ষেত্র পাওয়ার উদ্দেশ্যে প্রথমেই শিটের চারদিকের ধার থেকে অন্তত 12 মি.মি. বাদ রেখে অথবা দ্রইং শিটের আকার অনুযায়ী প্রয়োজনীয় পরিমাণ জায়গা বাদ রেখে চারধারে যে রেখাগুলো অংকন করা হয়, তাদেরকে বর্ডার লাইন বলে।

#### বর্ডার লাইন প্রদানের আদর্শ নিয়ম ঃ

দ্রইং শিটের সকল ধার বা প্রান্ত প্রায়ই সঠিক আয়তাকার থাকে না, সামান্য অসম থকে। এ কারণে দ্রইং-এর সৌন্দর্য বজায় রাখার জন্য এবং অংকনের সহায়ক নির্ভূল আয়তাকার ক্ষেত্র পাওয়ার উদ্দেশ্যে প্রথমেই শিটের চারদিকে কাগজের ধার থেকে অস্তত 12 মি.মি. বা 0.5 ইঞ্চি ছাড় রেখে চারটি রেখা টেনে নিতে হয়। যেখানে দ্রইংটিকে গেঁথে রাখার আবশ্যকতা থাকে, সেখানে বাম দিকের ছাড়-রেখা সাধারণত কাগজের ধার থেকে 40 থেকে 70 মি.মি. দূরে টানা হয়ে থাকে। এ ছাড়া-রেখা অলক্ষার বিহীন, মোটা, স্পষ্ট এবং গভীর হওয়া উচিত। প্রথমে হাজাভাবে এ রেখা টেনে দ্রইং শেষে একে গভীর ও স্পষ্ট করলে দ্রইং অষধা ময়লা হয় না এবং এটি উজ্জ্বল ও স্পষ্ট থাকে।

#### ⊙ টাইটেল ব্লক (Title Block) ঃ


দ্রইং এর একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো টাইটেল ব্লক, যা প্রস্তুতকৃত সমস্ত দ্রইং সম্পর্কে তথ্য দেয়। দ্রইং শিটের ডান পাশে নিচের দিকে এটি স্থাপিত করা হয়।

#### দ্রইং এ টাইটেল ব্লকের ব্যবহার ঃ

যে ড্রইং শিটে বা কাগজটিতে দৃশ্য আঁকা হবে প্রথমে সেটিকে বোর্ড-পিন অথবা সেলোকেন টেপ দিয়ে ড্রইং বোর্ডে সঠিকভাবে লাগাতে হবে। এরপর শিটে বর্ডার লাইন দিতে হবে। কাগজের নিচে, ডান পাশে টাইটেল ব্লক বা টাইটেল স্ক্রিপের জন্য জায়গা রাখতে হয় (চিত্র ৩.৩.১)।

শিল্প ব্লকের প্রয়োজন খুবই বেশি। সেখানে কারখানার ক্ষেত্রে নকশায় টাইটেল কোম্পানির নাম, দ্রইংয়ের নাধার, যদ্রাংশের নাম, অ্যাসেমব্লি দ্রইংয়ের নাধার, অন্ধনকারীর নাম,

নিরী<del>ক্ষ</del>কের নাম. অনুমোদনকারীর নাম. অঙ্কিত নকশার স্কেল তারিখ ইত্যাদি দেওয়া থাকে। ছাত্র-ছাত্রীদের অঙ্কিত নকশায় শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ছাত্ৰ-ছাত্ৰীর ক্ৰমিক নং. পাঠ্য বিষয়ের নাম, নম্বর, বস্তুর (যদি থাকে) তারিখ ইত্যাদি তথ্য উল্লেখ করা হয়।



চিত্র ৩.৩.১ দ্রইং শিটের নকশায় টাইটেশ ব্রকের অবস্থান

ইঞ্জিনিয়ারিং ড্রইং

#### টাইটেল ব্লকের মধ্যে নির্দেশ করার জন্য গুরুত্বপূর্ণ তথ্যাদি ঃ

#### টাইটেল ব্লকে নিমুলিখিত তথ্যাদি নির্দেশ করতে হয় ঃ

- ১) টাইটেল (Title) বা দ্রইং এর শিরোনাম।
- ২) ড্রইং এর নম্বর (Drawing Number) ।
- ৩) নির্দিষ্ট কেল (Scale) বা R.F
- 8) অভিক্ষেপ পদ্ধতি (1<sup>st</sup> or 3<sup>rd</sup> Angle)
- ৫) ডিজাইনার ও কর্মস্থানের নাম। (Designer & Name of Organization)
- ৬) ড্রাফটসম্যান বা অংকনকারীর নাম (Draftsman)
- ৭) নিরীক্ষকের নাম (Checked By)
- ৮) অনুমোদনকারীর নাম (Approved By)
- **৯)** তারিখ (Date)
- ১০) স্বাক্ষর (Signature)

#### SAMPLE OF TITLE BLOCK FOR ORGANIZATION

NAME OF ORGANIZATION		SIGNATURE	DATE		
:	DWN.				
ADDRESS:	CKD.				
	APVD.				
SCALE: TITLE:	DD A W/IN/C	NO .			
PROJECTION:	DRAWING NO.:				
A TITLE BLOCK FOR EDUCATIONAL INSTITUTE					
INSTITUTE : B.K.T.T.C	GOVT.	INSTITUTE			
DEPARTMENT	: SUBJEC	CT: MACHINE	SHOP		
JOB NO. : 08	DWN	BY: MR.	DATE :		
JOB TITLE : MULTI	PLECKD.BY	: ENGR.	DATE :		
SCALE : 1:1	SEMES'	TER: 1st	ROLL NO.:		

#### কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রচলিত একটি টাইটেল ব্লকের নমুনা নিম্নে দেওয়া হলো ঃ

ডিপার্টমেন্টের নাম ঃ		
প্রকল্পের নাম ঃ		
প্রস্তাবিত নকশা ঃ		
ডিজাইনকারী ঃ		সুপারিশকারী ঃ
পরীক্ষাকারী ঃ		অনুমোদনকারী ঃ
অংকনকারী ঃ		
তারিখ ঃ	কেল ঃ	দ্রইং নম্বর ঃ

#### অনুশীলনী - ৩

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। আদর্শ দ্রইং শিটের সাইজ উল্লেখ কর ।
- ২ ৷ ড্রইং শিটের কোন পাশে সাধারণত অংকন করার নিয়ম ?
- ৩। পরিচ্ছন্ন ড্রইং করার জন্য কী ব্যবহার করা দরকার ?
- ৪। ড্রইং বোর্ডের সাথে ড্রইং শিট আটকাতে কী কী উপকরণের প্রযোজন হয় ?
- ৫। দ্রইং বোর্ডে সাধারণত কোন সাইজের দ্রইং শিট বেশি ব্যবহৃত হয় ?
- ৬। দ্রইং পেপার লে-আউট করতে কত দূরত্বে বর্ডার লাইন ও মার্জিন লাইন রাখা হয় ?
- ৭। ড্রইং শিটের টাইটেল ব্লকে কী কী তথ্য থাকা উচিত ?
- ৮। টাইটেল স্ট্রিপে অতিরিক্ত কী কী তথ্যের উল্লেখ থাকে ?
- ৯। টাইটেল ব্লক বলতে কী বোঝায় ?

#### সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। ড্রইং শিট লে-আউট বলতে কী বোঝাায় ?
- ২। ড্রইং-এ লে-আউট এর উদ্দেশ্য লিখ।
- ৩। ভবনের জন্য প্রযোজ্য একটি টাইটেল ব্লক অংকন কর।
- ৪। দ্রইং শিট লে-আউটের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ৫। দ্রইং এ টাইটেল ব্লকের ব্যবহারগুলো লিখ।
- ৬। আদর্শ ড্রইং শিটের আকার অংকন কর।
- ৭। দ্রইং শিটে টাইটেল ব্লক স্ট্রিপের জন্য কোথায় জায়গা রাখা হয় এবং কেনো ?
- ৮। দ্রইং শিটের সেটকরণ বলতে কী বোঝাায় ?

#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। উত্তম দ্রইং করার জন্য কী কী শর্তাবলী ? তা লিখ।
- ২। দ্রইং কাজে পরিত্যাজ্য বিষয়গুলো লিখ।
- ৩। ড্রইং শিট ময়লা হওয়ার সাধারণ কারণগুলো উল্লেখ কর।
- 8। দ্রইং বোর্ডে টেপ অথবা বোর্ড পিন দিয়ে শিটে আটকানো এবং কাগজ নষ্ট না করে খোলার কৌশল অনুশীলন কর।
- ৫। ড্রইং শিট কী অনুপাতে ব্যবহৃত হয় ? একটি ড্রইং শিট অংকন করে দেখাও।
- ৬। দ্রইং বোর্ডে সেলোফেন টেপ দিয়ে A4 আকারের একটি কাগজ আটকাও এবং এতে বর্ডার লাইন দাও।
- ৭। কাগজের নিচের অংশে একটি TITLE BLOCK তৈরি কর।
- ৮। একটা অর্গানাইজেশনের টাইটেল ব্লকের স্যাম্পল অংকন কর।
- ৯। টাইটেল ব্লকের মধ্যে নির্দেশিত প্রয়োজনীয় তথ্যাদি লিখ।
- ১০। কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রচলিত একটি টাইটেল ব্লকের নমুনা এঁকে দেখাও।

#### 8. এ্যালফাবেট অফ লাইনস Alphabet of Lines

#### 8.০ থ্যালফাবেট অফ লাইনস (Alphabet of Lines) :

ইঞ্জিনিয়ারিং ড্রইং এ একটি বস্তুর দৃশ্যকে পরিষ্কারভাবে বোঝানোর জন্য একই প্রকার রেখা ব্যবহার না করে বিভিন্ন প্রকার পদ্ধতিগত রেখার সমাবেশ দ্বারা বোঝানো হয়ে থাকে। এ সব রেখা এক এক ধরনের অর্থ বা দৃশ্যের বর্ণনা করে থাকে। একে এ্যালফাবেট অফ লাইন্স বলে।

#### ইঞ্জিনিরারিং ফ্রইং এ ব্যবহৃত বিভিন্ন রেখাসমূহ শনাক্তকরণ ঃ

রেখার নাম	রেখার আকৃতি	শ্ৰেড	সাইজ
(1) মার্জিন বা বর্ডার লাইন (Margin or Border Line)		В	বেশি মোটা
(2) বস্থুরেখা বা সীমা রেখা (Object Line or Visible Line)		H.B	মোটা
(প্ৰ) হিডেন লাইন বা ছিন্ন রেখা (Hidden Line or Dotted Line)	<b></b>	2H	সরু বা মোটা
(4) কেন্দ্ৰ রেখা (Center Line)		2H	সরু
(5) পরিমাপরেখা (Demension Line)	<b>H</b>	2H	সরু
(6) বর্গক রেখা (Extension Line)	EXTENTION LINE	2H	সরু
(7) নির্দেশক রেখা (Leader Line)		2H	সরু
(8) ছেদ রেখা (Section Line)		2H	সরু
(9) শর্ট ব্রেক শাইন (Short Break Line)	~~~	2H	সঙ্গু বা মোটা
(10) লং ব্ৰেক লাইন (Long Break Line)	~~~	2H	সরু
(11) ছেদিত তলের রেখা (Section Plane Line)	4 4	2H.B	সরু ও মোটা
(12) ফ্যান্টম রেখা (Fantom Line)		2H	সরু
(13) সহায়ক রেখা (Construction Line or Guide Line)		2H	বেশি সরু


#### ৪.১ ইঞ্জিনিরারিং দ্রইং এ ব্যবহৃত বিভিন্ন রেখাসমূহ ঃ

ইঞ্জিনিয়ারিং দ্রইং এর মূল ভাষা হলো রেখা বা লাইন। কোনো বস্তুর দৃশ্যকে কতকগুলো রেখার সমন্বয়ে সুস্পষ্ট কণ্ডে ভোলা হয় বলে প্রত্যেকটি রেখার যথেষ্ট শুরুত্ব রয়েছে। বিভিন্ন শ্রেণির রেখা বিভিন্ন অর্থ প্রকাশ করে। দ্রইং-এ সরু এবং মোটা রেখারও বিভিন্ন অর্থ ও তাৎপর্য রয়েছে। ইঞ্জিনিয়ারিং দ্রইং এ সাধারণত নিম্নলিখিত রেখাসমূহ ব্যবহৃত হয়। যথা ঃ

- ১) বর্ডার লাইন বা মার্জিন লাইন (Border Line or Margin Line)
- ২) আউট লাইন বা সীমারেখা বা বস্তু রেখা (Out Line or Vissible Line or Object Line)
- ৩) ডটেড লাইন বা হিডেন লাইন বা ছিন্ন রেখা (Dotted Line or Hidden Line)
- 8) সেন্টার লাইন বা কেন্দ্র রেখা বা শিকল রেখা (Centre Line or Chain Line)
- ৫) পরিমাপ রেখা বা ডাইমেনশন লাইন (Dimension Line)
- ৬) এক্সটেনশন লাইন বা বর্ধক রেখা (Extension Line)

- ৭) লিডার লাইন বা নির্দেশক রেখা (Leader Line)
- ৮) সেকশন লাইন বা ছেদ-রেখা (Section Line)
- ১) ব্ৰেক লাইন বা ভাঙ্গন রেখা (Break Line) ঃ ক) শৰ্ট ব্ৰেক লাইন (Short BreakLine) খ) লং ব্ৰক লাইন (Long Break Line)
- ১০) কাটিং প্লেন লাইন বা ছেল-ভল রেখা (Cutting Plane Line)
- ১১) ফ্যান্টম লাইন (Fantom Line)
- ১২) সহায়ক রেখা (Construction Line or Guide Line)
- ছইং এ ব্যবহৃত রেখাসমূহের বর্ণনা ও ব্যবহার ঃ
- ১। বর্ডার শহিন (Border Line) ঃ

এ রেখা অন্যান্য রেখা থেকে বেশি মোটা হয়ে থাকে।
এটা দ্বারা কোনো ড্রইং শিটের চারদিকে বর্ডার লাইন টানা হয়ে
থাকে। সকল ড্রইং এ লাইনের ভিতরে অংকন করা হয়। HB বা B
পেলিল এ লাইন অংকনে ব্যবহৃত হয় (চিত্র ৪.১)।
প্ররোগ ঃ এ রেখা দ্বারা ড্রইং শিটের চারদিকে বর্ডার লাইন অংকন
করা হয়ে থাকে।



চিত্র ৪.১ বর্ডার লাইন

# ২। আউট লাইন বা সীমারেখা বা বস্তু রেখা (Out Line or Vissible Line or Object Line) ঃ এটা পূর্ণ (Full) সমষ্টি এবং সমান মোটা। এলিভেশন বা ফ্রন্ট ভিউ, প্লান বা টপ ভিউ ইত্যাদি দৃশ্য বস্তুর সীমা নির্দেশক যে যে ধারগুলি বাহির হতে দেখা যায়, সেগুলোকে এ প্রকার রেখা ছারা দেখানো হয়ে থাকে। এর পুরুত্ব Thickness - 0.6 mm-1.5 mm পর্বস্ত হয় (চিত্র ৪.২)। প্রয়োগ ঃ এলিভেশন বা ফ্রন্ট ভিউ, প্লান বা টপ ভিউ ইত্যাদি দৃশ্য বস্তুর সীমা নির্দেশক যে যে

ধারগুলি বাহির হতে দেখা যায়, দ্রইং-এর বিভিন্ন দৃশ্যে এ

রেখাই সর্বাধিক প্রয়োগ হয় ।

চিত্র ৪.২ সীমারেখা বা আউট দাইন

#### ৩। ডটেড লাইন বা হিছেন লাইন বা ছিন্ন বেখা (Dotted Line or Hidden Line) ঃ

এটা অনেকগুলি সমান মাপের ক্ষ্তুরেখার সমষ্টি। সীমা রেখার ন্যায় এটিও স্পান্ট। কিন্তু অপেক্ষাকৃত সরু। বস্তুর এলিভেশন বা ফ্রন্ট ভিউ, প্লান বা টপ ভিউ ইত্যাদি দৃশ্যে এর যে ধারগুলো বাহির হতে দেখা যায় না অথচ ভিতরে বর্তমান আছে, সেগুলোকে এ প্রকার রেখা দ্বারা দেখানো হয়ে থাকে। ছিন্ন রেখার দৈর্ঘ্য ও অন্তরবর্তী ফাঁক বা দূরত্ব সর্বত্র প্রায় একই মাপের হওয়া উচিত। অবশ্য অনুমানে এটি বজায় রাখতে হয়। এটার দের্ঘ্য সাধারণত 4 mm হতে 6 mm পর্যন্ত হয় এর প্রকৃত্ব 0.3 mm ফাঁকা স্থানের দৈর্ঘ্য 1.5 mm হয় (চিত্র ৪.৩)।

প্রয়োগ ঃ কোন দৃশ্যে এর যে ধারশুলো বাহির হতে দেখা যায় না অথচ ভিতরে বর্তমান আছে, সেগুলোকে এ প্রকার রেখা দ্বারা দেখানো হয়ে থাকে। চিত্র ৪.৩ ডটেড লাইন বা হিডেন লাইন

#### 8। সেন্টার লাইন বা কেন্দ্র রেখা বা শিকল রেখা (Centre Line or Chain Line) ঃ

এটা একান্তর (Alternate) ভাবে অংকিত কতকশুলি বৃহৎ এবং ক্ষুদ্র (প্রায় বিন্দু পরিমাণ) রেখার সমষ্টি। এ রেখাগুলিকে ছিন্ন রেখা হতে সরু করে টানা নিয়ম। বস্তুর অক্ষ এবং কেন্দ্র রেখাকে দৃশ্যের সীমা রেখা হতে উভয় দিকে অন্ততঃ 3mm পরিমাণ বর্ধিত রাখা নিয়ম। যেখানে কেন্দ্র রেখাকে বর্ধক রেখারূপে (Extension Line) ব্যবহার করার প্রয়োজন হয়। সেখানে আরও অধিক বর্ধিত করা যেতে পারে । এর পুরুত্ব – b/4 mm, বড় দৈর্ঘ্য-8 mm হতে 20 mm, ছোট দৈর্ঘ্য-3 mm হতে 4 mm এবং ফাঁকা স্থানের দৈর্ঘ্য- 2 mm হতে 3 mm পর্যন্ত উভয় দিকে হয় (চিত্র 8.8)। ধরোগ ঃ অক্ষ (Axis) এবং কেন্দ্র রেখাকে (Center Line) এ রেখা ছারা দেখানো হয়ে থাকে।

চিত্র ৪.৪ কেন্দ্র রেখা বা চেইন লাইন

#### ৫। ডাইমেনশন লাইন বা পরিমাপ রেখা (Dimension Line) ঃ

এটা পূর্ণ এবং স্পষ্ট। কিন্তু সীমারেখা হতে সরু। এ মাপ-রেখার উপরে বা এর মধ্যস্থানের কিছু অংশ মুছে ঐ স্থানে মাপান্ধ (Dimension) পেখা হয়ে থাকে। মাপ রেখাকে দৃশ্যের সীমা-রেখা থেকে এটা প্রায় 12 মি.মি. দূরে এবং অন্য মাপ-রেখা থেকে সাধারণত প্রায় 10 মি.মি. দূরে টানা নিয়ম। এর উভয় প্রান্তে তীর-চিহ্ন (Arrow Head) দ্বারা সীমা নির্দেশ করে। প্রব্যোগ ঃ কোনো Object এর বিভিন্ন অংশের মাত্রা প্রকাশ করতে Dimension Line বা পরিমাপ 6 ½" ভাইমেন∞ন লহিন (মাগ র•া)

চিত্র ৪.৫ পরিমাপ রেখা

#### ৬। এক্সটেনশন লাইন বা বর্ধক রেখা (Extension Line) :

রেখা ব্যবহার করা হয় (চিত্র ৪.৫)।

এটা মাপ রেখার ন্যায় পূর্ণ এবং সরু। সীমা রেখা হতে অল্প দূরে মাপ লেখার জন্য দৈর্ঘ্যকে বাহিত্তে টেনে আনতে এ প্রকার রেখা টানা হয়ে থাকে। সীমারেখা হতে একে প্রায় 2mm দূরে এবং মাপ রেখা হতে প্রায় 4 mm পরিমাণ বর্ধিত করা প্রচলিত রীতি (চিত্র ৪.৬)।

চিত্র ৪.৬ বর্ধক রেখা

#### ৭। দিভার দাইন বা নির্দেশক রেখা (Leader Line) ঃ

দুইটি বর্ধক রেখার অন্তর্বর্তী স্থান মাপান্ধ দেখার পক্ষে পর্যাপ্ত না হলে ঐ মাপান্তকে অন্যত্র লিখে ঐ স্থানকে নির্দেশ করতে অথবা কোনো অংশ সম্পর্কে কিছু তথ্য লেখার প্রযোজন হলে ঐ অংশটিকে বিশেষভাবে দেখাতে তীর-মুখ (Arrow Head) বা বিন্দু (Dot) সহ এই রেখা টানা হয়ে থাকে । নির্দেশক রেখাকে মাপ-রেখা এর ন্যায় সরু করে টানার নিয়ম এবং এর যে প্রাম্ভটি দৃশ্যের অভিমুখে থাকে, এতে তীর-মুখ বা বিন্দু দিয়ে অপর প্রান্তে ক্ষ্দ্র একটি অনুভূমিক রেখা টানতে হয় এবং ঐ স্থানে তথ্য লিখতে হয়।

নির্দেশক রেখাকে উল্লেখ অনুভূমিক বা বক্র ভাবে টানা নিষেধ। একে অধিক দীর্ঘ করা অথবা মুক্ত হাতে বা যথেচ্ছভাবে টানাও ঠিক নয়। নির্দেশক রেখার যে অংশ সীমা-রেখাকে স্পর্শ করে তাকে 30° কোণ অপেক্ষা কম কোণে হেলানো করে এবং সন্নিহিত মাপ-রেখার সমান্তরালভাবে টানা নিয়ম সম্মত নয় (চিত্র ৪.৭)।

চিত্র ৪.৭ লিডার লাইন

#### ৮। সেকশন লাইন বা ছেদ-রেখা (Section Line) ঃ

চিত্ৰ ৪.৮ সেকশন লাইন

#### ১। ব্ৰক শাইন বা ভালন রেখা (Break Line) ঃ

এটি দীর্ঘ ছিন্ন রেখা। অত্যধিক দীর্ঘ বস্তুর দৃশ্য পূর্ণ মাপে দেখান সম্ভব হয় না বলে, এর কিছু অংশকে ভগ্ন অবস্থায় এ রেখা দিয়ে দেখানো হয়ে থাকে। দীর্ঘ ভাঙ্গনের জন্য চিত্র ৪.৯ এবং ক্ষুদ্রতর ভাঙ্গনের জন্য চিত্র ৪.১০ শ্রেণির রেখা ব্যবহৃত হয়। মুক্ত হস্তে অর্থাৎ কোনো যন্তের সাহায্য না নিয়ে এ রেখা অংকন করা হয়ে থাকে।

#### क) मीर्च छानन दार्था (Long Break Line) :

কোন বস্তু অত্যধিক দীর্ঘ হলে এদেরকে দৃশ্যে

পূর্ণভাবে অংকন করা যায় না, এরূপ বস্তু দীর্ঘ অংশ কেটে ফেলে অংকন করতে এটা ব্যবহৃত হয়। প্রান্থোপ ঃ যেমন-মেশিনের পার্টস ও (ব) বিশ্ভিং এর কলাম ইত্যাদি। দ্রইং করতে এ রেখা ব্যবহার করা হয় চিত্র ৪.৯ ক) লং ব্রেক লাইন ও ৪.১০ খ) শর্ট ব্রেক লাইন

#### খ) কুদ্ৰ ভাকন রেখা (Short Break Line) ঃ

বস্তুর ভিতর কিছু অংশের আকৃতি প্রকাশ করার জন্য অথবা বস্তুটির মধ্যে তথু প্রয়োজনীয় স্থান প্রকাশ করার জন্য কিছু অংশ ভগ্ন অবস্থায় অংকন করতে এটা ব্যবহৃত হয়। একে মুক্ত হস্তে অংকন করা হয়ে থাকে।

#### ১০। কাটিং প্লেন লাইন বা ছেদ-ভল রেখা (Cutting Plane Line) ঃ

এ রেখা সীমা-রেখা থেকে সামান্য মোটা এবং একটি বৃহৎ ও দুইটি ক্ষুদ্র এ ধরনের একান্তরভাবে টানা রেখার সমষ্টি। ছেদ- দৃশ্য অংকনের সময় বস্তুকে অনুমানে যে স্থানে তল (Plane) দ্বারা ছেদ করানো হয় ঐ স্থানকে নির্দিষ্ট করতে, এ প্রকার রেখা টানা হয়ে থাকে। ছেদ করার পর

বেদিকে দৃষ্টিপাভ করে দৃশ্য নেওয়া হয়, তীর-মুখ (Arrow I নিয়ম।	lead) কে উচ্চ মুখী করে অংকন করা
এটার বড় দৈর্ঘ্য 18 mm হতে 20 mm, ছোট দৈর্ঘ্য	
3 mm कोंका ज्ञांत्नत्र देनची 1 mm रुद्रा थाटक (ज्ञिव 🗼	
8,33)	
চিঅ ৪.১১ কাটিং প্রেন দাইন	
अ রেখা বেখা (Fantom Line) ঃ এ রেখা অনেকটা শিক্ষা সক্ষ হরে থাকে। অংকন করা যক্ত্রাংশের সাথে অন্য একটি বর এটা ব্যবহৃত হয়। যদ্বাংশ মেলিনিং হয়ে উৎপাদন সম্পূর্ণ হওয় করার জন্য এবং বিভিন্ন প্রকার অনৃষ্ট অবহাকে প্রকাশ করে ৪.১২)।     প্রেমার্গ ঃ একটি বন্ধাংশের সাথে অন্য একটি বন্ধাংশের সংবে অবহা প্রকাশ করতে এ রেখা ব্যবহৃত হয়।	াংশের সংযোজন অবস্থা প্রকাশ করতে র আপে কাস্টিং উৎপাদন অবস্থা প্রকাশ ত এই রেখা ব্যবহার করা হয় (চিত্র
১২। গাইড সাইন বা সহারক রেখা (Construction Line or Gu কোন বস্তু অংকন করার পূর্বেই স্থান ঠিক করে খু শেষ হলে, মুছে কেলতে হয় (চিত্র ৪.১৩)।	
ধরোগ ঃ এ রেখা সাধারণত খসড়া দ্রইং করার কা <del>জে</del>	
ব্যৰহাত হয়।	চিত্র ৪.১৩ সহায়ক রেখা
জন্যান্য রেখার বর্ণনা ঃ	100 0.30 1037 031
<ol> <li>नज्ञन्द्वचा ।</li> </ol>	
দুইটি সমতল পরস্পরকে ছেদ করলে একটি	
সরলরেখা (Straight Line) সৃষ্টি হয়। অবস্থানসহ এর ওধু	A B
দৈৰ্ঘ্য আছে, প্ৰস্থ বা বেধ নেই। তাই	
এ রেখা একমাত্রিক (One Dimensional) চিত্রে ৪.১৪ এ	
AB একটি সরল রেখা।	চিন্ন ৪.১৪ সরল রেখা
২) বক্ররেখা ঃ যে কোনো বক্রতব্যে বক্ররেখার সৃষ্টি হতে পারে। কলসীর তলা, ফুটবলের পুঠভাগ। বক্ররেখা সাধারণ (Simp	
ছাটিল (Compound) দুই বুকুমুই হতে পাবে (চিত্ৰ ৪.১৫)।	

हिज 8.5৫ वज्दत्रवा

<b>9</b> )	অনুভূমিক রেখা ঃ	
	ভূ-পৃষ্ঠ বরাবর রেখাকে অনুভূমিক রেখা বলা	-
	হয়। যেমন- শান্ত হেদের পানি স্পর্শ করে, এ সাইন টানা যেতে	
	পারে (টিত্র ৪.১৬)।	

চিত্র ৪.১৬ অনুভূমিক রেখা

8) উद्यय त्रथा :

একটি ওলোনকে (Plum Bob) যখন সূতা দিরে ঝুলানো হর, তখন সূতাটি একটি ভার্টিক্যাল লাইনের সৃষ্টি করে। অনুভূমিক লাইনের উপর লমভাবে অবস্থিত যে কোনো রেখাই উন্নম্ব রেখা (চিত্র ৪.১৭)।

চিত্র ৪.১৭ উল্লেখ রেখা

(e) ज्वनिक त्रथा ३

এটি নত বা বাঁকা রেখা, যা হরাইজন্টাল বা ভাটিক্যাল নয় (চিত্র ৪.১৮)।



চিত্র ৪.১৮ অবলিক রেখা

७) সমান্তরাল রেখা ঃ

একটি রেখা অপর একটি রেখার সমান দূরত্বে থাকলে এদেরকে সমান্তরাল রেখা বলে। রেখা দুইটি বর্ধিত করলে কখনও এরা মিলিত হবে না (চিত্র ৪.১৯)।



চিত্র ৪.১১ সমান্তরাল রেখা

#### রেখার প্রাধান্য দিয়ে রেখা অংকন প্রয়োগ পদ্ধতি ঃ

দৃশ্য অংকনের সময় যদি কোখাও দেখা যায় ষে, দৃই বা ততোধিক একই বা বিভিন্ন প্রকার রেখা পরস্পর মিলে যাচেছ, তাহলে ঐ স্থানে অনেকগুলো রেখার পরিবর্তে একটি মাত্র রেখা টানা নিয়ম। আর যে স্থানে ছিন্ন (Dotted) এবং পূর্ণ (Full) এ দৃই প্রকার রেখা পরস্পর মিলে যায়, ঐ স্থানে কেবল পূর্ণ রেখা টানতে হয়। কারণ উভয়ের মধ্যে পূর্ণ রেখাকেই প্রাধান্য দেওয়া হয়ে থাকে।

এ ছাড়া আর একটি বিষয় স্মরণ রাখা প্রয়োজন যে, ছিন্ন রেখা (Dotted Line) কখনও সীমা রেখা হতে পারে না। কারণ যে রেখা বাইরে থেকে দেখা যায় না, তা দিয়ে কখনও বস্তুর সীমা নির্দিষ্ট হওরা সম্ভব নয়।


#### ⊙ তীর-মুখ (Arrow-Head) ঃ

দৈর্ঘ্যকে নির্দিষ্ট করার জন্য মাপ-রেখার উভয় প্রান্তে খালি হাতে (Free H and) অর্থাৎ কোনো যন্ত্রের সাহায্য না নিয়ে চিত্র ৪.২০ ও চিত্র ৪.২১ এর ন্যায় এক টানে বা দূই টানে এটি অংকন করা হয়ে থাকে।

তীর-মুখ সাধারণত দুই প্রকারের হয়ে থাকে। যথা ঃ

- ১) খোলা মুখ (Open)।
- ২) বন্ধ বা ভরাট মুখ (Closed or Solid)।

এটার মধ্যে ভরাট তীর-মুখ এর প্রচলন অধিক। তীর মুখ যে প্রকারেরই অংকন করা হোক না কেনো, ড্রইং-এ এটি সব সময় একই প্রকার হওয়া উচিত। তীর-মুখ এর দৈর্ঘ্য, ড্রইং এর আয়তন ও রেখার সৃচ্ছাতার উপর নির্ভর করে। সাধারণত এর দৈর্ঘ্যকে প্রশন্ততার প্রায় 3 শুণ রাখা হয়ে থাকে। ড্রইং-এ যে প্রকার তীর মুখ অধিকাংশ ক্ষেত্রে অংকন করা হয়, তা চিত্র ৪.২০ এ দেখান হলো। সাধারণত কোনো Object এর মাত্রা এবং কোনো অংশ বিশেষভাবে দেখাতে Dimension Line এ তীর-মুখ রেখা বা Arrow Head Line ব্যবহার করা হয়।




চিত্র ৪.২০ খোলা তীর-মুখ চিত্র

৪.২১ বন্ধ বা ভরাট তীর-মুখ


খোলা মুখ বিশিষ্ট তীর-মুখ অঙ্কন করার সময় নিম্নলিখিত বিষয়ের প্রতি লক্ষ রাখা উচিত।

- এর বাহু দুইটির অন্তর্বতী কোণ এমন হওয়া প্রয়োজন যার সাহায়্যে মাপ রেখাটির প্রান্ত সঠিকভাবে নিদিষ্ট হয়।
- এটি যেন বর্ষক রেখাকে কেবল স্পর্শ করে অর্থাৎ এটি থেকে যেন দরে না থাকে বা একে ছেদ না করে।
- এর বাহু দুইটি যেন অত্যধিক বিস্তৃত না হয়।
- 8) এটি যেন ছিন্ন রেখা দিয়ে টানা না হয়। নিয়ম সম্বত নয় এরপ ভাবে অঙ্কিত তীর মুখের কয়েকটি উদাহরণ দেওয়া হলো (চিত্র ৪.২২)।



চিত্র ৪.২২ তীর চিহ্ন-নিয়ম সম্মত নয়

#### ৪,২ ইঞ্জিনিয়ারিং দ্রুইং এ ব্যবহৃত বিভিন্ন রেখাসমূহের প্রয়োগ ঃ



চিত্র ৪.২.১ ইঞ্জিনিয়ারিং দ্রইং এ বিভিন্ন রেখাসমূহের প্রয়োগ


ইঞ্জিনিয়ারিং দ্রুইং

#### মাপাৰু লিখন (Dimensoining) :

কোন বস্তুর নকশা অঙ্কনের প্রধান উদ্দেশ্যই হলো সঠিক আকার ও আকৃতি অনুযায়ী বস্তুটি নির্মাণ বা উৎপাদন করা। এ কারণে নকশা বা উইংয়ে প্রয়োজনীয় তথ্য সন্ধিবেশ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা ক্রুটিযুক্ত পরিমাপে কোনো বস্তু উৎপাদিত হলে সময়, শ্রম, নির্মাণ সাম্ম্যী ও অর্থের অপচয় এবং নির্মাণকারী প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হয়। সূতরাং নকশা বা উইংয়ে পরিমাপ ও তথ্য দেয়ার সময় তা নির্ভূল, কারিগরদের জন্য সহজবোধ্য এবং প্রচলিত নিয়ম অনুযায়ী হওয়া দরকার।

সুষ্ঠ পরিমাপ বা মাপাংক লিখনের ক্ষেত্রে নিয়ম সম্মত পরিমাপ রেখা (Dimension Line), বর্ধক রেখা (Extension Line), তীর-চিহ্ন (Arrow-Head), পরিমাপের অঙ্ক, সাংকেতিক চিহ্ন, সংশ্লিষ্ট তথ্য এবং সর্বোপরি মাপাঙ্ক লিখনের যথাযথ নিয়ম অনুসরণ শুরুত্বপূর্ণ। মাপাঙ্ক বা পরিমাপ দুই ধরনের তথ্য নির্দেশ করে। প্রথমত আকৃতির (Size) পরিমাপ, দ্বিতীয়ত অবস্থানের পরিমাপ (Location), মেকানিক্যাল ও সিভিল প্রকৌশলীগণ নিজ নিজ ক্ষেত্রের সাথে সংশ্লিষ্ট পদ্ধতি ব্যবহার করতে পারেন। তবে তাদের উদ্দেশ্য ভিন্ন নয়। (চিত্র ৪.২.২)


#### পরিমাপ রেখার প্রয়োগ ঃ



চিত্র ৪.২.২ আকৃতি ও অবস্থান নির্দেশক মাপাঙ্ক লেখার পদ্ধতি

#### পরিমাপ রেখা (Dimension Line) ঃ

বস্তুর নকশার নির্দিষ্ট কোনো অংশের মাপ বুঝতে পরিমাপ রেখা অংকন করা হয়। পরিমাপ রেখা একটি সরলরেখা যার দুই পাশে বিপরীতমুখী দুইটি তীর-চিহ্ন থাকবে। পরিমাপ রেখার মাঝামাঝি সুবিধাজনক স্থানে পরিমাপের অংক বসাতে হয় (চিত্র ৪.২.৩)।




চিত্র ৪.২.৩ মাপাক্ক লেখার পদ্ধতি

#### ⊙ লিভার লাইনের প্রয়োগ (Leader Line)ঃ

লিডার লাইন সরু

একটি সরল রেখা বা 30°

বা 45° বা 60°কোণে হেলানো থাকে। নোট বরাবর একটি আনুমানিক 4 মি.মি. ড্যাশ-এবং যে ছানের জন্য নোট লেখা হয়েছে সে ছান ছুঁয়ে একটি তীর-মুখ থাকবে (চিত্র ৪.২.৪)।



চিত্র ৪.২.৪ লিডার লাইন এর প্রয়োগ

#### ⊙ বর্ধক রেখার প্রয়োগ পদ্ধতি (Extention Line) ঃ


বস্তুর যে পরিমাপ নির্দেশ করতে হবে সেটি এক জ্বোড়া সরু রেখা দিয়ে চিহ্নিত করতে হয়। এই জ্বোড়া রেখাকে বর্ধক রেখা বলে। বর্ধক রেখা দ্রইং এর প্রান্ত রেখা থেকে আনুমানিক 1 মি.মি. ফাঁক দিয়ে টানতে হয় (চিত্র ৪.২.৫)।

#### পরিমাপ দেখার পদ্ধতি :

দ্রইরের সাধারণত দুই পদ্ধতিতে পরিমাপ লেখা হরে থাকে -

#### ১) नजन जिभी करम (Aligned) :


মাপ-রেখা না মুছে অর্থাৎ রেখাটিকে পূর্ণ অবস্থায় রেখে এর উপরে মধ্য স্থানে এবং মাপান্ধকে ফ্রইং-এর নিচ দিক হতে অথবা ডানদিক হতে পড়া বায়, এ প্রকারে দেখা নিয়ম। দৈর্ঘ্য এবং প্রস্থের মাপ নির্দেশ করতে মাপান্ধের (Figure) অক্ষ যদি পরিমাপ রেখার সাথে পরিমাপ খাড়া বা লম্বভাবে থাকে, ভবে একে এলাইন্ড (Aligned) পরিমাপ বলা হয় (চিন্দ্র ৪.২.৫)।



চিত্র ৪.২.৫ এলাইন্ড পরিমাপ পদ্ধতি


#### ২) धक्तिक करम (Unidirectional) :

মাপ-রেখা লব বা নত ভাবে থাকলেও এর মধ্য অংশকে মুছে নিয়ে মাপাঙ্ককে কেবল দ্রইং-এর নিচ দিক হতে পড়া যায় এ প্রকারে লেখা প্রয়োজন বৃহৎ দ্রইং এর বেলায় মাপাঙ্ক এ প্রকারে লিখিত থাকলে মাপ পড়তে সুবিধা হয় (চিত্র ৪.২.৬)। এলাইভ পদ্ধতিতে পরিমাপ নির্দেশ করলে পড়ার সুবিধার জন্য হ্যাচড (Hathed) লাইন দিয়ে চিহ্নিত বাইরে পরিমাপ লেখা হয়। দৈর্ঘ্য ও প্রছে মাপাঙ্ক সব সময় খাড়া বা লব অবস্থানে থাকবে। একে ইউনিডিরেকশনাল পদ্ধতি বলে (চিত্র ৪.২.৬)।




চিত্র ৪.২.৬ ইউনিভিরেকশনাল পরিমাপ পদ্ধতি

### বৃষ্ ও বৃত্তাংশের পরিমাপ লেখার পছাতি ঃ বৃত্তাকার বা বৃত্তাংশ সম্পদিত দৃশ্যে বা বৃত্তাংশের কেন্দ্রের উপর ভিত্তি করে পরিমাপ নির্দেশ করা হয় (চিত্র ৪.২.৭)।



চিত্র ৪.২.৭ বৃস্ত ও বৃত্তাংশের পরিমাপ লেখার পদ্ধতি


বস্তুর সর্বমোট পরিমাপ বাইরে লেখার পদ্ধতি ঃ
 (চিত্র ৪.২.৮)।



চিত্র ৪.২.৮ মাপাঙ্ক লেখার পদ্ধতি

#### পরিমাপ রেখার প্রয়োগ পদ্ধতি ঃ

ছোট পরিমাপ বাইরে আর বড় পরিমাপ ভিতরের দিকে দেওয়া কখনো উচিত নয়। এতে বর্ধক রেখা ও পরিমাপ রেখা পরস্পর ছেদ করে যা গ্রহণযোগ্য নয়। দ্রইংয়ের উপরে পরিমাপ দেওয়া ঠিক নয়। বর্ধক রেখা দিয়ে দ্রইংয়ের বাইরে পরিমাপ নির্দেশ করা হয়ে থাকে (চিত্র ৪.২.৯)।





পরিমাপের সঠিক পদ্ধতি পরিমাপের সঠিক পদ্ধতি নয়

চিত্র ৪.২.৯ মাপাঙ্ক লেখার পদ্ধতি

#### বর্গাকার বা আয়তাকার ছিদ্রের পরিমাপ পদ্ধতি ঃ

দৃশ্যমান নয় এমন কোনো গোল, বর্গাকার বা আয়তাকার ছিদ্রের অবস্থান নকশায় অদৃশ্য (Hidden) রেখা দিয়ে বোঝানো হয়। এইরূপ স্থানে পরিমাপ নির্দেশ করা পরিহার করতে হবে (চিত্র ৪.২.১০)।






ক) দৃশ্যমান রেখা দিয়ে চিহ্নিত ছিদ্রের পরিমাপ পদ্ধতি

খ) অদৃশ্য রেখা দিয়ে চিহ্নিত ছিদ্রের পরিমাপ পদ্ধতি চিত্র ৪.২.১০ দৃশ্যমান ও অদৃশ্যমান রেখা দিয়ে চিহ্নিত ছিদ্রের পরিমাপ পদ্ধতি

পূৰ্ণ বৃত্ত (Full Circle) ঃ 0

পূর্ণ বৃত্তের মাপকে ব্যাস (Diameter) মাপ দারা এবং মাপাঙ্কের পরে DIAMETER শব্দটির সংক্ষেপে DIA **অথবা দ্রইং** এ বুভাকার অংশের পরিমাপ লেখার সময় D সংকেত দিয়ে ব্যাস অথবা Ø (চিত্র ৪.২.১১ ও দেখানো হয় ८.५.५५) ।





চিত্র ৪.২.১১ বৃক্তের পরিমাপ পদ্ধতি চিত্র ৪.২.১২ বৃত্তের পরিমাপ পদ্ধতি

১) ব্যাসার্ধ (Radius) ঘারা পূর্ণ বৃত্তের মাপ প্রকাশ করা নিয়ম সম্মত নয়।

২) বৃত্তের কেন্দ্রকে (Centre) সর্বদা অনুভূমিক (Horizontal) এবং উল্লম্ (Vertical) কেন্দ্র-


রেখা (Centre Line) দারা নির্দিষ্ট করে দেওয়া প্রয়োজন। এ কেন্দ্র-রেখা দুইটি বস্তুর সন্নিহিত পার্শ্ব ভাগ হতে যে পরিমাণ দূরে অবস্থিত এর মাপ উল্লেখ করা উচিত (চিত্র । (७८.५.8





চিত্র ৪.২.১৩ দ্রুংই এ বুব্তাকার অংশের পরিমাপ নির্দেশকরণ

 ৩) একাধিক বৃত্ত সরল রেখাক্রমে থাকলে একটি বৃত্ত অপর বৃত্ত হতে কত দুরে অবস্থিত এটা বোঝাানোর জন্য এদের পারস্পরিক দ্রত্ব মাগ ছিদ্রের কেন্দ্র-রেখা অবলম্বনে দেওরা উচিত। ছিদ্রের পার্শ্ব অবলম্বনে এটা দেয়া নিয়ম সম্মত নয় ।
 (চিত্র ৪.২.১৪ ও ৪.২.১৫)




চিত্ৰ ৪.২.১৪ নিয়ম সম্বত

চিত্র ৪.২.১৫ নিম্নম সম্বত নয়

৪) বৃত্তের ব্যাস এর মাপ যে ছানে বৃত্তের মধ্যেই দেওয়ার প্রয়োজন হয়, ঐ ছানে মাপাছ যাতে ভান দিক হতে পড়া যায় সে ভাবে এটা লেখা দরকার, মাপ-রেখাকে ভান দিকে নত করে টানা এবং ভীর-মুখকে বৃত্তের পরিধির দিকে দেয়া সাধারণ নিয়ম। ছান সংকীর্ণ হলে মাপাছকে বাম দিক হতে পড়া যায় সে ভাবেও লেখা যেতে পারে (চিত্র ৪.২.১৬)।

পে ভাবেও পোবা থেতে পারে (।০জ ৪.২.১৬)।

৫) ব্যাসের একাধিক মাপান্ধ একই স্থানে যাতে ভিড় না হয় অথবা মাপ-রেখা বাতে অতিরিক্ত দীর্ঘ হয়ে না পড়ে এর জন্য এই ধরনের ব্যাস মাপ দেওয়া যেতে পারে। (চিত্র ৪.২.১৭)।




চিত্র ৪.২.১৬ ও চিত্র ৪.২.১৭ বৃদ্ধাকার কোপের পরিমাপ পদ্ধতি

৬) একটি বস্তু গোল বেলনাকার (Cyclindrical) করে এবং প্রতিসম (Symmetrical) হলে পূর্ণ দৃশ্যের পরিবর্তে অর্থ দৃশ্য অংকন করে মাপ-রেখাগুলোকে কেন্দ্র-রেখা হতে সামান্য বর্ধিত করে

এবং তীর-মুখকে এদের এক প্রান্ত দিয়ে ব্যাস মাপ প্রকাশ করা যায়। (চিত্র ৪.২.১৮)


 পূর্ণ বৃত্তের মাপকে ব্যাসার্থ মাপ ধারা, কেন্দ্র-রেখাকে মাপ-রেখা রূপে ব্যবহার করে অধবা কেন্দ্রছলে ব্যাস মাপ লেখা নিরম সম্মত নয় (চিত্র ৪.২.১৯)।




চিত্র ৪.২.১৮ ও চিত্র ৪.২.১৯ গোল বেলনাকার বস্তুর পরিমাপ পদ্ধতি

#### ছিল্লের পরিমাণ দেওবার প্রবাদ পছতি ঃ

গোল ছিদ্রের মাপ প্রকাশ করতে হলে, ছিদ্রটি বে খ্রিল দারা তৈরি ভার মাশ নির্দেশক রেখার (Leader Line) সাহায্যে বাইরে তথ্যের আকারে লিখে দেওয়া প্রয়োজন। এক মুখ বন্ধ (Blind Hole) থাকলে ছিদ্রের গভীরভার মাগ উল্লেখ করা আবশ্যক। ছিদ্রের গভীরভার দারা ছিদ্রের গোল শিলিছ্রিক্যাল (Cylindrical) অংশের গভীরভাকেই বোঝার। (চিত্র ৪.২.২০ ও ৪.২.২১)




#### ছাইং এ ছিন্তের পরিমাপ ও জব্য সংবোজন পদ্ধতির বারোপ ঃ




চিত্ৰ ৪.২.২২ ও ৪.২.২৩ ফ্ৰইং এ ছিদ্ৰের পরিমাপ পছডি টিত্ৰ ৪.২.২৪ ফ্ৰইং এ তথ্য সংবোজন পছডি

ি ছেন্দ্রের অবস্থান ঃ একই ব্যাসের একাধিক ছিদ্র সম-দূরত্বে এবং বৃত্তাকারে থাকলে, এদের অবস্থান '
 পিচ সার্কেল'-এর (Pitch Circle) মাধ্যমে দেওয়া নিয়ম। কোন যন্ত্রাংশে একই মাপের একাধিক ছিদ্র
 থাকলে এর যে কোন একটির পরিমাপ নির্দেশ করে প্রয়োজনীয় তথ্য সংযোজন করা হয় (চিত্র
 ৪.৪৫)। সমকোণীয় নির্ণায়কের (Rectangular Co-ordinates) সাহায়্যে ও দুইটি ছিদ্রের
 কেন্দ্রের দূরত্ব নির্দিষ্ট করা যেতে পারে। (চিত্র ৪.২.২৫) কোন বক্রাকার উপরিভাগের উপর

একাধিক ছিদ্র থাকলে এদের অবস্থান কোণের মাধ্যমে দেখাতে হয়। (চিত্র8.২.২৬) মাপ-রেখাকে বস্তুটির উপরিভাগের গোলের সমকেন্দ্রিক (Concentric) রূপেটানা প্রয়োজন। প্রান দৃশ্যে গোল প্রান্ত বিশিষ্ট আয়তকার নালীকে (Slote) (চিত্র 8.২.২৭) এর ন্যায় দেখানো নির্ম।






চিত্ৰ ৪.২.২৫

চিত্ৰ ৪.২.২৬

#### ত সুট যুক্ত বদ্ধাংশের দ্রইং এ পরিমাপ দেওরার পদ্ধতি নিম্লের চিত্রে প্রদর্শন করা হলো ঃ




চিত্র ৪.২.২ ৭ নালী বা স্লুট এর পরিমাপ পদ্ধতি চিহ্নিতকরণ

#### ⊙ ব্যাসার্থ (Radius) ঃ

বৃত্তাংশ বা বৃত্ত-চাপের (Arc) মাপকে ব্যাসার্ধ (Radius) মাপ দারা প্রকাশ করা এবং মাপাঙ্কের পরে শব্দটির সংক্ষেপে লেখা নিয়ম। (চিত্র ৪.২.২৮) ব্যাসার্ধের পরিমাপ নির্দেশের নিয়ম পাশে দেখানো হলো ঃ

বৃত্তাংশ বা বৃত্ত-চাপের মাপকে ব্যাস মাপ দারা প্রকাশ করা নিষেধ।

- ২) ব্যাসার্থের মাপ-রেখাকে যথাসম্ভব বৃদ্ধ-চাপের কেন্দ্রের মধ্য দিয়ে টানা নিয়ম।
- ৩) বৃস্ত-চাপের কেন্দ্রকে কোন মাগ-রেখা দারা নির্দিষ্ট করতে হলে একে একটি বিন্দু দারা চিহ্নিত করা দরকার।
- ৪) এক সমকোশে ছেদ করে এই প্রকার দুইটি কেন্দ্র-রেখার (Centre Line) সাহায্যে কেন্দ্রকে নির্দিষ্ট করে মাপ-রেখাকে হেলানোভাবে টেনে এবং তীর-মুখ (Arrow Head) বৃত্তাংশের পরিধির দিকে (কেন্দ্রের দিকে নয়) অঙ্কন করে ব্যাসার্ধের মাপ-রেখা টানার নিয়ম। ব্যাসার্ধ ক্ষুদ্র হলে তীর-মুখকে বিপরীভভাবে অঙ্কন করা যেতে পারে (চিত্র ৪.২.২৮)।



চিত্ৰ ৪.২.২৮ ড্ৰইং এ দূৰবৰ্তী কেন্দ্ৰেৰ অবস্থান নিৰ্দেশকরণ

- বে ছানে বৃত্তাংশের কেন্দ্রকে নির্দিষ্ট করার প্রয়োজন থাকে না, ঐ ছানে ব্যাসার্থের মাপ-রেখাকে
  টানা যায় না
- ৬) কোন যন্ত্রাংশের দ্রইং এ বৃত্তাকার অংশের কেন্দ্র দূরে অবস্থিত হলে এর অবস্থান নিচের চিত্র অনুযায়ী পরিমাপ দিয়ে প্রকাশ করা হয় (চিত্র ৪.২.২৮)।
- ৭) বৃত্ত-চাপের ব্যাসার্থ অধিক দীর্ঘ হলে অথবা কেন্দ্র নির্দিষ্ট করার উপযোগী স্থান পাওয়া না গেলে ব্যাসার্থের মাপ-রেখাকে ভগ্ন করে টানা যেতে পারে। চিত্র ৪.২.২৮ এর ন্যায়।

#### কোনের পরিমাপ পদ্ধতি (Angle) ঃ


- ১) কোণের মাপ, কোণ-বিন্দৃকে কেন্দ্র করে অন্ধিত বৃত্ত-চাপের (Arc) উপরে মধ্যছানে লেখাই সাধারণ নিয়ম।
- কোণের মান কম হলে, মাপান্ধ যাতে
  নিচের দিক হতে পড়া যায় এ
  প্রকারে এবং কোপের মান বেশি
  হলে, মাপান্ধ যাতে কোপ-বিন্দুর
  দিক হতে পড়া যায় এ প্রকারে লেখা
  হয়ে থাকে।

#### পরিমাপ নির্দেশ করার নিরম ঃ

(চিত্র ৪.২.২৯, ৪.২.৩০ ও ৪.২.৩১) এ দেখানো হলো ঃ পরিমাপ দেখার পদ্ধতি


हिब 8.२.२५ छ

চিত্র ৪.২.৩০ কোপের



চিত্র ৪.২.৩১ কোশের পরিমাপ

ক্রইং এ অনৃণ্য রেখার উপর পরিমাণ চিহ্নিতকরণ পছতি । অনৃণ্য রেখার উপর পরিমাপ চিহ্নিত করা উচিত নয়। পৃথক বর্ষক রেখা একে পরিমাপ নির্দেশ করতে হয় (চিত্র ৪.২.৩২)।




চিত্র ৪.২.৩২ দ্রইং এ পরিমাপ লেখার পদ্ধতি

⊙ হুইং এ কব্য সেখার পদ্ধতি ঃ


কোন দ্বাইং এ কেবলমাত্র পরিমাপ নির্দেশের মাধ্যমে সম্পূর্ণভাবে বোঝাতে অসুবিধা

হলে অভিরিক্ত তথ্য বা নির্দেশনা দিয়ে সহজবোধ্য করা হয় (চিত্র ৪.২.৩৬)।




চিত্ৰ ৪.২.৩৩ ফ্ৰইং এ অভিবিক্ত তথ্য ও নিৰ্চেশনা সংযোজন

#### মালাক লেখার জন্য অপর্যান্ত ছালে পরিমাণ নির্দেশ করার পদ্ধতি ঃ (চিত্র ৪.২,৩৪)



চিত্র ৪.২.৩৪ ফ্রইং এ অপর্যাপ্ত স্থানের পরিমাপ নির্দেশকরণ


#### জটিল বন্ধানের দ্রইং এ অকলেট প্রণালীতে পরিমাপ পছকি টিব্রিককরণ :




চিত্র ৪.২.৩৫ অফসেট গদ্ধতিতে পরিমাপ চিহ্নিতকরণ

#### টেশার (Taper) যরাহশের ফ্রইং এ পরিমাপ পছতি ঃ

খন বন্ধর গোল (Round) এবং চতুকোণ (Square) অংশ ক্রমশ সরু বা সূত্র অর্থাৎ 'ট্যাপার' (Taper) করা থাকলে, এদের মাপ বা মাপের হারকে চিত্র (৪.২.৩৬) ট্যাপারের হারকে কেন্দ্র-রেখার উপরে শেখা প্ররোজন। 'ট্যাপারের' ক্রম-সৃষ্ণ্রভার এই হারকে তীর-মাধার সাহায্যে ট্যাপারের দিকে (Direction) দেওরার নিরমণ্ড প্রচলিত আছে (চিত্র ৪.২.৩৭)।




চিত্র ৪.২.৩৬ টেপারের পরিমাপ পদ্ধতি



চিত্র ৪.২,৩৭ টেপারের পরিমাপ পদ্ধতি

- কী -প্রয়ে (Key Way) ঃ
   গোল শ্যাফট (Shaft) এ ব্যবহার উপযোগী সমান্তরাল (Parallel) ক্রমশ ঢালু বা ট্যাপার
   (Taper) করা কী-এর জন্য কী-প্রয়ে (Key way) মাপ নিচের চিত্র (চিত্র ৪.২.৩৮) দেওয়া
  নিয়ম।
- শেদ্রিক ক্লু প্রেডের পরিমাপ পছতি ঃ নিচের চিত্রে মেট্রিক ক্লু-প্রেডের মাপ দেখানো হলো (চিত্র ৪.২.৩৯)।

কাউন্টার শ্যান্ক এবং কাউন্টার বোরের বিশিষ্ট ছিদ্রের মাপ নিচে দেখানো হলো (চিত্র ৪.২.৪০)।



চিত্র ৪.২.৩৮ কী-গুয়ে পরিমাণ টিত্র ৪.২.৩৯ ক্ট্-প্রেডের মাপ টিত্র ৪.২.৪০ কাউন্টার শ্যান্ত ও কাউন্টার বোর মাপ

#### অনুশীলনী - 8

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। এ্যালফাবেট অব লাইনস কী ?
- ২। এ্যালফাবেট অব লাইনস কয়টি ও কী কী?
- ৩। দ্রইং এ ব্যবহৃত বিভিন্ন প্রকার রেখার নাম লিখ।
- 8। নিচের রেখাগুলোর চিত্রসহ বর্ণনা দাও।
  - ক) সীমা রেখা
- ঘ) ছেদ-তল রেখা
- ছ) মাপ-রেখা

- খ) ছিন্ন রেখা
- **ঙ**) ছেদ-রেখা
- জ) সমান্তরাল রেখা।

- গ) শিকল রেখা
- চ) ভাঙ্গন রেখা
- ঝ) নির্দেশক রেখা।
- ৫। কখন কোন রেখার প্রাধান্য দেওয়া হয় ?
- ৬। ডাইমেনশন রেখার পদ্ধতি কয়টি ও কী কী?
- ৭। সরল রেখা ক্রমে বা এ্যালাইন্ড পদ্ধতিতে মাপ লেখার নিয়মগুলো লিখ।
- ৮। একদিক ক্রমে বা ইউনিডাইরেকশনাল পদ্ধতিতে মাপ লেখার নিয়মগুলো লিখ।
- ৯। তীর-মুখ বা তীর চিহ্ন কী ?
- ১০। নিয়ম সম্মত ও নিয়ম সম্মত নয় এরূপ তীর-চিহ্ন অংকন করে দেখাও।

ইঞ্জিনিয়ারিং ড্রইং

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী

- ১। নিচের রেখাগুলো চিত্রসহ পার্থক্য নির্ণয় কর।
  - ক) সীমা-রেখা ও ছিন্ন-রেখা
  - খ) ছেদ-তল রেখা ও ছেদ-রেখা
  - গ) মাপ-রেখা ও শিকল-রেখা
  - ঘ) ভাঙ্গন রেখা ও নির্দেশক রেখা
- ২। সেকশন লাইন, ব্রেক লাইন, বর্ধক রেখা ও সীমা রেখাসমূহ শনাক্ত কর।
- ৩। ডাইমেনশন লেখার পদ্ধতিগুলোর নাম উল্লেখ পূর্বক চিত্র অংকন কর।
- ৪। কোণের মাপ লেখার নিয়ম সম্মত চিত্রটি অংকন কর।
- ৫। বৃত্তের মাপ লেখার নিয়ম সম্মত চিত্রটি অংকন কর।
- ৬। বৃত্তের মাপ লেখার নিয়ম ও নিয়ম সম্মত নয় এরূপ চিত্রগুলো অংকন কর।
- ৭। তীর-চিচ্ছের ব্যবহার উল্লেখ কর।


#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। হিডেন লাইন, ডাইমেনশন লাইন, সেন্টার লাইন ও নির্দেশক রেখার ব্যবহার করে একটি Object অংকন কর।
- ২। চিত্রের সাহায্যে সরল রেখা ক্রমে বা এ্যালাইন্ড পদ্ধতির নিয়ম অংকন করে দেখাও।
- ৩। চিত্রের সাহয্যে একাদিক ক্রমে বা ইউনিডাইরেকশনাল পদ্ধতিতে মাপ লেখার নিয়ম দেখাও।
- 8। একটি চিত্র অংকন করে বিভিন্ন প্রকার রেখা প্রদানের নিয়ম দেখাও।
- ে। মাপাংক রেখার আদর্শ নিয়ম চিত্রের সাহায্যে দেখাও।
- ৬। মাপের একক লেখার নিয়ম চিত্রের সাহায্যে দেখাও।
- ৭। একটি সরল রেখা টেনে এর উপর মাপাঙ্কের জন্য গ্রহণযোগ্য আনুপাতিক হারে তীর-চিহ্ন দেওয়ার পদ্ধতি অনুশীলন কর।

#### ৫. প্রাফ অংকন Graph Drawing

#### ৫.১ ভার্টিক্যাল থাক ঃ

এ থাক অংকনের ক্ষেত্রে প্রথমে একটি অনুভূমিক ও উন্নম্ব রেখা টানতে হবে। উক্ত দুইটি রেখা বে বিন্দৃতে ছেদ করবে সেখান থেকে 45° কোণে দুইপাশে দুইটি রেখা টানতে হবে। এ দুইটি কৌণিক রেখাকে সমঅংশে প্রয়োজনীয় সংখ্যায় বিভক্ত করতে হবে। এখন উক্ত বিভাগ বিন্দু থেকে পর্যায়ক্রমে অনুভূমিক ও উন্নম্ব সমান্তরাল রেখা টানলে অংকিত গ্রাফটি ভার্টিক্যাল গ্রাফ হবে (চিত্র ৫.১)।




চিত্ৰ ৫.১ ভার্টিক্যাল গ্রাফ

रेबिनिश्रादिर फ्रारेर

#### ৫.২ ইনক্লাইভ থাকঃ

এ গ্রাফণ্ড ভার্টিক্যাল গ্রাফ অংকনের নিয়ম অনুযায়ী অংকন করতে হবে। তবে এক্ষেত্রে প্রথম ভার্টিক্যাল রেখাটি অনুভূমিক রেখার সাথে 30° কোণে অবস্থান করবে (চিত্র ৫.২)।



চিত্ৰ ৫.২ ইনক্লাইভ বা ভীৰ্যক প্ৰাফ


#### चनुनीननी - ७

#### সংক্রিও প্রশ্লাবলী

- ১। প্রাফ কী? কয় প্রকারে প্রাফ অকেন করা যায় ও কী কী?
- ২। কোন কোন ধরনের সেটারিং কী কী গ্রাফে অংকন বরা হয় ?
- ৩। একটি ভার্টিক্যাল গ্রাফ অংকন কর।
- ৪। গ্রাফের প্রয়োজনীয়তা উল্লেখ কর।


#### বৰ্ণনামূলক প্ৰশ্লাবলী

- ১। বোর্ডে একটি A4 আকারের অঞ্চলেট কাগজ সেট কর।
  - ক) 150 mm ×120 mm পরিমাপের একটি ক্ষেত্র অংকন কর।
  - খ) উক্ত ক্ষেত্রে এমন একটি ভার্টিক্যাল প্রাক্ত তৈরি কর বার ঘরগুলোর দৈর্ঘ্য এবং প্রস্থ হবে যথাক্রমে 5 mm × 5 mm (নমুনা সংযোজিত) (চিত্র ৫.৩)।



চিত্র ৫.৩ ভার্টিক্যাল গ্রাফ প্রত্যেকটি ছোট ঘর 5 mm × 5 mm

গঁ) একটি দ্রইং কাগজে 150 mm × 65 mm কেন্দ্র এঁকে এতে নমুনা অনুযায়ী ইনক্লাইভ গ্রাফ অংকন কর।



চিত্র ৫.৪ আইসোমেট্রিক / ইনক্লাইন্ড গ্রাফ

#### ৬. লেটারিং ও নামারিং Lettering & Numbering

#### ৬.০ লেটারিং বা অক্ষর লিখন (Lettering) ঃ

 $A, B, C, \ldots, Z$  এই অক্ষরগুলো এবং  $1, 2, 3, \ldots, 9, 0$  ইত্যাদি অংকগুলো লেখার কৌশলকেই লেটারিং অক্ষর লিখন নামে অভিহিত করা হয়।

#### ৬.০.১ লেটারিং এর প্রয়োজনীয়তা ঃ

লেটারিং ড্রইং এর একটি গুরুত্বপূর্ণ অংশ। এটা অক্ষরসমূহ মাপাঙ্ক ও নোটসমূহ লেখার কাজে ব্যবহার করা এবং মেশিন, স্ট্রাকচারের পরিকল্পিত কার্যাদি পরিপূর্ণভাবে সম্পাদন করে অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করে।

#### ৬.০.২ ইঞ্জিনিয়ারিং ড্রইং এ লেটারিং এর ব্যবহার ঃ

ইঞ্জিনিয়ারিং ড্রইং এ দৃশ্য নির্ভুল এবং রেখা ভালো হলেও লিখিত অক্ষর ও অঙ্কণ্ডলো যদি সুন্দর ও নিয়মানুসারে না হয়, তা হলে ঐ ড্রইং এর উৎকৃষ্টতা অনেক কমে যায়। এ কারণে দৃশ্য অংকনের ন্যায় অক্ষর ও অংক লিখনের প্রতিও যথেষ্ট গুরুত্ব দেওয়া প্রয়োজন। প্রত্যেকটি অক্ষর ও অংক যথাসম্ভব ছাপার অক্ষরের ন্যায় সুস্পষ্ট ও একই রকম হওয়া উচিত। এদের গঠন সহজ ও দ্রুত লিখনযোগ্য হওয়া সঙ্গত। এ প্রকার অক্ষর ও অংক লিখন কারো সাধারণ হাতের লেখার উপর নির্ভর করে না। যন্ত্রাদির সাহায্যে, নিয়ামক রেখা (Guide Line) টেনে এবং বিভিন্ন ধাপে এটা সম্পাদন করা হয়ে থাকে বলে, সাধারণ হাতের লেখা ভালো না হলেও ড্রইং এর অক্ষর এবং অংক স্বভাবতই সুদৃশ্য হয়।

দ্রইং এর অক্ষর এবং অংকন কি প্রকার গঠন ও মাপের হবে এর সম্মন্ধে নির্দিষ্ট কোনো নিয়ম নেই। বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন প্রকার গঠন ও মাপের অক্ষরাদির প্রচলন দেখা যায়।

একই ড্রইং এ লম্ব এবং নত উভয় প্রকার অক্ষর বা অংক লেখা নিষেধ। হয় লম্ব না হয় নত, যে কোনো এক প্রকার লিখতে হয়। উপরম্ভ শিরোনাম (Title Block) বা নেমপ্লেট (Name Plate) ইত্যাদি ছাড়া অন্য সকল স্থানে এদেরকে সর্বদা একই শ্রেণির এবং একই রকম উচ্চতা ও প্রস্থবিশিষ্ট করা প্রয়োজন।

#### ৬.০.৩ দ্রইং এ অক্ষর এবং সংখ্যা লেখার সাইজ ও পদ্ধতি ঃ

অক্ষর ও সংখ্যার সাইজ অক্ষর ও সংখ্যার সাইজ বলতে অক্ষর ও সংখ্যার উচ্চতাকেই বোঝায়। অক্ষর ও সংখ্যা লেখার পদ্ধতির কোনো বাধা ধরা নিয়ম নেই। বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন প্রকার পদ্ধতি বা গঠন ও মাপের অক্ষরাদির প্রচলন রয়েছে। মেকানিক্যাল ড্রইং-এ অক্ষর ও সংখ্যাগুলোকে অলঙ্কার শূন্য এবং সাদাসিধা রকমের করে লেখায় নিয়ম। কিন্তু স্থপতি বিদ্যা বা পুরকৌশল সংক্রান্ত ড্রইং এ প্রায়ই এর ব্যতিক্রম করা হয়ে থাকে।

#### ৬.০.৪ লেটারিং এর জন্য গাইড লাইনের ব্যবহার ঃ

গাইড লাইন ঃ যে রেখাগুলি অক্ষরের উচ্চতা ও নতি নিয়ন্ত্রিত করার কাজে ব্যবহার করা হয়, তাকে গাইড লাইন বলে। সর্বত্র সমানভাবে অক্ষরগুলো নিয়ন্ত্রণ করতে গাইড লাইন ব্যবহৃত হয়।

#### ৬.০.৫ ফ্রাইং এ ব্যবহৃত বিভিন্ন সেটারিং গছতির নাম ঃ

অক্ষর ও সংখ্যাওলোকে মূলত দুই প্রকারে লেখা হয়। যথা ঃ

- ১। শব বা খাড়া (Vertical or Up-Right)
- ২। নত বা হেলানো (Inclined or Slant)

#### ৬.০.৬ লেটারিং বা অক্ষরের শ্রেদি বিভাগ ঃ

লেটারিং বা অক্ষর মূলত তিন শ্রেণিতে ভাগ করা হয়। যথা ঃ

- ১। গৌথিক অক্ষর (Gothic Lettering)
- ২। রোমান অক্ষর (Roman Lettering)
- ৩। মুক্ত বৃত্ত অক্ষর (Free Hand Lettering) এসব অক্ষরকে আবার দুই ভাগে বিভক্ত করা বায়। বধা ঃ
  - ১) বড় হাতের অক্ষর (Capital Letter)
  - ২) ছোট হাতের অক্ষর (Italic Letter)


#### ৬.০.৬ বড় হাডের অব্দর লেখার পছডি ঃ


বড় হাতের অক্ষর খাড়া ও হেলানো উভয় পদ্ধতিতে লেখা যায়। খাড়াভাবে অক্ষর লেখার পদ্ধতি আবার দুই প্রকার। বখা ঃ

- ১) এক-রেখা বিশিষ্ট গোধিক লেটার (Single-Stroke Gothic Letter)
- ২) বৈত-রেখা বিশিষ্ট গোধিক গেটার (Double-Stroke Gothic Letter)

#### ৬.১.০ সিবেল ক্ট্রোক পদ্ধতিতে বড় হাতের অব্দর লিখন পদ্ধতি ঃ

সিকেল স্টোক পদ্ধতিতে শিখনের অর্থ এক টানের রেখার সাহাব্যে অক্ষর ও সংখ্যা শিখন। অর্থাৎ একবার যে রেখা টানা হয়েছে এর উপর দ্বিতীয় বার আর কোনো রেখা টানা যাবে না। সূতরাং এ ধরনের অক্ষর ও সংখ্যা লেখার সময় পেনসিল ও কলমকে মাঝে মধ্যে উঠিয়ে নেওরার প্রয়োজন হয়। এই নিরমে লেখাকে এক-রেখা বিশিষ্ট শিখন বা Single-Stroke Lettering বলে।






#### ৬.১.১ সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে বড় হাতের অক্ষর লিখন পদ্ধতি ঃ


সহজে এবং তাড়াতাড়ি লেখা যায় বলে ড্রইং এর অধিকাংশ স্থানে এ পদ্ধতিতে অক্ষর সমূহ লেখা হয়। শিরোনাম (Title), নেম প্লেট (Name Plate), মন্তব্য ইত্যাদির জন্য এটি বিশেষ উপযোগী। এ পদ্ধতিতে খাড়া এবং হেলানো উভয়ভাবে অক্ষর ও সংখ্যা লেখা যায়। হেলানো অক্ষরের ক্ষেত্রে নতির কোণ (Inclination Angle) 67.5° রাখার নিয়ম দীর্ঘ কাল যাবত প্রচলিত। কিন্তু এই কোণ সাধারণ সেট-ক্ষয়ারে পাওয়া সম্ভব হয় না বলে অনেক স্থানে স্থলভাবে 60° কোণ বিশিষ্ট সেট-ক্ষয়ারের সাহায্যে অথবা চিত্র ৬.১.০ এর ন্যায় 2:5 (2 অনুভূমিক, 5 লম্ব) অনুপাতে রেখা টেনে অক্ষর লেখা হয়ে থাকে। বর্তমানে নতির কোণ 67.5° এর পরিবর্তে 75° প্রচলিত। এই কোণ চিত্র ৬.১.০.১এর ন্যায় 2:7 (2 অনুভূমিক, 7 লম্ব) অনুপাতে রেখা টানলে পাওয়া যেতে পারে।

#### ৬.১.২ নিম্নে সিঙ্গেল-ম্ট্রোক পদ্ধতিতে খাড়াভাবে অক্ষর ও অঙ্ক লিখন পদ্ধতি ঃ



চিত্র ৬.১.২ সিঙ্গেল-স্ট্রোক পদ্ধতিতে খাড়া অক্ষর লিখন

### ৬.১.৩ নিম্নে সিকেল-ক্টোক পদ্ধতিতে হেলানোভাবে অক্ষর ও অঙ্ক লেখার পদ্ধতি প্রদন্ত হলো ঃ



চিত্র ৬.১.৩ সিঙ্গেল-স্ট্রোক পদ্ধতিতে হেলানো অক্ষর লেখার পদ্ধতি

ইঞ্জিনিয়ারিং ড্রইং

#### ৬.১.৪ ফ্রি-হ্যান্ডে সিঙ্গেল-স্ট্রোক পদ্ধতিতে খাড়া ও হেলানো অক্ষর এবং সংখ্যা লেখার পদ্ধতি প্রদন্ত হলো ঃ

ড্রইং-এর অক্ষর এবং সংখ্যা কোন-ক্ষেত্রে কত উঁচু বা কি প্রকার হবে সে সম্মন্ধে নির্দিষ্ট কোনো নিয়ম নেই। তবে সাধারণত অক্ষও এবং সংখ্যাগুলো যতটুকু উঁচু করে লেখা হয়, তা হলোঃ

- ১) প্রধান শিরোনাম বা টাইটেল এ দ্রইং নম্বর (Main Title and Drawing No.) 6 মি.মি. হতে 12 মি.মি উঁচু
- ২) উপ-শিরোনাম বা টাইটেলের অংশ (Sub-Title and Sub-Heading) 3 মি.মি. হতে 6 মি.মি. উঁচ।
- ৩) প্রয়োজনীয় তথ্যসমূহ, সিডিউল, ধাতু ও মাপয় সমূহ- 2 মি.মি. হতে 5 মি.মি. উঁচু। সিঙ্গেল-স্ট্রোক শ্রেণির অক্ষর এবং সংখ্যা সাধারণত যে প্রকার উঁচু করে লেখা হয়, এর একটি নমুনা চিত্র ৬.১.৪ (১) ও ৬.১.৪ (২) এ দেয়া হলো ঃ

### ENGINEERING DRAWING ADVANCE SKILL CERTIFICATE COURSE BANGLADESH TECHNICAL EDUCATION BOARD

SECTIONAL FRONT VIEW SCALE FULL SIZE
Shaikh MD RAFIUL HASAN ZAHIN 25m LONG
AR-RAFI PROKATIONY 30 m Long
BANGLADESH-KOREA TECHNICAL TRAINING CENTER

চিত্র ৬.১.৪ (১) খাডা অক্ষর

## ENGINEERING DRAWING ADVANCE SKILL CERTIFICATE COURSE BANGLADESH TECHNICAL EDUCATION BOARD

SECTIONAL FRONT VIEW

ANIKA BUSHRA LEUZA

BUSHRA PABLICATIONS

BANGLADESH-KOREA TECHNICAL TRAINING CENTER

চিত্র ৬.১.৪ (২) হেলানো অক্ষর

#### ৬.১.৫ ব্লক লেটারিং পদ্ধতিতে বড় হাতের অক্ষণ্ড লেখার পদ্ধতি ঃ

এ পদ্ধতিতে কেবল খাড়াভাবে অক্ষর ও সংখ্যা লেখা যায়। হেলানো অক্ষর এ পদ্ধতিতে লেখা যায় না। ব্লক অক্ষর দ্রইং এর হেডিং লেখার জন্য প্রধানত ব্যবহৃত হয়। শিক্ষণের প্রথম দিকে এ মাপের অনেকগুলো বর্গক্ষেত্র অংকন করে এর মধ্যে এ ধরনের অক্ষর লেখার অভ্যাস করা উচিত। অভ্যস্ত হওয়ার পরে বর্গক্ষেত্র না একেও অনুভূমিক রেখাগুলোকে কেবল 45° কোণে ছেদ করিয়ে ( চিত্র ৬.২ ও ৬.২.১) ব্লক অক্ষর লেখা যেতে পারে। অক্ষরের মধ্যকার ফাঁক এক গুণ হওয়া উচিত।

ব্রক অক্ষরগুলোর উচ্চতা এবং প্রস্থ যে কোনো অনুপাতে হতে পারে। তবে দেখতে সুদৃশ্য হয় বলে নিচের দুইটি বেশি প্রচলিত ঃ

- 🕽) 5 ঃ 4 (5 গুণ উঁচু এবং 4 গুণ প্রস্থ)।
- ২) 7 ঃ 4 (7 **ভণ উঁচু এবং** 4 ভণ প্রস্থ)।

চিত্র ৬.২ নম্বরে 5 ঃ 4 এবং চিত্র ৬.২.১ নম্বরে 7 ঃ 4 অনুপাত বিশিষ্ট অক্ষর সংখ্যা লেখার উদাহরণ দেখানো হলো।


#### 5:4 অনুপাতের বিশিষ্ট অক্ষরের ক্ষেত্রে ঃ

অক্ষরের কোণাশুলো গোল (চিত্র ৬.২) এবং 45° কোণে হেলানো রেখা বিশিষ্ট (চিত্র ৬.২.১) এবং উভয় প্রকারই প্রচলিত আছে। প্রথমটির বেলায়, কোণকে অধিকাংশ স্থানে যন্ত্রাদির সাহায্য না নিয়ে খলি হাতেই গোল করা হয়ে থাকে। কিন্তু দ্বিতীয়টির বেলায় 45° সেট-ক্ষয়ারের সাহায্যে সরল রেখা টানতে হয়। এক্ষেত্রে –

- B এর উপরের অংশের প্রশস্ততা প্রায় 3.5 টি বর্গক্ষেত্রের সমান এবং নিচের অংশ অপেক্ষা কম প্রশস্ত।
- 🖪 এর উপরের বাহুর দৈর্ঘ্য 3.5 মধ্য বাহুর 2.5 এবং নিচের বাহুর দৈর্ঘ্য 4 টি বর্গক্ষেত্রের সমান।
- ${f F}$  এর উপরের এবং মধ্য বাহুর দৈর্ঘ্য  ${f E}$  এর অনুরূপ।
- L এব নিচের বাহুর প্রশস্ততা 3.5 টি বর্গক্ষেত্রের সমান।
- M এবং W-এর প্রশস্ততা 5টি বর্গক্ষেত্রের সমান।
- Z এর উপরের বাহুটির দৈর্ঘ্য 3.5 টি বর্গক্ষেত্রের সমান।
- 7 এর প্রশস্ততা 3.5 টি বর্গক্ষেত্রের সমান।

ইঞ্জিনিয়ারিং ড্রইং

#### ৬.২ নিম্নে ডবল-স্টোক পদ্ধতিতে খাড়া ভাবে 5 : 4 অনুপাতে লেটারিং বা অক্ষর ও অঙ্ক লেখার পদ্ধতি ঃ




চিত্র ৬.২- 5:4 অনুপাতে ডবল স্ট্রোক লেটারিং

ফর্মা নং ৯, ইঞ্জিনিয়ারিং দ্রইং

৬৬

#### ৬.২.১ নিম্নে ডবল-ক্টোক পদ্ধতিতে খাড়াভাবে 7 ঃ 4 অনুপাতে অক্ষর ও অঙ্ক লেখার পদ্ধতি ঃ



চিত্র ৬.২.১-7:4 অনুপাতে ডবল স্ট্রোক লেটারিং


ইঞ্জিনিয়ারিং দ্রইং ৬৭

#### ৬.২.২ ডবল-স্ট্রোকে অক্ষর লেখার পদ্ধতি ঃ

ব্লক অক্ষর লেখার প্রাথমিক সম্পাদনক্রম 5 ঃ 4 এবং 7 ঃ 4 উভয় অনুপাতের ক্ষেত্রে একই রকম হয়। উদাহরণ স্বরূপ, নিচে কেবল 5 ঃ 4 অক্ষর লেখা সম্পর্কে আলোচনা করা হলো (চিত্র ৬.২.২ ও ৬.২.৩)।

প্রথমে একটি লম্ব রেখা টেনে এর উপর অক্ষরের উচ্চতা সমান দৈর্ঘ্য কেটে নিতে হবে। পরে এ রেখাটিকে সমান পাঁচটি অংশে বিভক্ত করে টি-স্কয়ারের সাহায়্যে বিভাগ-বিন্দুগুলোর মধ্য দিয়ে অনুভূমিক সরল রেখা টানতে হবে। এখন টি-ক্ষয়ারটিকে স্থির রেখে  $45^\circ$  সেট-স্করারের অতিভুজ ধারটিকে এর সাথে মিলিয়ে B-এর মধ্য দিয়ে সেট-ক্ষরারের বাম দিকের ধার অবলম্বনে  $45^\circ$  কোণে আর একটি সরলরেখা টানলে এটি  ${
m A}$  থেকে টানা অনুভূমিক রেখাটিকে  ${f C}$  বিন্দুতে ছেদ করলো। এখন সেট-ক্ষয়ারটিকে সরিয়ে এর ডানদিকের ধার অবলম্বনে  ${f C}$  বিন্দুর মধ্য দিয়ে A হতে টানা অনুভূমিক রেখাটির সহিত 45° কোণে আর একটি সরল রেখা টানলে এটা  $\mathbf B$  হতে টানা অনুভূমিক রেখাটিকে  $\mathbf D$  বিন্দুতে ছেদ করবে। এবার  $\mathbf D$  বিন্দুতে পূর্বের ন্যায়  $45^\circ$  কোণে সরল রেখা টানতে হবে। এটা  $\,{
m A}\,$  হতে টানা অনুভূমিক রেখাটিকে $\,{
m E}\,$  বিন্দুতে ছেদ করবে। এভাবে ক্রমান্বয়ে E, F ইত্যাদি বিন্দুতে  $45^\circ$  কোণে সরল রেখা টানতে হবে। এখন BC, CD, DE ইত্যাদি রেখাগুলি যে যে বিন্দুতে অনুভূমিক রেখাগুলিকে ছেদ করল এদের মধ্য দিয়ে সেট-ক্ষয়ারের সাহায্যে লম্ব রেখা টানলে এতে অনেকগুলি বর্গক্ষেত্র উৎপন্ন হবে। এই বর্গক্ষেত্রগুলির বাহুর দৈর্ঘ্যকে প্রত্যেকটি অক্ষরের বেধ (Thickness) ধরে নিয়ে টি-ক্ষয়ার এবং সেট-ক্ষয়ারের সাহায্যে অক্ষরগুলি গঠন করতে হবে। পূর্বেই বলা হয়েছে যে, অংকন না করেও এ অক্ষর গঠন করা যেতে পারে। এই পদ্ধতিতে অক্ষর লেখার জন্য পূর্বোক্ত BC, CD, DE ইত্যাদি রেখাগুলো যে যে বিন্দুতে অনুভূমিক রেখাগুলোকে ছেদ করল, এদেরকে 1,2,3,4 ইত্যাদি অঙ্ক দারা চিহ্নিত করে এবং পরে এই অঙ্ক অনুসরণ করে অক্ষরের নির্দিষ্ট বেধ এবং প্রস্থ স্থির করে নিয়ে রেখা টানতে এবং অক্ষর গঠন করতে হবে। উদাহরণ স্বরূপ, নিচের চিত্র ৬.২.২ এ বর্গক্ষেত্র অংকন করে এবং এর পরে নিচের চিত্র ৬.২.৩ তে বর্গক্ষেত্র অংকন না করে PLAN শব্দটি লেখার পদ্ধতি দেখান হয়েছে। একাধিক অক্ষরের সমষ্টিতে কোনো শব্দ লিখতে হলে, দুইটি অক্ষরের মধ্যে একাধিক বর্গক্ষেত্র ব্যবধান রাখা সাধারণ নিয়ম। কিন্তু এমন অনেক

অক্ষর আছে যেগুলোকে এই নিয়মে পাশাপাশি লিখলে (যেমন - AT, TA, AV, VA, AW, WA, AY, YA, TV,VT, TO, OT, VO, OV, WO, OW, OY, YO, LY, YL, PA ইত্যাদি) শব্দটি দেখতে খুব অশোভন হয়। এ কারণে এদের মধ্যে কোন ব্যবধান না। রেখেই শব্দটি লেখা হয়ে থাকে এর উদাহরণ নিচের চিত্র ৬.২.৩ তে দেওয়া হলো।






চিত্ৰ ৬.২.২




#### ৬.৩ ছোট হাতের ক্ষণ্ড লেখার পদ্ধতি ঃ


ছোট হাতের অক্ষরের ন্যার এটিও পদ ও হেলানো দুই ভাবে লেখা যায়। দ্রুত লেখা যায় বলে হেলানো অক্ষরের প্রচলনই বেলি। এ ধরনের অক্ষরের আকার ক্ষুদ্র হয় বলে, এর রেখা ভলোকে যদ্রাদির সাহায্যে না একে সবসময় মুক্ত হস্তেই অংকন করা হয়ে থাকে (চিত্র ৬.৩)।




চিত্র ৬.৩ খাড়াভাবে ছোট হাতর অক্ষর শিখন পদ্ধতি



চিত্র ৬.৩.১ হেলানোভাবে ছোট হাতের অক্ষর লিখন পদ্ধতি





চিত্ৰ ৬.৩.৭

চিত্র ৬.৩ এবং ৬.৩.১ তে লম্ব ও নত শ্রেণির ছোট হাতের অক্ষরের উদাহরণ দেওরা হলো। এতে অক্ষরের গঠন কতন্তলো বর্গক্ষেত্রের মধ্যে এবং টানের ক্রম ও দিক ক্ষুদ্র অক্ষর দিরে দেখানো হরেছে। অক্ষরগুলো সম্পর্কে অরণ রাখা প্রয়োজন বে, b, d, f, h, l এবং t উপরের দিকে এবং g, j, p, q, y নিচের দিকে বর্ধিত। v, w, x অক্ষও কেন্দ্র-রেখার মাধ্যমে উভয় দিকে সমতা রক্ষা করে। a, b, d, g, o, p এবং q-এর বৃত্ত একই প্রকার। চিত্র ৬.৩.২ এবং ৬.৩.৩ তে a এবং y-এর গঠন যে প্রকার দেখানো আছে, এ ছাড়া আর এক প্রকার গঠন ও প্রচলিত আছে। এর উদাহরণ চিত্র ৬.৩.৪ এবং ৬.৩.৫ এ দেওয়া হয়েছে।

গঠন ও অংকন ক্রম বোঝানোর জন্য চিত্র ৬.৩.৬ ও ৬.৩.৭ তে অক্ষরগুলোকে বর্গক্ষেত্রের মধ্যে দেখানো হয়েছে। কিছু ব্যবহারিক ক্ষেত্রে এ প্রকার বর্গক্ষেত্র অংকন করে কখনো লেখা হয় না। প্রথমে অক্ষরের উচ্চতা (H) দুরত্বে দুইটি অনুভূমিক রেখা টেনে এর উপরের এবং নিচের দিকে ঐ উচ্চতার অর্ধেক (H/2) দূরত্বে (চিত্র ৬.৩.৪) এদের সমান্তরালরূপে আর ও দুইটি সরলরেখা টানা হয়। নত অক্ষরের বেলায় 60° কোণে এবং লঘ অক্ষরের বেলায় লঘভাবে কতকগুলো নিয়ামক রেখা (Guide Lines) যে কোন দূরত্বে টেনে এ রেখা চারটিকে ছেদ করানো হয়ে থাকে। এ রেখাগুলোর সাহায্যেই প্রত্যেকটি অক্ষরের উচ্চতা এবং নতি রক্ষিত হয়। চিত্র ৬.৩.৫ ও ৬.৩.৬ তে এবং চিত্র ৬.৩.৭ তে উদাহরণ দেওয়া হলো।

# ৬.৪ নেটারিং এ স্পেলিং (Lettering Spacing) ঃ

সর্বপ্রকার অক্ষর শিখনের ক্ষেত্রে, প্রতি দুইটি অক্ষরের মধ্যে যে ফাঁকা জায়গা রাখা হয়, তাকে লেটারিং স্পেসিং বলে। ভালো স্পেসিংই সুন্দর অক্ষর শিখনের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ ভালো ও সুন্দর অক্ষও লেখার জন্য সমভাবে স্পেসিং করা দরকার। স্পেসিংটি নিয়মিত পর্যবেক্ষণ দ্বারা নির্ধারণ করা উচিত, পরিমাপ দ্বারা নয় (চিত্র ৬.৪)।



চিত্র ৬.৪ লেটারিং স্পেসিং

ইঞ্জিনিয়ারিং দ্রইং

#### ৬.৫ পেটারিং কম্পোজিশন নীতি (Lettering Composition) ঃ

কম্পোজিশন অর্থ বাক্যের মধ্যে শব্দ এবং শব্দের মধ্যে অক্ষর সুবিন্যস্তভাবে সাজানো থাকে, চোখের দৃষ্টিতে অক্ষরগুলি এমনভাবে সুবিন্যস্ত রীতিতে সাজানো থাকে যে, একটি অক্ষরের মাঝে যে ফাঁকা জায়গা থাকে, ওটা সমভাবে অবস্থান করে। নিয়মিতভাবে পর্যবেক্ষণের দ্বারা সুবিন্যস্তভাবে সাজানো বিভিন্ন অক্ষরের মধ্যে কোনটি ভালো ও কোনটি দুর্বল কম্পোজিশন ওটা ভালো ভাবে বুঝতে পারা যায় (চিত্র ৬.৫)।



চিত্র ৬.৫ লেটারিং কম্পোজিশন

# অনুশীলনী – ৬

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। লেটারিং কী ?
- ২। অক্ষর বা লেটারিং ও সংখ্যা লেখার নিয়ম কয়টি ও কী কী ?
- ৩। অক্ষর কত প্রকার ও কী কী ?
- ৪। বড় হাতের অক্ষর কী কী পদ্ধতিতে লেখা যায় ?
- ৫। প্রধান শিরোনাম ও উপ-শিরোনাম শিখতে অক্ষরের উচ্চতা কত হওয়া উচিত ?
- ৬। ব্লক অক্ষর বা ডবল স্ট্রোক পদ্ধতিতে লেখার প্রচলিত অনুপাত দুইটি কী কী ?

# সংক্রিপ্ত প্রপ্লাবলী

- 🔰। সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে বড় হাতের অক্ষর লিখন প্রণালি বর্ণনা কর।
- ২। ব্লক লেটারিং বা ডবল স্ট্রোক পদ্ধতিতে হাতের অক্ষর লিখন প্রণালি বর্ণনা কর।
- ৩। ছোট হাতের অক্ষর লিখন পদ্ধতি বর্ণনা কর।
- ৪। উদাহরণসহ ভগ্নাংশ শিখন পদ্ধতি আলোচনা কর।
- ৫। দ্রইং এর জন্য অক্ষর ও সংখ্যা সাইজ নির্ণয় কর।
- ৬। গাইড লাইন কী ? লেটারিং এর জন্য গাইড লাইনের ব্যবহার লেখ।
- ৭। শেটারিং স্পেসিং বলতে কী বোঝায় ?
- ৮। লেটারিং কম্পোজিশন নীতি বর্ণনা কর ।

#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে খাড়া ও হেলানো অক্ষর A থেকে Z পর্যন্ত লেখ।
- ২।  $5:4 ext{ }$ ও 7:4 অনুপাতে ব্লক বা ডবল স্ট্রোক পদ্ধতিতে  $\mathbf A$  থেকে  $\mathbf Z$  পর্যন্ত অক্ষর ও 1 থেকে 0 পর্যন্ত সংখ্যাগুলো লেখ।
- ৩। সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে খাড়া ও হেলানো অবস্থায় ছোট হাতের অক্ষর ও সংখ্যাগুলো লেখ।
- 8। 30 মি.মি. উঁচু ব্লক বা ডবল স্ট্রোক পদ্ধতির অক্ষর দ্বারা নিচের বাক্যগুলো লেখ (5 : 4)।
  - **ず) ENGINEERING DRAWING**
  - **♥) DIPLOMA IN MECHANICAL ENGINEERING**
  - **か) DRAWING IS THE LANGUAGE OF ENGINEERS**
  - **T) BANGLADESH-KOREA TECHNICAL TRAINING CENTER**
  - **8) BANGLADESH TECHNICAL EDUCATION BOARD**
- ৫। 20 মি.মি. উঁচু ব্লক বা ডবল স্ট্রোক পদ্ধতির অক্ষর ঘারা নিচের বাক্যগুলো লেখ (७ ३ ४)।
  - ক) DIRECTORET OF TECHNICAL EDUCATION
  - ♥) ALLAH SAFE US
  - 7) JHENIDAH TECHNICAL SCHOOL AND COLLEGE
  - য) PEOPLES REPUBLIC OF BANGLADESH
  - 8) NEVER TELL A LIE, ALWAYS SPEAK THE TRUTH
- ৬। নিচের শব্দ ও বাক্যাংশগুলোকে 15 মি.মি. উঁচু খাড়া বড় হাতের অক্ষর দিয়ে সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে লেখ।

  - ক) WELCOME 

    ৪) WORKSHOP
- **▼) DEVELOPMENT** 
  - \*) EDUCATION 5) INDUSTRY 43) PROJECT

- গ) VICTORY DAY ছ) MACHINERY ট) MECHANICAL

- ঘ) TECHNICIAN জ) GOVERNMENT ঠ) MAN POWER
- ৭। নিচের শব্দগুলোকে 20 মি.মি. উঁচু ব্লক হেলানো বড় হাতের অক্ষর দিয়ে সিঙ্গেল স্ট্রোক পদ্ধতিতে লেখ ।
  - ক) VOCATIONAL
- খ) EMERGENCY
- ছ) SYMBOL
- ₹)
   EMPLOYMENT
   ७)
   INVESTMENT
- জ) TECHNOLOGY

- গ) RAILWAY
- **5) ACHIEVEMENT ₹) TRAINING**

ইঞ্জিনিয়ারিং ড্রাইং

৮। 5 মি.মি. উঁচু ছোট হাতের একটানে (Single Stroke) শেখা অক্ষর দ্বারা নিম্নলিখিত বাক্যগুলো লেখ।

- ক) Allah is one and Almighty
- খ) Honesty is the best Policy.
- গ) Today's Investment Human Resources Tomorrow's Prosperity.
- ৰ) Perfect Training is the Key of Success.
- ৯। নিমুলিখিত সংখ্যা ও ভগ্নাংশগুলো 6 মি.মি. উচ্চতা বিশিষ্ট খাড়া ও হেলানো অঙ্ক দিয়ে লেখ।
  - **(4) (3) (4) (4) (4) (5) (4) (5) (4) (5) (4) (5) (4) (5) (4) (5) (4) (5) (4) (5) (4) (4) (5) (4) (5) (4) (4) (4) (4) (5) (4)**
  - **\*) 8.36, 4.72, 9.51**
  - 9)  $\frac{81}{8}$ ,  $\frac{45}{16}$ ,  $\frac{95}{7}$ ,  $\frac{21}{4}$ .

#### ৭. স্কেল অংকন

#### **Scale Drawing**

#### ৭.০ স্কেল ও স্কেলের প্রয়োজনীয়তা ঃ

ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে মেশিন বা এর অংশ, বিল্ডিং, রোড, সেতু, জমি বা মাঠ ইত্যাদি কাগজের তুলনায় অনেক বড় হয়ে থাকে বলে, এদেরকে পূর্ণমাপে অংকন করা সম্ভব হয় না। কিন্তু বস্তুর আকার ক্ষুদ্র হলে একে পূর্ণমাপে অংকন করা যায়। কোন কোন ক্ষেত্রে ক্ষুদ্র ও জটিল বস্তুর গঠনকে সুস্পষ্টরূপে বুঝানোর জন্য এদেরকে বড় করেও অংকন করার প্রয়োজন হয়।

সুতরাং বস্তুর প্রকৃত মাপের তুলনায় এদের দৃশ্যকে ক্ষুদ্রতর, বৃহত্তর বা পূর্ণ মাপে দেখানোর জন্য প্রয়োজন ও সুবিধা অনুসারে এদের মাপকে সর্বদা একটি নির্দিষ্ট হারে কমিয়ে (Reduced) এবং বৃহত্তর (Enlarge) করে অংকন করার আবশ্যক হয়ে থাকে। বস্তুও প্রকৃত মাপের তুলনায় দ্রইং এর এই ক্ষুদ্রতর, বৃহত্তর ও পূর্ণমাপের দ্রইং করার হারকে ক্ষেল (Scale) বলে।

প্রয়োগ ঃ ইঞ্জিনিয়ারিং ড্রইং এর ক্ষেত্রে ক্ষেল একটি অত্যাবশ্যক প্রয়োজনীয় উপাদান। এটাকে মাপ-হার বলা হয়। পুরকৌশল, ভূমি জরিপবিদ্যা, স্থপতিবিদ্যা ও মেকানিক্যাল ড্রইং এ বিশেষভাবে ব্যবহৃত হয়ে থাকে।

#### ৭.০.১ প্রতিনিধিত্বকারী ভন্নাংশ (Representative Fraction) বা স্কেল প্রকাশ করার পদ্ধতি ঃ

দ্রইং এ অঙ্কিত দৈর্ঘ্য এবং বস্তুর প্রকৃত দৈর্ঘ্যের অনুপাত বা ভাগ ফলকে প্রতিনিধিত্বকারী ভগ্নাংশ বা নির্দেশক ভগ্নাংশ বা রিপ্রেজেন্টেটিভ ফ্রাকশন (Representative Fraction সংক্ষেপে R.F.) বলে। নিচের সূত্র ব্যবহার করে R.F বের করা যায় ঃ

উদাহরণ ১। একটির বস্তুর প্রকৃত দৈর্ঘ্য 50 mm। দ্রইং এ একে 10 mm দীর্ঘ রেখা দ্বারা নির্দেশ করা হলে এর R.F কত হবে ?

এখানে R.F = 
$$\frac{10mm}{50mm}$$
 =  $\frac{1}{5}$  = 1 ঃ 5 (উত্তর)

উদাহরণ ২। কোন বস্তুর প্রকৃত দৈর্ঘ্য 100 মি.মি.। দ্রইং-এ 10 মি.মি. রেখা দিয়ে জাঁকা হলে এর R.F কত হবে ?

আমরা জানি, R.F = 
$$\frac{$$
দ্রইং- এর মাপ  $}{$ বস্তুর মাপ

ইঞ্জিনিয়ারিং দ্রইং

সূতরাং, R.F = 
$$\frac{10mm}{100mm}$$
 =  $\frac{1}{10}$  = 1 ঃ 10 (উত্তর)

দ্রইং যে স্কেলে অংকন করা হয়, তা টাইটেল ব্লকে স্পষ্ট করে লিখে রাখা নিয়ম। যদি দ্রইং কোন নির্দিষ্ট স্কেলে অংকিত না হয়ে থাকে, তাহলে ভিতরে "NOT TO BE SCALE" এ কথাটি লেখা প্রয়োজন।

#### ৭.০.২ ক্ষেলের শ্রেণি বিভাগ ও প্রয়োগ ঃ

#### ক্ষেল সাধরণত পাঁচ প্রকার। যথা ঃ

- ১) সরল স্কেল (Plain Scale) প্রয়োগ ঃ দিমাত্রিক মাপের জন্য এ স্কেল ব্যবহৃত হয়।
- ২) কর্ন বা ডায়াগোনাল ক্ষেল (Diagonal Scale) প্রয়োগ ঃ ভগ্নাংশসহ ত্রিমাত্রিক মাপের জন্য এ ক্ষেল ব্যবহৃত হয় ।
- ৩) ভার্ণিয়ার স্কেল(Vernier Scale) **-প্রয়োগঃ** ডায়াগোনাল স্কেলের বিকল্প হিসেবে ক্ষুদ্র ভগ্নাংশের মাপের জন্য এটি ব্যবহৃত হয়।
- 8) কম্পারেটিভ স্কেল (Comparative Scale) প্রয়োগ ঃ এটি তুলনামূলক স্কেল হিসেবে ব্যবহৃত হয় ।
- ৫) স্কেল অব কর্ডস (Scale of Chords) প্রয়োগ ঃ এটি কৌণিক মাপের জন্য ব্যবহার করা হয়।
  এদের মধ্যে প্রথম দুইটি স্কেল বহুল ব্যবহৃত হয়।

# ৭.০.৩ স্কেলের অনুপাতসমূহ বা ক্ষেল নির্ধারণ করার জন্য বিবেচ্য বিষয়াদি ঃ

সাধারণভাবে ব্যবহৃত প্রয়োজনীয় স্কেলের অনুপাতসমূহ দেওয়া হলো ঃ

**১) পূর্ণ** 

ঃ ক্ষেল ফুল সাইজ (Scale Full Size)

২) অর্ধ

ঃ ক্ষেল হাফ সাইজ (Scale Half Size)

- ৩) এক-চতুর্থাংশ ঃ ক্ষেল কোয়াটার সাইজ (Scale Quarter Size)
- 8) এক-অষ্টমাংশ ঃ ক্ষেল ওয়ান এইটথ সাইজ (Scale One Eighth size)

৫) দ্বিগুণ

ঃ স্কেল টুয়াইস ফুল সাইজ (Scale Twice Full Size)

৬) চতুর্গুণ

ঃ ক্ষেল ফোর টাইমস ফুল সাইজ (Scale Four Times Full Size)

স্ট্যান্ডার্ড হিসেবে নিচের স্কেলের অনুপাত অনুযায়ী R.F ব্যবহার করা যেতে পারে ঃ

পূৰ্ণ অনুপাত	ক্ষুদ্র করা	র অনুপাত	বৃহত্তর করার অনুপাত
1:1	1: 2	1: 20	10:1
	1: 5	1: 50	5:1
	1: 10	1: 100	2:1
	1: 20	1: 200	

৭৬ স্কেল অংকন

#### ৭.১ প্লেইন কেল (Plain Scale ) ঃ

এ ক্ষেলে মোট দৈর্ঘ্যকে কতগুলো সমান অংশে বিভক্ত করে প্রথম অংশটিকে আবার প্রয়োজন মতো কতগুলো সমান অংশে বিভক্ত করা হয়। অর্থাৎ এ ক্ষেল থেকে সাধারণত দুইটি বিভিন্ন এককের (Unit) মাপ বা দশমিকের পর এক অঙ্ক মাপ পাওয়া যায়।

#### ৭.১.১ প্লেইন স্কেল অংকন করার নিয়ম ঃ

হিসেব করা দৈর্ঘ্যের সমান একটি সরলরেখা যা অংকন করে প্রয়োজন মতো প্রাথমিক পর্যায়ে সমান অংশে বিভক্ত করা হয়। প্রথমে অংশটিকে আবার প্রয়োজন মতো বিভক্ত করতে হয়, যাতে নির্দিষ্ট ন্যুনতম মাপ পাওয়া যায়। পরে একটি প্রস্থ দিয়ে (1 থেকে 1.5 সে.মি.) একটি আয়তক্ষেত্র অংকন করতে হয়। প্রাথমিক পর্যায়ের ভাগ চিহ্নগুলো প্রস্থের সমান এবং পরবর্তী ভাগ চিহ্নগুলো প্রস্থের অর্থেক বা কিছু বেশি পর্যন্ত রেখা দিয়ে চিহ্নিত করা হয়। বিভিন্ন অংশের ক্রমিক সংখ্যা ও একক ক্ষেলের প্রান্তে অবশ্যই দেখাতে হবে।

উদাহরণ ৩। 10 সে.মি. ও 4 মি.মি. মাপা যায় এমন একটি প্লেইন ক্ষেপ্স অংকন কর যা দিয়ে সর্বোচ্চ 15 সে.মি. মাপা যাবে। এখানে 40 মি.মি. দিয়ে 5 সে.মি. নির্দেশ করবে।

সূতরাং 
$$R.F = \frac{40mm}{50mm} = \frac{4}{5}$$
 বা 4 % 5 (যেহেতু 10 মি.মি. = 1 সে.মি.)


ক্ষেলটি দিয়ে সর্বোচ্চ 15 সে.মি. বা 150 মি.মি. পরিমাপ করা যাবে। সুতরাং অংকনীয় ক্ষেলের দৈর্ঘ্য হবে

$$R.F \times 150 = \frac{4}{5} \times 150 = 120$$
 মি.মি. বা 2 সে.মি.(প্লেইন ক্ষেল সাধারণত 15 সে.মি. লম্বা হয়)।


এখন স্কেল অংকন করার জন্য 120 মি.মি. লম্বা করে এমনভাবে 3 টি রেখা টানতে হবে যেন চিত্র ৭.১-এর ন্যায় AA, BB থেকে এবং BB, CC থেকে যথাক্রমে 2 ভাগ এবং 1 ভাগ নিচে থাকে। অর্থাৎ AA ও BB, 3 ভাগের 2 ভাগ এবং BB ও CC হবে 3 ভাগের 1 ভাগ।

যেহেতু ক্ষেলটি দিয়ে সর্বোচ্চ 15 সে.মি. মাপা যাবে সেহেতু 120 মি.মি. লম্বা রেখাটিকে সমান 15 টি অংশে বিভক্ত করতে হবে। চিত্রে ডানদিকের অংশটিকে সমান 14 ভাগে বিভক্ত করা হয়েছে। এখন বিভাগ বিন্দুগুলোতে 0, 1, 2, 3, 4 ইত্যাদি করে 14 পর্যন্ত সংখ্যা লিখি। এ সকল সংখ্যার প্রত্যেকটি এক একটি সে.মি. নির্দেশ করবে। এখন মি.মি.-এর মাপ পাওয়ার জন্য 0-এর বাম দিকের বিভাগ বিন্দুতে 1 ঘর পর পর 2, 4, 6, 8 ও 10 সংখ্যা লিখি। এরা মি.মি. প্রকাশ করবে। ক্ষেলের বামদিকে Milimetre এবং ডানদিকে Centimetre লিখি এবং সে.মি. স্থানের নিচের ঘর একটির পর একটি পেনসিল দিয়ে ভরাট করে দেই। এখন 10 সে.মি. 4 মি.মি. দৈর্ঘ্যকে ক্ষেলে দেখানোর জন্য 0-এর ডান দিক থেকে 10 চিহ্নিত বিভাগ (10 সে.মি.) এবং 0-এর বাম দিক থেকে 4 উপ-বিভাগটি নির্দিষ্ট করলাম। এদের সমষ্টি অর্থাৎ চিত্র ৭.১-এ দুইটি তারকা চিহ্ন (\*\* ) দিয়ে প্রদর্শিত দূরত্বই এখানে 10 সে.মি. 4 মি.মি. দৈর্ঘ্যকে নির্দেশ করছে।

देकिनियादिः प्रदेर ११



উদাহরণ ৪। এমন একটি প্লেইন কেল অংকন কর বাতে 10 মি.মি. দিরে 50 মি.মি. দূরত্বের মাণ বোঝার। এ কেল দিরে 430 মি.মি. দূরত্বের মাণ নির্দেশ কর।




এখানে, R.F = 
$$\frac{10}{50}$$
 =  $\frac{1}{5}$  বা, R.F = 1 a 5

চিত্র অংকনের জন্য AB রেখাটিকে 10 মি.মি. ভাগে বিভক্ত করতে হবে। প্রতি ভাগে 50 মিলিমিটার বোঝাবে। বাম প্রান্তে 10 মি.মি. সমান 10 ভাগে ভাগ করলে প্রতি ভাগ 5 মি.মি. বোঝাবে। এখন (\*\*) চিহ্নি রেখাটি 430 মি.মি. লখা হবে (চিত্র ৭.২)।

# ৭.২ ভারাগোনাল কেল (Diagonal Scale) ঃ

প্রেইন কেল এ অধিক সংখ্যক উপ-বিভাগ করতে গেলে রেখাগুলো পরস্পর খুবই কাহাকাছি হয়ে যার। এ কারণে কর্প বা 'ভারাগোনাল' নীতিতে পরোক্ষভাবে এ উপ-বিভাগ করা হয়ে থাকে। সাধারণত কেল খেকে যে মাগ পাওয়া যার তা অপেক্ষা আরও ছোট এককের বা ক্ষুদ্রতর অংশের মাপ প্রয়োজন হলে সাধারণত কেলের এক একটি ছোট অংশকে এক বিশেষ নিয়মে বিভক্ত করে যে কেল অংকন করা হয়, তাকে ভারালোনাল কেল (Diagonal Scale) বলে। সাধারণ কেলের এক একটি ক্ষুদ্র অংশকে সমান দৈর্ঘ্যের আয়তক্ষেত্রে পরিণত করে তার দৈর্ঘ্যকে প্রয়োজন মতো সমান অংশে বিভক্ত করে প্রস্থের অর্থাৎ সাধারণত ক্ষেলের এক একটি ক্ষুদ্রতম অংশের আনুপাতিক ভগ্নাংশ হয়।

এভাবে সাধারণ ক্ষেপের প্রস্থকে যে কোনো সমান অংশে বিভক্ত করে কর্প দিয়ে আনুপাতিক হারে বিভক্ত করে ভারাগোনাল ক্ষেপ অংকন করা হয়। এ ক্ষেপ দিয়ে সাধারণত তিনটি (Unit) একক বধা, মিটার, ডেসিমিটার, সেন্টিমিটার বা দশমিকের পর দুই বা তিন অংক পর্যন্ত মাপ পাওয়া বায়।



উদাহরণ বরূপ ধরা যাক, AB-এর দৈর্ঘ্য খুবই কুদ্র এবং এক কর্ণ বা ডায়াগোনাল নীভিতে দশটি সমান অংশে বিভক্ত করতে হবে। সুভরাং প্রথমে AB-এর B বিন্দুতে যে কোনো দৈর্ঘ্যের BC একটি লম্ম টেনে A ও C-কে সরল রেখা দিয়ে যুক্ত করি। পরে BC-কে সমান দশটি অংশে বিভক্ত করে নিচের দিক থেকে পর্যায়ক্রমে প্রত্যেকটি বিভাগ বিন্দুকে 1, 2, 3, 4 ইত্যাদি অংক দিয়ে চিহ্নিত করি এবং সকল বিভাগ বিন্দু হতে AB-এর সমান্তরালরূপে AC পর্যন্ত সরলরেখা টানি এবং সমভা রক্ষা করে ছেদ-বিন্দুতে 1 সে.মি. , 2 সে.মি. , 3 সে.মি. ইত্যাদি অংক চিহ্ন দেই। কলে 1 সে.মি. 1 রেখা AB-এর  $\frac{1}{10}$  অংশ, 6 সে.মি. 6 রেখা AB এর  $\frac{6}{10}$  অংশ, 9 সে.মি. 9 রেখা AB-এর  $\frac{9}{10}$  অংশ ইত্যাদি হলো। অর্ধাৎ AC এবং BC দিয়ে সীমাবদ্ধ এ রেখান্তলো যে অংক বিশিষ্ট, এটি AB এর ভত্ত দশম ভাগ হলো (চিত্র ৭.৩ )। উদাহরণ বরুপ ঃ AB-এর দৈর্ঘ্য যদি 0.1 সে.মি. হয়, তাহলে এক্ষেত্রে 1-1 রেখার দৈর্ঘ্য = 0.01 সে.মি, 6 া-6 রেখার দৈর্ঘ্য = 0.06 সে.মি. ইত্যাদি হবে।

কর্ণ নীতিতে অংকিত কেল থেকে পূর্ণ, দশমাংশ এবং শতাংশ এই তিন প্রকার মাপ পাওয়া ষায়। এ মালের জন্য কেলের দৈর্ঘ্যের সমান্তরালরণে এবং সমদ্রত্বে কতগুলো নির্দিষ্ট সংখ্যক রেখা টেনে কর্ণ দিরে তাদেরকে ছেদ করা হয়ে থাকে। এ কেল থেকে এক সেটিমিটারের দশমাংশ (Tenths) এবং এক সেটিমিটারের শতাংশ (Hundredths) হারের মাপ একযোগে কীভাবে পাওয়া যায়, এর একটি উদাহরণ 0.68 সেটিমিটার সম্পর্কে চিত্র ৭.৪-তে দেখান হয়েছে। এখানে আনুভূমিক রেখার নিচের অংক এক সেটিমিটারের দশমাংশ মাপকে এবং (কর্ণ রেখার উপরে দেখানো) লঘ রেখার পালের অংক এক সেটিমিটারের শতাংশ মাপকে

নির্দেশ করে। তীর-মুখ অনুসরণ করে উভয় দিকের অংক পর্যন্ত যে দূরত্ব পাওয়া যায় তাই প্রয়োজনীয় মাপ হবে।


উদাহরণ  $\mathfrak{E}_1$  R.F  $=\frac{1}{50}$  নিয়ে মিটার, ডেসিমিটার এবং সেটিমিটার সম্পর্কিত একটি ডায়াগোনাল স্কেল অংকন কর এবং এতে 2 মিটার 5 ডে.মি. ৪ সে.মি. মাগ দেখাও।

মেট্রিক ক্ষেল সাধারণত 15 সে.মি. দীর্ঘ অংকন করা হয়ে থাকে। সূতরাং এখানে 15 সে.মি. দৈর্ঘ্য কত মিটার দৈর্ঘ্যকে নির্দেশ করবে এটি প্রথমে নির্দয় করতে হবে।

প্রদন্ত R.F  $=\frac{1}{50}$  অনুযায়ী 1 সে.মি. নির্দেশ করে 50 সে.মি কে অর্থাৎ 0.5-কে। সুতরাং 15 নির্দেশ করবে  $0.5 \times 15$  মি. কে =7.5 মি. কে। এই 7.5 মিটার একটি ভুগাংশ সম্বলিত সংখ্যা। একে পূর্ণ বিভাগ সংখ্যায় বিভক্ত করা অসুবিধা। ফলে এ ক্ষেত্রে 7.5 মিটারের পরিবর্তে এর সন্নিহিত পূর্ণ সংখ্যা 7 মিটার নেওয়া যাক। দেখা যায় যে, 7 মিটার দৈর্ঘ্যকে নির্দেশ করবে  $\frac{15x7}{7.5} = 14$  সে.মি. দৈর্ঘা।

অতএব প্রথমে 14 সে.মি. দীর্ষ AB একটি সরল রেখা টেনে এর সমান্তরালরপে ঐ রেখা থেকে বথাক্রমে 5 মি.মি. ও 7 মি.মি. নিচে এবং 25 মি.মি. উপরে আরও তিনটি সরল রেখা টানি। AB রেখাটিকে 7 টি সমান অংশে বিভক্ত করে বিভাগ বিন্দৃতে ক্রমান্বয়ে 0 থেকে 6 লিখি। এ বিভাগগুলোর প্রত্যেকটি এক একটি মিটারকে নির্দেশ করে। এবার পূর্বের ন্যায় AO দৈর্ঘ্যকে এবং A-তে টানা লঘটিকে সমান 10 টি অংশে বিভক্ত করে AO অংশে কর্ণ রেখা টানি।

শেষে ডানদিকে Metres, বামদিকে AO অংশের নিচে Decimetres এবং A তে টানা লম্বের পাশে Centimetres শব্দ লিখি এবং AB-এর নিচের রেখা দুইটির অন্তরবর্তী স্থানকে পেনসিল দিয়ে ভরাট করি (চিত্র ৭.৫)।




চিত্ৰ ৭.৫

এখন প্রদন্ত মাপ দেখানোর জন্য O-এর ভানদিকে 2 চিহ্নিত বিভাগ (= 2 মিটার) এবং O এর বামদিকের 5 চিহ্নিত বিভাগ (= 5 ডেসিমিটার) এবং এটি থেকে টানা কর্ণ রেখাটি যে বিন্দৃতে বামদিকের 8 চিহ্নিত বিন্দৃ থেকে AB এর সমান্তরালরূপে টানা রেখাকে ছেদ করেছে একে নির্দিষ্ট করি। এদের সমষ্টি অর্থাৎ দুইটি তারকা চিহ্ন দিয়ে দেখানো দূরত্ব এখানে নির্দেয় 2 মিটার 5 ডে.মি. ৪ সে.মি. বা 2.58 মিটার মাপ হলো।

উদাহরণ ৬।  $\mathbf{R.F} = \frac{1}{2000}$  নিয়ে এমন একটি ক্ষেপ অংকন কর বা দিয়ে 1 মিটার হতে 300 মিটার পর্যম্ভ দূরতু দেখানো সম্ভব হয়।

এ ক্ষেত্রে অংকনীয় ক্ষেপের দৈর্ঘ্য 
$$= R.F X$$
 সর্বাধিক দৈর্ঘ্য  $= \frac{1x300}{2000} = \frac{3}{20} X$  মিটার  $= 15$  সে.মি.।

প্রথমে 15 সে.মি. দীর্ঘ একটি সরলরেখা টেনে একে সমান 3টি অংশে বিভক্ত করি। এর এক একটি বিভাগ 100 মিটার দ্রত্বকে নির্দেশ করে। পরে বামদিকের অংশটিকে সমান 10 টি অংশে বিভক্ত করি। এর একটি বিভাগ 10 মিটার দ্রত্বকে নির্দেশ করে। প্রত্যেক দ্বিতীয় বিভাগটিকে 20, 40, 60 ইত্যাদি অংক দিয়ে চিহ্নিত করি। এখন এক মিটার দ্রত্ব দেখানোর জন্য বাম দিকের লম্ব রেখাটিকে সমান 10 টি অংশে বিভক্ত করে ক্ষেল অংকনের কাজ সম্পন্ন করি।



চিত্ৰ ৭.৬

উদাহরণ ৭। একটি মানচিত্রে 15 সে.মি. X ৪ সে.মি. ক্ষেত্র 12000 বর্গ মিটারকে নির্দেশ করে। এর R.F নির্ণয় কর এবং টার ও ডেসিমিটার দেখিরে মানচিত্রটির একটি ক্ষেল অংকন কর। উপরস্কু এতে 126 মিটার 7 ডেসিমিটার দূরতু দেখাও।


এ ক্ষেত্রে 15 সে.মি. X 8 সে.মি. অর্থাৎ 120 বর্গ সে.মি. নির্দেশ করে 12000 বর্গ মিটারকে।

ৰা, 1 বর্গ সে.মি. নির্দেশ করে  $\frac{12000}{120}$  বর্গ মিটারকে বা 100 বর্গ মিটারকে

বা, 1 সেন্টিমিটার নির্দেশ করে  $= \sqrt{100} = 10$  মিটার দূরত্বকে।

এখানে 15 সেন্টিমিটার দৈর্ঘ্য নির্দেশ করবে =  $15 \times 10 = 150$  মিটার দূরত্বকে।

স্তরাং প্রথমে 15 সে.মি. দীর্ঘ একটি সরলরেখা টেনে তাকে 15 টি সমান অংশে বিশুজ করি। এর এক একটি বিভাগ 10 মিটার দ্রজুকে নির্দেশ করে। এখন একেবারে বামদিকের রেখাটিকে সমান 10 টি সমান অংশে বিশুজ করি। এর এক একটি বিভাগ এক মিটার দ্রজুকে নির্দেশ করে। এখন বামদিকের লম্ব রেখাটিকে 10 টি সমান অংশে বিশুক্ত করে অবশিষ্ট কাজ সম্পন্ন করি। দুইটি তারকা চিহ্নিত দিয়ে প্রদর্শিত দৈর্ঘ্যই এখানে 126 মিটার 7 ডেসিমিটার দ্রজু। (চিত্র ৭.৭)



অনুশীলনী - ৭

#### সংক্রিঙ প্রশ্লাবলী


- কেল কী ?
- ২। ক্ষেলের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ৩। প্রতিনিধিত্বকারী ভগ্নাংশ বা R.F বলতে কী বোঝায় ?
- ৪। ক্ষেল সাধারণত কত প্রকার ও কী কী ? বহুল ব্যবহৃত ক্ষেল কোনটি ?
- ৫। স্কেলের অনুপাতশুলো লেখ। বা স্কেল নির্ধারণ করার জন্য বিবেচ্য বিষয়াদি লেখ।
- ৬। সরল ক্ষেল বলতে কী বোঝায় 🔋 একটি সরল ক্ষেল অংকন কর।
- ৭। ভায়াগোনাল স্কেল বলতে কী বোঝায় ? একটি ভায়াগোনাল স্কেলের চিত্র অংকন কর।
- ৮। চিত্রসহ কর্ণ বা ডায়াগোনাল ক্ষেলের সাহায্যে কোণ অংকনের পদ্ধতিটি বর্ণনা কর।

# বর্ণনামূলক প্রস্লাবলী

- ১। প্রতিনিধিত্বকারী ভগ্নাংশ (R.F) সূত্রটির প্রয়োগ দেখাও।
- ২। 12 মি.মি. দারা 60 মি.মি. দূরত্বের মাপ বোঝায় এমন একটি প্লেন ক্ষেল অংকন কর, যার দারা সর্বোচ্চ 440 মি.মি. দূরত্বের মাপ পাওয়া যাবে।
- ৩।  $R.F = \frac{1}{5}$  নিয়ে মিটার, ডেসিমিটার এবং সেন্টিমিটার সম্পর্কিত একটি ডায়াগোনাল স্কেল অংকন করে, এর দ্বারা 2 মিটার 7 ডেসিমিটার 4 সেন্টিমিটার মাপ দেখাও।

#### क्यों नः ১১. ইक्रिनियादिः फ्रवेर

- 8। একটি মানচিত্রে 12 সে.মি. X 10 সে.মি. ক্ষেত্র 12000 বর্গ মিটারকে নির্দেশ করে। এর R.F নির্ণয় করে মিটার ও ডেসিমিটার দেখিয়ে মানচিত্রটির একটি ক্ষেল অংকন কর। উপরম্ভ এত 128 মিটার 6 ডেসিমিটার দূরত্ব দেখাও।
- e। একটি সরল মাপনীর  $R.F=rac{1}{36}$  । ক্ষেলটি এঁকে গজ ও ফুট এ দেখাও।
- ৬। একটি সরল মাপনীর  $R.F = \frac{1}{58080}$ । 6 মাইল পর্যন্ত দূরত্ব মাপা যায় এমন একটি সরল মাপনী বা ক্ষেল এ এক মাইল ও ফার্লং দেখাও।
- ৭। মিটার ও ডেসিমিটার দেখিয়ে একটি সরল মাপনী আঁক যখন মাপনীতে 3 সে.মি. দুরত্ব 1 মিটার দৈর্ঘ্য প্রকাশ করে। স্কেলটি দিয়ে 5 মিটার পর্যন্ত দ্রত্ব মাপতে হবে।
- ৮। দেওয়া আছে  $R.F = \frac{1}{60}$ । সর্বোচ্চ 5 মিটার মাপা যায এমন একটি সরল মাপনী একৈ মিটার ও ডেসিমিটার দেখাও। মাপনীটিতে 3 মিটার এবং 7 ডেসিমিটার পরিমাপ দেখাও।
- ৯। নিচের ক্ষেলটি দিয়ে 300 মিটার পর্যন্ত পরিমাপ নেওয়া যাবে। এতে 225 মিটার পরিমাপ নির্দেশ কর।



ठिव १.४

# ৮. ড্ৰইং প্ৰতীক

#### **Drawing Symbol**

#### ৮.১ ড্রইং এর প্রতীকঃ

কোন দ্রইং এর বিভিন্ন অংশকে বর্ণনা করার জন্য এটার মাত্রা, মাপ, পরিমাপ ও অপারেশন বা কার্যকে সংক্ষিপ্তভাবে প্রকাশ করতে যে সংকেত বা চিহ্ন ব্যবহার করা হয়, তাকে দ্রইং এর প্রতীক বলে।

#### ৮.১.১ দ্রইং এ প্রতীকের গুরুত্ব ঃ

দ্রইং এর অভ্যন্তরীণ বিভিন্ন প্রকার লাইন বা রেখা, বিভিন্ন প্রকার অপারেশন, কোথায় কোন ধরনের অপারেশন বা কার্য সম্পন্ন করতে হবে তা বিভিন্ন প্রকার প্রতীক, চিহ্ন বা সিম্বল ব্যবহার করে সহজে বোঝানো হয়।

বিভিন্ন প্রকার কার্য বা অপারেশন দ্রইং এর ভিতর পরিপূর্ণভাবে লিখলে দ্রইংটি বড় আকার ধারণ করে ও অনেকাংশে দ্রইং এর সৌন্দর্যহানি ঘটে। এই জন্য দ্রইং এর ভিতর প্রতীকের ব্যবহার অপরিহার্য।

#### ৮.২ দ্রইং এ ব্যবহৃত বিভিন্ন ধরনের প্রতীকসমূহ অঙ্কন ঃ গাণিতিক ও জ্যামিতিক বিষয়ক সিম্বল -

Symbol	Name of symbol	Symbol Name of symbol	
+	Plus - Sign of Addition or Positive sign	()	Left & Right Parenthesis sign
-	Minus - Sign of Subtraction	{ }	Left & Right Second Bracket sign
×.	Multiplied by - Multiplication sign	[]	Left & Right Square Bracket sign
÷)(-	Divided by - Division sign	8	Is to Proportion, Colon sign
±	Plus Minus sign	00	Equals in Proportion sign
_	Equal to sign	8-	Colon Dash sign
<b>≠</b>	Not Equal to sign	,	Coma Mark sign
>	Greater than sign	;	Sami Colon Mark & EOB Insert (CNC)
<	Less than sign	?	Question Mark
<u>&gt;</u>	Greater than or Equal to sign	!	Exclamation Mark sign

<b>≤</b>	Less than or Equal to sign	•	Period, Full Stop sign
=	Is Identical to sign	,	Apostrophe Mark
<b>≅</b>	Approximately Equal	66 99	Quotation Mark
	Parallel Line sign		Dash, Highpen sign
_	Angle sign		Underscore sign
L	Right Angle sign	٨	Gap Writing sign
上	Perpendicular sign		Therefore sign
V	Square Root sign		Hence sign

চিত্র ৮.১ গাণিতিক ও জ্যামিতিক বিষয়ক সিম্বশ

# মেকানিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিং এর সারক্ষেস ও সেকশন সম্পর্কীয় সিমল ঃ

Symbol	Name of Symbol Max. surface roughness, R μ = 0.001 mm	Symbol	Name of Symbol
1-2-27.4	Rough or Produced in non- Cutting,	organ i	Tee Section sign
L	Properly (neatly) Forged Cast or Filled over sign		I-beam Section sign
V Wille	Roughing sign		Angle Section sign
V 100	Finishing sign		Chanel Section sign
	Fine Finishing sign		Cross-Section sign

<b>XXX</b>	Super Finishing sign	1	Z - Section sign
polished	Special Treatment : Check Mark Shaving,	Î	Rail Section
hardened	Special Treatment : Special Surface Properties, Pointing, Nickel	L	Bulb Angle section sign
MILLION NO.	Chip removal by Filling, Turning, Milling, Grooving sign		Bulb plate section sign
A A	Chip removal (cut) by Filling, Turning Milling, Grooving sign	T, t	Thickness sign
ر ممع ر	Chip removal by Filling /Turning sign	&	And sign
11000	Chip removal by Grinding/Lapping sign	@	HAlt Mark (at the rate of)
%	Percent sign	*	Asterisk Design
		#	Hash sign

চিত্র ৮.২ সারক্ষেস ও সেকশন সম্পর্কীয় সিম্বল

# কোনিক্যাল, নিজিল, ইলেট্রিক্যাল ইঞ্জিনিরারিং, জ্যামিভিক অ মেটাল সম্পর্কীর নিমল ঃ


Symbol	Name of Symbol	Symbol	Name of Symbol
Δ	Triangular Section sign	$\odot$	Circle sign
Δ	Right Angle Triangle sign	0	Pipe - Tube sign
□,	Square Section sign		Square Bar Section sign

	Rectangular sign		Flat Bar Section sign
0	Hexagonal Section sign		Hexagonal Bar Section
0	Circumference or Round Section sign		Round Bar Section sign
0	Half Round Section sign		Straight knurling sign
0	Degree, Circular are or Temperature sign		Diamond Knurling sign
" S	Second or Inch sign		Cross Knurling sign
,	Minutes or Feet sign	M	Meter or Metric Thread sign
π	Pi = 3.1416 sign	cm	Centimeter sign
θ	Theta - Angle sign	mm	Millimeter sign
Ø, D	Fi-Diameter sign	SR	Radius of Sphere
R, r	Arc Radius sign	SØ	Diameter of Sphere sign
km	Kilometer sign	A	Ampere - Current
g	Gram sign	$R,\Omega$	Ohm – Resistance
Kg	Kilogram aign	V	Voltage sign

চিত্র৮.৩ জ্যামিতিক, মেটাল ও ইলেট্রিক্যাল সম্পর্কীর শিংল

# ত আর্কিটাক্সরাল বিশ্বক শিকল ঃ

Symbol	Name of Symbol	Symbol	Name of Symbol
	Interior Door		Casement Windows
	Raterior Door		Awning Window
	Swinging Door		Stairs
	Exterior Double Door		Horizontal Sliding Window
	Arched Opening		Sliding Window
<b>→</b> ^	Bifold Doors		Bay Window
	Accordisn- Fold		Fixed Window
	Sliding Doors		Fluorescent Light
	Pocket Door	- <del>-</del> -	Cailing Light
	Door Placement	-⊗-	Brit Light
	Bath	<del>-</del>	Lamp



চিত্র ৮.৪ আর্বিট-কচারাল বিষয়ক সিমল

# ক্রেনিকাল ইনিনিরাকি এব জারিভিক ও বেটাল দশ্লীর লিকল ঃ অবহানগর বৈশিটাপূর্ব টলারেলের জন্য নিকল ঃ

_	-		
		Straightness	
	3 4	Flatness	
	Seature.	Roundness; Circularity	0
5505		Cylindricity	A
Olenz	April 12	Profile of a line	0
Form Tolerances	Sept.	Profile of a surface	
2		Angularity	_
	Ī	Perpendicularity (Squareness)	1
		Parallelism	11
E 88	anue.	Position	-
Location Tolerances	Related Features	Concentricity	0
3 5 #	#	Symmetry	
Rumout Tols.		Circular	1/
€ ₽		Total	1
		SUPPLEMENTARY SYMBOLS	
MMC	Max	mum material condition	(9)
RFS	Regardless of feature size		(5)
DIA	Diam	neter	Ø

চিয়ে ৮,৪ বৈশিষ্ট্যপত টলানেকের সিমল

ইঞ্জিনিয়ারিং ড্রইং

# অনুশীলনী-৮

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী

- 🕽 । দ্রইং এর প্রতীক বলতে কী বোঝায় ?
- ২। দ্রইং এ Ø (ফাই) এর দ্বারা কী বোঝানো হয় ?
- ৩ ৷ M12 × P1.5 এর অর্থ কী ?
- ৪। দ্রইং এ R এর অর্থ লেখ।

#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। দ্রইং এ প্রতীক ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ২। ড্রইং এ প্রতীক ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলো লেখ।
- ৩। নামসহ বিভিন্ন প্রকার টেকনোলজির গুরুত্বপূর্ণ প্রতীক অঙ্কন কর।
- ৪। আর্কিটেকচারাল বিষয়ক গুরুত্বপূর্ণ সিম্বলগুলো অঙ্কন কর।

# ৯. জ্যামিতিক অংকন

#### Geometrical Drawing

৯.০ জ্যামিতি (Geometry) ঃ

জ্যা শব্দের অর্থ-ভূমি এবং মিতি শব্দের অর্থ-পরিমাপ অর্থাৎ জ্যামিতি শব্দের অর্থ ভূমির পরিমাপ। যে পুস্তকে ভূমির পরিমাপ সম্মন্ধে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অর্জনে যাবতীয় খুঁটিনাটি বিষয় অবগত হওয়া যায়, তাকে জ্যামিতি বলে।

৯.০.১ বিন্দু (Point) ঃ যার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা কিছুই নাই, ওধু অবস্থান আছে মাত্র, তাকে বিন্দু বলে।
যেমন ঃ চিত্র ৯.১ এ A একটি বিন্দু।

A -

চিত্র ১.১ বিন্দু

৯.০.২ রেখা (Line) ঃ যার দৈর্ঘ্য ও অবস্থান আছে, কিন্তু বিস্তার বা বেধ নাই, তাকে রেখা বলে । বা চলন্ত বিন্দুর পথকে রেখা বলে । যেমন ঃ চিত্র ৯.২ এ AB একটি রেখা ।

#### ১,০,৩ রেখার কয়েকটি প্রয়োজনীয় বৈশিষ্ট্য ঃ

- ১) দুইটি বিন্দুর মধ্য দিয়ে একটি এবং কেবলমাত্র একটি রেখা আঁকা যায়।
- ২) যে সকল বিন্দু একই সরল রেখায় অবস্থান করে তাদেরকে সমরেখ বিন্দু বলা হয়।
- একটি রেখাংশের দৈর্ঘ্যই তার প্রান্ত বিন্দৃষয়ের দরত।
- 8) রেখাংশের যে কোনো বিন্দুকে ঐ রেখাংশের অন্তঃস্থ বিন্দু বলা হয়।
- পূইটি রেখা একটির বেশি বিন্দুতে ছেদ করতে পারে না ।
- ৬) যদি দুইটি বিন্দু একই সমতলে অবস্থান করে তবে এদের সংযোজক সরলরেখা সম্পূর্ণভাবে ঐ একই তলে অবস্থান করে।


#### ৯.০.৪ রেখা দুই প্রকার। যথা ঃ

১) সরলরেখা

চিত্রে AB একটি সরলরেখা

২) বক্ররেখা

চিত্রে CD একটি বক্ররেখা



চিত্র ৯.৩ সরন্সরেখা ও বক্ররেখা

#### ১.০.৫ সমান্তরাল সরলরেখা (Parallel Straight Lines) ঃ


একই সমতলে অবস্থিত দুই বা ততোধিক সরলরেখা উভয়দিকে যতদূর ইচ্ছা বর্ধিত করলে যদি কখনো মিলিত না হয় অথবা তাদের ভিতর সমান দূরত্ব বন্ধায় রাখে, তবে এদেরকে সমান্তরাল সরলরেখা বলে। চিত্র ৯.৪ এ AB ও CD সমান্তরাল সরলরেখা।

Α	 В
C	 D

চিত্র ৯.৪ সমান্তরাল সরলরেখা

#### সরল রেখা বিভঙ্কিরণ (Srraight Line Divided) : 6.6 সরল রেখাকে সমহিখন্ডিত করন বা এর লম-হিখন্ডক অংকন ঃ

ধরি. AB সরল রেখাটির লম-দ্বিখন্ডক টানতে হবে। প্রথমে. এর প্রাম্ভ A ও B-কে কেন্দ্র এবং AB এর অর্ধ অপেক্ষা বৃহন্তর যে কোন মাপকে ব্যাসার্ধ নিয়ে উপর ও নিচের দিকে দুইটি ব্রু-চাপ অংকন করি। এরা পরস্পরকে C ও D বিন্দুতে ছেদ করণ। এখন C ও D কে একটি সরলরেখা ছারা বুক্ত করি। এটা AB-কে E বিন্দৃতে ছেদ করল। ফলে, AE = EB এবং CD, AB-এর উপর লম-হওয়ায় এটা AB এর লম-দ্বিখন্ডক অঙ্কিত হলো (চিত্র 1 (6.6.6




চিত্ৰ ৯.১.১ লম্-দ্বিখন্ডক

#### ⇒ সরল রেখাকে যে কোনো সমান অংশে বিভক্তিকরণ পদ্ধতি ঃ

মনে করি. AB সরলরেখাটিকে ছয়টি সমান অংশে বিভক্ত করতে হবে। প্রথমে. A

বিন্দতে AB-এর সাথে যে কোনো কোণে একটি সরলরেখা টানি এবং A হতে আরম্ভ করে এর উপ বে কোনো দৈর্ঘ্যকে ছয় বার নিয়ে বিভাগ-विन्मुश्रमित्क जन्न बाजा हिट्ल कति। शत्त, म्यायत 6 চিহ্নিত বিন্দু এবং B-কে সরলরেখা ঘারা যুক্ত করে যথাক্রমে 1, 2, 3, 4, 5, বিন্দু হতে 6-B রেখার সমান্তরালরূপে, AB পর্যন্ত 1-1', 2-2', 3-3' ইত্যাদি সরলরেখা টানি।

ফলে A-1'=1'-2'=2'-3' ইত্যাদি =  $\frac{AB}{6}$  অন্ধিত र्म (छ्यि ५.১.२)।



চিত্র ৯.১.২ সরদরেখাকে সমান অংশে বিভক্ত

#### ⇒ সরলরেখাকে নির্দিষ্ট অনুপাতে বিভক্তিকরণ পদ্ধতি ঃ


মনে করি. AB সরলরেখাটিকে 3: 5: 2 অনুপাতে বিভক্ত করতে হবে। প্রথমে. A বিন্দুতে AB-এর সাথে যে কোনো কোণে AC একটি সরলরেখা টানি। পরে, যেহেতু 3+5+2 =10. সুতরাং A হতে আরম্ভ করে এর উপর যে কোনো দৈর্ঘ্যকে দশ বার লই এবং বিভাগ বিন্দুগুলিকে অন্ধ দারা চিহ্নিত করি। এবার, 10, B-কে সরলরেখা ছারা যুক্ত করে এর সমান্ধরালরপে 3 এবং 8 চিহ্নিত বিন্দু হতে AB পর্যন্ত বখাক্রমে 3-D এবং 8-E সরলরেখা টানি। ফলে, AD, DE এবং EB-এর অনুপাত 3: 5: 2 অন্ধিত হলো

চিত্র ৯.১.৩ সরলরেখাকে নির্দিষ্ট অনুপাতে বিভক্তিকরণ

(চিত্র ৯.১.৩)।

#### ৯.২ কোণ খবেন (Angle Drawing) :


দুইটি সন্নগরেখা একই বিস্তৃতে মিলিত হলে কোণ উৎপত্ন হয়। যে বিস্তৃতে কোণ উৎপত্ন করে তাকে এর শীর্ষ বিন্দু বলে (চিন্ন ১.২.১)। চিন্নে  $\angle$  AOB একটি কোণ,OA ও OB এর বাহু এবং O এর শীর্ষবিন্দু।



#### সামিক কোণ (Adjacent Angle) ।

বদি কোনো তলে একই শীৰ্ষ বিস্তুতে এমন দুইটি কোণ উৎপত্ন হয়, বাদের একটি সাধারণ বাহু থাকে এবং কোণম্বর সাধারণ বাহুর বিপরীত গার্ষে অবস্থান করে, তবে কোণ


দুইটিকে সন্নিহিত কোপ বলা হয়। অথবা দুইটি কোনের একই শীর্ষ বিন্দু ও একটি সাধারণ বাহ্ থাকলে এবং কোপ দুইটি ঐ সাধারণ বাহ্র বিপরীত দিকে অবস্থিত হলে এদেরকে সন্নিহিত কোপ বলে। পার্শ্বে চিত্রে ∠BAC এবং ∠CAD দুইটি সন্নিহিত কোপ A ভাদের শীর্ষ বিন্দু এবং AC সাধারণ বাহ্। চিন্ন ১.২.২ D ∠BAC এবং ∠CAD সন্নিহিত কোপ।



চিত্ৰ ৯,২,২ সন্নিহিত কোণ

#### ➤ বিশ্ববীপ কোপ (Vertically Opposite Angle) ঃ

দুইটি সরদরেখা পরশ্বর হেদ করলে যে চারটি কোপ উৎপদ্ধ হর, তাদের একটিকে অপরটির বিশ্বতীপ কোপ বলে। পার্শের চিত্রে  $\angle \, {\rm COA} \,$  এবং  $\angle \, {\rm BOD} \,$  বিশ্বতীপ কোপ, এবং আবার  $\angle \, {\rm COB} \,$  এবং  $\angle \, {\rm AOD} \,$  বিশ্বতীপ কোপ ( চিত্র ৯.২.৩)।




চিত্ৰ ১.২.৩ বিশ্বতীপ কোণ

#### ➢ সমকেশি (Right Angle) :

ধ্বকটি সরলরেখা অপর একটি সরলরেখার উপর লকভাবে দুজারমান হলে বে দুইটি সন্নিহিত কোপ উৎপন্ন হয়, এবং মখাবতী লোগ বলি 90° হর, তবে ঐ কোপছরের প্রত্যেকটিকে সমকোপ (Right Angle) বলে। এবং ঐ সরল রেখাছরের প্রকটিকে অপরটির উপর লগ (Parpandicular) বলে। পালের চিন্ন ৯.২.৪ প্র ∠ADC = ∠ADB — এক সমকোণ এবং AD সরলরেখা

CB-এর উপর লগ এবং CB রেখা AD রেখার উপর লগ।




व्यि ३.२.३ नमस्कान

> चिष (Perpendiculer) :

একটি সরলরেখা অপর একটি সরলরেখার উপর দন্তায়মান হলে, বে দুইটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় এবং মধ্যবর্তী কোণ যদি 90° হয়, তা হলে ঐ সরল রেখাছয়ের একটিকে অপরটির উপর লম বলে। চিত্র ১.২.৫ এ AD রেখা CB রেখা এর উপর লম।

➢ সরব কোণ (Straight Angle) ঃ


দুই সমকোণের সমান কোণকে সরল কোণ বলে। চিত্র ১.২.৫ এ ∠ CAB =180°= দুই সমকোণ। ∠ CAB এক সরল কোণ।



চিত্র ৯.২.৫ সরল কোণ

> পুরক কোণ (Complement Angle) ঃ


দৃইটি কোপের সমষ্টি এক সমকোপের সমান হলে এদের একটিকে অপরটির প্রক কোপ বলে। চিত্র ১.২.৬ এ ∠AOC ও ∠COB = 90°= এক সমকোপ। অর্থাৎ একটি কোপ অপরটির প্রক কোপ।



চিত্র ১.২.৬ পুরক কোণ

> সম্পূরক কোণ (Supplement Angle) :


দুইটি কোণের সমষ্টি দুই সমকোণের সমান হলে, এদের একটিকে অপরটির সম্পূরক কোণ বলে। চিত্র ১.২.৭ এ  $\angle AOD + \angle DOB = 180^\circ =$ দুই সমকোণ অর্থাৎ একটি কোণ অপরটির সম্পূরক



চিত্ৰ ১.২.৭ সম্পূরক কোণ

> সৃদ্ধ কোপ (Acute Angle) ঃ


এক সমকোণ অপেকা ক্ষুদ্রতর কোণকে সৃষ্ণা কোণ বলে।
চিত্র ১.২.৮ এ ∠ POB একটি সৃষ্ণা কোণ।




চিত্র ৯.২.৮ সৃক্ষ্র কোণ

> ৰ্গ কোণ (Obtuse Angle) ঃ

এক সমকোপ অপেকা বৃহন্তর, কিছ দুই সমকোপ অপেকা ক্ষুদ্রতর কোণকে স্থাকোপ বলে। চিত্র ১.২.১ এ ∠AOB একটি স্থা কোণ।



➤ বৰুদ্দ কোৰ (Reflex or Entrant Angle) :




দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর, কিন্ত চার সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর কোণকৈ প্রবৃদ্ধ বা প্রত্যাবর্তী কোণ বলে। চিত্র ৯.২.১০ এ ∠AOB একটি প্রবৃদ্ধ কোণ।

চিত্ৰ ৯.২.১০ প্ৰবৃদ্ধ কোণ


#### ৯.৩ কোণ বিভক্তিকরণ (Angle Divided) ঃ

#### ➤ সরলরেখার উপরিছ নির্দিষ্ট বিন্দুতে 60° মাপের কোণ অন্ধন পদ্ধতি ঃ

প্রথমে, AB-এর উপরিস্থ নির্দিষ্ট বিন্দু O-কে কেন্দ্র এবং যে কোনো মাপকে ব্যাসার্থ নিয়ে একটি বৃস্ত-চাপ অংকন করি। এটা AB-কে C বিন্দুতে ছেদ করল। পরে, এই C-কে কেন্দ্র এবং পূর্বের মাপকেই ব্যাসার্থ নিয়ে আর একটি বৃস্ত-চাপ অংকন করি। এটা পূর্বের বৃস্ত-চাপটিকে D বিন্দুতে ছেদ করল। সরলরেখা ঘারা DO-কে যুক্ত করি। ফলে,  $\angle$ DOB কোণ  $60^\circ$  মাপে অন্ধিত হলো (চিত্র ৯.৩.২)।  $60^\circ$  সেট-ক্ষয়ারের সাহায্যেও এ কোণ সহজেই অংকন করা যেতে পারে (চিত্র ৯.৩.১)।



চিত্র ৯.৩.১ টি-স্কয়ারের উপর সেট স্কয়ার স্থাপন




চিত্ৰ ১.৩.২ 60° কোণ


#### নির্দিষ্ট কোণের সমান করে অন্যত্র কোণ অংকন ঃ

মনে করি, প্রদন্ত কোণ ABC (চিত্র ৯.৩.৩)। প্রথমে, এর B-কে কেন্দ্র এবং যে কোনো দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত- চাপ অন্ধন করি। এটা কোণটির বাহু দুইটিকে D ও E বিন্দৃতেছেদ করণ। সরলরেখা দ্বারা এদেরকে যুক্ত করি। এখন, পার্শ্বে PQ একটি সরলরেখা টেনে P-কে কেন্দ্র এবং পূর্বের ব্যাসার্ধকেই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত-চাপ অংকন করি। এই চাপ PQ রেখাকে R বিন্দৃতে ছেদ করণ। এবার, R-কে কেন্দ্র এবং DE সরলরেখার সমান

দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত-চাপ
অংকন করি। এই চাপ পূর্বের বৃত্ত
চাপটিকে S বিন্দতে ছেদ করল। P
ও S কে যুক্ত করে সরলরেখা
টানি। ফলে, ∠SPR কোণ অন্ধিত
হলো (চিত্র ৯.৩.৪) এর মান
∠ABC কোণের সমান (চিত্র ৯.৩.৩
ও ৯.৩.৪)।




চিত্ৰ ৯.৩.৩ কোণ অংকন



চিত্ৰ ৯.৩.৪ কোণ অংকন

#### কোণকে সমন্বিখনত করণ ঃ

ধরি, ABC কোণকে সমন্বিশক্তিত করতে হবে। প্রথমে, এর কোণ-বিন্দু B-কে কেন্দ্র এবং যে কোনো মাপকে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত-চাপ অংকন করি। এটা বাহু দুইটিকে D ও E = বিন্দতে ছেদ করল। পরে, বথাক্রমে এ দুইটি বিন্দুকে কেন্দ্র এবং DE এর অর্থ অপেক্ষা বৃহত্তর যে কোনো মাপকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃত্ত- চাপ অংকন করি। এরা পরম্পরকে যে O বিন্দতে ছেদ করল। এটা B-কে যুক্ত করে




সরলরেখা টানি। ফলে,  $\angle ABO = \angle CBO$  জঙ্কিত হলো (চিত্র ৯.৩.৫)। ঃ চিত্র ৯.৩.৫ কোণের সমন্বিখন্তক

#### কোণকে সমত্রিখন্তিতকরণ পদ্ধতি

ধরি, ABC কোণকে সমত্রিখন্তিত করতে হবে। প্রখমে, চিত্র ৯.৩.৫ এর নিয়মে এই কোণটিকে BO রেখা দ্বারা সমন্বিখন্তিত করি। এটা বৃত্ত-চাপ DE কে F বিন্দৃতে ছেদ করল। পরে, D, E কে সরলরেখা দ্বারা যুক্ত করে এর মধ্য-বিন্দু G-কে কেন্দ্র ও GD-কে ব্যাসার্ধ নিয়ে DE-

এর উপর একটি অর্থবৃত্ত অংকন করি। এটা BO রেখাকে H বিন্দৃতে ছেদ করল। এই অর্থবৃত্তটিকে এবার J ও K বিন্দৃর সাহায্যে সমান তিনটি অংশে বিভক্ত করি এরং DH-এর সমান করে FL কেটে লই। এখন, J, L ও K, L কে যুক্ত করে সরলরেখা টানি। এরা DFE বৃত্ত-চাপটিকে যথাক্রমে M ও N বিন্দতে ছেদ করল। B, M ও B,N-কে সরলরেখা ছারা যুক্ত করি। কলে, এ রেখা দুইটি প্রদন্ত ABC কোণটিকে সমিত্রিখন্তিত করল। অর্থাৎ  $\angle$ ABM =  $\angle$ M BN =  $\angle$ NBC =  $\frac{1}{3}$   $\angle$ ABC অঙ্কিত হলো (চিত্র ৯.৩.৬)।




চিত্র ১.৩.৬ কোণের সমত্রিখন্তিক

#### ১.৪ ত্রিভুজ অংকন (Triangle Drawing) ঃ

তিনটি সরলরেখা দারা সীমাবদ্ধ সমতল ক্ষেত্রকে ত্রিভুজ বলে। একটি ত্রিভুজের তিনটি বাছ ও তিনটি কোপ থাকে। চিত্র ৯.৪.১ এ ABC একটি ত্রিভুজ।

বিস্তুজ প্রধানত দুই প্রকার ঃ যথা- ১) বাহু তেদে বিভ্জ ২)
কোণ ভেদে বিভ্জ । বাহু ভেদে বিভ্জ তিন প্রকার ঃ যথা- ১)
সমবাহু বিভ্জ ২) সমন্বিবাহু বিভ্জ ৩) বিষম বাহু বিভ্জ ।
কোণ ভেদে বিভ্জ তিন প্রকার ঃ যথা- ১) সমকোণী বিভ্জ ২)
কুলকোণী বিভ্জ ৩) সুস্থাকোণী বিভ্জ




► সমবাহ জিতুক (Equialateral Triangle) :

বে ঝিতুন্তের তিনটি বাছ ও কোণ সমান, তাকে সমবান্থ ঝিতুক বলে। সমবান্থ চিত্র ৯.৪.১ সমবান্থ ঝিতুক ঝিতুকের প্রত্যেকটি কোণের পরিমাণ 60°। চিত্র ৯.৪.১ এ ABC একটি সমবান্থ ঝিতুক।

► সম্বিবাহ বিভুজ (Isosceles Triangle) :


যে ত্রিভুজের দুইটি বাহু ও দুইটি কোণ সমান, ভাকে সমহিবাছ ত্রিভুজ বলে। চিত্র ১.৪.২ এ ABC একটি সমহিবাছ ত্রিভুজ।



চিত্ৰ ১.৪.২ সম্বিবাহ ত্ৰিভুজ

► বিষম বাহ শ্রিহুজ (Scalene Triangle) :


ষে ত্রিভুজের তিনটি বাহু ও তিনটি কোণ পরস্পর অসমান, তাকে বিষম বাহু ত্রিভুজ বলে। চিত্র ১.৪.৩ এ ABC একটি বিষম বাহু ত্রিভুজ।



চিত্ৰ ৯.৪.৩ বিষম বাছ ত্ৰিভুজ

সমকোণী জিত্তুক (Right Angle Triangle) ঃ

বে বিভূজের একটি কোণ এক সমকোণ বা 90° তাকে সমকোণী বিভূজ বলে। চিত্র ৯.৪.৪ এ ABC একটি সমকোণী বিভূজ। বিভূজের ∠ABC কোণ সমকোণ। প্রয়োগঃ সেট-ক্ষয়ারের একটি সমকোণী বিভূজ।




চিত্ৰ ৯.৪.৪ সমকোণী ত্ৰিভুজ

- ▶ অতিকৃষ্ণ (Hyprotriuse) ঃ সমকোণী ত্রিভুঞ্জের সমকোণের বিপরীত বাহুকে
  অতিভূজ বলে। চিত্র ১.৪.৪ এ ABC একটি সমকোণী ত্রিভুজে AC বাহু অতিভূজ।
  সমকোণী ত্রিভুজের বৈশিষ্ট্য সমূহ ঃ
  - ১) এর একটি কোণ এক সমকোণ বা 90°
  - ২) এর অভিভূজের বর্গ = অপর দুই বাহর বর্গের সমষ্টির সমান।
  - ৩) এর ভূমির বর্গ = অভিভূজের বর্গ লম্বের বর্গ ।
  - ৪) এর লম্বের বর্গ = অভিভুজ্জের বর্গ ভূমির বর্গ।

# 🕨 ब्लद्कांनी विक्ष (Obtux Angle Triangle) :

বে ত্রিভ্জের একটি কোণ স্থাকোণ অর্থাৎ যে


ত্রিভ্জের একটি কোণ ৯০° অপেক্ষা বড় । ভাকে
স্থাকোণী ত্রিভ্জ বলে। এ ত্রিভ্জে ∠ABC কোণ ৯০°
অপেক্ষা বড়। এ ABC একটি স্থাকোণী ত্রিভ্জ (চিত্র
৯.৪.৫)।



চিত্ৰ ১.৪.৫ ছুগকোপী ত্ৰিভুঞ্

# স্ম্বোণী নিত্স (Acute Angle Triangle) :


বে ত্রিভ্জের একটি কোণ সৃহ্মকোণ অর্থাৎ বে ত্রিভ্জের একটি কোণ ৯০° অপেকা ছোট। তাকে সৃহ্মকোণী ত্রিভ্জ বলে। এ ত্রিভ্জে ∠ABC কোণ ৯০° অপেক্ষা ছোট। চিত্র ৯.৪.৬ এ ABC একটি সৃহ্মকোণী ত্রিভ্জ।



চিত্ৰ ১.৪.৬ সৃচ্ছাকোণী ত্ৰিভুজ

- ▶ बिकुज जर्दन (Triangle) :
- সমবাহ মিতৃমের ভিডরের বারু তিনটিকে স্পর্শ করিয়া সমবাহ মিতৃমে অংকন ঃ


প্রথমে প্রদন্ত সমবাছ ত্রিভুজ ABC এর কোপ তিনটিকে সমবিপতিত করি। সমবিপতক বাহ তিনটিকে D, E ও F বিন্দুতে ছেদ করল। পরে, D-E, E-F, F-D সরল রেখা দারা যুক্ত করি। ফলে, DEF অঙ্কনীয় ত্রিভুজ হলো (চিত্র ৯.৪.৭)।



চিত্র ১.৪.৭ সমবাহ ত্রিভুজের ভিতরের সমবাহ ত্রিভুজ

# সমবাহ ত্রিভুজের তিভরে সুষম বড়ভুজ অংকন পদ্ধতি ঃ


প্রথমে, প্রদত্ত সমবাহ ত্রিভুক্ত ABC এর বাহ তিনটিকে সমত্রিখন্তিত (Trisect) করি। ছেদ-বিন্দু যথাক্রমে D,E,F,G,H,I অংকিত হলো। পরে, E-F, G-H, I-D কে সরলরেখা দ্বারা যুক্ত করি। ফলে, DEFGHI অংকনীর ষড়ভুক্ত হলো (চিত্র ১.৪.৮)।



চিত্র ৯.৪.৮ সমবাহু ত্রিভুজের ভিতরে সুষম বড়ভুজ

#### বর্গকেত্রকে স্পর্শ করিয়া বাহিরে সমবাহু ত্রিভুজ অংকন পদ্ধতি ঃ

প্রথমে, প্রদন্ত বর্গক্ষেত্র ABCD এর কোণ-বিন্দু Aও B কে কেন্দ্র এবং বাহ AB কে ব্যাসার্থ নিয়ে উপরের দিকে দুইটি বৃত্ত চাপ অংকন করি। এরা পরস্পরকে E বিন্দুতে ছেদ করল। পরে, E, A এবং E, B-কে সরলরেখা ঘারা যুক্ত করে নিচের দিকে বর্ধিত করি। DC কেও বাম ও ডান দিকে বর্ধিত করি। এ বর্ধিত রেখাগুলো পরস্পর F ও G বিন্দুতে পরস্পরকে F ও G ছেদ করল। ফলে, EFG অংকনীয় সমবাছ ত্রিভুক্ত হলো (চিত্র ১.৪.৯)।




চিত্র ৯.৪.৯ বর্গক্ষেত্রের বাহিরে সমবাহু ত্রিভুজ

# ১.৫ চড়ুর্ছ অংকন (Quadrilateral Drawing):

চারটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ সমতল ক্ষেত্রকে চতুর্ভুক্ত বলে। অথবা চার বাহু বিশিষ্ট আবদ্ধ বহুভুক্তকে চতুর্ভুক্ত বলে। চিত্র ৯.৫.১ এ ABCD একটি চতুর্ভুক্ত।


#### 🔷 र्क्न (Diagonal) :

চতুর্জের বিপরীত কৌণিক বিন্দুদ্যের সংযোজক সরলরেখাকে কর্ণ বলে। একটি চতুর্ভুজের দুইটি কর্ণ আঁকা যায়। চিত্র ৯.৫.১ এ AC ও BD দুইটি কর্ণ।



# 🕸 वर्गत्कव (Squair) :

ষে চতুর্ভূজের চারটি বাহুর পরস্পর সমান এবং কোণগুলি প্রত্যেকটি সমকোণ, তাকে বর্গক্ষেত্র বলে। চিত্র ৯.৫.২ এ ABCD একটি বর্গক্ষেত্র।




#### কর্তেও বৈশিষ্ট্যসমূহ ঃ

- ১) এর চারটি বাহু পরস্পর সমান।
- ২) এর প্রত্যেকটি কোণ সমকোণ।
- ৩) এর কর্ণ দুইটি পরস্পর সমান।
- 8) এর চার কোণের সমষ্টি 360° ।
- ৬) এর ক্ষেত্রফল = বাহ × বাহ।
- ৭) এর পরিসীমা = 4 × এক বাহুর দৈর্ঘ্য।
- ৮) এর অপর নাম সুষম চতুর্ভুজ।
- ৯) এর কর্ণ দুইটি পরস্পরকে সমিধিখন্তিত করে।
- e) এর কোণগুলো সমকোণ না হলে রম্বস হয়। ১o) এর দুই জোড়া বাস্থ সমান্তরাল।

र्वर् ইছিনিয়ারিং ড্রইং

#### রম্প (Rahombus) ঃ

যে চতুর্ভুন্ধের বিপরীত বাহুগুলো সমান্তরাল, চারটি বাহুর দৈর্ঘ্য প্রত্যেকটি সমান এবং বিপরীত কোণদ্বয় ও সমান, তাকে রম্বস বলে। চিত্র ৯.৫.৩ এ ABCD একটি त्रस्भ।




চিত্র ৯.৫.৩ রম্বস

#### রমসের বৈশিষ্ট্যসমূহ ঃ

- এর চারটি বাছ পরস্পর সমান ।
- **২) এর কোণ একটিও সমকোণ ন**য়। **৩) এর কর্ণ দুইটি পরস্পর অস**মান।
- 8) এর চার কোণের সমষ্টি 360°।
- ৬) এর পরিসীমা = 4 × এক বাহর দৈর্ঘ্য।
- ৭) এর ক্ষেত্রফল = 2 কর্ণের শুণফলের অর্ধেক।
- b) এর কর্ণ দুইটি পরস্পরকে সমদ্<del>বিখণ্ডিত</del> করে।
- এর বিপরীত কোণছয় পরস্পর সমান।
- ৫) এর কর্ণ দুইটি সমান হলে বর্গ হয়। ১০) এর দুই জোড়া বাহু সমান্তরাল।

#### 🔷 ভারতক্ষেব (Rectangle) ঃ

যে চতুর্ভূচ্চের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমন্তরাল এবং চারটি কোণ সমকোণ থাকে, তাকে আয়তক্ষেত্র বলে। চিত্র ৯.৫.৪ এ ABCD একটি আয়তক্ষেত্র।




চিত্ৰ ৯.৫.৪ আয়তক্ষেত্ৰ

# আয়তক্ষেত্রের বৈশিষ্ট্যসমূহ ঃ

- এর বিপরীত বাহুষুগল পরস্পর সমান।
- এর প্রত্যেকটি কোণ সমকোণ।
- ৩) এর কর্ণ দুইটি পরস্পর সমান।
- 8) এর চারটি কোণের সমষ্টি 360°।
- ৫) এর ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ ।
- ৬) এর পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)।
- ৭) এর দুইটি কর্ণ অসমান হলে সামান্তরিক হয়।
- **৮)** এর কর্ণ পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। এর দুই জোড়া বাহু পরস্পর সমান্তরাল।

#### সামন্তরিক (Parallelogram) ঃ

চতুর্ভুচ্জের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমাম্ভরাল এবং বিপরীত কোণদ্বয় সমান **থাকে, তাকে সামন্ত**রিক ব**লে**। চিত্র ৯.৫.৫ এ ABCD একটি সামস্তরিক।




চিত্র ৯.৫.৫ সামন্তরিক

# সামস্তরিকের বৈশিষ্ট্যসমূহ ঃ

- এর বিপরীত বাহুযুগল পরস্পর সমান।
- ২) এর একটি কোণও সমকোণ নয়।
- **৩)** এর চার কোণের সমষ্টি 360°।
- 8) এর ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা।
- ৫) এর পরিসীমা = 2 (ভূমি × উচ্চতা)
- এর কর্ণ দৃইটি অসমান হলে আয়তক্ষেত্র হয়।
- ৭) এর দৃই জোড়া বাহু সমান্তরাল ।
- **৮) এর কর্ণ পরস্পর পরস্পরকে দ্বিখন্তিত করে**।

# 🔷 ট্ৰাণিজিয়াম (Trapizium) :

ষে চতুর্জুজের কেবল বিপরীত দুইটি বাছ্
সমাজ্বাল এবং অন্য দুইটি বাছ্ সমাজ্বাল নয়, তাকে
ট্রাপিজিয়াম বলে। চিত্র ১.৫.৬ এ ABCD একটি ট্রাপিজিয়াম।




#### চিত্র ৯.৫.৬ ট্রাপিজিয়াম ট্রাপিজিয়ামের বৈশিট্যসমূহ ঃ

- ১) এর চার কোপের সমটি 360°। 🗷 ৫) এর পরিসীমা = 4 বাছর যোগকন।
- ২) এর দুইটি ডির্বক বাহু থাকে । ৬) এর ক্ষেত্রফল = সমান্তরাল বাহুধয়ের সমটি×উচ্চতা।
- ৩) এর এক জোড়া বাহু পরস্পর সমান্তরাল। ৭) এর প্রহেট্রকটি কোণ অনির্দিষ্ট।
- ৪) এর তির্যক বাছ দুইটি পরস্পর সমান হলে একে সমন্বিবাছ ট্রাপিঞ্জিয়াম বলা হয় ।


# ठकुर्जुक चरकम :

#### নিৰ্দিষ্ট সৰলবেশাকে ভূমিয়ণে বৰ্ণক্ষেত্ৰ অক্স ঃ

ক) প্রথমে, নির্দিষ্ট সরলরেখা AB-এর A বিন্দৃতে একটি লয় টানি এবং এর উপর AB এর সমান করে AC দৈর্ঘ্য লই। পরে বধাজমে B ও C-কে কেন্দ্র এবং AB-এর দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অংকন করি। এরা পরস্পরকে D বিন্দৃতে ছেদ করল। C,D-কে এবং D,B-কে সরলরেখা ঘারা মুক্ত করি। কলে, ABDC বর্গক্তের অংকিত হলো (চিত্র ৯.৫.৭)।




विव ७.८.९ वर्गस्य



विव ३.६.৮ वर्गएकव

## খ) বিকল্প প্রণালি ঃ সেট-ক্রার এবং টি-ক্রারের সাহায্যে বর্গকের অংকন -

প্রথমে, টি-ক্ষরারের সাথে সেট-ক্ষরারকে মিশিরে প্রদন্ত AB রেখার দুই প্রান্তে যথাক্রমে AB ও BF দুইটি লঘ টানি। পরে, 45° সেট-ক্ষরারের সাহায্যে এই A ও B-তে 45° কোপে, সরলরেখা টেনে BF-কে C বিন্দুতে এবং AE-কে D বিন্দুতে ক্লে ক্রাই। D,C-কে সরলরেখা হারা যুক্ত করি। কলে, ABCD বর্গক্ষেত্র অঞ্চিত হলো (চিত্র ১.৫.৮)।



চিত্র ৯.৫.৯ বৃজ্জের ভিতরে বর্ণক্ষেত্র


रेक्किनिशांतिर फ्रावेर १

- কৃষ্ণের ভিতরে ও বাহিরে চতুর্ভুজ অংকন ঃ
- কু বৃষ্ণের পরিধিকে স্পর্শ করিয়ে ভিতরে বর্গক্ষেত্র অঙ্কন পদ্ধতি ঃ

প্রথমে, বৃস্তটির কেন্দ্র O বিন্দুতে পরস্পরকে এক সমকোণে ছেদ করিয়ে এবং AB এবং CD দুইটি ব্যাস-রেখা টানি। পরে A-C, C-B, B-D এবং D-A-কে সরলরেখা দারা যুক্ত করি। ফলে, ACBD বর্গন্ধেত্র অন্ধিত হলো (চিত্র ৯.৫.৯)।

#### কৃষ্ণের পরিথিকে স্পর্শ করিয়ে বাহিয়ে বর্গক্ষেত্র অন্ধন ঃ

প্রথমে, বৃস্তটির কেন্দ্র O বিন্দুতে পরস্পরকে এক সমকোণে ছেদ করে AB ও CD দুইটি ব্যাস-রেখা টানি। পরে, বথাক্রমে, C ও D বিন্দুর মধ্য দিয়ে AB-এর সমান্তরালরপে এবং A ও B বিন্দুর মধ্য দিয়ে CD-এর সমান্তরালরপে চারটি সরল রেখা টানি। এই রেখা কয়টি পরস্পরকে E,F,G,H বিন্দুতে ছেদ করলো। ফলে, E,F.G,H বর্গক্ষেত্র অন্ধিত হলো (চিত্র ৯.৫.১০)।




চিত্র ৯.৫.১০ বৃত্তের বাহিরে বর্গক্ষেত্র

#### ১.৬ वर्ष्ट्य पर्वन (त्रुवम नंकपूछ - Regular Pentagon) ह

পাঁচটি সমান সরলরেখা ঘারা সীমাবদ্ধ ক্ষেত্রকে সুষম পদ্ধভূজ বলে। কোনের পরিমাণ নির্ণয় করাার সূত্র  $\mathbf{2} \cdot \mathbf{2} \cdot \mathbf{X} - \mathbf{4} \cdot \mathbf{X} = \mathbf{108}^\circ \cdot \mathbf{108}^\circ$ 


প্ররোগ ঃ রিভনভিং ত্ইল চেরার এর ত্ইল সুষম পঞ্চত্ত আকৃতিতে বসানো হয়। বিভিং এর কলাম সুষম পঞ্চত্ত আকৃতিতে তৈরি করা হর। আর্কিটেই ডিছাইনে সুষম পঞ্চত্ত ব্যবহৃত হয়।



চিত্র ৯.৬.১ সুবম পঞ্চভুজ

#### ★ সুৰম ৰড়ভুজ (Regular Hexagon) ঃ


যে বহুভূজের ছয়টি বাহু ও কোণ পরস্পর সমান, তাকে সুষম বড়ভূজ বলে। এর প্রত্যেকটি কোনের পরিমাণ  $120^\circ$ । চিত্র ৯.৬.২ এ ABCDEF একটি সুষম বড়ভূজ। কোনের পরিমাণ নির্ণয় করারে সূত্র ঃ  $[2\times X-4]\times 90^\circ\div 6=120^\circ$ । এখানে X= বাহুর সংখ্যা। এর প্রক্যেকটি কোনের পরিমাণ  $120^\circ$ । প্রয়োগ ঃ হেরাপোনাল নাট ও বোল্টের মাখা সুষম বড়ভূজ আকৃতিতে তৈরি হর । বিভিং এর কলাম সুষম বড়ভূজ আকৃতির হয়। আর্কিটেট ডিজাইনে সুষম বড়ভূজ ব্যবহৃত হয়। চিত্র ৯



চিত্ৰ ৯.৬.২ সুষম ষড়ভুজ

# ★ সূৰ্ম षडेकुक (Regular Octagon) :

যে বহুভূজের ৮টি বাহু ও ৮টি কোণ সমান, তাকে সুষম অইভূজ বলে। অথবা আটটি সমান সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে সুষম অইভূজ বলে। এর প্রত্যেকটি কোণের পরিমাণ 135°। চিত্র ১.৬.৩ এ ABCDEFGH একটি সুষম অইভূজ। প্রয়োগঃ বিভিং এর ক্লাম ও মসজিদের ক্লাম সুষম অইভূজ আকৃতি হয়। আর্কিটেই ডিজাইনে সুষম অইভূজ ব্যবহৃত হয়।




চিত্ৰ ৯.৬.৩ সুষম অষ্টভুজ

#### ★ বহুভুজ অংকন 8

# ★ নির্দিষ্ট সরলরেখাকে ভ্মিরূপে সুষম পঞ্চভুজ অন্ধন ঃ

ক) প্রথমে, নির্দিষ্ট সরলরেখা AB-এর B-বিন্দৃতে একটি লম্ব টানি। পরে, B-কে কেন্দ্র এবং AB-কে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত-চাপ অঙ্কন করি। এটা লম্বটিকে C বিন্দৃতে ছেদ করল। AB-কে D বিন্দৃতে সমন্বিখণ্ডিত করে D,C -কে সরলরেখা নারা যুক্ত করি। এবার, D-কে কেন্দ্র

এবং DC-কে নিয়ে ব্যাসার্থ একটি বৃত্ত-চাপ অঙ্কন করি। এই চাপ বর্ষিত AB-কে E বিন্দুতে ছেদ করল। এখন, যথাক্রমে A ও B-কে কেন্দ্র এবং AE-কে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অঙ্কন করি। এই চাপ দুইটি পরস্পরকে F বিন্দুতে ছেদ করল। পুনরায়, A, B ও F-কে কেন্দ্র এবং AB দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে চারটি বৃত্ত- চাপ অংকন করি। এই চাপ কয়টি পরস্পরকে G ও H বিন্দুতে ছেদ করল। A-G, G-F, F- H এবং A-B-কে সরলরেখা ছারা যুক্ত করি। ফলে, ABHFG পঞ্চভুজ অঙ্কিত হলো (চিত্র ১.৬.৪)।



চিত্ৰ ৯.৬.৪ পঞ্চস্থল

# ★ নির্দিষ্ট সরল রেখাকে ভূমিরূপে সুষম বহুভূজ অন্ধন ঃ

প্রথমে, প্রদন্ত AB-রেখাকে C পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন CA = AB হয়। এখন, A-কে কেন্দ্র এবং AB-কে ব্যাসার্থ নিয়ে CB এর উপর একটি অর্থ-বৃত্ত অংকন করি এবং অর্থ-বৃত্তকে সমান পাঁচটি ভাগে ভাগ করি। (যেহেতু এটি পঞ্চভুজ)। বিভাগ-বিন্দু কয়টিতে C হতে আরম্ভ করে,1,2,3,4 ইত্যাদি অঙ্ক-চিহ্ন দিই। এবং 2, A-কে সরলরেখা ঘারা যুক্ত করি। এবং 2, A, B এই বিন্দু তিনটির মধ্য দিয়ে চিত্র ৯.৬.৫ এর পদ্ধতিতে একটি বৃত্ত অংকন করি। এখন, 2 ও B-কে কেন্দ্র এবং AB সমান দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে অঙ্কিত বৃত্ত-চাপ ঘারা একে ছেদ করাই এবং ছেদ-বিন্দু দুইটিকে ক্রমান্থরে সরল

E A B


রেখা ঘারা যুক্ত করি। ফলে, বহুতুজ বা পঞ্চতুজ অন্ধিত হলো (চিত্র ১.৬.৫)। চিত্র ১.৬.৫ সুষম বহুতুজ

ইঞ্জিনিয়ারিং দ্রইং

#### ★ বৃত্তের পরিধিকে স্পর্শ করিয়ে বাইরে সৃষম পঋভুজ অঙ্কন ঃ

প্রথমে, প্রোট্রাকটরের (চাঁদা) সাহায্যে বৃত্তটির কেন্দ্র O-তে 72° কোণ অংকন করে অথবা পুন পুন চেষ্টা দ্বারা বৃত্তের পরিধিকে পাঁচটি সমান অংশে বিভক্ত করি এবং এই বিভাগভলোকে 1,2,3,4,5 অঙ্ক দ্বারা চিহ্নিত করি। পরে, O হতে এই অঙ্ক-চিহ্নিত বিন্দুগুলোর মধ্য দিয়ে সরলরেখা

টানি এবং এদেরকে বর্ধিত করি। এখন, 5,1-কে সরলরেখা 
দারা যুক্ত করে এর সমান্তরাল এবং বৃত্তের স্পর্শকরূপে 
একটি সরলরেখা টানি। এটি বর্ধিত O5 এবং O1 রেখাকে 
যথাক্রমে A এবং B বিন্দৃতে ছেদ করল। এখন, B-কে 
কেন্দ্র এবং BA-এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত-চাপ 
অংকন করি। এটি বর্ধিত O2 রেখাকে C বিন্দৃতে ছেদ 
করলো। B,C-কে সরলরেখা দারা যুক্ত করি। এটি বৃত্তটির 
স্পর্শক অঙ্কিত হলো। এভাবে, C ও A-কে কেন্দ্র এবং ঐ 
একই ব্যাসার্ধ নিয়ে আরও দুইটি বৃত্ত-চাপ অঙ্কন করি। এটি 
বর্ধিত O3 এবং O4 রেখাকে যাথাক্রমে D এবং E বিন্দৃতে 
ছেদ করলো। C-D, E-D এবং A-E কে সরল রেখা দারা যুক্ত 
করি। ফলে, ABCDE সুষম পঞ্চভুক্ত অঙ্কিত হলো (চিত্র ১.৬.৬)।




চিত্ৰ ৯.৬.৬ সুষম পঞ্চভুচ্ছ

# ★ বৃত্তের পরিধিকে স্পর্শ করিয়ে ভিতরে সুষম বহুভুজ অন্ধন ঃ

প্রথমে, বৃদ্ধতির কেন্দ্র O থেকে OA একটি লম্ব ব্যাসার্থ টানি। পরে, A-তে OA-এর সাথে এক সমকোণে (অর্থাৎ A-থেকে বৃদ্ধতির স্পর্শকরূপে) BC একটি সরলরেখা অংকন করি। এখন, A-কে কেন্দ্র এবং AO-কে ব্যাসার্থ নিয়ে একটি অর্থ-বৃদ্ধ অন্ধন করি। এই অর্থ-বৃদ্ধতি BC রেখাকে B ও C বিন্দৃতে ছেদ করল। এখন, বহুভুজাটিকে বে কয়টি বাহু বিশিষ্ট রূপে অংকন করতে হবে, অর্থ-বৃদ্ধটিকে ঐ কয়টি বাহুর সমান অংশে বিভক্ত করি। ধরি, এক্ষেত্রে বহুভূজাটিকে পঞ্চভুজ রূপে অংকন করা হবে। স্তরাং বারবার চেষ্টা করে (By Trial) অথবা A-তে 180° ÷ 5 = 36° মাপের কোণ উৎপন্ন করে অর্থ-বৃদ্ধটিকে সমান পাঁচটি অংশে বিভক্ত করি। বিভাগ চিহ্নপ্রলিকে 1,2,3,4,5 অঙ্ক দিয়ে চিহ্নিত করে এবং A থেকে এ চিহ্নপ্রলোর প্রত্যেকটির মধ্যে দিয়ে বৃত্তের পরিধি পর্যন্ত সরলরেখা টানি।

মনে করি, এরা পরিধিকে D,E,F ও G বিন্দৃতে ছেদ করল। এখন, A-D, D-E, E-F, F-G

এবং G-A-কে সরলরেখা দিয়ে যুক্ত
করি। ফলে, ADEFG বহুভুজ
(এক্ষেত্রে পঞ্চভুজ) অঙ্কিত হলো (চিত্র
৯.৬.৭)। অর্ধ-বৃত্ত অঙ্কন না করে
360°-কে ভুজ সংখ্যা দিয়ে ভাগ করলে
যত হয় ঐ পরিমাণ কোণ কেন্দ্রে অংকন
করেও বহুভুজ অংকন করা যেতে
পারে (চিত্র ৯.৬.৮)।




চিত্র ৯.৬.৭ ও চিত্র ৯.৬.৮ বৃত্তের ভিতরে সুবম বহুভুঞ্জ অংকন

#### ★ বিকল পদ্ধতি ঃ


মনে করি, বৃত্তটির কেন্দ্র O এবং এর ব্যাস AB। প্রথমে, এই AB-কে বহুভুজের বাহুর সমান সংখ্যক অংশে বিভক্ত করি। এখানে, পঞ্চভুজ অংকন করা হবে বলে AB- কে পাঁচটি সমান অংশে বিভক্ত করি এবং অংক-চিহ্ন দিই। পরে, যথাক্রমে A ও B-কে কেন্দ্র এবং AB-কে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তাংশ অংকন করি। এরা পরস্পরকে C বিন্দুতে ছেদ করলো। এবার, C বিন্দু হতে AB-এর উপরিস্থ বিভাগ-বিন্দুর মধ্য দিয়ে (বহুভুজটিকে যত সংখ্যক বাহু বিশিষ্ট করি না কেনো) সরলরেখা টেনে বৃত্তের পরিধিকে D বিন্দুতে ছেদ করাই। A, D-কে সরলরেখা ঘারা যুক্ত করি। এখন, D হতে আরম্ভ করে AD দৈর্ঘ্য নিয়ে বৃত্তটির উপর B, F, G বিন্দুর মাধ্যমে (এখানে পঞ্চভুজ বঙ্গে) তিনবার কেটে লই। A-D, D-E, E-F, F-G ও G-A-কে সরলরেখা ঘারা যুক্ত করি। ফলে, ADEFG বহুভুজ বা পঞ্চভুজ অন্ধিত হলো (চিত্র ৯.৬.৮)।

#### 🛨 ব্রন্তের পরিধিকে স্পর্শ করিরে ভিভরে সুব্ম বড়ভুজ অন্ধন পদ্ধতি ঃ

প্রথমে, কেন্দ্র O-এর মধ্য দিয়ে AB একটি ব্যাস-রেখা টানি। ষড়ভুচ্জের দুইটি বিপরীত বাহুকে অনুভূমিক ভাবে রাখতে হলে, AB-কে অনুভূমিক (চিত্র ৯.৬.৯) এবং এদেরকে লম্বভাবে রাখতে হলে AB-কে লম্বভাবে (চিত্র ৯.৬.১০) লই। পরে, চিত্র ৯.৬.৯ এ শিখিত পদ্ধতি অনুসরণ করে ষড়ভুজটি অংকন করি।




চিত্র ৯.৬.৯ বৃত্তের ভিতরে সুষম বড়ভুঞ্জ



চিত্র ৯.৬.১০ বৃত্তের ভিতরে সুষম ষড়ভুঞ্চ

#### ★ নির্দিষ্ট দৈর্ঘ্যের বাহ বিশিষ্ট সুষম ষড়ভুজ অহন ঃ

প্রথমে, একটি সরল রেখা টেনে এর উপর O একটি
বিন্দু লই। পরে, O-কে কেন্দ্র এবং প্রদন্ত বাহুর দৈর্ঘ্য 'a'
কে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি। এটি
সরলরেখাটিকে A ও B বিন্দুতে ছেদ করল। পরে,
যথাক্রমে A ও B-কে কেন্দ্র এবং ঐ 'a'কেই ব্যাসার্থ নিয়ে
AB এর উপরের এবং নিচের দিকে বৃত্তটিকে যথাক্রমে C,
D, E, F বিন্দুতে ছেদ করিয়ে চারটি বৃত্ত-চাপ অঙ্কন করি।
এখন, A-C, C-E, E-B, B-F, F-D এবং D-A কে
সরলরেখা ছারা যুক্ত করি। ফলে, ADFBEC বড়ভুজ
অংকিত হলো (চিত্র ৯.৬.১১)।




চিত্র ৯.৬.১১ সুষম ষড়ভুজ

## ★ निर्मिष्ठ সরলরেখাকে ভূমিরপে সুষম বড়ভুজ অয়न ঃ

প্রথমে, নির্দিষ্ট সরলরেখা AB ও এর A ও B-কে কেন্দ্র এবং AB-কে ব্যাসার্থ নিরে দুইটি

বৃত্তচাপ অংকন করি। এরা পরস্পরকে O বিন্দুতে ছেদ করল। পরে, এই O- কে কেন্দ্র এবং AB-এর সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। পুনরায়, যথাক্রমে A ও B-কে কেন্দ্র এবং ঐ AB-এর সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অংকন করি। এই চাপ দুইটি বৃত্তটিকে যথাক্রমে C ও D বিন্দুতে ছেদ c. করল। এবার, যথাক্রমে C ও D কে কেন্দ্র এবং ঐ AB-এর সমান দৈর্ঘ্যকেই ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অংকন করি। এরা বৃত্তটিকে E ও F বিন্দুতে ছেদ করল। এখন, A-C, C-E, E-F, F-D এবং D-B কে সরলরেখা দ্বারা যুক্ত করি। ফলে, ABDFEC ষড়ভুক্ত অঞ্চিত হলো (চিত্র ৯.৬.১২)।




চিত্ৰ ৯.৬.১২ সুষম ষড়ভুজ

#### 🛨 দুইটি বিপরীত বাহর দুরতু মাপ দেওরা থাকলে, তাদের বারা সুষম ষড়ভুজ অবন ঃ

প্রথম, পরস্পরকে এক সমকোণে এবং O বিন্দৃতে ছেদ করিয়ে PQ এবং RS দুইটি সরদরেখা টানি। পরে, O-কে কেন্দ্র এবং প্রদন্ত দুইটি বিপরীত বাহুর দূরত্ব অর্থাৎ 'a' এর অর্থকে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। এ বৃত্তটি RS রেখাকে T ও U বিন্দৃতে ছেদ করল। T ও U এর মধ্য দিয়ে

এবং PQ-এর সমান্তরাশরণে যথাক্রমে RL এবং MN দুইটি সরলরেখা টানি। এবার, RS রেখার উভয় দিকে MN রেখার সাথে 60° কোলে অথবা বৃত্তটির স্পর্শকরূপে দুইটি সরলরেখা টানি। এ রেখা দুইটি MN রেখাকে চিত্র যথাক্রমে A ও B বিন্দৃতে এবং PQ রেখাকে C ও D বিন্দৃতে ছেদ করল।

এখন, PQ-এর উপরিস্থ C এবং D বিন্দৃতে CD রেখার সাথে 60° কোণে অথবা বৃত্তটির স্পর্শকরূপে দুইটি সরলরেখা টানি। এরা RL রেখাকে যথাক্রমে E ও F বিন্দৃতে হেদ করল। ফলে, CABDFE বড়ভুজ অন্ধিত হলো (চিত্র ৯.৬.১৩)।




৯.৬.১৩ সুষম বড়ভুজ

## ★ নির্দিষ্ট সরলরেখাকে ভ্রমিরূপে সুষম অউত্ত অঙ্কন ঃ

প্রথমে, নির্দিষ্ট সরলরেখা AB-এর A ও B প্রান্ত-বিন্দুতে দুইটি লঘ টানি। পরে, AB-কে উভয় দিকে বর্ধিত করিয়ে বাইরের দিকে সমকোণ দুইটিকে সমিষ্টিভিত করে রেখা টানি। এখন, A ও B-কে কেন্দ্র এবং AB-এর সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অঙ্কন করি। এই চাপ দুইটি পূর্বের বিখন্তক রেখা দুইটিকে E ও F বিন্দৃতে ছেদ করল। পূনরার, A ও B-কে কেন্দ্র এবং EF-এর সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অংকন করি।

এরা পূর্বোক্ত লম দুইটিকে C ও D বিন্দুতে ছেদ করল। C, D-কে সরলরেখা দারা মুক্ত করি। এবার, যথাক্রমে C ও B এবং D ও F-কে কেন্দ্র এবং AB এর সমান দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অংকন করি। এরা পরস্পারকে G ও H বিন্দুতে ছেদ করল। C-G, G-E, D-H এবং H-F-কে সরলরেখা দারা মুক্ত করি। ফলে, ABFHDCGE অইলুক্ত অন্ধিত হলো (চিত্র ৯.৬.১৪)।



চিত্র ১.৬.১৪ সুষম অষ্টভুজ


## ১.৭ বৃদ্ধ অংকন করে বিভিন্ন অংশ চিহ্নিতকরণ (Circle) ঃ

#### ⊙ वृद्ध (Circle) :

কোনো সমতলে অবস্থিত একটি স্থির নির্দিষ্ট বিন্দু হতে সর্বদা সমান দুরে থেকে অন্য একটি বিন্দু একবার দুরে আসলে যে আবদ্ধ বক্ররেখা উৎপন্ন তাকে হয়, বৃত্ত বলে। চিত্র ৯.৭.১ এ O কেন্দ্র বিশিষ্ট ABC একটি বৃত্ত।

⊙ কেন্দ্ৰ (Centre) ঃ

কোনো সমতলে অবস্থিত একটি স্থির নির্দিষ্ট বিন্দু হতে সর্বদা সমান দূরে থেকে অন্য একটি বিন্দু একবার স্থ্রের আসলে যে বক্ররেখা উৎপন্ন হয়, তাকে বৃত্ত বলে। ঐ স্থির নির্দিষ্ট বিন্দৃটিকে বৃত্তের কেন্দ্র বলে। চিত্র ৯.৭.১ এ ABC বৃত্তে O এর কেন্দ্র।



চিত্র ৯.৭.১ বৃত্ত, কেন্দ্র ও পরিধি


## 💿 পরিখি (Circumference) ៖

বে বক্ররেখা ছারা বৃত্ত সীমাবদ্ধ হয়, তাকে পরিধি বলে। অথবা এটা একটি বক্ররেখা যা বৃত্ত তৈরি করে এবং সাধারণত বৃত্তের চতুপার্শের দ্রত্বকেই বোঝায়। এর পরিধির ক্ষেত্রকল =  $\pi \times \mathbf{D}$ , এখানে  $\pi = 3.14159$ ,  $\mathbf{D} =$ বৃত্তের ব্যাস।

চিত্র ৯.৭.১ এ ADBC বৃত্তের পরিধি।

## বৃষ্ চাপ (Arc) ঃ


বৃত্তের পরিধির যে কোনো অংশকে বৃত্ত চাপ বলে। চিত্র ১.৭.২ এ বৃত্তের ABC একটি বৃত্তচাপ।



চিত্ৰ ৯.৭.২ বৃত্ত চাপ

## ⊙ ব্যাসার্থ (Radius) :


বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত অংকিত সরলরেখাকে ব্যাসার্থ বলে। চিত্র ৯.৭.৩ এ ABC বৃত্তে OC এর ব্যাসার্থ।



#### চিত্ৰ ৯.৭.৩ ব্যাসাৰ্থ

#### ⊙ বাস (Diameter) :


যে সরলরেখা বৃত্তের কেন্দ্র ভেদ করে উভয় দিকে পরিধি দারা সীমাবদ্ধ হয়, তাকে ব্যাস বলে। অথবা, কেন্দ্র ছেদকারী রেখা যার দুই প্রান্ত পরিধিকে স্পর্শ করে, তাকেই বৃত্তের ব্যাস বলে। চিত্র ১.৭.৪ এ O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে AB এর ব্যাস।



চিত্ৰ ৯.৭.৪ ব্যাস

## ⊙ wit (Chord) :


পরিধির যে কোনো দুই বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা বলে। অথবা বৃত্তের পরিধির যে কোনো দুই বিন্দুতে সংযুক্ত রেখা, কিন্তু কেন্দ্র ছেদ করে না এরূপ রেখাকে জ্যা বলে। চিত্র ৯.৭.৫ এ ABC বৃত্তে AC এর জ্যা।



विव के. १.८ एग्रा

## ⊙ অৰ্বৃষ (Semi Circle) :


ব্যাস দারা বৃত্ত যে দুই সমান অংশে বিভক্ত হয়, এর প্রত্যেক অংশকে অর্ধ বৃত্ত বলে। চিত্র ৯.৭.৬ এ সেকশন লাইন দিয়ে অর্ধবৃত্ত দেখানো হলো।



চিত্ৰ ৯.৭.৬ অৰ্ধবৃত্ত

#### ⊙ স্পৰ্শক (Tangent) ঃ

যে সরল রেখা বৃত্তকে শুধু এক বিন্দুতেই পরস্পর স্পর্ল গৈর এবং সেই বিন্দুর সংযোজক ব্যাসার্থের সঙ্গে সমকোণ ট্যানজেন্ট উৎপন্ন করে, তাকে উক্ত বিন্দুর স্পর্শক বলে। যে বিন্দুতে স্পর্শ করে, তাকে স্পর্শবিন্দু বলে। চিত্র ৯.৭.৭ এ বৃত্তের ACB একটি স্পর্শক।



চিত্ৰ ৯.৭.৭ স্পৰ্শক

## O वृद्धारम वा वृद्धभक (Segment) :


চাপ ও এর জ্যা-এর দারা বেষ্টিত সমতলকে বৃত্ত খণ্ড বলে। অথবা চাপ ও জ্যা এর মধ্যে সীমাবদ্ধ বৃত্তের ক্ষেত্রকে বৃত্তাংশ বলে। চিত্র ৯.৭.৮ এ চিহ্নিত অংশে বৃত্তের বৃত্তাংশ দেখানো হলো।



⊙ वृक्कणां (Sector) ः

চাপ ও চাপের প্রান্তদ্বয় হতে অংকিত ব্যাসার্ধদ্বয় দারা বেষ্টিত সমতল ক্ষেত্রকে বৃত্ত কলা বা সেক্টর বলে। অথবা দুই ব্যাসার্ধ দারা সীমাবদ্ধ ক্ষেত্রকে বৃত্তকলা বা সেক্টর বলে। চিত্র ৯.৭.৯ এ চিহ্নিত অংশে বৃত্তের বৃত্তকলা বা সেক্টর দেখানো হলো।

চিত্ৰ ৯.৭.৮ বৃত্তাংশ




চিত্র ৯.৭.৯ বৃত্তকলা বা সেম্বর

- কৃত্ত অংকন (Circle) ঃ
- একই সরলরেখার উপর অবস্থিত নয় এমন তিনটি নির্দিষ্ট বিন্দুর মধ্য দিয়ে বৃত্ত
  অংকনের কেন্দ্র নির্দয় পদ্ধতি ঃ

মনে করি, A, B ও C বিন্দু তিনটি একটি মাত্র সরলরেখার উপর অবস্থিত নয় এবং এদের মধ্য দিয়ে বৃত্ত অংকনের কেন্দ্র নির্ণয় করতে হবে। প্রথমে, A ও B এবং B ও C কে সরলরেখা দ্বারা যুক্ত করে চিত্র ৯.৭.১০-এ পদ্ধতিতে এদের লম্ব-হিখন্ডক টানি। ইঞ্জিনিয়ারিং দ্রইং


এই লম-দ্বিশন্তক দুইটি পরস্পারকে () বিন্দুতে ছেদ করল। এই ()-ই নির্শেয় 'কেন্দ্র' অঙ্কিত হলো (চিত্র ৯.৭.১০)।



চিত্ৰ ৯.৭.১০ বৃত্তে কেন্দ্ৰ নিৰ্ণয়

#### অঙ্কিত বৃত্ত বা বৃত্তচাপের কেন্দ্র নির্ণয় পদাতি ঃ


মনে করি, প্রদন্ত বৃত্ত বা বৃত্ত-চাপ PQR। এর কেন্দ্র নির্ণয় করতে হবে। প্রথমে, এটার এ প্রকার দুইটি জ্যা টানি যা সমান্তরাল নয়। ধরি, এটা AB ও CD পরে, এ 'জ্যা' দুইটির লম্ব-দ্বিশত্তক টানি। এদের ছেদ-বিন্দু O হলো। এই 'O-ই এই স্থানে নির্ণেয় কেন্দ্র অন্ধিত হলো (চিত্র ৯.৭.১১)।



চিত্র ৯.৭.১১ বৃজ্বের কেন্দ্র নির্ণয়

## তিনটি সরলরেখাকে স্পর্শ করে বৃত্ত অংকন ঃ


প্রথমে, প্রদন্ত AB, AC ও CD সরলরেখা তিনটি দারা গঠিত ∠BAC এবং ∠ACD কোণ দুইটিকে সম-দ্বিখন্তিত করি। এই দ্বিখন্তক রেখা দুইটি পরস্পরকে O বিন্দুতে ছেদ করে, এটি হতে CD-এর উপর OE একটি লম্ব টানি। এখন, O-কে কেন্দ্র এবং OE- কে ব্যাসার্থ নিয়ে বৃত্ত অংকন করি। এটা রেখা তিনটিকে স্পর্শ করলো। এভাবে তিনটি সরলরেখাকে স্পর্শ করিয়ে বৃত্ত অংকন করা হলো (চিত্র ৯.৭.১২)।



চিত্র ৯.৭.১২ সরলরেখাকে স্পর্শ করে বৃত্ত

## তিভুজের বাছ ভিনটিকে স্পর্শ করে ভিতরে বৃত্ত জংকন ঃ


প্রথমে, প্রদত্ত ABC ত্রিভূজটির যে কোনো দুইটি কোণকে (এখানে  $\angle$  ABC এবং  $\angle$  ACB কোণ) সমন্বিখণ্ডিত করি। এ ন্বিখন্তক দুইটি পরস্পরকে O বিন্দৃতে ছেদ করল। এই O-ই বিন্দৃটিই বৃত্তের কেন্দ্র অঙ্কিত হলো। এরপর O হতে ত্রিভূজের যে কোনো বাহুর উপর (ধরি, BC- এর উপর) OD একটি লম্ব অংকন করি। এখন O-কে কেন্দ্র ও OD সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করলে, এটি ত্রিভূজের প্রত্যেকটি বাহুকে স্পর্শ করেবে (চিত্র ৯.৭.১৩)।



চিত্র ৯.৭.১৩ বাহুকে স্পর্শ করে ভিতরে বৃত্ত

ত্রিভুজের কোণ-বিন্দু তিনটিকে স্পর্শ করে বাইরে বৃদ্ধ অংকন ঃ 0


প্রথমে, প্রদত্ত ABC ত্রিভূজটির যে কোনো দুইটি বাহু AB এবং AC-এর লম্ব সমন্বিখন্তক টানি। এরা পরস্পরকে O বিন্দুতে ছেদ করল। এই O-ই বৃত্তের কেন্দ্র অন্ধিত হলো। এখন O-কে কেন্দ্র এবং OA, OB এবং OC-এর সমান ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত অংকন করলে এটি A, B এবং C কোণ বিন্দু তিনটিকে স্পর্শ করেবে (চিত্র ১.৭.১৩)।



চিত্র ৯.৭.১৩ ত্রিভুচ্ছের বাইরে বৃত্ত

বর্গক্ষেত্রের প্রত্যেকটি বাহুকে স্পর্শ করিয়ে ভিতরে বৃত্ত অংকন ঃ **①** 


প্রদত্ত বর্গক্ষেত্র ABCD-এর কর্ণ দুইটির ছেদ-বিন্দু O-কে কেন্দ্র এবং বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্যের অর্ধকে অথবা 🔾 বিন্দু হতে যে কোনো বাছর উপর টানা পদকে (এখানে OP কে) ব্যাসার্থ নিয়ে বৃত্ত অংকন করি (চিত্র ৯.৭.১৪)।



চিত্র ৯.৭.১৪ বর্গক্ষেত্রের ভিতরে বৃত্ত


বর্গক্ষেত্রের প্রত্যেকটি কোণ-বিন্দুকে স্পর্শ করিয়ে বাইরে বৃত্ত অংকন ঃ 0 প্রদন্ত বর্গক্ষেত্র ABCD-এর AC, BD কর্ণ দুইটির ছেদ-বিন্দু O-

কে কেন্দ্র এবং কর্ণের অর্ধকে অর্থাৎ OA,OB,OC বা OD-এর যে কোনো একটি ব্যাসার্থ নিয়ে বৃত্ত অংকন করি (চিত্র ৯.৭.১৫)।



চিত্র ৯.৭.১৫ বর্গক্ষেত্রের বাইরে বৃত্ত

সুষম পঞ্চভূজের প্রত্যেকটি বাহুকে স্পর্শ করিয়ে ভিতরে বৃত্ত অংকন ঃ ④ প্রথমে, প্রদত্ত পঞ্চভুজ ABCDE এর দুইটি ভূমি-কোণের সমিষ্পিষ্টক টানি। এদের ছেদ বিন্দু O হলো । O হতে ED বাছর উপর OF লম্ব টানি। পরে, O কে কেন্দ্র এবং OF কে ব্যাসার্থ নিয়ে বৃত্ত অংকন করি (চিত্র ৯.৭.১৬)।




চিত্র ৯.৭.১৬ সুষম পঞ্চভুচ্চের ভিতরে বৃত্ত

देशिनिशातिः ख्रदेः ५५५

## সৃষম বড়ভুজের প্রত্যেকটি বাহকে স্পর্শ করিয়ে ভিতরে বৃত্ত অংকন


প্রথমে, প্রদন্ত ষড়ভূজ ABCDEF-এর বিপরীত কোণ-বিন্দু A, D এবং B, E (বা C,F)-কে সরলরেখা ছারা যুক্ত করি। এরা পরস্পরকে O বিন্দুতে ছেদ করল। পরে, এই O হতে ED-এর উপর একটি লম্ব টানি। এই লম্ব ED-কে G বিন্দুতে ছেদ করল। এইবার O-কে কেন্দ্র এবং OG- কে ব্যাসার্থ নিয়ে বৃত্ত অংকন করি (চিত্র ১.৭.১৭)।



চিত্র ৯.৭.১৭ সুষম ষড়ভুজের ভিতরে বৃত্ত

#### 


প্রথমে, প্রদন্ত ABCDEF ষড়ভুজটির বিপরীত কোণ-বিন্দৃতে A, D এবং B, E (বা C,F)-কে সরলরেখা দ্বারা যুক্ত করি। এই রেখা দুইটি পরস্পরকে O বিন্দৃতে ছেদ করল। পরে, এই O-কে কেন্দ্র এবং OA, OB, OC ইত্যাদির যে কোনো একটিকে ব্যাসার্ধ নিয়ে বৃত্ত অংকন করি (চিত্র ৯.৭.১৮)।



চিত্র ৯.৭.১৮ সুষম ষড়ভুজের বাইরে বৃত্ত

#### বৌগিক জ্যামিতিক চিত্ৰ অংকন ঃ

গরলরেখা এবং বক্র রেখা অথবা বক্র রেখা ও সরলরেখা যৌখ বা যুক্ত করে অংকন করার পদ্ধতি বা চিত্রকেই যৌগিক জ্যামিতিক চিত্র বলে। পার্শ্বের চিত্রে ৯.৭.১৯ এ যৌগিক জ্যামিতিক চিত্র দেখানো হলো ।




চিত্ৰ ৯.৭.১৯ যৌগিক জ্যামিতিক চিত্ৰ

## ৯.৮ স্পৰ্শ বৃত্ত-চাপ অন্ধন ঃ


দুইটি অসম বৃত্তচাপের সাঝে স্পর্শ বৃত্তচাপ ঃ
১.৮.১ সমকোণ উৎপন্নকারী দুই রেখা স্পর্শ বৃত্ত-চাগ অংকন পদ্ধতি ঃ

এক সমকোশে পরস্পরকে ছেদ করে এমনভাবে দুইটি সরলরেখাকে স্পর্শ করে নির্দিষ্ট ব্যাসার্ধের বৃভ চাপ অংকন ঃ

প্রথমে, প্রদত্ত AB, AC সরলরেখা দুইটির ছেদ বিন্দু A-কে কেন্দ্র এবং প্রদত্ত ব্যাসার্থ মাপ (ধরি, এখানে 19 মি.মি.)-কে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত- চাপ অংকন করি। এটা AC, AB রেখা দুইটিকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করলো। পরে, যথাক্রমে এই D ও E-কে কেন্দ্র এবং ঐ একই মাপকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃস্তচাপ অংকন করি। এদের ছেদ-বিন্দু হলো O। এখন, O-কে কেন্দ্র এবং ঐ একই মাপকে (19 মি.মি.)-কে ব্যাসার্থ নিয়ে একটি বৃস্তচাপ অংকন করি। এটা, AB, AC রেখা দুইটিকে D ও E বিন্দুতে স্পর্শ করবে (চিত্র ৯.৮.১)।



চিত্র ৯.৮.১ সমকোণে বৃত্ত-চাপ



চিত্র ৯.৮.১.১ সরলরেখার সমান্তরালরূপে সরলরেখা

## নির্দিষ্ট সরলরেখার সমান্তরালরণে নির্দিষ্ট দ্রফ্রে একটি সরলরেখা অংকন ঃ

মনে করি, AB একটি নির্দিষ্ট সরপরেখা এবং এটা হতে 16 মি.মি. দ্রে এর সমান্তরালরূপে একটি সরলরেখা টানতে হবে। প্রথমে, AB রেখার উপর যধাক্রমে যেকোনো দুইটি বিন্দুকে (ধরি, P ও Q) কেন্দ্র এবং প্রদন্ত দুরত্ব 16 মি.মি. মাপকে ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ অংকন করি। পরে, এই বৃত্তচাপ দুইটির স্পর্শক (Tangent) রূপে CD সরলরেখা টানি। এটিই প্রদন্ত দূরত্বে সমান্তরাল রেখা অন্ধিত হলো (চিত্র ৯.৮.১.১)।


## ৯.৮.২ একটি সরলরেখা ও একটি বৃস্তচাপের সহিত স্পর্শ বৃস্তচাপ অংকন ঃ

## নির্দিষ্ট বৃস্ত এবং সরদরেখাকে স্পর্শ করিয়ে নির্দিষ্ট ব্যাসার্ধের বৃত্তাংশ অংকন পদ্ধতি ঃ

মনে করি, LMN একটি নির্দিষ্ট বৃত্ত, O-এর কেন্দ্র এবং ব্যাসার্থ R1। AB একটি নির্দিষ্ট সরদরেখা। এই LMN বৃত্ত এবং AB- সরদরেখাকে স্পর্শ করিয়ে R2 ব্যাসার্ধের বৃত্তাংশ অংকন করতে হবে। প্রথমে, AB- এর সমান্তরালরশে R2 মাপ দূরে PQ একটি সরদরেখা টানি।

পরে, প্রদন্ত LMN বৃশুটির কেন্দ্র O- কে কেন্দ্র এবং R1 ও R2-এর সমষ্টিকে ব্যাসার্থ নিরে একটি বৃশুচাপ অংকন করি। এটা PQ রেখাকে C বিন্দুতে ছেদ করলো। এখন, C-কে কেন্দ্র এবং R2-কে ব্যাসার্থ নিয়ে বৃশুংশ অংকন করি। এটা প্রদন্ত বৃশু এবং সরদরেখাকে স্পর্শ করবে (চিত্র ৯.৮.২)।





ইঞ্জিনিয়ারিং দ্রইং ১১৩


#### অসমান ব্যাস বিশিষ্ট দুইটি নির্দিষ্ট বৃত্তের সাধারণ স্পর্শক অন্ধন পদ্ধতি ঃ

মনে করি, ABC, DEF দুইটি নির্দিষ্ট বৃত্ত। O,P এবং R1, R2 যথাক্রমে এদেও কেন্দ্র ও ব্যাসার্ধ। ABC বৃত্তটির পরিধির যে কোনো স্থানে G একটি বিন্দু নিয়ে এবং GO-কে সরলরেখা দ্বারা যুক্ত করে বহিঃ স্পর্শক (External Tangents) অংকনের জন্য নিম্নলিখিত ক) পদ্ধতি এবং অন্তঃস্পর্শক (Internal Tangents) অংকনের জন্য খ) পদ্ধতি অনুসরণ করি।

#### ক) বহিঃ স্পর্শক অন্ধন ঃ

প্রথমে, O-কে কেন্দ্র এবং প্রদন্ত ABC, ও DEF বৃত্ত দুইটির ব্যাসার্ধের অন্তর অর্থাৎ R1-R2 সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। এটা দিয়ে OG রেখাকে H বিন্দুতে ছেদ করল। পরে, P


থেকে এই বৃত্তটির স্পর্শক PQ টানি। এইবার, O,Q-কে সরলরেখা দ্বারা যুক্ত করে এমন ভাবে বর্ধিত করি যাতে এটি ABC বৃত্তটিকে R বিন্দুতে ছেদ করে। P থেকে OR-এর সমান্তরালরূপে একটি সরলরেখা টানি। এটা DEF বৃত্তকে F বিন্দুতে ছেদ করল। শেষে, R,S-এর মধ্য দিয়ে একটি সরলরেখা টানি। এটা অংকনীয় একটি বহিঃস্পর্শক হলো। অনুরূপভাবে নিচের দিকে আর একটি বহিঃস্পর্শক R'-S' টানা যেতে পারে (চিত্র ৯.৮.২.৩)।



চিত্র ৯.৮.২.৩ বহিঃ স্পর্শক

#### খ) অন্তঃ স্পর্শক অন্ধন পদ্ধতি ঃ


প্রথমে, O-কে কেন্দ্র এবং ABC ও DEF বৃত্তের ব্যাসার্ধের সমষ্টি অর্থাৎ  $R_1+R_2$  সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। এটি বর্ধিত OG রেখাতে H বিন্দুতে ছেদ করল। পরে, P থেকে এই বৃত্তের স্পর্শক PQ রেখা টানি। এই বার O,Q-কে সরলরেখা দিয়ে যুক্ত করি। এটা ABC বৃত্তটিকে R বিন্দুতে ছেদ করল। এখন, OQ-এর সমান্তরালরূপে P, থেকে একটি সরলরেখা টানি। এটি DEF বৃত্তিকে S বিন্দুতে ছেদ করল। শেষে, R, S-এর মধ্য দিয়ে একটি সরলরেখা টানি। এটি অংকনীয় অন্তঃস্পর্শক হলো। অনুরূপভাবে, আর একটি অন্তঃস্পর্শক R'-S' ও টানা যেতে পারে (চিত্র



চিত্র ৯.৮.২.৪ অন্তঃ স্পর্শক

## পৃইটি নির্দিষ্ট বৃত্তকে স্পর্শ করিয়ে নির্দিষ্ট ব্যাসার্থের বৃত্ত-চাপ অংকন পদ্ধতি ঃ

মনে করি, LMN ও PQR দুইটি নির্দিষ্ট বৃত্ত, এদের ব্যাসার্থ যথাক্রমে  $R_1$  ও  $R_2$  এবং কেন্দ্র A ও B। অংকনীয় বৃত্তচাপের ব্যাসার্থ R। এই বৃত্ত-চাপ অবতলীয় (Concave)-(চিত্র ৯৮.২.৫) বা উত্তলীয় (Convex) (চিত্র ৯.৮.২.৬) রকমের হতে পারে।



চিত্র ৯.৮.২.৫ ও চিত্র ৯.৮.২.৬ দুইটি নির্দিষ্ট বৃত্তকে স্পর্শ করে নির্দিষ্ট ব্যাসার্ধের বৃত্ত-চাপ

অবতলীয় রকমের বৃত্ত-চাপ অংকনের জন্য প্রথম A-কে কেন্দ্র এবং  $R+R_2$ -কে (উত্তলীয় রকমের বৃত্ত-চাপের বেলায়,  $R-R_1$ -কে) ব্যাসার্থ, পুনরায় B-কে কেন্দ্র এবং  $R+R_2$ -কে (উত্তলীয় বৃত্ত-চাপের বেলায়,  $R-R_2$ -কে) ব্যাসার্থ নিয়ে দুইটি বৃত্ত-চাপ অঙ্কন করি। পরে, এদের ছেদ-বিন্দু O-কে কেন্দ্র এবং R-কে ব্যাসার্থ নিয়ে বৃত্ত-চাপ অঙ্কন করি। এটা প্রদন্ত বৃত্ত দুইটির পরিধিকে স্পর্শ করবে। অনুরূপভাবে, বিপরীত দিকেও বৃত্ত-চাপ অংকন করা যেতে পারে।

## ১.৯ উপবৃত্ত অংকন ঃ


#### উপবৃত্ত ( Ellipse) ঃ

উপবৃত্ত বা ইলিপস দেখতে অনেকটা ডিম্বাকার অর্থাৎ পুরাপুরি বৃত্তাকার নয়। উপবৃত্ত দুইটি অক্ষ বা Axis ঘারা গঠিত দুইটি অক্ষই অসমান এবং এদের অন্তবর্তী কোণ 90°।

পুল (Bridge), গাঁথুনীর খিলান (Arch), গ্ল্যান্ড (Gland), স্টাফিং বক্স (Stuffing Box), খেলাধুলার ক্ষেত্রে দৌড়ানোর পথ (Sports Track) ইত্যাদি উপবৃত্ত বা Ellipse আকারের হয়।

উপবৃত্তের বৃহত্তর অক্ষটিকে 'পরাক্ষ' বা Major axis এবং ক্ষুদ্রতর অক্ষটিকে 'উপাক্ষ' বা Minor Axis বলে। উপবৃত্ত এমন একটি সসীম বক্র রেখা যার উপরিস্থ যে কোনো বিন্দু থেকে পরাক্ষের উপরিস্থ দুইটি বিন্দু পর্যন্ত দুরত্বের সমষ্টি সর্বদা পরাক্ষের সমান হয়। এই নির্দিষ্ট বিন্দু দুইটিকে উপবৃত্তের 'নাভি-বিন্দু' বা Focus বলে। যেমন চিত্র ৯.৯ (ক)তে প্রদর্শিত উপবৃত্তির AB

'পরাক্ষ' এবং CD 'উপাক্ষ'।  $F_1$  এবং  $F_2$  বিন্দু দুইটি 'নাণ্ডি-বিন্দু'। P হলো উপবৃস্তটির উপর যে কোনো ছালে নেয়া একটি বিন্দু। ফলে,  $PF_1$  এবং  $PF_2$  এই রেখা দুইটির দৈর্ঘ্যের সমষ্টি, পরাক্ষ AB- এর দৈর্ঘ্যের সমান।




কোন উপবৃত্তের 'নাভি-বিন্দু' নির্ণয় করতে হলে, উপাক্ষের একটি প্রান্ধকে কেন্দ্র এবং পরাক্ষের অর্থ মাপকে ব্যাসার্থ নিয়ে একটি বৃত্ত-চাপ অংকন করতে হয়। এটি পরাক্ষকে যে বিন্দুতে ছেদ করে ওটাই নির্দেশ্ব 'নাভি-বিন্দু' হয়। যেমন চিত্র ৯.৯(খ)-তে C-কে কেন্দ্র এবং B- এর অর্থকে ব্যাসার্থ নিয়ে অঙ্কিত বৃত্ত-চাপ AB-কে  $F_1$  এবং  $F_2$ -তে ছেদ করাই  $F_1$ এবং  $F_2$ উপবৃত্তির 'নাভি-বিন্দু' অঙ্কিত হয়েছে।

## ৯.৯.১ বৃত্তচাপ পদ্ধতি ঃ

#### ক) উপবৃত্তের নির্দিষ্ট একটি বিন্দুতে স্পর্শক অংকন পছতি ঃ

মনে করি, ABCD প্রদত্ত উপবৃত্ত, AB ও CD যথাক্রমে এর পরাক্ষ ও উপাক্ষ এবং  $F_1$ ,  $F_2$  এর দুইটি নাঙি-বিন্দু। E বিন্দুতে উপবৃত্তের স্পর্শক টানতে হবে।

প্রথমে, যথাক্রমে  $F_1$ ,  $F_2$  হতে E এর মধ্য দিরে  $F_1$ G এবং  $F_2$ H দুইটি সরলরেখা টানি। পরে, E বিন্দুতে  $HEF_1$  যে কোণ উৎপন্ন হলো, একে একটি সরলরেখা দারা সমন্বিখন্তিত করি। এই সমন্বিখন্তক রেখাটিই উপবৃত্তের স্পর্শক অন্ধিত হলো (চিত্র ৭.৮৩)।




চিত্র ৯.৯.১ উপবৃত্তের নির্দিষ্ট একটি বিন্দৃতে স্পর্শক

## খ) বহিঃস্থিত নির্দিষ্ট একটি বিন্দু খেকে উপবৃত্তের স্পর্শক অংকন ঃ

মনে করি, ABCD প্রদন্ত উপবৃত্ত, AB ও CD যথাক্রমে এর পরাক্ষ ও উপাক্ষ এবং  $F_1$  ও  $F_2$  এর নাভি-বিন্দু। P উপবৃত্তের বহিঃস্থিত নির্দিষ্ট একটি বিন্দু।

প্রথমে, P, F<sub>2</sub>-কে সরলরেখা ঘারা যুক্ত করে P-কে কেন্দ্র এবং PF<sub>2</sub>- কে ব্যাসার্থরূপে একটি বৃন্তচাপ অংকন করি। পরে, F1-কে কেন্দ্র এবং AB-এর সমান ব্যাসার্থ নিয়ে আর একটি বৃন্তচাপ অংকন করি। এটা পূর্বের বৃন্তচাপটিকে G ও H বিন্দুতে ছেদ করল। এখন, F<sub>1</sub>, G এবং F<sub>1</sub>, H-কে সরলরেখা দিয়ে যুক্ত করি। মনে করি, এই রেখা দুইটি প্রদন্ত উপবৃন্তটিকে J ও K বিন্দুতে ছেদ করল। এবার, P হতে J ও K বিন্দু মধ্য দিয়ে সরলরেখা টানি। এই রেখা দুইটিই অংকনীয় স্পর্শক হলো (চিত্র ৯.৯.১.১)।




চিত্র ৯.৯.১.১ বহিঃস্থিত নির্দিষ্ট একটি বিন্দু থেকে উপব্রন্তের স্পর্শক

## ১.১.২ এক কেন্দ্ৰিক পদাভি ঃ

পরাক ও উপাক্ষের দৈর্ঘ্য দেওয়া থাকলে, এক-কেন্দ্রীয় বৃস্ত (Concentric Circle Method) পদ্ধতিতে উপবৃত্ত অংকন ঃ

প্রথমে, পরস্পরকে এক সমকোণে এবং O বিন্দুতে ছেদ করিয়ে দুইটি সরলরেখা টানি। এরপর এই রেখা দুইটির উপর যথাক্রমে O-এর বাম ও ডান দিকে পরাক্ষের দৈর্ঘ্যের অর্থ সমান OA, OB এবং O-এর উপরের ও নিচের দিকে উপাক্ষের দৈর্ঘ্যের অর্থ সমান OC, OD দৈর্ঘ্য কেটে লই। এখন, O-কে কেন্দ্র এবং যথাক্রমে OA (বা, OB)-কে এবং OC (বা, OD)-কে ব্যাসার্থ নিরে দুইটি বৃত্ত অংকন করি। ভিতরের বৃত্তটিকে সমান বারোটি বা যোলোটি অংশে বিভক্ত করে (এখানে চিত্রটি, বারোটি অংশে বিভক্ত করে দেখানো হলো) বিভাগ- বিন্দুগুলিকে 1, 2, 3, 4 ইত্যাদি সংখ্যা দিরে

চিহ্নিত করি। এবার O থেকে এই সকল অংক-চিহ্নিত বিন্দুগুলির মধ্য দিয়ে বাইরের বৃদ্ধ পর্যন্ত সরল রেখা টানি এবং এই রেখাগুলির যে যে বিন্দুতে বাইরের বৃদ্ধটিকে ছেদ, করল সেগুলোকেও ঐ একই 1, 2, 3, 4 ইত্যাদি অংক দিয়ে চিহ্নিত করি। পরে বাইরের বৃদ্ধের 1, 2, 3, 4 ইত্যাদি বিন্দুগুলো থেকে CD-এর সমান্তরালরূপে এবং ভিতরের বৃত্তের 1, 2, 3, 4 ইত্যাদি বিন্দুগুলো থেকে AB-এর সমান্তরালরূপে সরলরেখা টানি। এ রেখাগুলো পরস্পরকে যে যে বিন্দুতে ছেদ করল ঐ সকল ছেদ-বিন্দু এবং A, B, C, D- এর মধ্য দিয়ে একটি সসীম বক্র রেখা টানি। এটাই অংকনীয় উপবৃত্ত হলো (চিক্র ১.৯.২)।



চিত্ৰ ৯.৯.২ এক কেন্দ্ৰিক পদ্ধতিতে উপবৃত্ত


देशिनियादिर फ्रवेर >> १

#### ৯.৯.৩ কোর সেন্টার পদ্ধতি :

পরাক ও উপাক্ষের দৈর্ঘ্য দেওরা থাকলে, চতুকেন্দ্র পদ্ধতিতে (Four Centre Method) স্থূপতাবে উপবৃত্ত অংকন ঃ

কোর সেন্টার পদাতিটি দুইটি পদাতিতে অংকন করা বার। কথা ঃ

ক) পদ্ধতি ঃ প্রথমে O বিন্দুতে পরস্পরকে এক সমকোপে সমিষিপ্তিত করে পরাক্ষের দৈর্ঘ্য সমান AB এবং উপাক্ষেও দৈর্ঘ্য সমান CD সরল রেখা টানি। এরপর OC বা অর্ধ-উপাক্ষকে বর্ষিত করে এর উপর OA এর সমান করে OE দৈর্ঘ্য কেটে নিই। এখন AC কে সরলরেখা দিরে যুক্ত করে এর উপর CE এর সমান করে CF দৈর্ঘ্য কেটে নিই। AF-কে একটি লম্ব দিরে সমিষ্বিত্তিত করে পরাক্ষ এবং বর্ষিত উপাক্ষকে যথাক্রমে G ও H বিন্দুতে ছেল করাই। OB এর উপর OG এর সমান করে OG' এবং OB এর উপর OH এর সমান করে OH' কেটে নিই। এবার যথাক্রমে G ও G'-কে কেন্দ্র ও GA বা G'B-কে ব্যাসার্ধ এবং H ও H'- কে ব্যাসার্ধ নিরে চারটি বৃন্ত-চাপ অংকন করি। এ চাপ করটি দিরে সীমাবদ্ধ ক্ষেত্রই এখানে স্থলভাবে উপবৃন্ত অন্ধিত হলো (চিত্র ৯.৯.৩) উপাক্ষেও দৈর্ঘ্য যদি পরাক্ষের দৈর্ঘ্যের অন্ধতঃ  $\frac{2}{3}$  অংশ হয় তা হলে নিম্নলিখিত পদ্ধতিতে একই উপবৃন্ত অন্ধন করা বেতে পারে।



চিত্র ৯.৯.৩ (ক) ও চিত্র ৯.৯.৩ (খ) কোর সেন্টার পদ্ধতিতে উপবৃত্ত

## খ) পদাতিঃ


প্রথমে O বিন্দৃতে পরস্পরকে এক সমকোণে সমন্বিধণ্ডিত করে পরাক্ষেপ্ত দৈর্ঘ্য সমান AB এবং উপাক্ষের দৈর্ঘ্য সমান CD সরলরেখা টানি। পরে পরাক্ষের দৈর্ঘ্য থেকে উপাক্ষের দৈর্ঘ্য বিয়োগ করলে যক্ত হয় ঐ মাপ সমান OB বা OE'-কে উপাক্ষের উপর কেটে নিই। পুনরার পরাক্ষের উপর OB-এর তিন চতুর্ঘাণে সমান OF ও OF' কেটে নিই। এখন E ও E'-কে কেন্দ্র এবং ED সমান দৈর্ঘ্যকে

১১৮ জ্যামিত্তিক জংকন

ব্যাসার্থ নিয়ে F ও F'-কে কেন্দ্র এবং F সমান দৈর্ঘ্যের ব্যাসার্থ নিয়ে চারটি বৃত্ত-চাপ অংকন করি। এই চাপ করটি দিয়ে সীমাবদ্ধ ক্ষেত্রই এখানে অংকনীয় উপবৃত্ত হলো (চিত্র ৯.৯.৩ (খ))।

#### প্রস্থ দেওয়া থাকলে, ডিমের ন্যায় আকার অকন পক্ষতি :

মনে করি, ডিষটির প্রস্থ হলো AB । প্রথমে, AB-এর মধ্য-বিন্দু E-তে নিচের দিকে একটি লম্ব টানি। পরে E-কে কেন্দ্র এবং EA বা EB-কে ব্যাসার্থ নিয়ে একটি বৃদ্ধ অন্ধন করি। এটি লম্বটিকে F বিন্দুতে ছেদ করল। A, F ও B, F-কে সরল রেখা ছারা যুক্ত করে বর্ষিত করি। এখন, যথাক্রমে A ও B-কে কেন্দ্র এবং AB দৈর্ঘ্যকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃদ্ধচাপ অন্ধন করি। এ চাপ দুইটি বর্ষিত AF, BF রেখাছয়কে যথাক্রমে C ও D বিন্দুতে ছেদ করল। এবার, F-কে কেন্দ্র এবং FD বা FC কে ব্যাসার্থ নিয়ে বৃদ্ধ-চাপ অন্ধন করি। ফলে, সামপ্রিকভাবে বে আকারটি অন্ধিত হলো তাই-ই ডিম্বের অনুরূপ (চিত্র ৯.৯.৩.১)। আকার



চিত্র ৯.৯.৩.১ ডিম্বের ন্যার

## जन्नीननी - ১

## मरक्षि धन्नावनी

- ১। জ্যামিতি কাকে বলে ?
- ২। বিন্দু ও রেখা কী ? রেখা কত প্রকার ও কী কী ? একটি সমান্তরাল ও বক্রেরেখা অংকন কর।
- ৩। চিত্রসহ সংজ্ঞা লিখ ঃ কোণ, সন্নিহিত কোণ, বিপ্রতীপ কোণ, সমকোণ, লম, সরল কোণ, পূরক কোণ, সম্পূরক কোণ, সৃন্ধ কোণ, স্থুল কোণ, প্রবৃদ্ধ কোণ।
- 8। ত্রিভূজ কাকে বলে ? এর প্রকারভেদ উল্লেখ কর। প্রত্যেকটি ত্রিভূজের চিত্র অংকন কর।
- ৫। চিত্রসহ নিচের জ্যামিতিক চিত্রের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লিখ।
  - ১) বর্গক্ষেত্র ২) চতুর্ভুজ ৩) রম্বস ৪) আয়তক্ষেত্র ৫) সামস্তরিক ক্ষেত্র ৬) ট্রাপিজিয়াম
- ৬। বহুভুজ কাকে বলে ? 6 মি.মি. বাহু বিশিষ্ট সুষম পঞ্চভুজ অংকন কর।
- ৭। সুষম বহুভুজ কী বলতে বোঝায় ? 10 মি.মি.বাহ বিশিষ্ট একটি সুষম ষড়ভুজ অংকন কর।
- ৮। 5 মি.মি. বাহু বিশিষ্ট একটি সুষম অষ্টভুজ অংকন কর।
- ৯। নিম্নের জ্যামিতিক চিত্রের সংজ্ঞা লিখ ঃ
- ১) বৃত্ত ২) কেন্দ্র ৩) পরিধি ৪) চাপ ৫) ব্যাসার্ধ ৬) ব্যাস ৭) জ্ঞ্যা ৮) অর্ধবৃত্ত ৯) স্পর্শক
- ১০। বৃত্তথন্ত, বৃত্তকলা ও যৌগিক জ্যামিতিক চিত্র বলতে কী বোঝায় ?

ইঞ্জিনিয়ারিং ড্রইং


## বর্ণনামূলক প্রশ্নাবলী

- 🔰। 6 সে.মি. লম্ব একটি সরলরেখাকে যে কোনো সমান অংশে বিভক্ত কর।
- ২। AB সরলরেখার B বিন্দুতে একটি লম্ব অংকন কর।
- ৩। 5 সে.মি. দীর্ঘ একটি সরলরেখাকে সমদ্বিখণ্ডিত কর।
- ৪। 10 সে.মি. দীর্ঘ একটি সরলরেখাকে সমদ্বিখণ্ডিত কর।
- ৫। 65° একটি কোণকে সমদ্বিখণ্ডিত কর।
- ৬। 75° একটি কোণকে সমান তিনটি অংশে বিভক্ত কর।
- ৭। AB একটি সরলরেখা থেকে 3 সে.মি. দূরে আর একটি সমান্তরাল রেখা অংকন কর।
- ৮। 6 সে.মি. দীর্ঘ একটি সরলরেখাকে ভূমি ধরে একটি বর্গক্ষেত্র অংকন কর।
- ৯। পরিসীমা AB =7 সে.মি. এবং তিনটি বাহুর দৈর্ঘ্যের অনুপাত 5ঃ 3ঃ 4 ধরে একটি ত্রিভুজ অংকন কর।
- ১০। 4 সে.মি. দীর্ঘ বাহু বিশিষ্ট একটি সুষম পঞ্চভুজ অংকন কর।
- ১১। বৃত্তের পরিধিকে স্পর্শ করে ভিতরে সুষম ষড়ভুজাকৃতি হেক্সাগোনাল নাট অংকন কর।
- ১২। এমন একটি সুষম ষড়ভুজ অংকন কর, যার বিপরীত বাহু দুইটির দুরত্ব 3 সে.মি.।
- ১৩। একই সরলরেখার উপর অবস্থিত নয় এমন তিনটি নির্দিষ্ট বিন্দুর মধ্য দিয়ে অংকিত বৃত্তের কেন্দ্র নির্ণয় কর।
- ১৪। 3 সে.মি. 4 সে.মি. ও 5 সে.মি. দীর্ঘ তিনটি সরলরেখাকে স্পর্শ করিয়ে একটি বৃত্ত আঁক।
- ১৫। এমন একটি ত্রিভুজ অংকন কর, যার তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 5 সে.মি, 7 সে.মি, ও 9 সে.মি.। এই ত্রিভুজটিকে স্পর্শ করিয়ে ভিতরে ও বাইরে বৃত্ত অংকন কর।
- ১৬। একটি ত্রিভুজকে যে কোনো সংখ্যক সমান অংশে বিভক্ত কর।
- ১৭। 3 সে.মি. বাহু দ্বারা গঠিত কোন বর্গক্ষেত্রের সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অংকন কর।
- ১৮। অঙ্কিত একটি বৃত্তের কেন্দ্র নির্ণয় কর।
- ১৯। 40 মি.মি. দৈর্ঘ্যের AB একটি সরলরেখা A বিন্দুতে 100° কোণে একটি ও B বিন্দুতে 70° কোণে দুইটি পৃথক সরলরেখা অবস্থান করছে। এ তিনটি সরলরেখাকে স্পর্শ করিয়ে একটি বৃত্তচাপ আঁক।
- ২০। AB একটি সরলরেখা এর A বিন্দুতে 45° কোণে অপর একটি সরলরেখা মিলিত হয়েছে।
  বর্ণিত দুইটি সরলরেখার সাথে স্পর্শ করিয়ে 30 মি.মি. ব্যাসার্ধের একটি বৃত্তচাপ আঁক।
- ২১। 40 মি.মি. ব্যাসের একটি বৃত্তের কেন্দ্র থেকে 30 মি.মি. দূরে একটি সরলরেখা রয়েছে। একটি 35 মি.মি. ব্যাসার্ধের বৃত্তচাপ, বৃত্ত ও সরলরেখাকে স্পর্শ করবে। চিত্রটি আঁক।

- ২২। একটি 60 মি.মি. ব্যাসের বৃত্তের অভ্যন্তরে চারটি সমান বৃত্ত আঁক যা মূল বৃত্ত এবং অঙ্কিত বৃত্তগুলোকে পরস্পরকে স্পর্শ করবে।
- ২৩। 50 মি.মি. এবং 30 মি.মি. ব্যাসের দুইটি বৃত্তের কেন্দ্র পর্যন্ত দূরত্ব 50 মি.মি.। বৃত্ত দুইটিকে স্পর্শ করিয়ে 40 মি.মি. ব্যাসার্ধের একটি বৃত্তচাপ আঁক।
- ২৪। একটি উপবৃত্তের বৃহত্তর অক্ষ 55 মি.মি. এবং ক্ষুদ্রতর অক্ষ 30 মি.মি.। উপবৃত্তটির নাভি বিন্দুদ্বয় নির্ণয় কর।
- ২৫। সামান্তরিক পদ্ধতিতে একটি উপবৃত্ত আঁক যার বৃহত্তর অক্ষ 60 মি.মি.এবং ক্ষুদ্রতর অক্ষ 35 মি.মি.
- ২৬। অংকনীয় একটি অধিবৃত্তের ভুজ ও কোটি যথাক্রমে 50 মি.মি. ও 60 মি.মি. অধিবৃত্ত (Parabolla) টি আঁক।
- ২৭। একটি উপবৃত্ত অংকন করে এর পরাক্ষ, উপাক্ষ ও নাভি-বিন্দু দেখাও।
- ২৮। এমন একটি উপবৃত্ত অংকন কর, যার পরাক্ষেও দৈর্ঘ্য 9 সে.মি. এবং উপাক্ষেও দৈর্ঘ্য 7 সে.মি.।
- ২৯। একটি উপবৃত্তের পরাক্ষ ও উপাক্ষ পরস্পরের সাথে 65° কোণ উৎপন্ন করে এবং অক্ষ দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 10 সে.মি. ও ৪ সে.মি.। উপবৃত্তটি অংকন কর।
- ৩০। 10 সে.মি. দীর্ঘ পরাক্ষ এবং 6 সে.মি. দীর্ঘ উপাক্ষ বিশিষ্ট একটি উপবৃত্তের পরাক্ষের সমরেখায় এবং এর বাম প্রান্ত হতে 6 সে.মি. দূরে অবস্থিত একটি বিন্দু হতে উপবৃত্তটির দুইটি স্পর্শক টান।
- ৩১। একটি উপবৃত্তের পরাক্ষ ৪ সে.মি. এবং উপাক্ষ 6 সে.মি.। পরাক্ষ হতে 4 সে.মি. উপরে উপবৃত্তের উপরিস্থ একটি বিন্দুতে স্পর্শক টান।
- ৩২। নিয়ামকরেখা হতে অধিবৃত্তের নাভি-বিন্দু 7 সে.মি ও ভুজ 12 সে.মি দূরে অবস্থিত। অধিবৃত্তটি অংকন কর।
- ৩৩। একটি অধিবৃত্তের ভুজ ৪ সে.মি. এবং কোটি 7 সে.মি. হলে অধিবৃত্তটি অংকন কর।
- ৩৪। একটি ডিমের প্রস্থ 5 সে.মি. হলে ডিমটি অংকন কর।


## ৩৫। নিমুর মেশিনারি পার্টসগুলো জিওমেট্রিক্যাল বা জ্যামিতিক পদ্ধতিতে অংকন কর ।

## ১. মেশিন হ্যাডেল (Machine Handle) ই




চিত্ৰ ১.১.৪ মেশিন হ্যাভেল

## ৩. বেয়ারিং কেস (Bearing Case) ঃ




চিত্র ৯.৯.৬ বেয়ারিং কেস

## ২. মেশিন পার্টস (Machine Parts) ঃ




চিত্ৰ ৯.৯.৫ মেশিন পাৰ্টস

## 8. শেয়ার শ্লেট (Shear Plate) :




চিত্র ৯.৯.৭ শেয়ার প্রেট

#### ৫. স্প্রানার (Spanner) ঃ




विव ७.७.৮ न्न्धानात

## ৭. স্পেশাল আৰ্ম (Special Arm) :




চিত্ৰ ১.১.১০ স্পেশাল আৰ্ম

## ७. त्रकांत आर्थ (Rocker Arm) ३




চিত্র ১.১.১ রকার আর্য

#### b. निवाब जार्य (Gear Arm) s



চিত্র ১.১.১১ গিয়ার আর্ম

## ৯. বাইসাইকেল (Bicycle) ঃ



চিত্ৰ ১.১.১২ বাইসাইকেশ

# ১০. অভিক্ষেপ বা প্রজেকশন Projection

## ১০.১ অভিকেপ (Projection) ঃ

Projection শব্দতি দুইতি ল্যাতিন শব্দ। Pro এবং Jacere থেকে এসেছে। Pro শব্দের অর্থ Forward অর্থাৎ সম্মুখের দিকে এবং Jacere শব্দের অর্থ to throw অর্থাৎ নিক্ষেপ করা। সুতরাং সম্মুখের দিকে কোনো বস্তুর উপর আলোক রশ্মি যে কোনো সমতলে নিক্ষেপ করলে যতগুলি রেখা দেখা যায়, উক্ত রেখার সমন্বয়ে গঠিত দৃশ্যকে অভিক্ষেপ বা প্রজেকশন (Projection) বলে।

কোন বস্তুকে আলোক রশ্মির সাহায্যে একটি কাগজ, পর্দা অথবা অনুরূপ সমতলের উপর উপস্থাপন করা হলে, তাকে ঐ বস্তুর অভিক্ষেপ বা প্রজেকশন (Projection ) বলে।

একটি বস্তুর বিভিন্ন বিন্দু হতে যদি বিভিন্ন সরলরেখা অংকন করে কোনো সমতলে মিলিত করা হয়, ঐ বিভিন্ন বিন্দুগুলোকে ক্রমানুসারে সঠিকভাবে যোগ করলে যে চিত্র গঠিত হয়, তাকে ঐ বস্তুর প্রজেকশন (Projection) বলে।

#### অভিক্ষেপের উপাদান ঃ

যে সমস্ত বিষয় অভিক্ষেপ গঠন করতে প্রয়োজন হয় বা দৃশ্যমান হয়। সেটাই অভিক্ষেপের উপাদান। অভিক্ষেপের উপাদানগুলো নিমুরূপ ঃ


১) আলোক রশ্মি ২) সমতল স্থান বা কাগজ ৩) বিন্দু ৪) রেখা

#### ১০.২ অভিক্ষেপের তল ( Plane of Projection) ঃ

কোন বস্তু হতে কোনো সমতলের দিকে যে রেখাগুলো অংকন করা হয়, তাকে প্রজেকশন (Projection) বলে। প্রজেকশন চিত্রের সাহায্যে প্ল্যান বা টপ ভিউ এলিভেশন বা ফ্রন্টভিউ ও সাইডভিউ এর উদাহরণ দেখানো হলো -

একটি ঘনবস্তুর সর্বাধিক **৬টি অভিক্লেপ তল** থাকে। যথা ঃ


- ১) উপরের দৃশ্য (Top View or Plan) 8) বাম দিকের দৃশ্য (Left Side View)
- ২) নিচের দৃশ্য (Bottom View) ৫) সমুখ দৃশ্য (Front View or Front Elevation)
- ৩) ডান দিকের দৃশ্য (Right Side View) ৬) পশ্চাৎ দৃশ্য (Rear View)



চিত্র ১০.২ অভিক্ষেপ বা প্রজেকশনের তল

- প্রজ্ঞকশন প্রধানত দুই প্রকার। বথা ঃ
  - ১। পিকটোরিয়াল প্রজেকশন বা দৃষ্ট মধুর অভিক্লেগ (Pictorial Projection)
  - ২। অর্থোগ্রাফিক প্রজ্ঞেকশন বা সমরূপীয় অভিক্ষেপ (Orthographic Projection)
  - ১। পিকটোরিয়াল প্রজ্ঞেকশন কে আবার তিন ভাগে ভাগ করা যায়। যথা ঃ
    - i) পার্সপেকটিভ প্রজ্ঞেকশন বা পরিপ্রেক্ষিত অভিক্ষেপ (Perspective Projection)
    - ii) আইসোমেট্রিক প্রজেকশন বা সমমাত্রিক অভিক্ষেপ (Isometric Projection)
    - iii) অবদিক প্ৰজেকশন বা তীৰ্ষক অভিকেপ (Oblique Projection)
  - ২। অর্থোগ্রাফিক প্রজেকশন বা সমন্ধ্রপীয় অভিক্রেপ দুই প্রকার । যথা ঃ
    - i) প্রথম কোণীয় অভিকেপ (First Angle Projection)
    - ii) তৃতীয় কোণীয় অভিকেপ (Third Angle Projection)

## ১০.৩ অভিকেপের শ্রেণিবিভাগ (Classification of Projection) ঃ



চিত্র ১০.৩ অভিক্ষেপ বা প্রজেকশনের শ্রেণিবিভাগ

ইঞ্জিনিরারিং ড্রইং

#### ১০.৪ বিন্দুর অভিক্ষেপ অংকন (অনুভূমিক ও উল্লুম) ঃ গরলরেখার লম অভিক্ষেপ অংকনের পদ্ধতি ঃ


প্রত্যেকটি রেখা বস্তুত কতকতলো বিন্দুর সমষ্টি। সূতরাং কোনো তলের উপর রেখার প্রজেকশন বা লম্ব অভিক্ষেপ এ কথা দিয়ে ঐ সব বিন্দুর 'প্রজেকশন' বা লম্ব অভিক্ষেপ এর সমষ্টিকে বোঝায়। প্রজেকশন-এর এ সমষ্টি একটি সরল রেখা হয় এবং এর দৈর্ঘ্য কার্যত রেখার দুইটি প্রাস্ত-বিন্দুর ন্যুনতম দ্রত্ব হয়। অতএব কোনো সরলরেখার প্রাস্ত-বিন্দু দুইটি থেকে কোনো তলের উপর প্রজেকশন রেখা টেনে সেওলোকে সরলরেখা দিয়ে যুক্ত করলে, কার্যত তা ঐ রেখারই প্রজেকশন হয়ে থাকে। একটি সরলরেখা অনুভূমিক তল (H.P) ও উল্লম্ব তলের (V.P) অন্তর্বর্তী স্থানে বিভিন্ন প্রকারে অবস্থান করতে পারে। যেমন-

- ১) উভয় তলের সমান্তরাল রূপে (চিত্র ১০.৫ থেকে ১০.৫.১)
- ২) একটি তলের সমান্তরাল রূপে অপর তলের সাথে এক সমকোণে (চিত্র ১০.৫.৫ থেকে ১০.৫.৬
- ৩) একটি তলের সমান্তরাল রূপে এবং অপর তলের সাথে এক সমকোণে (চিত্র ১০.৫.৭ থেকে ১০.৫.৮)

এদের 'প্লান' ও 'সম্মুখ এলিভেশন' এবং এ সম্পর্কে তথ্য করেকটি উদাহরণের সাহায্যে নিচে আলোচনা করা হলো । পার্থক্য বোঝানোর জন্য এখানে যা 'প্রজ্ঞেকশন' নীতির 'প্রথম কোণ' (First Angle) প্রথায় অন্ধিত তাদের উদাহরণকে (ক) দিয়ে এবং যা 'তৃতীয় কোণ' (Third Angle) প্রথায় অংকিত এদের উদাহরণকে (খ) দিয়ে দেখান হয়েছে। এছাড়া উভয়ের মূল বিষয় একই বলে বর্ণনা কেবল (ক) এর ক্ষেত্রে দেওয়া হয়েছে। (খ)-এর ক্ষেত্রে এর পুনরুক্তি করা হয়নি।


মনে রাখা প্রয়োজন যে অভিক্ষেপ তলগুলো পরস্পর ছেদ করলে চারটি সমকোণের সৃষ্টি হয়। ১ম কোণের মান দাঁড়ায় 0° থেকে 90°, ৩য় কোণের মান 180° থেকে 270° (বৃত্তের সর্বমোট কোণের মান 360°)। এমতাবস্থায়, ১ম কোণীয় অভিক্ষেপের ক্ষেত্রে H.P, V.P, P.P (Profile plane) এ তিনটি প্রধান তলে বস্তুটির অবস্থান অংকিত হয়।

প্রথম কোণীয় অভিক্ষেপ পদ্ধতিতে বস্তুটির চিত্র তার বিপরীত তলে আঁকতে হয়। অপরদিকে তয় কোণীয় পদ্ধতিতে যে দিক থেকে বস্তুটিকে দেখা হচ্ছে সে দিকের তলে দৃশ্যটি আঁকতে হবে। ১ম কোণীয় পদ্ধতি সনাতনি বৃটিশ পদ্ধতি এবং তয় কোণীয় পদ্ধতিটি আমেরিকান পদ্ধতি। চিত্র ১০.৪.২-এ ১ম ও তয় কোণীয় অভিক্ষেপের ছক দেখানো হয়েছে এবং উক্ত ছক মাফিক চিত্র ১০.৪.৩ এ একটি ইঞ্জিনিয়ারিং পার্টস-এর ১ম কোণীয় ও তয় কোণীয় প্রচ্ছেকশন দেখান হলো। আমাদের দেশে ইঞ্জিনিয়ারিং ড্রইংয়ের বেলায় ১ম কোণীয় পদ্ধতি বছলভাবে ব্যবহৃত হয়।




চিত্র ১০.৪.১ (ক) প্রথম কোণীয় প্রজ্ঞেকশন ও (খ) তৃতীয় কোণীয় প্রজ্ঞেকশন

১২৬ অভিক্ষেপ বা প্রজেকশন




চিত্র ১০.৪.২ বস্তুটিকে তীর চিহ্নিত দিক ফ্রন্টভিউ নির্দেশ করা হলো


## একটি অবজেয়ক কোন্ডিং লাইনের মাখ্যমে তৃতীয় কোণীয় প্রজেকশন দেখানো হলো ঃ



Projection of an Object.



Top and Right-Side Views.



Folding Lines.


## চিত্র ১০.৪.৩ তৃতীয় কোণীয় প্রজেকশন

সরল রেখার গ্লান ও সমুখ এলিডেশন অংকন ঃ
উদাহরণ ১। (ক) AB সরলরেখা অনুভ্যিকতল থেকে 20 মি.মি. উপরে এবং উল্লয়ন্তল থেকে 15
মি.মি. সমুখে উভয় তলের সমান্তরালয়ণে অবস্থিত (চিত্র ১০.৪.৪)।

এখানে AB রেখার প্রান্ত-বিন্দু AB এর উন্নয় তলের উপর প্রজেকশন A' ও B' ফলে এদের সংবোজক A'B' রেখা AB এর সমুখ এলিভেশন হয়েছে।

এটি ভূমি-রেখা XX'এর সমান্তরাল। অনুরূপভাবে AB রেখার প্রান্তবিন্দু  $A \circ B$  এর অনুভূমিক তলের উপর প্রজেকশন A'' B''। কলে এদের সংযোজক রেখা A'' B'' রেখা AB এর

'প্লান' তেরি হরেছে। এটিও
ভূমি রেখা XX' সমান্তরাল।
যেহেডু, AB উভর তলের
সমান্তরাল এবং AA 'B' B ও
AA'B'B উভরই আরতক্ষেত্র।
সূতরাং এছানে A'B' এর এবং
A'B" এর দৈর্ঘ্য AB এর
প্রকৃত দৈর্ঘ্যের (True
Length) সমান।



চিত্র ১০.৪.৪ প্রথম কোপীর পদ্ধতি

উদাহরণ ১। (খ) AB সরশরেখা অনুভূমিকতলের 20 মি.মি. নিচে এবং উল্লখতলের 15 মি.মি. পশ্চাতে উভর তলের সমান্তরালরূপে অবস্থিত


বর্ণনা ঃ উদাহরণ ১ (ক) এর অনুরূপ (চিত্র১০.৪.৫)।


চিত্ৰ ১০.৪.৫ তৃতীয় কোণীর পদ্ধতি

উদাহরণ ২। (ক) AB সরল রেখা উল্লয়তল থেকে 15 মি.মি. সমুখে উত্তর তলের সমান্তরালরণে অনুভূমিকতলে অবস্থিত।

এখানে AB সরলরেখার A ও B প্রান্তবিন্দু দৃইটির উন্নয়তলের উপর প্রজেকশন A' ও B'। ফলে A'B' রেখা AB এর' সমুখ এলিভেশন' হরেছে। AB রেখাটি ভূমিভলে অবস্থিত বলে, এই A'B' রেখা ভূমিতে খাড়া

XX' এর সাথে মিশে গিরেছে এবং এর প্লান AB নিজ হানে হরেছে। এখানে AA'B'B একটি আরতক্ষেত্র বলে সম্মুখ এলিভেশন A'B' এর এবং প্লানের দৈর্ঘ্য, প্রদন্ত রেখা AB এর প্রকৃত দৈর্ঘ্যের সমান। (চিত্র ১০.৪.৬)





ि.8.०८


ইঞ্জিনিয়ারিং দ্রইং ১২৯

# উদাহ্রণ ২। (খ) AB সরলরেখা উল্লেখতলের 15 মি.মি. পশ্চাতে উভয় তলের সমান্তরালরূপে অনুভূমিকতলে অবস্থিত

(চিত্র ১০.৪.৭) বর্ণনা ঃ উদাহরণ ২(ক)-এর অনুরূপ

দ্রষ্টব্য ঃ উদাহরণ ১(ক) ও (খ) এবং ২ (ক) ও (খ) থেকে প্রমাণিত হয় যে, কোনো সরলরেখা উল্লেখতলের সমান্তরালরূপে থাকা অবস্থায় অনুভূমিকতল [(ক) এর স্থলে ভূমি তল থেকে যত উঁচুতে (খ)-এর স্থলে নিচে] থাকুক না কেন, প্রানে রেখাটির প্রজেকশনের দৈর্ঘ্যের কোনো পরিবর্তন হয় না।

অনুরূপভাবে কোনো সরলরেখা অনুভূমিকতলের (বা ভূমি-তলের) সমান্তরালরূপে থাকা অবস্থায় উল্লম্ভল থেকে বতই সম্মুখে [ (খ) এর স্থলে পশ্চাতে] থাকুক না কেন, সম্মুখ এলিভেশনে এর প্রজ্ঞেকশনের দৈর্ঘ্য একই থাকে। অর্থাৎ রেখাটি তল থেকে কত পশ্চাতে বা কত সম্মুখে আছে তার উপর এর প্রজ্ঞেকশনের দৈর্ঘ্যের মান নির্ভর করে না।




চিত্র ১০.৪.৭ তৃতীয় কোণীয়

উদাহরণ ৩। (ক) AB সরলরেখা অনুভূমিকতল থেকে 6 মি.মি. উপরে লখভাবে এবং উল্লখতলের 10 মি.মি. সম্মুখ এর সমান্তরালরূপে অবস্থিত (চিত্র ১০.৪.৮)

কোন সরলরেখা যখন একটি তলের উপর লম্ভাবে অবস্থান করে তখন তা অপর তলের

সমান্তরাল হয়। এখানে AB সরলরেখাটির A ও B প্রান্ত-বিন্দু দুইটি থেকে অনুভূমিকতলের উপর টানা প্রজেকশন রেখা পরস্পর মিশে যাওয়ায় প্লান-এ বিন্দু দুইটি একটি বিন্দু A´B´-এ পরিণত হয়েছে কিন্তু উল্লুমতলের উপর টানা প্রজেকশন রেখার মাধ্যমে। এর সম্মুখ এলিভেশন A´B´ সরলরেখা হয়েছে। এই A´B´ এর দৈর্ঘ্য প্রদত্ত রেখা AB এর প্রকৃত দৈর্ঘ্যেও সমান কারণ, AA´B´B একটি আয়তক্ষেত্র এবং এটি ভূমি রেখা XX´এর সাথে এক সমকোণে অবস্থিত।




চিত্ৰ ১০.৪.৮ প্ৰথম কোণীয় পদ্ধতি

উদাহরণ ৩। (খ) AB সরলরেখা অনুভূমিক তল থেকে 6 মি.মি. নিচে লখভাবে এবং উল্লখতলের

10 মি.মি. পশ্চাতে এর সমান্তরালরগে অবস্থিত

বর্ণনা ঃ উদাহরণ ৩ (ক) এর অনুরূপ (চিত্র ১০.৪.৯)




চিত্ৰ ১০.৪.৯ তৃতীয় কোণীয় পদ্ধতি

উদাহরণ ৪। (ক) AB সরলরেখা অনুভূষিকতলের 6 মি.মি. উপরে এর সমাভরালরূপে এবং উল্লয়ভল থেকে 10 সমূধে লম্বভাবে অবস্থিত

এখানে উন্নযুত্তলের উপর রেখাটি সমূর্থ এলিভেশন B"A"একটি বিন্দু এবং

অনুভূমিকতলের উপর এর
প্রান A'B' একটি
সরলরেখা। এই A'B' এর
প্রকৃত্ত দৈর্ঘ্যের সমান। কারণ
AA' B'B একটি
আয়তক্ষেত্র। এটি ভূমি রেখা
XX' এর সাথে লম্ভাবে
অবস্থিত। (চিত্র ১০.৪.১০)




চিত্র ১০.৪.১০ প্রথম কোণীর পদ্ধতি

উদাহরণ ৪। (খ) AB সরলরেখা অনুভূষিক তলের 6 মি.মি. নিচে এর সমান্তরালরূপে এবং উল্লেখনের 10 মি.মি. পশ্চাতে এর সাথে লয়ভাবে অবস্থিত। (চিত্র ১০.৪.১১)

বর্ণনা ঃ উদাহরণ ৪ (क) এর অনুরূপ।

দুষ্টব্য ঃ উদাহরণ ৩ (ক) ও (খ) এবং ৪ (ক) ও (খ) থেকে প্রমাণিত হয় যে, বিদি কোনো রেখা একটি তলের সাথে এক সমকোণে অবস্থান করে, তাহলে এ তলের উপর প্রজেকশনের দৈর্ঘ্য সরদরেখা হয় এবং এর দৈর্ঘ্য প্রকৃত দৈর্ঘ্যের সমান হয়ে থাকে। উপরস্ক এটি ভূমি রেখার সাথে এক সমকোণে অবস্থান করে।



চিত্ৰ ১০.৪.১১ তৃতীয় কোশীয় গছভি

ইঞ্জিনিয়ারিং দ্রুইং

## ১০.৫ তলের অভিক্ষেপ অংকন (অনুভূমিক ও উল্লুম) ঃ


বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ দুই ভাবে হতে পারে। যেমন ঃ

১) এককেন্দ্রিক দৃষ্টি অভিক্ষেপ ২) সমান্তরাল দৃষ্টি অভিক্ষেপ

#### ১) এককেন্দ্রিক দৃষ্টি অভিক্ষেপ ঃ

চিত্র ১০.৫-এ শুন্যে কোন বিন্দু S, উল্লয়খতল K এবং ABCD একটি চতুর্ভুজ কল্পনা করা হলে (AD ও BC বাহু K এর সমান্তরাল) S বিন্দু থেকে নিক্ষিপ্ত দৃষ্টি অভিক্ষেপ K তলে

abcd রূপ ধারণ করবে। ঘরের দেয়ালের সমূখে একটি বই রেখে সামান্য দূর থেকে আলো কেললে দেরালের গায়ে বইটির অনুরূপ ছারা পড়বে। এক্ষেত্রে, S = অভিক্ষেপের কেন্দ্র বিন্দু (Center of Projection) K = অভিক্ষেপ তল (Plane of Projection) Sa, Sb, Sc ও Sd = অভিক্ষেপের রেখা বা প্রজেষ্টরস (Projectors) মানুষের চোখ এক কেন্দ্রিক দৃষ্টি অভিক্ষেপ পদ্ধতি অনুসরণ করে। এ জন্য আমরা নিকটবর্তী রেল লাইনকে চওড়া ও দূরবর্তী অংশকে এক বিন্দুতে মিলিত অবস্থায় দেখি।



চিত্ৰ ১০.৫ এককেন্দ্ৰিক দৃষ্টি অভিক্ষেপ


#### ২) সমান্তরাল দৃষ্টি অভিক্লেপ ঃ

চিত্র ১০.৫.১ এর দৃষ্টান্তে দৃষ্টির কেন্দ্রবিন্দু S কে উঠিয়ে দিয়ে দৃর থেকে ABCD চতুর্ভুজটির প্রতিটি কোণে সমান্তরাল দৃষ্টি নিক্ষেপ করলে K তলে একই রকমের abcd অভিক্ষেপ পাওয়া যাবে। এ সমান্তরাল দৃষ্টি অভিক্ষেপ পদ্ধতি টেকনিক্যাল দ্রুইং তৈরি করার জন্য বহুলভাবে ব্যবহৃত হয়।

উল্লিখিত রীতি অনুযায়ী আমরা নির্মিতব্য বস্তুর আইসোমেট্রিক, অবলিক ও পার্সপেকটিভ ভিউ পেয়ে থাকি। এই ৩ প্রকার দৃশ্য পিকটোরিয়াল ড্রইংয়ের অন্তর্ভুক্ত। মনে রাখা দরকার যে,

পিকটোরিয়াল দ্রইং দারা বস্তুটির চিত্রতুল্য ধারণা প্রদান করা হয়। কিন্তু প্রকৃত মাপ প্রদানের জন্য সমান্তরাল দৃষ্টি অভিক্ষেপের সাহায্যে এর প্লান ও এলিভেশনসমূহ আঁকা হয়।

অভিক্ষেপ রেখাগুলো যখন উলম্বতল (Vertical Plane) ও অনুভূমিকতল (Horizontal Plane) বা এর সাথে লম্ব আকারে অংকিত হয় তখন আমরা অর্ধোগ্রাফিক ভিউ পেয়ে থাকি। (চিত্র ১০.৫.১) চিত্র ১০.৫.১ এ উল্লম্বতলে (V.P) আয়তক্ষেত্রটির বে রেখাচিত্র অর্থাৎ আউট লাইন পাওয়া গেল তাই-ই আয়তক্ষেত্রটির প্রজেকশন এবং কল্পিত দৃষ্টি রেখাগুলোই প্রজেক্টর। অর্ধোগ্রাফিক প্রজেকশনে প্রজেক্টরগুলো V.P ও H.P তলের উপর অবশ্যই লম্ব হতে হবে।



চিত্র ১০.৫.১ সমান্তরাল দৃষ্টি অভিক্ষেপ

## খনবস্তর দৃশ্য অঙ্কন পদ্ধতি ঃ

অঙ্কন পদ্ধতিতিকে সহজ করার জন্য ঘনবম্ভর গঠন সম্বদ্ধে কিছু কল্পনার আশ্রন্থ নিতে হয়। যেমন ঃ


- ক) বিন্দুর সমন্বয় সব কিছুর সৃষ্টি।
- খ) সারিবদ্ধ বিন্দু রেখার সৃষ্টি করে ।
- গ) অসংখ্য রেখা একটি তলের জন্ম দেয়।
- ষ) অসংখ্য তলের সমন্বয়ে ঘনবস্তুর সৃষ্টি হয়। উপরের আলোচনা থেকে আমরা বুঝতে পারি যে, শৃন্যে কোনো কিছু অবস্থান করছে এরূপ কল্পনা করলে ছয় দিক থেকে তার ৬ টি দৃশ্য দেখা যাবে। যেমন –
- ১) উপরের দৃশ্য (Top View or Plan)
- ২) নিচের দৃশ্য (Bottom View)
- ৩) ডান দিকের দৃশ্য (Right Side View)
- 8) বাম দিকের দৃশ্য (Left Side View)
- ক) সমুখ দৃশ্য (Front View or Front Elevation)
- ৬) পশ্চাৎ দৃশ্য (Rear View)

## ১। অনুভূমিকতল (Horizontal Plane বা সংক্ষেপে H.P.) ঃ

যে তল ভূমিতলের সমান্তরাল থাকে, সেটাই অনুভূমিক তল। যেমন- ঘরের মেঝে, টেবিলের উপরিভাগ ইত্যাদি।

## ২। **উন্নযতন (Vertical Plane বা সংক্রেপে** V.P.) ঃ

যে তল ভূমিতলের সহিত এক সমকোণ উৎপন্ন করে বা এর উপরে লঘভাবে অবস্থিত থাকে, সেটাই উল্লেঘতল। যেমন- ঘরের দেরাল বা প্রাচীর। এ উল্লেঘ ও অনুভূমিকতল দুইটির সংযোগ রেখাকে ভূমি-রেখা বা (Ground Line) বলে (চিত্র ১০.৫.২)। পরের দৃশ্য অংকন কালে এটাকেই XX'' রেখা দ্বারা সূচিত করা হয়েছে।



চিত্র ১০.৫.২ অনুভূমিক ও উল্লম্ব তল

ইঞ্জিনিয়ারিং দ্রইং


## ⊙ প্রথম ও তৃতীয় কোণ বিষয়ক অভিকেশ (First and Third Angle Projection) ঃ

অনুভূমিক (Horizontal) এবং উল্লম্ব (Vertical) তল দুইটিকে বর্ধিত করলে চারটি দ্বিতল কোণ (Di-Hedral) উৎপন্ন হয় (চিত্র ১০.৫.৩-এ AOB, BOC, COD এবং DOA দিয়ে দেখানো হয়েছে)। এই কোণ কয়টিকে যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ কোণ বলে।

ব্রিটিশ পদ্ধতিতে, বস্তুটি 'প্রথম কোণ' (এখানে AOB) দিয়ে দখলকৃত স্থানের মধ্যে অবস্থিত থাকে, এটা ধারণা করা হয় এবং বস্তু হতে অনুভূমিক ও উল্লম্ব তলের উপর লম্ব রেখা অভিক্ষিপ্ত কওে (অর্থাৎ, 'প্রজ্ঞেকশন' রেখা টেনে) দৃশ্য নেওয়া হয়ে থাকে। এ পদ্ধতিকে 'প্রথম কোণ বিষয়়ক অভিক্ষেপ' চিত্র ৯.৫ বা 'ফার্স্ট এক্ষেল প্রজ্ঞেকশন'(First Angle Projection) পদ্ধতি বলে। এখানে লক্ষ করার বিষয় এই য়ে, এতে বস্তুটি তল (Plane) এবং দর্শকের অন্তর্বর্তী স্থানে অবস্থান করে এবং দৃষ্টি-রেখা বস্তুকে অতিক্রম করে তলের উপর পতিত হয়। অর্থাৎ, দৃশ্য (View)-গুলি দর্শক হতে দ্রে সরে যায়। 'প্রথম কোণীয় অভিক্ষেপ' প্রথায়, বস্তুটির অবস্থান সম্পর্কে বিশেষভাবে কিছু উল্লেখ না থাকলে, এটা অনুভূমিকতলে অবস্থিত বলে অনুমান করা হয়ে থাকে।

আমেরিকান পদ্ধতিতে, বস্তুটি 'ভৃতীয় কোণ'(চিত্র ১০.৫.২-তে COD দিয়ে দেখানো

হয়েছে) দিয়ে দখলকৃত স্থানের মধ্যে অবস্থিত থাকে, এটা অনুমান করা হয় এবং প্রজেকশন রেখাকে বস্তু হতে দ্রষ্টার দিকে অনুভূমিক এবং উল্লেম্বতল দুটির উপর টেনে এনে দৃশ্য নেওয়া হয়ে থাকে। এই নীতিকে 'ভৃতীয় কোণ বিষয়ক অভিক্ষেপ 'বা' থার্ড একেল প্রজেকশন' (Third Angle Projection) পদ্ধতি বলে। এখানে লক্ষ করার বিষয় এই য়ে, এতে তল (Plane) টি বস্তু ও দর্শকের অন্তর্বর্তী স্থানে অবস্থান করে এবং দৃষ্টি-রেখা তলকে ভেদ করে বস্তুতে এসে পৌছায়। অর্থাৎ, দৃশ্য (View) গুলো দর্শকের দিকে অগ্রসর হয়ে আসে (চিত্র ১০.৫.৩)।




চিত্র ১০.৫.৩ প্রথম ও তৃতীয় কোণ অভিক্ষেপ

ভৃতীয় কোণ বিষয়ক 'অভিক্ষেপ' প্রথায় বস্তুকে অনুভূমিকতলের (H.P.) নিচের এবং এর সমান্তরাল একটি তলে অবস্থিত বলে অনুমান করা হয়ে থাকে। এ তলটিকে 'ভূমি-তল' (Ground Plane - সংক্ষেপে G.P.) বলে। এ তল এবং উল্লম্বতল (V.P) এ দুইয়ের সংযোগ রেখাকে সাধারণতভাবে 'ভূমি-তল রেখা' (GL) বলা যেতে পারে (চিত্র ১০.৫.৪) পরে, দৃশ্য অংকন অধ্যায়ে একেই GL দ্বারা সূচিত করা হয়েছে। ভূমি-তল (G.P.) অনুভূমিক তল (H.P.) হতে কত নিচে অবস্থিত, এটা জানা থাকলে সে অনুযায়ী এই GL রেখা সহজেই টানা যায়। কিন্তু এটা জানা না থাকলে, বস্তুটির উচ্চতা অনুমান করে ভূমি-রেখা হতে উপযুক্ত দূরত্বে এটা টানা হয়ে থাকে। এ ছাড়া যেখানে বস্তুটি প্রকৃত উল্লম্বতলের পশ্চাতে অবস্থিত বলে প্রকাশ থাকে,

১৩৪ অভিক্ষেপ বা প্রজেকশন

ঐখানে এই প্রকৃত উল্লেম্বতলের পশ্চাতে আর একটি উল্লম্বতলের অবস্থান কল্পনা করা হয়। একে ১০.৫.৪ চিত্রে YY' দারা সূচিত করা হয়েছে।

উপরে বর্ণিত নীতি দুইটি একটি ঘন বস্তুর উদাহরণ দিয়ে আলোচনা করা হলো। প্রত্যেকটি ঘন বস্তু প্রকৃতপক্ষে কয়েকটি পৃষ্ঠতল বা উপরিভাগের (Surface) সমষ্টি এবং এদের একটি অপরটির সহযোগে যে যে ধারগুলি (Edges) উৎপন্ন করে দ্রইং-এ সেগুলোকে রেখা দিয়ে দেখান হয়ে থাকে। সূতরাং, 'ঘনবস্তুর প্রজেকশন' দারা মূলতঃ ঐ ধার -সূচক রেখাগুলোর অভিক্ষেপকেই বুঝায়।




ि ३०.४.8

ঘন বস্তু সম্পর্কে শক্ষ করার বিষয় এই যে, এর পরিচয়ের জন্য সর্বদা **তিনটি মাপ** প্রয়োজন হয়। যখাঃ

#### দৈর্ঘ্য ২) প্রস্থ বা বিন্তার ৩) উচ্চতা বা বেধ।

কিন্তু যে কাগজের উপর একে অংকন করা হয় এতে একটি মাত্র তল বর্তমান এবং এতে দৃটি মাপ-দৈর্ঘ্য ও প্রস্থ পাওয়া সম্ভব। তিনটি মাপ-বিশিষ্ট বস্তুকে দৃইটি মাপ-বিশিষ্ট একটি মাত্র তলের উপর লম্ব অভিক্লেপ নীতিতে একযোগে দেখান সম্ভব হয় না। এর জন্য অন্ততঃ দৃইটি তল বা পরোক্ষভাবে দৃইটি দৃশ্য প্রয়োজন হয়। এ কারণে এক্ষেত্রে দৃইটি তলের উপর লম্বভাবে অভিক্ষিপ্ত দৃইটি দৃশ্য নেওয়ার এবং এদেরকে কাগজের উপর অন্ততঃ দৃইটি চিত্র দিয়ে সৃচিত করার প্রয়োজন হয়।



চিত্ৰ ১০.৫.৫ অনুভূমিকতল

চিত্ৰ ১০.৫.৬ উল্লেখতল

ইঞ্জিনিয়ারিং ড্রইং ১৩৫

'প্লান' (Plan) থেকে ঘন বস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ, 'সম্মুখ দৃশ্য' বা 'ফ্রন্ট এলিভেশন' (Front Elevation) দৃশ্য থেকে এর দৈর্ঘ্য ও উচ্চতা এবং প্রান্তিক বা পার্শ্ব দৃশ্য (End View) হতে এর প্রস্থ ও উচ্চতা পাওয়া যায়।


সাধারণত ঘন বস্তুর পরিচয়ের জন্য দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা মাপ দেখাতে 'সম্মুখ দৃশ্য' ও 'গ্রান' যথাক্রমে চিত্র (১০.৫.৭ ও ১০.৫.৮) অঙ্কন করা হয়ে থাকে। নিচে এ দুইটি দৃশ্য সম্পর্কে আলোচনা করা হলোঃ


## প্রথম কোণ বিষয়ক লম অভিক্লেপ (First Angle Orthographic Projection)-

পরস্পরের সাথে কজা (Hinge) দিয়ে যুক্ত 'ড্রইং বোর্ড' (Drawing Board)- এর অনুরূপ দুইটি প্রশস্ত কাঠের খণ্ড (P.Q) এবং চারকোণা একটি টেবিলকে ঘরের একটি দেয়াল-এর সাথে মিলিয়ে রেখে এর উপর ঐ কাঠের খণ্ড দুইটিকে এমনভাবে ভাঁজ করে রাখি যাতে Q টেবিলের উপরিভাগের সাথে এবং P দেওয়াল-এর সাথে মিলে, টেবিলের উপরিভাগ ভূমির সমান্তরাল এবং দেয়াল-এর উপরিভাগ ভূমির উপর লমভাবে অবস্থিত হয়। সুতরাং, এখানে Q 'অনুভূমিকতল' (Horizontal Plane)-কে এবং P 'উল্লম্বতল' (Vertical Plane)-কে সূচিত করেছে।

যে ঘন বস্তুটর অর্থোগ্রাফিক দৃশ্য অঙ্কন করতে হবে, ধরি ওটা P এবং Q-এর অন্তর্বর্তী স্থানে ঝুলান আছে। এখন বস্তুটির প্রত্যেকটি ধার থেকে এবং প্রকারান্তরে এর প্রত্যেকটি কোণ-বিন্দু থেকে প্রথমে P এবং Q-এর উপর এক সমকোণে অর্থাৎ 90°-তে সরলরেখা টানি। রেখাগুলো P ও Q-কে যে যে বিন্দুতে ছেদ করল, এদেরকে সরলরেখা দিয়ে যুক্ত করলে ঐ রেখাগুলো দিয়ে সীমাবদ্ধ চিত্রই অংকনীয় অর্থগ্রাফিক দৃশ্য চিত্র ১০.৫.৭ ও ১০.৫.৮ হলো। এখানে লক্ষণীয় যে, এ চিত্র দুইটি প্রকৃত পক্ষে বস্তুটির ঠিক সমুখ থেকে অনুভূমিকভাবে (Horizotally) অর্থাৎ দৃষ্টিকে ভূমির সমান্তরালরূপে রেখে, উল্লেখতলের দিকে (চিত্র ১০.৫.৭) এবং ঠিক উপর হতে লম্বভাবে (Vertically) অর্থাৎ দৃষ্টিকে উল্লেখতলের সমান্তরালরূপে রেখে ভূমিতলের দিকে (চিত্র ১০.৫.৮) দৃষ্টিপাত করলে যে প্রকারে দেখায়, ওটা তাই। সমুখ হতে যে প্রকার দেখায় একে ইংরেজিতে ফ্রন্ট এলিভেশন' (Front Elevation) বা 'ফ্রন্টভিউ' (Front View) বলে। বাংলায় একে 'সমুখ দৃশ্য বা সমুখ এলিভেশন' বলা যেতে পারে। উপর হতে যে প্রকার দেখায় তাকে 'প্লান' (Plan) বা টপভিউ' (Top View) বলে। বাংলায় একে 'অধান্তাম করে 'অধান্তমে তা 'সমুখ এলিভেশন' ও 'প্লান' এবং এগুলোকে একত্র করলে চিত্র ১০.৫.৮-এর ন্যায় হবে।

১৩৬ অভিক্ষেপ বা প্রজেকশন





চিত্র ১০.৫.৭ প্লান ও এলিভেশন


চিত্ৰ ১০.৫.৮ প্ৰথম কোণীয় লম্ব অভিক্ষেপ

এখন ষেহেতু কাগজ একটি সমতল ক্ষেত্র, সূতরাং কজা দ্বারা যুক্ত P,Q কাঠের খন্ড দুইটিকে টেবিল থেকে সরিয়ে এনে ভূমি-সমান্তরাল একটি তলের উপর বিস্তারিত করলে দৃশ্য দুইটির প্রজেকশন রেখাগুলো পরস্পর মিলে গিয়ে চিত্র ১০.৫.৮ এর ন্যায় দেখাবে। এটাই কাগজের উপর অংকনীয় ঘন বস্তুটির 'সমুখ এলিভেশন' এবং 'প্লান' দৃশ্য। দৃশ্য দুইটি লক্ষ করলে দেখা যাবে এখানে 'সমুখ এলিভেশন' উপরে এবং 'প্লান' এটার নিচে অবস্থিত থাকে।

## 💿 ডুডীর কোণ বিষয়ক লম্ অভিক্লেপ (Third Angle Orthographic Projection) ঃ

অনুভূমিক এবং উল্লেখতল দুইটিকে এখানে কজা দিয়ে যুক্ত দুইটি প্রশস্ত সমতল কাঁচের খণ্ড অনুমান করি। ধরি এরা যথাক্রমে P,Q (চিত্র ১০.৫.৯) এই P ও Q খণ্ড দুটিকে এমনভাবে স্থাপন করি। যাতে এদের সাহায্যে চিত্র ১০.৫.৫ এ দেখানো COD অর্থাৎ তৃতীয় কোণটি উৎপন্ন হয়। ঘন বস্তুটি থেকে তৃতীয় কোণের অন্তর্বর্তী স্থানে ঝুলান আছে বলে ধরে নিয়ে যথাক্রমে সম্মুখ এবং উপরের দিক থেকে তল দুইটির সাথে এক সমকোণে বস্তুটির প্রতি দৃষ্টিপাত করি।

তল দুইটি এখানে কাঁচ দিয়ে তৈরি বলে বস্তুটির আকার বাহির হতে দেখা যাবে। কেমন দেখা যাবে তা স্থির করার জন্য এখন বস্তুটির প্রত্যেকটি ধার অর্থাৎ, প্রকারান্তরেও প্রত্যেকটি কোণ-বিন্দু হতে নিজের দিকে (অর্থাৎ, দর্শকের দিকে) P ও Q-এর উপর এক সমকোণে প্রজেকশন রেখা টানি। এতে, উল্পন্তলের (Q) উপর টানা প্রজেকশন রেখা দিয়ে গঠিত দৃশ্য 'সম্মুখ এলিভেশন' এবং অনুভূমিকতলের (P) উপর টানা প্রজেকশন রেখা দ্বারা গঠিত দৃশ্য 'প্রান' হলো। এবার যেহেত্ কাগজ একটি সমতল ক্ষেত্র, সূতরাং P ও Q কাঁচের খন্ড দুইটিকে সমতল কোনো স্থানের উপর বিস্তারিত করি। এতে দৃশ্য দুইটি যেভাবে সন্নিবেশিত হলো, তাই অংকনীয় আমেরিকান পদ্ধতিসমত তৃতীয় কোণ' বিষয়ক অবস্থান হলো (চিত্র ১০.৫.৯)।




চিত্ৰ ১০.৫.৯

চিত্ৰ ১০.৫.১০ তৃতীয় কোণীয় লম অভিক্ষেপ

লক্ষণীয় যে, এখানে 'প্লান' উপরে এবং 'সম্মুখ এলিভেশন' এর নিচে অবস্থান করছে এবং এ অবস্থান পূর্ববর্ণিত ব্রিটিশ পদ্ধতি সম্মত 'প্রথম কোণ' বিষয়ক অবস্থানের ঠিক বিপরীত অবস্থানে আছে।

#### প্ৰান্তিক এশিভেশন (End Elevation) ঃ 0


কোনো ঘন বস্তুকে বুঝাতে হলে যে দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা মাপ প্রয়োজন হয়, তা 'সম্মুখ এলিভেশন' ও 'প্লান' এ দৃশ্য দুইটি হতে পাওয়া যায় ঠিকই (যেমন- চিত্র ১০.৫.৯), কিন্তু এমন অনেক ঘনবস্তু আছে যাদের গঠন বিভিন্ন প্রকার হলেও এদের 'প্লান' ও 'সম্মুখ এলিভেশন' একই রকম হয়ে যায় (যেমন-চিত্র ১০.৫.১০ এবং ১০.৫.১১)।



চিত্ৰ ১০.৫.১১ প্ৰান্তিক এলিভেশন

ফলে, এসব ক্ষেত্রে আরও একটি দৃশ্য অংকন অত্যাবশ্যক হয়ে পড়ে। এ ছাড়া ব্যবহারিক ক্ষেত্রে এমন অনেক জটিল গঠনের বস্তু পাওয়া যায় যাদের ক্ষেত্রে কেবল পূর্বোক্ত প্লান'ও 'সম্মুখ

এলিভেশন' অংকন করলে বস্তুটির গঠনকে স্পষ্টভাবে বোঝানো যায় না । এর জন্য আর একটি দৃশ্য অংকনের প্রয়োজন হয়। এ অতিরিক্ত দৃশ্যটি সাধারণত বস্তুটির বাম অথবা ডান দিক থেকে (কোনো কোনো ক্ষেত্রে উভয় দিক হতে)। ভূমি-সমান্তরালভাবে (Horizontally) (চিত্র ১০.৫.১২) দৃষ্টিপাত করে নেওয়া হয়ে থাকে। বামদিক থেকে দৃষ্টিপাত করলে দৃশ্য পাওয়া যায় তাকে লেফট এভ



চিত্ৰ ১০.৫.১২


এলিভেশন' (Left End Elevation) বা লেফট এন্ড ভিউ' (Left End View) (বাংলায়, 'বাম প্রান্তিক এলিভেশন' বা 'বাম-প্রান্তিক দৃশ্য') এবং ডানদিক হতে দৃষ্টিপাত করলে যে দৃশ্য পাওয়া যায় তাকে 'রাইট এন্ড এলিভেশন ( Right End Elevation) বা রাইট এন্ড ভিউ' (Right End View) (বাংলায়, 'ডান-প্রান্তিক এলিভেশন' বা 'ডান-প্রান্তিক দৃশ্য') বলে। উভয়কে সাধারণভাবে অনেকে 'সাইড ভিউ' (Side View) বা বাংলায় 'পার্শ্ব দৃশ্য' বলা হয়।

এখন, লম অভিক্ষেপ পদ্ধতিতে প্রান্তিক দৃশ্যসহ তিনটি দৃশ্যের সমবেত অংকন পদ্ধতি আলোচনা করা হলো।


#### প্রথম কোণ বিষয়ক তিনটি দৃশ্য ঃ

এখানে, ঘনবন্ধ হিসেবে একটি 'এক্সেল প্লেট' (Angle Plate) এবং তল হিসেবে ড্রইং বোর্ডের ন্যায় প্রশস্ত P,Q ও R তিনখানি কাঠের খন্ত নিয়ে মনে করি, এই খন্ত তিনটিকে চিত্র ১০.৫.১৪ এর ন্যায় পরস্পরের সাথে কজা (Hinge) দ্বারা যুক্ত করা আছে। এ ছাড়াও, চতুকোণ একটি কাঠের টেবিল নিয়ে ঘরের যে কোণটিতে সম্মুখে ও ডানদিকে দেয়াল আছে ঐ কোণে

এমনভাবে রাখি, যাতে এর সন্নিহিত দুইটি পার্শ্ব উভয় দেয়ালের সাথে মিলে যায়। এখন, টেবিলটির উপর **&** কাঠের খণ্ড চিত্র ১০.৫.১৪ যুক্ত তিনটিকে এমনভাবে রাখি যাতে টেবিলটির উপর ভূমি-সমান্তরাল বা অনুভূমিকভাবে (Horizontally) এবং P ও R খন্ড দুইটি দেয়ালের সাথে মিলে উল্লম্ভাবে (Vertically) অবস্থান করে ৷ এবার, যে বস্তুটির অর্থোগ্রাফিক দৃশ্য অংকন করতে হবে (এছানে, একেল প্লেটটি) P, Q ও R- এর অন্তরবর্তী স্থানে ঝুলান আছে বলে ধরে নিই । এখন, এঙ্গেল প্লেটটির প্রত্যেকটি ধার অর্থাৎ, প্রকারান্তরে প্রত্যেকটি কোণ-বিন্দু থেকে যথাক্রমে এই P.O এবং R-এর লম্ব অর্থাৎ, প্রজেকশন রেখা টানি। প্রজেকশন রেখাগুলো দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রই অংকনীয় দৃশ্য এবং যথাক্রমে 'সম্মুখ এলিভেশন', 'প্লান' এবং বাম-প্রান্তিক এলিভেশন হলো। দৃশ্য তিনটি একত্রিত চিত্র ১০.৫. ১৫-এর ন্যায় দেখায়।




िख ५०.৫.५८



চিত্র ১০.৫.১৫ প্রথম কোণীয় তিনটি দৃশ্য


এখন পূর্বোক্ত P,Q এবং R কাঠের খণ্ড তিনটিকে টেবিল হতে সরিয়ে এনে সমতল কোনো স্থানের উপর বিস্তারিত করলে এতে, প্রজেকশন রেখাগুলোসহ দৃশ্য তিনটি চিত্র ১০.৫.১৬ এর ন্যায় অবস্থান করবে। লক্ষণীয় য়ে, এখানে উপরে 'সম্মুখ এলিভেশন' এর নিচে 'প্লান' এবং 'সম্মুখ এলিভেশন' এর ডানদিকে 'বাম-প্রান্তিক এলিভেশন' অবস্থিত থাকে। যদি ডানদিক হতে দৃষ্টিপাত করে দৃশ্য নেগুয়া হয়, তা হলে 'দক্ষিণ-প্রান্তিক এলিভেশন' টি 'সম্মুখ এলিভেশন'-এর বামদিকে অবস্থান করবে।



চিত্র ১০.৫.১৬

যে পদ্ধতিতে এই দৃশ্য কয়টি অংকন করা হয়েছে ওটা ব্রিটিশ পদ্ধতি-সম্মত এবং 'প্রথম কোণ' (First Angle) বিষয়ক বলে দৃশ্য কয়টির অবস্থান এ প্রকার হয়েছে। কিন্তু, আমেরিকান পদ্ধতিতে অঙ্কিত দৃশ্য 'তৃতীয় কোণ' (Third Angle) বিষয়ক বলে অভিক্ষেপের মূল তত্ত্ব একই থাকলেও দৃশ্য কয়টির অবস্থান অন্য রকম হয়ে থাকে।








চ্বি ১০.৫.১৭

## তৃতীয় কোণ বিষয়ক তিনটি দৃশ্য ঃ

এ দৃশ্য বোঝার জন্য পরস্পর কজা দারা যুক্ত তিনটি কাঁচের খন্তকে পূর্বের ন্যায় P,Q খন্ড দুইটিকে যুক্ত করে নিয়ে Q-এর বামদিকে আরও একটি কাঁচের খন্তকে (R দারা সূচিত) কজা দারা যুক্ত করি। এবার, R ও Q-কে লম্বভাবে (Vertically) এবং P-কে অনুভূমিকভাবে (Horizontally) স্থাপন করে দৃশ্য অংকনীয় দন বস্তুটি এদের ভিতরে ঝুলান আছে বলে ধরে নিই। পরে যথাক্রমে সম্মুখ, বামদিক এবং উপর থেকে বস্তুটির প্রতি



চিত্ৰ ১০.৫.১৮ তৃতীয় কোণীয় তিনটি দৃশ্য


অভিচ্ছেপ বা প্রম্পেকশন

180

দৃষ্টিপাত করি এবং দৃশ্য তিনটি পাওয়ার জন্য বস্তুটির প্রত্যেকটি ধার কোণ-বিন্দু থেকে Q ও R সূচক তলের উপর অনুভূমিক-ভাবে এবং P-র সূচক তলের উপর উন্নদভাবে প্রজেকশন রেখা টেনে আনি। এই রেখাওলো ছারা গঠিত দৃশ্য ষথাক্রমে 'সম্মুখ এলিভেশন', 'বাম-প্রান্তিক এলিভেশন' এবং 'প্রান' হলো (চিত্র ১০.৫.১৮)এখন P,Q এবং R কাঁচের খণ্ড তিনটিকে প্রয়োজন মতো ঘ্রিয়ে কোনো সমতল স্থানের উপর বিস্তারিত করি। ফলে, দৃশ্য তিনটির অবস্থান চিত্র ১০.৫.১৮ এর ন্যায় হলো।


এখানে লক্ষণীয় যে, 'প্লান' উপরে, 'সমুখ এলিভেশন' এটার নিচে এবং 'বাম-প্রান্তিক এলিভেশন', সমুখ এলিভেশন'-এর বামদিকে অবস্থিত থাকে। যদি দক্ষিণ- প্রান্তিক এলিভেশন' অংকন করা হতো, তা হলে, ওটা সমুখ এলিভেশন'-এর ডানদিকে অবস্থান করত।

এখানে চিত্র ১০.৫.১৯ এ যথাক্রমে প্রথম ও তৃতীয় কোণ বিষয়ক নীতি অনুষায়ী অর্থাৎ ব্রিটিশ ও আমেরিকান পদ্ধতি সম্মত দৃশ্যশুলোর অবস্থান এবং চিত্র ১০.৫.১৯ এ একটি ঘন বস্তু সম্পর্কে এদের উদাহরণ তুলনামূলক ভাবে দেখান হলো ঃ



চিত্ৰ ১০.৫.১৯ প্ৰথম ও তৃতীয় কোণীয় পদ্ধতি বা ব্ৰিটিশ ও আমেরিকান পদ্ধতি

ইঞ্জিনিয়ারিং দ্রুইং ১৪১



চিত্র ১০.৫.২০ প্রথম ও তৃতীয় কোণীয় অর্থগ্রাফিক প্রজেকশন

১৪২ অভিক্ষেপ বা প্রজেকশন

#### **अनुशीननी** - ১०

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। বিন্দুর অভিক্ষেপ কী ?
- ২। লম্ব অভিক্ষেপ বলতে কী বোঝায় ?
- ৩। প্রথম কোণীয় পদ্ধতিতে কোণের মান কত ?
- ৪। তৃতীয় কোণীয় পদ্ধতিতে কোণের মাপ কত ?
- ৫। প্রথম কোণীয় পদ্ধতিতে বস্তুর চিত্র কোথায় অংকন করতে হয় ?
- ৬। তৃতীয় কোণীয় পদ্ধতিতে বস্তুর চিত্র কোথায় অংকন করতে হয় ?
- ৭। তলের অভিক্ষেপ কয় পদ্ধতিতে করা হয় ?
- ৮। কী কী ভাবে বম্ভর প্রতি দৃষ্টি নিক্ষেপ করা যায় ?
- ৯। পিকটোরিয়াল অংকনের অন্তর্ভুক্ত কোন কোন দৃশ্য ?
- ১০। কোন অভিক্ষেপের কারণে দূরের রেল লাইনকে এক বিন্দুতে মিলিত অবস্থায় দেখা যায় ?
- ১১। ইঞ্জিনিয়ারিং ড্রইং কোন ৩টি দৃশ্যের সমন্বয়ে অংকন করা হয় ?
- ১২। প্লান ও এলিভেশন বলতে কী বোঝায়?
- ১৩। অর্থোগ্রাফিক ভিউ ও প্রজেকশন রেখা বলতে কী বোঝায় ?

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী


- ১। ইঞ্জিনিয়ারিং দ্রইং এ সাধারণত কয় ধরনের অভিক্ষেপ হয় ও কী কী ? এবং অভিক্ষেপের দৃশ্যগুলোর নাম লেখ।
- ২। অনুভূমিকতল ও উল্লম্বতলের অন্তর্বর্তী স্থানে সরলরেখা কী কী ভাবে অবস্থান করতে পারে ?
- ৩। ব্রিটিশ ও আমেরিকান পদ্ধতিতে অভিক্ষেপের (প্রজেকশন) ছক দেখাও।
- 8। পাশেব বস্তুটর ১ম কোণীয় এবং ভৃতীয় কোণীয় পদ্ধতিতে প্লান, এলিভেশন ও সাইড ভিউ অংকন কর।
- ৫। একটি ঘন বস্তুর কয়টি তলে দৃশ্য দেখানো যায় ? দৃশ্যগুলোর নাম লেখ।
- ৬। চিত্রসহ এক কেন্দ্রিক দৃষ্টি অভিক্ষেপ বর্ণনা কর।
- ৭। চিত্রসহ সমান্তরাল দৃষ্টি অভিক্ষেপ বর্ণনা কর।
- ৮। ঘন বস্তুর দৃশ্য অংকনে কী কী কল্পনার আশ্রয় নিতে হয় ?
- ৯। চিত্রের সাহায্যে ঝুলম্ভ ঘন বস্তুর তলগুলো দেখাও।
- ১০। ব্রিটিশ ও আমেরিকান পদ্ধতিতে প্লান, এলিভেশন ও দুইটি সাইড ভিউয়ের অবস্থান দেখাও।

ইঞ্জিনিয়ারিং ডুইং

#### বর্ণনামূলক প্রশ্লাবলী


- 🕽 । প্রথম কোণ বিষয়ক অভিক্ষেপ বলতে কী বোঝায় ? চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর।
- ২। তৃতীয় কোণ বিষয়ক অভিক্ষেপ বলতে কী বোঝায় ? চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর।
- ৩। চিত্রের সাহায্যে প্রথম কোণ বিষয়ক লম্ব অভিক্ষেপ অংকনের কৌশলটি বর্ণনা কর।
- ৪। চিত্রের সাহায্যে তৃতীয় কোণ বিষয়ক লম্ব অভিক্ষেপ অংকনের কৌশলটি বর্ণনা কর।
- ৫। প্রান্তিক এলিভেশন বলতে কী বোঝায় ? চিত্রসহ বর্ণনা কর।
- ৬। প্রথম কোণ বিষয়ক তিনটি দৃশ্য অংকন পদ্ধতিটি চিত্রসহ বর্ণনা কর।
- ৭। তৃতীয় কোণ বিষয়ক তিনটি দৃশ্য অংকন পদ্ধতিটি চিত্রসহ বিবৃত কর।
- ৯। একটি ইঞ্জিনিয়ারিং পার্টসের প্রথম কোণীয় ও তৃতীয় কোণীয় অভিক্ষেপ অংকন কর।
- ১০। প্রথম কোণীয় পদ্ধতিতে অংকন কর।
  - ক) 30 মি.মি. লম্বা একটি সরলরেখা অনুভূমিকতল হতে 10 মি.মি. উপরে এবং উল্লম্বতলের 15 মি.মি. সম্মুখে অবস্থিত। সরলরেখাটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকন কর।
  - খ) 60 মি.মি. লম্বা সরলরেখা অনুভূমিকতলের সাথে 30° কোণ এবং উল্লম্বতলের সাথে 45° কোণ উৎপন্ন করে। রেখাটির একটি প্রান্ত অনুভূমিকতল হতে 10 মি.মি. উপরে এবং উল্লম্বতলের 12 মি.মি. সম্মুখে অবস্থিত। রেখাটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকন কর।
- ১১। তৃতীয় কোণীয় পদ্ধতিতে অংকন কর ঃ
  - ক) 45 মি.মি. লম্বা একটি সরলরেখা অনুভূমিক তল হতে 10 মি.মি. নিচে এবং উল্লম্বতলের 15 মি.মি. পিছনে থাকা অবস্থায় সরলরেখাটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকন কর।
  - খ) 50 মি.মি. লম্বা একটি সরলরেখা উল্লম্বতলের সাথে 45° কোণ এবং অনুভূমিকতলের সাথে  $30^\circ$  কোণ উৎপন্ন করে। রেখাটির একটি প্রান্ত উল্লম্বতলের 10 মি.মি. পিছনে এবং অনুভূমিকতলের 15 মি.মি. নিচে অবস্থিত। রেখাটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকন কর।
- ১২। একটি বিন্দু উল্লেম্বতল থেকে 25 মি.মি. সামনে এবং অনুভূমিকতলের 15 মি.মি. উপরে অবস্থান করছে। বিন্দুটির প্লান ও এলিভেশন আঁক।
- ১৩। 40 মি.মি. একটি সরলরেখা উল্লেম্বতলের সাথে 40° কোনে হেলানো অবস্থায় 15 মি.মি. সামনে এবং অনুভূমিক তল থেকে 15 মি.মি. উঁচুতে সমান্তরাল অবস্থায় আছ। সরল রেখাটির প্লান ও এলিভেশন আঁক।
- ১৪। 50 মি.মি. একটি সরলরেখা উল্লম্ব ও অনুভূমিক উভয়তলের সাথে 30° কোণে এবং উভয়তল থেকে এর নিকটতম প্রান্ত 10 মি.মি. দূরত্বে আছে। সরলরেখাটির প্লান ও এলিভেশন আঁক।
- ১৫। বিন্দুর অভিক্ষেপ (অনুভূমিক ও উল্লম্ব) অংকনের প্রয়োজনীয়তা উল্লেখ কর।

৮ পরের পৃষ্ঠায় ৮টি ব্লকের পিকটোরিয়াল দৃশ্য দেওয়া হলো। প্রত্যেকটির পরিমাপ (দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা) এককের চিহ্ন দিয়ে বোঝানো হয়েছে। গ্রাফ পেপারের উপর গ্রাফের ছোট তিনটি ঘরকে এক একক হিসেবে ধরে প্রত্যেকটি ব্লকের ১ম ও ৩য় কোণীয় অভিক্ষেপ দৃশ্য আঁক।
নিচে একটি উদাহরণ দেওয়া হলো ঃ



চিত্র ১০.৫.২১ গ্রাফ পেপারে প্রদত্ত বস্তুর ১ম ও ৩য় কোশীয় অভিক্ষেপ দৃশ্য আঁকার নমুনা।

ইঞ্জিনিয়ারিং দ্রুইং




চিত্র ১০.৫.২২ পিকটোরিয়াল দৃশ্য

কর্মা নং ১৯, ইঞ্জিনিয়ারিং দ্রইং

# ১১. আইসোমেট্টিক দৃশ্য অংকন Isometric View Drawing

#### ১১.০ জাইসোমেট্রিক ভিড বা সম-মাত্রিক দৃশ্য (Isometric View) ঃ

আইসোমেট্রিক বা সম-মাত্রিক পদ্ধতিতে সরল গঠনবিশিষ্ট ঘন বস্তুও দৈর্ঘ্য এবং উচ্চতাকে একটি মাত্র দৃশ্যে দেখানো সম্বন। অংকন পদ্ধতিও সহজ এবং কম সময় সাপেক্ষ। এ কারণে দ্রুত নক্সা অংকন করতে এ পদ্ধতি বিশেষ উপযোগী। এছাড়া সাধারণ ব্যক্তি এ দ্রুইং দেখে বস্তুররূপ সহজে বৃথতে পারে। আইসোমেট্রিক দৃশ্যে বস্তুর লম্ব ধারগুলোকে (Vertical Edges) লম্বভাবে রেখে অনুভূমিক ধারগুলোকে (Horizontal Edges) পরস্পরের সাথে 120° কোণে অর্থাৎ অনুভূমিক রেখার সাথে 30° কোণে অংকন করা হয়। ফলে এতে বস্তুটির কেবল দুইটি পার্ম্বতল এবং উপরের তলটির দৃশ্য দেখা বায়। নিচে একটি উদাহরণ বর্ণনা করা হলোঃ



চিত্র ১১ আইসোমেট্রিক ভিউ

উদাহরণ ঃ মনে করি, ঘনকটি তার একটি পৃষ্ঠতলের উপর ভর করে আনুভূমিকতলের উপর এমনভাবে অবস্থিত যে, এর লম্ব পৃষ্ঠতল উল্লয়তলের সাথে 45° কোণ উৎপন্ন করে। এ অবস্থায় ঘনকটিকে যদি এর সম্মুখের কোণ-বিন্দৃটির উপর ভর করিয়ে সম্মুখ দিকে এমনভাবে হেলিয়ে ধরা যায় যে, এর ঘনকর্ণ (Solid Diagonal) অনুভূমিকতলের সমান্তরাল বা উল্লয়ভলের উপর লম্ব হয়, তাহলে এর সম্মুখ এলিভেশন চিত্র ১১.১-এর মতো হবে। এ প্রকার দৃশ্যকে আইসোমেট্রিক বা সম্মাত্রিক দৃশ্য বলে। চিত্রটিতে লক্ষণীয় যে –

- ক) ঘনকটির প্রত্যেকটি পৃষ্ঠতল (Surface) উল্লম্বন্তলের সাথে সমভাবে হেলানো আছে এবং এর আকার সদৃশ এবং বর্গক্ষেত্রের পরিবর্তে সমান 'রম্বস' (Rhombus) হয়েছে।
- খ) ঘনকটির ঘন-সমকোণের (Solid Right Angles) তিনটি ধার সূচক BA, BC ও BG রেখা তিনটি উল্লম্বতলের সাথে নত হয়ে আছে এবং এর ফলে এ রেখা তিনটির দৈর্ঘ্য প্রকৃত দৈর্ঘ্য অপেক্ষা ক্ষুদ্রতর হয়েছে। উপরম্ভ এরা B বিন্দুতে পরস্পরের সাথে 120°কোণ উৎপন্ন করেছে এবং BG রেখাটি অনুভূমিকতলের উপর লম্বভাবে অবস্থিত বলে BA ও BC রেখা দুইটি আনুভূমিকতলের সাথে 30°কোণ উৎপন্ন করেছে।
- গ) ঘনকটির অন্য ধার সূচক রেখাগুলো পূর্বোক্ত BA, BC ও BG রেখা তিনটির যে কোনো একটির সমান্তরাল। ফলে এরাও একই প্রকার ক্ষুদ্রতর হয়েছে।
- ষ) AC কর্ণটি উল্লম্বতলের সমান্তরাল। এ কারণে এর দৈর্ঘ্য প্রকৃত দৈর্ঘ্যের সমান হয়েছে। ঘনকটির

ইঞ্জিনিয়ারিং ড্রইং


দৃশ্যের B বিন্দুতে মিলিত BA, BC এবং BG যে রেখা তিনটি পরস্পরের সাথে 120° কোণ উৎপন্ন করে এদেরকে সমমাত্রিক অক্ষ (Isometric Axis) বলা হয়। কারণ দৃশ্যের অন্য রেখাগুলোকে মূলত এদের সমান্তরাল করে টানা হয়ে থাকে। অক্ষের সমান্তরালরূপে টানা এ সকলরেখাকে সমমাত্রিক রেখা (Isometric Lines) বলে।

#### ১১.১ আইসোমেট্রিক দৈর্ঘ্য (Isometric Length) ៖

যেহেতু আইসোমেট্রিক দৃশ্য, আইসোমেট্রিক রেখা ও অক্ষের দৈর্ঘ্য প্রকৃত দৈর্ঘ্য অপেক্ষা সব সময় ক্ষুদ্রতর হয়, সুতরাং প্রকৃত দৈর্ঘ্যকে আইসোমেট্রিক দৈর্ঘ্যে পরিণত করতে অথবা আইসোমেট্রিক দৈর্ঘ্য থেকে প্রকৃত দৈর্ঘ্য করতে এক বিশেষ ক্ষেলের সাহায্য নেওয়ার প্রয়োজন হয়। একে সম-মাত্রিক মাপনী বা আইসোমেট্রিক ক্ষেল বলে। আইসোমেট্রিক দৈর্ঘ্য প্রকৃত দৈর্ঘ্য অপেক্ষা সবসময় একটি নির্দিষ্ট অনুপাতে ক্ষুদ্রতর হয়। এ অনুপাত সম্পর্কে ১১.২ নং চিত্রটিতে লক্ষ করলে দেখা যাবে যে, এর ABCD ক্ষেত্র ঘনকটির উপরিভাগের আইসোমেট্রিক দৃশ্য এবং এটি একটি 'রম্বস'। কিন্তু উপরিভাগটির প্রকৃত ক্ষেত্র হচ্ছে AECF। এটি একটি বর্গক্ষেত্র। AD রেখা AE রেখার সম-মাত্রিক রেখা। AE-এর দৈর্ঘ্য, প্রকৃত দৈর্ঘ্য। উপরক্ত উপরিভাগটির কর্ণ (Face Diagonal) AC-এর এর দৈর্ঘ্য, প্রকৃত দৈর্ঘ্য। EAC কোণের মান, 40° কিন্তু DAC কোণের মান

30°। ফলে ত্রিকোণমিতির সাহায্যে প্রমাণিত হয় যে –

$$\cos 45^\circ = \frac{1}{\sqrt{2}}$$
 পুনরায,  $\frac{AO}{AD} = \cos 30^\circ = \frac{\sqrt{3}}{2}$ 
সূতরাং,  $\frac{AO}{AE} + \frac{AO}{AD} = \frac{AO}{AE} \times \frac{AD}{AO} = \frac{1}{\sqrt{2}} \times \frac{2}{\sqrt{3}}$ 
বা,  $\frac{AD}{AE} = \frac{\sqrt{2}}{\sqrt{3}} = 0.815 = \frac{9}{11}$  প্রোয়)
অভএব, আইসোমেট্রিক দৈর্ঘ্য = প্রকৃত দৈর্ঘ্য × 0.815




চিত্র ১১.১ আইসোমেট্রিক দৈর্ঘ্য

#### ১১.২ আইলোমেট্রিক কেল (Isometric Scale) ঃ

আইসোমেট্রিক দৈর্ঘ্য সম্পর্কিত স্কেল অংকনের জন্য প্রথমে একটি অনুভূমিক সরলরেখা টেনে A বিন্দৃতে এর সাথে যথাক্রমে 45° ও 30° কোণে AC ও AD দুইটি সরলরেখা টানতে হবে। AC-এর উপর প্রকৃত দৈর্ঘ্যের বিভাগ-রেখা টেনে এর প্রত্যেকটি বিভাগ-বিন্দু থেকে নিচের দিকে AB-এর উপর লম্ম টানতে হরে। এ রেখাগুলো AD রেখাকে যে যে বিন্দৃতে ছেদ করবে তাতে AC রেখার বিভাগ-চিহ্নের সাথে মিল রেখে বিভাগ রেখা টানতে হবে। ফলে এই AD রেখার উপর অংকিত মাপনীই আইসোমেট্রিক বা সম-মাত্রিক ক্ষেল হলো।

এ কেল অন্য ভাবেও অংকন করা ষেতে পারে। প্রথমে AB একটি সরলরেখা টেনে এর দুইটি প্রান্তে যখাক্রমে 15° ও 45° কোণে এবং পরম্পরকে C বিন্দতে ছেদ করিয়ে AC ও BC দুইটি সরলরেখা টানতে হবে (চিত্র ১১.২.২)। এবার AB-কে প্রকৃত দৈর্ঘ্য মাপ হারে বিভক্ত করে নিয়ে প্রত্যেকটি বিভাগ-বিন্দু থেকে BC-এর সমান্তালরূপে রেখা টেনে AC-কে ছেদ করাতে হবে। AC-এর উপরিস্থ এ বিভাগ-বিন্দু দিয়ে নির্দিষ্ট দৈর্ঘ্যই 'আইসোমেট্রিক' দৈর্ঘ্যকে সৃচিত করবে। (চিত্র ১১.২.২)



চিত্র ১১.২.১ আইসোমেট্রিক ক্ষেপ


চিত্র ১১.২.২ আইসোমেট্রিক দৈর্ঘ্য

## ১১.৩ আরডাকার, গুয়েজ আকৃতি ও বক্রডল বিশিষ্ট বনবস্তুর আইলোমেট্রিক দৃশ্য অংকন ঃ

পারতাকার আকৃতি বিশিষ্ট খনবছর আইসোমেট্রিক দৃশ্য অংকন ঃ

উদাহরণ ১। একটি আয়তক্তে অনুভূমিকতলের উপর এমনতাবে শারিত বে, এর একটি বাহ উল্লেখতদের সমান্তরাল। সম-মাত্রিক দৈর্ঘ্যের সাহায্যে আয়তক্ষেত্রটির আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

মনে করি ABCD প্রদন্ত আয়তক্ষেত্র। প্রথমে একটি অনুভূমিক রেখা টেনে এর উপরিস্থ একটি বিন্দুতে (ধরি C-তে)এর সাথে 30° কোপে উভর দিকে আয়তক্ষেত্রের সম-মাত্রিক প্রস্থ ও দৈর্ঘ্যের সমান যথাক্রমে CD ও CB সরলরেখা টানি। পরে এর সমান্তরালরূপে BA ও DA সরলরেখা টানি। এদের দ্বারা উৎপর ক্ষেত্র প্রদন্ত আয়তক্ষেত্রটির অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো (চিত্র ১১.৩.১)।




দ্রষ্টব্য ঃ বর্গক্ষেত্রের আইসোমেট্রিক দৃশ্য একটি 'রম্বস', অর্থাৎ যে সামান্তরিকের বাস্ত্ করটি পরস্পর সমান, কিন্তু কোণের মান এক সমকোণ নয়, তা হয়ে থাকে। উদাহরণ ২। অনুভূমিক তলের উপর শারিত একটি আয়ভাকার প্রিজমের আইলোমেট্রিক দৃশ্য অংকন কর।

প্রথমে একটি অনুজুমিক রেখা টেনে এর উপরিস্থ একটি বিন্দৃতে প্রিজমটির উচ্চতা সমান AO একটি লম্ব টানি। (চিত্র-1)। পরে এ লম্বটির দুই প্রান্তে অর্থাৎ O এবং A বিন্দৃতে অনুজূমিক রেখার সাথে 30° কোণে বাম এবং ডানদিকে সরল রেখা টানি। এ রেখা দুইটির একটির উপর প্রিজমটির দৈর্ঘ্য সমান AB এবং অপরটির উপর এর প্রস্থ সমান AC কেটে নিই (চিত্র- 2)। এখন C ও B বিন্দৃ থেকে বথাক্রমে AB ও AC-এর সমান্তরালরূপে (অর্থাৎ অনুজূমিকরেখার সাথে 30°কোণে) সরলরেখা টানি। C এবং B বিন্দৃ থেকে নিচের দিকে AO রেখার সমান্তরাল রূপেও রেখা টানি। রেখা দুইটি বখাক্রমে E ও D বিন্দৃতে ছেদ করল। ফলে পালে দুইটি এবং উপরে একটি মোট তিনটি আয়তক্ষেত্র উৎপন্ন

এবার আরতক্ষেত্র তিনটির ভিতরের বা বাইরের অতিরিক্ত রেখাংশগুলো মুছে ফেলি।

কলে (চিত্র-4) প্রিজমটির অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো (চিত্র ১১.৩.২)।


দৃষ্টব্য ঃ ঘনবন্তর যে সব ধার বাইরে থেকে দেখা যায় না, অর্থাৎ অন্তরালে (Hidden) থাকে, অর্থঘাফিক দৃশ্যে এদেরকে ছিন্ন দেখা Dotted Line) **मि**रग्र দেখানোর নিয়ম। কিন্ত আইসোমেট্রিক দৃশ্যে সরুল গঠনবিশিষ্ট বস্তুর বেলায় এ প্রকার কোনো বাধ্যতা নেই। এ কারণে উপরে তা টানা रुप्रनि ।



চিত্র ১১.৩.২ আয়তাকার ঘনবস্তুর আইসোমেট্রিক দৃশ্য

উদাহরণ ৩। প্রান্তের উপর তর করে অনুভূমিকতদের উপর সমভাবে অবস্থিত একটি আরতাকার প্রিজমের আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

এর অংকন পদ্ধতি উদাহরণ ৯-এ বর্ণিত পদ্ধতির অনুরূপ। নিচে চিত্র-(1) থেকে চিত্র-(4)-এ এর ক্রম দেখান হলো। (চিত্র ১১.৩.৩)




চিত্র ১১.৩.৩ আরতাকার প্রিজমের আইলোমেট্রিক দৃশ্য

উদাহরণ ৪। আয়তাকার নালী বিশিষ্ট একটি আয়তাকার প্রিক্তম অনুভূমিকতলের উপর এমনতাবে শারিত বে, এর নালী অনুভূমিক তলের সমান্তরাল। প্রিক্তমটির আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

প্রথমে প্রিজমটিতে কোন নালী বা স্লুট নেই এটি অনুমান করে উদাহরণ ৯-এ বর্ণিত পদ্ধতিতে সমগ্র প্রিজমটির একটি আইসোমেট্রিক দৃশ্য অংকন করি। ধরি, ABCD, BCFE এবং ABEH এর তিনটি পৃষ্ঠতল (চিত্র-1)।

পরে, AB-এর মধ্য বিন্দু M নির্ণয় করে নালীটির গভীরতা মাপ নিচে এবং AB-এর সমান্তরালরূপে একটি সরল রেখা টানি। M বিন্দুর বাম ও ডান দিকে নালীটির প্রশস্ত মাপের অর্থেক দূরত্বে P ও Q দুটি বিন্দু নিয়ে তা থেকে AD বা BC-এর সমান্তরালরূপে দুইটি রেখা টানি। এ রেখা দুইটি পূর্বের রেখাটিকে যথাক্রমে R ও S বিন্দুতে ছেদ করল (চিত্র-2)। এখন P, R ও Q বিন্দু থেকে AH বা BE-এর সমান্তরালরূপে HE পর্যন্ত যথাক্রমে PT, RU এ বং QV সরলরেখা টানি (চিত্র-3)।

এবার T বিন্দু থেকে AD বা BC-এর সমান্তরালরপে আর একটি সরলরেখা টানি। এটি RU রেখাকে W বিন্দুতে ছেদ করল। এ W বিন্দু থেকে HE-এর সমান্তরালরপে QV পর্যন্ত একটি সরলরেখা টানি (চিত্র- 4)। সর্বলেষে PQ, TV, WU রেখা এবং অন্যান্য অভিরিক্ত রেখাংশগুলো মুছে ফেলি। ফলে (চিত্র- 5) অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো। (চিত্র ১১.৩.৪)




চিত্র ১১.৩.৪ আয়তাকার নালী বা স্লুট বিশিষ্ট ঘনবস্তুর আইসোমেট্রিক দৃশ্য

ইঞ্জিলিয়ারিং ড্রইং ২৫১

উদাহরণ ৫। একটি ষটকোণ প্রিক্তম তার একটি আয়তকার পৃষ্ঠতলের উপর ভর করে অনুভূমিকতলের উপর এমনভাবে শায়িত যে, এর একটি প্রান্ত উল্লুম্বতলের সমান্তরাল। আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে প্রিক্তমটির আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

প্রথমে বাহুর প্রকৃত দৈর্ঘ্যকে সম-মাত্রিক দৈর্ঘ্যে পরিণত করে নিয়ে উদাহরণ-৩ এ বর্ণিত পদ্ধতিতে সুষম ষড়ভূজের একটি আইসোমেট্রিক দৃশ্য A'B'C'D'E'F' অংকন করি। পরে এর A'B'C'D' বিন্দুতে অনুভূমিকরেখার সাথে 30° কোণে সরলরেখা টানি। এখন A' থেকে টানা সরলরেখাটি উপর প্রিজমটির সম-মাত্রিক দৈর্ঘ্য সমান A'P কেটে নিয়ে, P থেকে A'B'- এর

সমান্তরালরূপে সরলরেখা টানি।
এটি B' থেকে টানা রেখাটিকে Q
বিন্দুতে ছেদ করল। এভাবে Q
থেকে B'C'-এর সমান্তরালরূপে
QR এবং R থেকে C'D'-এর
সমান্তরালরূপে RS রেখা টানি
(চিত্র- 1)। শেষে অভিরিক্ত
রেখাংশগুলো মুছে ফেলি। ফলে
(চিত্র-2) অংকনীয় আইসোমেট্রিক
দৃশ্য হলো (চিত্র ১১.৩.৫)।




চিত্র ১১.৩.৫ ষটকোণ প্রিজমের আইসোমেট্রিক দৃশ্য

উদাহরণ ৬ একটি ষট্কোণ প্রিক্তম তার একটি প্রান্তের উপর তর করে অনুভূমিকতলের উপর এমনভাবে দভারমান যে, এর একটি আয়তাকার পৃষ্ঠতল উল্লম্বতলের সমান্তরাল। সম-মাত্রিক দৈর্ঘ্যের সাহায্যে প্রিক্তমটির আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

প্রথমে প্রিজমটির বাহুর আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে উদাহরণ ৯-এ বর্ণিত পদ্ধতিতে GHTJ একটি আয়তক্ষেত্রের মধ্যে ষড়ভুজের আইসোমেট্রিক দৃশ্য ABCDEF আংকন করি। পরে এর J', I' ও H' কোণ-বিন্দু থেকে নিচের দিকে উল্লেখরেখা টেনে প্রিজমটির সমমাত্রিক উচ্চতা সমান I'I" দৈর্ঘ্য কেটে নিই এবং I" বিন্দুতে উভয় দিকে 30° কোণে সরলরেখা টেনে অবশিষ্ট লখরেখা দুটিকে J"ও H" বিন্দুতে ছেদ করাই (চিত্রা)।

অথবা প্রথমে ভেবে নিই যে, প্রিজমটি লম্বভাবে অবস্থিত একটি আয়তাকার বাব্দের মধ্যে আবদ্ধ করা (Boxing Method) যার একটি পাশ প্রিজমটির ষড়ভূজের দূটি বিপরীত বাহুর দূরত্বের (=1.73  $\times$  বাহুর দৈর্ঘ্য = 1.73 L) সমান এবং অপর পাশ এর দূইটি বিপরীত কোণের দূরত্বের দূইটি বিপরীত কোণের দূরত্বের =  $(2 \times \text{বাহুর দৈর্ঘ্য = 2 L})$ - এ র সমান এবং উচ্চতা প্রিজমটির উচ্চতার সমান হয়।

পরে উদাহরণ ১০-এ বর্ণিত প্রণালিতে এ বাস্কটির একটি আইসোমেট্রিক দৃশ্যের রূপ অংকন করে এর উপর্বতন আয়তক্ষেত্রটির মধ্যে চিত্র ১১.৩.৯ এর ন্যায় A, B, C, D, E, F বিন্দু নির্দিষ্ট করে নিয়ে ষড়ভুজে আইসোমেট্রিক দৃশ্যের রূপ অংকন করি (চিত্র-2) ও (চিত্র ১১.৩.৬)।



চিত্র ১১.৩.৬ উল্লম ষটকোণ প্রিজম আইসোমেট্রিক দৃশ্য


এখন E', D' বিন্দু থেকে IT'' রেখার সমান্তরালরপে J'I'' রেখা পর্যন্ত C', B' এবং বিন্দু থেকে ঐ রেখার সমান্তরালরপে I'' H'' রেখা পর্যন্ত সরলরেখা টানি। ছেদ-বিন্দুতে উপরের অক্ষরের সাথে সমতা রক্ষা করে E'', D'' এবং C'' অক্ষর-চিহ্ন দিই। এবার C'' বিন্দু থেকে C'' B'' রেখার সমান্তরাল রূপে একটি সরলরেখা টানি। এটি B'' থেকে রেখাকে B'' বিন্দুতে ছেদ করল। D'' C''-কে সরলরেখা দিয়ে যুক্ত করি (চিত্র-2)।

শেষে অতিরিক্ত রেখাংশগুলো মুছে ফেলি। ফরে (চিত্র- 3) অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো।

# বক্রতল বিশিষ্ট আইসোমেট্রিক দৃশ্য ঃ উদাহরণ ৭। একটি বৃভ অনুভ্মিক তলের উপর এমনভাবে দক্ষয়মান বে, এর তল উল্লেখ তলের সমান্তরাল। আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহাব্যে বৃভটির আইসোমেট্রিক দৃশ্য অংকন কর

প্রখমে, বৃষ্ণের ব্যাস মাপকে আইসোমেট্রিক দৈর্ঘ্যে পরিণত করে নিয়ে এ মাপের বাছ্-বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের আইসোমেট্রিক দৃশ্য উদাহরণ-২ এ বর্ণিত পদ্ধতিতে অংকন করি। এটি একটি রম্বস ABCD অংকিত হলো। এখন, অফসেট বা চতুকেন্দ্র পদ্ধতিতে এর মধ্যে উপবৃষ্ণের রূপ অংকিত করি।

দুষ্টব্য ঃ বৃত্তটি এর আইসোমেট্রিক দৃশ্য বিভিন্ন প্রকারে অবস্থিত থাকলে কী প্রকারে হয়, এটা পার্শের চিত্র ১১.৩.৭ এ দেখানো হলো।



চিত্র ১১.৩.৭ বক্রতল বিশিষ্ট আইসোমেট্রিক দৃশ্য

ইঞ্জিনিয়ারিং ড্রইং ১৫৩


উদাহরণ ৮। আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে অনুভূমিকতলের উপর শায়িত একটি 'সিলিভার বা গোল ভ্রমাকার বস্তুর আইসোমেট্রিক দৃশ্য অংকন কর ।

প্রথমে 'সিলিন্ডার' বা গোল স্কম্বাকার বস্তুটির প্রকৃত ব্যাস মাপ এবং উচ্চতাকে আইসোমেট্রিক দৈর্ঘ্যে পরিবর্তিত করে নিয়ে ঐ ব্যাস-মাপ এবং উচ্চতাবিশিষ্ট একটি বর্গক্ষেত্রাকার বাব্দ্রের অনুভূমিকতলের উপর শায়িত অবস্থার আইসোমেট্রিক দৃশ্য উদাহরণ ৯ এ বর্ণিত প্রণালিতে অংকন করি। ধরা যাক, এর সম্মুখ এবং পশ্চাতের তল দুইটি যথাক্রমে ABCD ও EFGH জ্যামিতিক নিয়মে এটি একটি 'রম্বস' হলো (চিত্র- 1)।

এখন যেহেতু বৃত্তের আইসোমেট্রিক দৃশ্য উপবৃত্ত হয়, সুতরাং 'অফসেট' বা

'চতুক্ষেন্দ্র' প্রণালিতে রম্ম দুইটির মধ্যে বাহু কয়টিকে স্পর্শ করিয়ে উপবৃত্তের রূপ অংকন করি (চিত্র- 2)।

পরে এ উপবৃত্ত
দুইটির স্পর্শক এবং FB বা
HD রেখার সমান্তরালরপে
দুইটি সরলরেখা টানি। শেষে
অতিরিক্ত রেখাগুলো মুছে
ফেলি। ফলে (চিত্র-4)
অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য
হলো (চিত্র ১১.৩.৮)।




চিত্র ১১.৩.৮ বক্রতল বিশিষ্ট আইসোমেট্রিক দৃশ্য

উদাহরণ ৯। আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে অনুভূমিকতলের উপর দল্ভায়মান একটি 'সিলিভার' বা গোল ভ্রমাকার বস্তুর আইসোমেট্রিক দুশ্য অংকন কর ।

প্রথমে কল্পনা করি যে, বস্তুটি লম্বভাবে স্থাপিত এমন একটি বর্গক্ষেত্রাকার (Square) বাব্দ্রের মধ্যে অবস্থিত যার প্রতিটি বাহু বস্তুটির আইসোমেট্রিক ব্যাসের সমান এবং উচ্চতা বস্তুটির আইসোমেট্রিক উচ্চতার সমান। পরে উদাহরণ ৪-এ বর্ণিত পদ্ধতিতে বাস্কুটির আইসোমেট্রিক দৃশ্য অংকন করি।

মনে করি, এর উপরের ও নিচের প্রাস্ত-তল দুইটি যথাক্রমে ABCD ও EFGH। উভয়ই 'রম্ম' (চিত্র- 1)। এখন যেহেতু বৃত্তের আইসোমেট্রিক দৃশ্য উপবৃত্ত হয়, সূতরাং 'রম্ম' দুইটির বাহু কয়টিকে স্পর্শ করিয়ে ভিতরে উপবৃত্তের রূপ অংকন করি (চিত্র- 2)।


এবার এ উপবৃত্ত দুইটির স্পর্শক এবং AE বা CG-এর সমান্তরালরপে দুইটি সরলরেখা টানি (চিত্র-3)। শেষে অতিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে (চিত্র-4)-ই অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো (চিত্র ১১.৩.৯)।



চিত্র ১১.৩.৯ বক্রতল বিশিষ্ট আইসোমেট্রিক দৃশ্য

উদাহরণ ১০। একটি বর্গক্ষেত্রাকার বস্তুর উপরিভাগে কেন্দ্রস্থলে একটি 'সিলিভার' বা গোল স্কুম্বকার বস্তুর দখার্মান। এদের সমবেত অবস্থানের আইসোমেট্রিক দৃশ্য অংকন কর ।

মনে করি, P বর্গক্ষেত্রাকার বস্তু এবং Q 'সিলিভার' বা গোল জ্ঞাকার বস্তু । P এর উপরিভাগে এর কেন্দ্রস্থলে Q অবস্থিত। P এর বাহু Q এর ব্যাস অপেক্ষা বৃহস্তর। প্রথমে পূর্ব উদাহরণ ১২-এ বর্ণিত পদ্ধতিতে P-এর আইসোমেট্রিক দৃশ্য অংকন করে এর কেন্দ্রস্থলে Q এর ব্যাস এর মাপের সমান বাহু এবং এর উচ্চতা বিশিষ্ট বর্গক্ষেত্রাকার একটি বাস্ত্রের আইসোমেট্রিক দৃশ্য অংকন করি। (চিত্র-1) পরে, এই বাস্ত্রটির উর্ম্ব এবং নিম্ন প্রান্তের রম্ম দু'টির মধ্যে অফসেট বা চতুক্ষোণ পদ্ধতিতে উপবৃত্তের রূপ অংকন করি। এবং এদের স্পর্শক টানি (চিত্র-2)। শেষে অতিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে, (চিত্র-3) এ আইসোমেট্রিক দৃশ্য অস্কিত হলো (চিত্র ১১.৩.১০)।



চিত্র ১১.৩.১০ বর্গক্ষেত্রাকার সিলিন্ডাকৃতি দল্ভায়মান স্তম্ভের আইসোমেট্রিক দৃশ্য

#### উদাহরণ ১১। 'রিব'সহ একটি 'এ্যাঙ্গেল প্লেট'-এর আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।


প্রথমে অনুমান করি যে, এঙ্গেল প্লেটটি এমন একটি আয়তকার বাস্ত্রের মধ্যে (Boxing Method) অবস্থিত যার দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে প্রদন্ত এঙ্গেল প্লেটটির দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতার সমান। পরে উদাহরণ ৫-এ বর্ণিত পদ্ধতিতে এ বাস্ত্রটির একটি দৃশ্য অংকন করি (চিত্র-1)।

এখন এর কোণ-বিন্দু A থেকে AB বাহুর উপর একেল প্লেটটির বেধ (Thickness) মাপ দূরে D একটি বিন্দু লই। C বিন্দু থেকেও অনুরূপভাবে CB বাহুর উপর বেধ মাপ উচ্চে E একটি বিন্দু লই। এই D ও E বিন্দু থেকে সন্নিহিত রেখাগুলোর সমান্তরালরূপে লম্ব এবং 30°

কোণে DF ও EG রেখা টানি।
এবার যথাক্রমে এই DF ও EG
রেখা দুইটির মধ্যবিন্দু P ও Q নির্ণয়
করে এদেরকে সরলরেখা দিয়ে যুক্ত
করি (চিত্র- 2)। চিত্র ১১.৩.১১

এখন DF রেখার উপর P বিন্দুর বাম ও ডানদিকে 'রিব'-এর বেধ মাপের অর্থ দ্বত্বে R ও S দুইটি বিন্দু লই । এবং এ বিন্দু থেকে PQ-এর সমান্তরালরূপে সরলরেখা টানি। এ রেখা দুইটি EG রেখাকে T ও U বিন্দুতে ছেদ করল। R থেকে BC-এর এবং T থেকে AB - এর সমান্তরালরূপে সরলরেখা টানি (চিত্র-3)।

শেষে অতিরিক্ত রেখাশুলো মুছে ফেলি। ফলে, (চিত্র-4) অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো (চিত্র ১১.৩.১১)।



চিত্র ১১.৩.১১ এ্যাকেল প্লেটের আইসোমেট্রিক দৃশ্য


উদাহরণ ১২। দশুয়মান একটি বৃহত্তর ব্যাসের সিলিভারের উর্ধ্ব প্রান্তে কেন্দ্রস্থলে অপর একটি ক্ষুদ্রতর ব্যাসের 'সিলিভার' দশুরমান। এদের সমবেত অবস্থানের আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।

মনে করি,  $P ext{ 'e } Q$  বস্তু দুইটি 'সিলিভার' অর্থাৎ বা গোল স্কম্ভাকার বস্তু । Q ,P-এর উর্ধে প্রান্তে কেন্দ্রস্থলে অবস্থিত এবং P এর ব্যাস-মাপ, Q-এর ব্যাস-মাপ অপেক্ষা বৃহত্তর ।

প্রথমে, পূর্ব উদাহরণ ১০-এ বর্ণিত পদ্ধতিতে ব্যাস সমান বাহু এবং এর মাপের উচ্চতা বিশিষ্ট বর্গক্ষেত্রাকার একটি বাব্দ্রের আইসোমেট্রিক দৃশ্য অংকন করি। কেন্দ্রন্থলে Q-এর ব্যাস-মাপ সমান বাহু এবং এর উচ্চতা বিশিষ্ট বর্গক্ষেত্রাকার একটি বাব্দ্রের আইসোমেট্রিক দৃশ্য অংকন করি

(চিত্র-1)। পরে, এই বাক্স দুইটির উর্ধ্ব এবং নিম্ন প্রান্তের রম্বস চারটির মধ্যে অফসেট বা চতুছোল পদ্ধতিতে উপবৃত্তেররূপ অংকন করে এদের স্পর্শক টানি। (চিত্র-2) ও (চিত্র-3) (চিত্র ১১.৩.২)।

শেষে অভিরিক্ত রেখাওলো মুছে কেনি। ফলে, (চিত্র- 4) এ অংকনীয় আইসোমেট্রিক দৃশ্য হলো।




চিত্র ১১.৩.১২ সিলিভাকৃতি দধারমান বস্তুর আইলোমেট্রিক দুশ্য

উদাহরণ ১৩। চতুকোণ গায়া-বিশিষ্ট একটি আন্নডাকার টেবিলের আইসোমেট্রিক দৃশ্য অংকন কর ।

প্রথমে টেবিলটিকে ছাদসহ ঐ মাপের একটি আয়তাকার বাক্স কল্পনা করে এর একটি আইসোমেট্রিক দৃশ্য অংকন করি এবং উপরের চারটি কোণে যথাক্রমে A,B,C,D এবং নিচের চারটি কোণে E,F,G,H অক্ষর চিহ্ন দিই (চিত্র-1)। পরে, DC এবং CB- এর সমান্তরালরপে এবং ছাদের পুরুত্ব (Thickness) মাপ দ্রত্বে নিচের দিকে দুইটি সরলরেখা টানি (চিত্র- 2)। এখন টেবিলের চারটি পায়া (Legs) ছাদেও যে পরিমাণ ভিতরের দিকে অবস্থিত বাক্সটির ভূমির অর্থাৎ EFGH আরতক্ষেত্রটির চার পাশ থেকে ঐ পরিমাণ দ্বত্বে ভিতরের দিকে এবং EF, HG, FH, FG বাহ্ন কর্মাট সমান্তরাল রূপে সরলরেখা টানি। এ রেখা কয়টি যে আয়তক্ষেত্র গঠন করল তার চারটি কোপে পায়ার দৈর্ঘ্য ও প্রস্থ সমান মাপের P, Q, R,S চারটি বর্গক্ষেত্র অংকন করি (চিত্র-3)।


ইঞ্জিনিয়ারিং দ্রইং

এবার এ বর্গক্ষেত্র কয়টির প্রত্যেকটি কোণ-বিন্দু থেকে বাক্সটির লম্ব ধারগুলোর ইত্যাদির) (DH,CG নিচের সমান্তরালরূপে ছাদের রেখা পর্যন্ত সরলরেখা টানি। (চিত্র-4)। এখন আড়ভাবে অবস্থিত পায়া- সংলগ্ন উপরের এবং নিচের খণ্ড কয়টিকে অংকন করার জন্য পায়ার তলদেশ থেকে এটি যে পরিমাণ উপরে অবস্থিত ঐ উচ্চতায় এর প্রস্থ এবং বেধ মাপ রক্ষা করে DC, CB -এর সমান্তরালরূপে পায়ার অন্তর্বতী স্থানে সরলরেখা টানি (চিত্র-5)। সর্বশেষে অক্ষর এবং অতিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে, टिविनिवित व्यक्तिश (চিত্ৰ-6) আইসোমেট্রিক দৃশ্য হলো (চিত্র । (৩১.৩.১৫)।



চিত্র ১১.৩.১৩ আয়ভাকার টেবিলের আইসোমেট্রিক দৃশ্য


# ♦ নিয়ে আইসোমেয়িক পদ্ধতিতে অয়িত (১-২৪টি) যয়াংশ অনুশীলন করার জন্য প্রদন্ত হলো ঃ



চিত্র ১১.৩.১৪ আইসোমেট্রিক দৃশ্য


**देक्षिनिग्रातिः फ्रदेर** 

# ♦ নিম্রে আইসোমেট্রিক পদ্ধভিতে অঙ্কিভ (১-২৪টি) যদ্রাংশ অনুশীলন করার জন্য প্রদন্ত হলো ঃ




চিত্ৰ ১১.৩.১৫ আইসোমেট্ৰিক দৃশ্য

#### 🗇 আইসোমেট্রিক পদ্ধতিতে অন্ধিত কিছু যদ্রাখনের উদাহরণ দেওরা হলো ঃ উদাহরণ-১ উদাহরণ-২




७८.७.४८ छवी




१८.७.४६ व्ये

#### উদাহরণ-৩



চিত্র ১১.৩.১৮


#### উদাহরণ-৪




#### অর্থোপ্রাফিক দৃশ্যে পরিমাপ পদ্ধতি দেওয়া হলো ঃ

অর্থোখাফিক বা সমমাত্রিক দৃশ্যে বস্তুর কোনো তলের পরিমাপ দেখাতে হলে তা সেই তলেই শিখতে হবে। একইভাবে কোনো তলে কিছু শেখার বিষয় থাকলে তা সেই তল বরাবরই শিখতে হয় (চিত্ৰ ১১.৩.২০ ও চিত্ৰ ১১.৩.২১)। নিচে আইলোমেট্ৰিক দৃশ্য থেকে অর্থোমাফিক বা সমমাত্রিক দৃশ্য অন্ধন ও পরিমাপ দেওয়ার করেকটি উদাহরণ দেওয়া হলো ঃ

#### উদাহরণ-১ঃ






চিত্র ১১.৩.২০ অর্থোখাফিক দৃশ্যে পরিমাপ পদ্ধতি


ইঞ্জিনিয়ারিং দ্রুইং

#### উদাহরণ- ২




চিত্র ১১.৩.২১ অর্থোগ্রাফিক দৃশ্যে পরিমাপ পদ্ধতি

#### উদাহরণ- ৩ ঃ



চিত্র ১১.৩.২২


উদাহরণ- 8 ঃ



Position of Views.

চিত্র ১১.৩.২৩

উদাহরণ- ৫ ঃ



চিত্র ১১.৩.২৪

#### ফর্মা নং ২১, ইঞ্জিনিয়ারিং দ্রইং

#### অনুশীলনী - ১১

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। আইসোমেট্রিক ভিউ বা সমমাত্রিক দৃশ্য বলতে কী বোঝায় ?
- ২। ভূমি রেখার সাথে কত ডিগ্রি কোণে আইসোমেট্রিক দৃশ্য বা সম-মাত্রিক দৃশ্য অংকন করার নিয়ম ?
- ৩। আইসোমেট্টিক অক্ষ বলতে কী বোঝায় ?
- ৪। আইসোমেট্রিক রেখা বলতে কী বোঝায় ?
- ে আইসোমেট্রিক দৈর্ঘ্য বলতে কী বোঝায় ?
- ৬। আইসোমেট্রিক ক্ষেল বলতে কী বোঝায় ?

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী


- ১। একটি চিত্র অংকন করে আইসোমেট্টিক দৃশ্য অংকনের লক্ষণীয় বিষয়গুলো উল্লেখ কর।
- ২। প্রমান কর যে, আইসোমেটিক দৈর্ঘ্য = প্রকৃত দৈর্ঘ্য × 0.815
- ৩। চিত্রসহ আইসোমেট্রিক স্কেল অংকনের কৌশলটি বর্ণনা কর।

#### বর্ণনামূলক প্রশ্নাবলী

- 🕽 । একটি সিঁড়ির তিনটি ধাপ আইসোমেট্রিক দৃশ্যে অংকন করে দেখাও।
- ২। 4 সে.মি.× 3 সে.মি. বাহু বিশিষ্ট একটি আয়তক্ষেত্র অনুভূমিকতলের উপর এমনভাবে অবস্থিত যে, এর তল উল্লেম্বতলের সমান্তরাল। আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে আয়তক্ষেত্রটির আইসোমেট্রিক ভিউ অংকন কর।
- ৩। অনুভূমিকতলের উপর শায়িত কোনো একটি বৃত্তের আইসোমেট্রিক ভিউ অফসেট পদ্ধতি ও চতুক্বেন্দ্র পদ্ধতিতে অংকন কর।
- ৪। কোনো একটি বৃত্ত বিভিন্ন অনুভূমিকতলের উপর এমনভাবে দণ্ডায়মান যে,এর তল উল্লম্বতলের সমান্তরাল।আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে বৃত্তটির আইসোমেট্রিক ভিউ অংকন কর।
- ৫। আয়তাকার নালী বিশিষ্ট একটি আয়তাকার প্রিজম অনুভূমিকতলের উপর এমন ভাবে শায়িত
   যে, এর নালী অনুভূমিক তলের সমান্তরাল। প্রিজমটির আইসোমেটিক ভিউ অংকন কর।
- ৬। 5 সে.মি. লম্বা এবং 2 সে.মি. ব্যাস বিশিষ্ট কোনো সিলিভার অনুভূমিকতলের উপর দণ্ডায়মান থাকলে আইসোমেট্রিক দৈর্ঘ্যের সাহায্যে সিলিভারটির আইসোমেট্রিক ভিউ অংকন কর।
- ৭। 5 সে.মি. বর্গাকার একটি বস্তুর উপরিতলের কেন্দ্রস্থলে 3 সে.মি.বর্গাকার অপর একটি বস্তু অবস্থিত। এদের সম্মিলিত আইসোমেট্টিক ভিউ অংকন কর।
- ৮। 5 সে.মি. বর্গাকার একটি বস্তুর উপরিতলের কেন্দ্রস্থলে 6 সে.মি. লম্বা ও 3 সে.মি. ব্যাস বিশিষ্ট একটি সিলিন্ডার অবস্থিত। এদের সমিলিত আইসোমেটিক ভিউ অংকন কর।
- ১। 10 সে.মি imes 8 সে.মি. উপরিতল বিশিষ্ট একটি টেবিলের আইসোমেট্রিক ভিউ অংকন কর।
- ১০। অপর পৃষ্ঠায় কতকশুলো ব্লক ও যন্ত্রাংশের অর্থোগ্রাফিক দৃশ্য দেওয়া আছে। এ দৃশ্যশুলো থেকে আইসোমেট্রিক দৃশ্য অংকন কর।


ইঞ্জিনিয়ারিং দ্রইং

সমস্যা - ১ 8




চিত্ৰ ১১.৩.২৫ অর্থোগ্রাফিক দৃশ্য

সমস্যা - ২ 8



চিত্র ১১.৩.২৬ অর্থোগ্রাফিক দৃশ্য

সমস্যা - ৩ ঃ



চিত্র ১১.৩.২৭ অর্থোগ্রাফিক দৃশ্য


# ১২. অবলিক দৃশ্য অংকন

#### **Oblique View Drawing**

# ১২.১ व्यविक मृणी (Oblique View) !

'আইসোমেট্রক' বা সমমাত্রিক পদ্ধতির মতো 'অবলিক' বা তির্বক পদ্ধতির মাধ্যমেও সরল গঠনবিশিষ্ট খনবন্ধর দৈর্ঘ্য, প্রন্থ এবং উচ্চতাকে একটি মাত্র দৃশ্যে দেখান সম্ভব হয়। এর সাহায্যে সাধারণ আসবাব পত্রকে সহচ্চে অংকন করতে সুবিধা হয়। এতে প্রথমে বস্তুটির প্রধান একটি সমতল পৃষ্ঠতলকে উদ্রুঘতলের (Vertical Plane) সমাজরালক্ষণে রেখে 'সম্মুখ এলিভেনন' (Front Elevation) দৃশ্য অন্ধন করা হয়। পরে, 45° কোণ (Cavalier Projection) বা 30° কোণে (Cabinet Projection) রেখা টেনে এর একটি গাশ এবং উপরের পৃষ্ঠতলকে দেখান হয়ে থাকে। 45° কোণে অংকিত রেখার স্থলে উপরের পৃষ্ঠতলটি অতিরিক্ত দীর্ঘ দেখার বলে এ রেখান্ডলোর দৈর্ঘ্যকে প্রকৃত দৈর্ঘ্যের অর্থ নেওয়াই সাধারণ নিরম।


#### ১২.২ বর্গাকার বনবন্ধর অবলিক দৃশ্য অংকন ঃ



চিত্র ১২,২ ক্যাভেলিয়ার ও ক্যাবিনেট প্রজেকশনের বর্গাকার খনবন্তুর অবলিক দৃশ্য

#### 🗇 উদাহরণ ১। অনুভূমিকডদের উপর শারিত একটি আরতাকার প্রিজমের অবলিক দৃশ্য অংকন কর।

প্রথমে প্রিজমটিকে এ প্রকারে স্থাপন করি, যাতে এর একটি প্রান্ত উল্লয় সমান্তরাল হয়। পরে, এর 'সম্মুখ এলিভেশন' দৃশ্য অংকন করি। এটি একটি আয়তক্ষেত্র হয়। মনে করি, এটি ABCD। এখন, এ আয়তক্ষেত্রটির A, B, C কোল-ভিনটিতে অনুভূমিক রেখার সাথে 45° কোলে ভিনটি সরলরেখা টানি এবং A থেকে টানা রেখাটির উপর প্রিজমটির দৈর্ঘ্যের অর্থ সমান AE কেটে নিই (চিত্র-1)।




চিত্র ১২,২.১ আয়ভাকার প্রিজমের অবলিক দৃশ্য

हेशिनियादिर फ्र**टे**र

এবার, E থেকে AB-এর সমান্তরালরূপে EF একটি সরলরেখা টানি। এটি B থেকে টানা রেখাটিকে F বিন্দুতে ছেদ করল। এই F থেকে BC-এর সমান্তরাল একটি সরলরেখা টানি। এটি C থেকে টানা রেখাটিকে G বিন্দুতে ছেদ করল (চিত্র-2)। শেবে অতিরিক্ত রেখান্তলো মুছে কেলি। ফলে, অংকনীয় অবলিক দৃশ্য হলো (চিত্র-3)।


উদাহরণ ২। অনুধ্রিকতলের উপর শারিত একটি শিলিভারের অবলিক দৃশ্য অংকন কর।
পদ্ধতি (ক) ঃ প্রথমে কল্পনা করি যে, সিলিভারটি এমন একটি বর্গক্ষেত্রাকার
(Square) বাজের মধ্যে অবস্থিত যার বাছ এর ব্যাসের সমান এবং দৈর্ঘ্য এ দৈর্ঘ্যের অর্থ সমান।
পরে, পূর্ব উদাহরণ-২ এ লিখিত শদ্ধতি অনুযায়ী এ বাল্লটির (পশ্চাং ভাগসহ) একটি অবলিক
দৃশ্য অংকন করি। ধরি, বাল্লটির সন্মুখ ও পশ্চাতের বর্গক্ষেত্র দুইটি বথাক্রমে ABCD ও HFGH।
(চিত্র-1)।




চিত্র ১২,২,২ অনুভূমিকতদের উপর শায়িত সিলিভারের অবলিক দৃশ্য

এখন, এ বর্গক্ষেত্র দৃইটির কেন্দ্র-রেখা টেনে এবং এদের বাচ্ কয়টিকে স্পর্শ করিয়ে ভিতরে দৃইটি বৃদ্ধ অঙ্কন করি (চিত্র-2)। পরে, এ বৃদ্ধ দৃইটির স্পর্শক টানি (চিত্র-3)। শেষে অভিরিক্ত রেখাগুলো মুছে কেলি। কলে, (চিত্র-4) অংকনীয় অবলিক দৃশ্য হলো।

উদাহরণ ৩। অনুভূমিকতলের উপর দত্তারমান একটি সিলিভারের অবলিক দৃশ্য অংকন কর। একে উপরে বর্গিত উদাহরণ ২–এর পদ্ধতি (খ) অনুবারী অংকন করতে হবে (চিত্র ১২,২,৪)।








छ्यि ५२,२,8

১৬৬ অবলিক দৃশ্য অংকন

পদ্ধতি (খ) ৪ এ স্থলে উপরের মতো বাক্স অংকন করা যায় না। প্রথমে, যে কোনো বিন্দু C-কে কেন্দ্র এবং সিলিভারটিকে ব্যাসের অর্ধেক ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। পরে, C-তে অনুভূমিক রেখার সাথে 45° কোণে একটি সরলরেখা টেনে এর উপরে সিলিভারটির দৈর্ঘ্যের অর্ধ

 $(=\frac{1}{2}\mathbf{L})$  দূরত্বে C1 বিন্দু নিই। এখন, এ C1-কে কেন্দ্র এবং পূর্বের ব্যাসার্ধকেই ব্যাসার্ধ নিয়ে আর একটি বৃত্ত অংকন করি। শেষে, এ বৃত্ত দুইটির স্পর্শক টানি (চিত্র ১২.২.৪)।

উদাহরণ ৪। আয়তাকার পৃষ্ঠতলের উপর ভর করে অনুভূমিকতলের উপর শায়িত ষড়ভূজাকার গ্রিজমের অবলিক দৃশ্য অংকন কর ।



চিত্র ১২.২.৫ ষড়ভুজাকার প্রিজমের অবলিক দৃশ্য

প্রথমে প্রদন্ত বাহ্ত-মাপ দিয়ে ABCDEF একটি ষড়ভুজ অংকন করি। পরে, এর B, C, D এবং E কোণ বিন্দৃতে অনুভূমিক রেখার সাথে 45° কোণে সরলরেখা টানি এবং B থেকে টানা রেখাটির উপর প্রিজমটির দৈর্ঘ্যের অর্থ সমান BP দৈর্ঘ্য কেটে নিই (চিত্র- 1)।

এখন, P থেকে b-এর সমান্তরালরূপে একটি রেখা টানি। এটি C থেকে টানা রেখাটিকে Q বিন্দৃতে ছেদ করল। এবার Q থেকে CD-এর সমান্তরালরূপে QR এবং R থেকে DE-এর সমান্তরালরূপে RS রেখা টানি (চিত্র-2)। শেষে অতিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে, চিত্র (3) অংকনীয় অবলিক দৃশ্য হলো।


অবলিক ভিউ-এর পরিমাপ অর্থোগ্রাফিক ভিউ পরিমাপ পদ্ধতিতেই করা যায়। তবে এক্ষেত্রে 45° কোণে ভির্যক পার্শ্বগুলোর বেলায় ভীরচিহ্ন এবং লেখার ধরন কিছুটা ব্যতিক্রম করে পার্শ্বগুলোর সাথে তির্যক করে অংকন করলে অধিকতর সুন্দর হয়।

#### ১২.২ আয়তাকার নালী যুক্ত খনবস্তুর অবলিক দৃশ্য অংকন ঃ

উদাহরণ ৫। আয়তাকার এবং ভূমি-সমান্তরাল নালী-বিশিষ্ট একটি আয়তাকার প্রিজম অনুভূমিকতলের উপর অবস্থিত। এর অবলিক দৃশ্য অংকন কর।

প্রথমে প্রিজমটিতে কোনো নালী নেই, এটি অনুমান করে উদাহরণ-১-এ বর্ণিত প্রণালি অনুযায়ী এর একটি অবলিক দৃশ্য অংকন করি। মনে করি, এর পৃষ্ঠতল তিনটি ABCD, ABFE ও BCGF (চিত্র- 1)

ইঞ্জিনিয়ারিং দ্রইং




চিত্র ১২.২.৬ আয়তাকার নালী বা স্লট যুক্ত ঘনবস্তুর অবলিক দৃশ্য

পরে AB রেখাটির মধ্য-বিন্দু M নির্ণয় করে নালীটির গভীরতা মাপ নিচে এবং AB-এর সমান্তরালরূপে একটি সরলরেখা টানি। AB-এর উপর M-এর বাম ও ডান দিকে নালীর প্রশান্ততা মাপের অর্থ দ্রত্বে P ও Q দুইটি বিন্দু নিয়ে এখান খেকে নিচের দিকে লম্ব টানি। এ রেখা দুইটি পূর্বের রেখাটিকে R ও S বিন্দুতে ছেদ করলো। এবার P,Q ও R বিন্দু খেকে AE-এর সমান্তরালরূপে যথাক্রমে PT,RU এবং QU তিনটি সরলরেখা টানি (চিত্র-2)

এখন T বিন্দু থেকে একটি লম্ব টানি। এটি RU রেখাকে W বিন্দুতে ছেদ করলো। এই W থেকে EF-এর সমান্তরালরূপে একটি সরলরেখা টানি। এটি QV রেখাকে ছেদ করলো (চিত্র-3)। শেষে অতিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে (চিত্র-4) অবলিক দৃশ্য অংকিত হলো।

উদাহরণ ৬। কেন্দ্রছলে গোল ছিদ্র-বিশিষ্ট একটি আরতাকার প্রিজম অনুভূমিকতলের উপর এই প্রকারে অবস্থিত যে, ছিদ্রটির অক্ষ উল্লমতলের সাথে এক সমকোণ উৎপর করে। প্রিজমটির অবলিক দৃশ্য অংকন কর।

প্রথমে উদাহরণ ১-এ বর্ণিত পদ্ধতিতে ছিদ্র শূন্য অবস্থায় একটি অবলিক দৃশ্য অংকন করে সম্মুখন্থিত পৃষ্ঠতলটির উপর লম্ব ও অনুভূমিক দৃইটি কেন্দ্র-রেখা টানি। এদের ছেদ-বিন্দু 🔾 হলো (চিত্র-1)।





চিত্র ১২.২.৭ গোল ছিদ্র-বিশিষ্ট আয়তাকার ঘনবস্তুর অবলিক দৃশ্য


পরে, এই O থেকে অনুভূমিক রেখার সাথে  $45^\circ$  কোণে একটি সরলরেখা টেনে এর উপর প্রিজমটির প্রকৃত বেধ মাপের অর্থ T সমান O-O' কেটে নিই (চিত্র–2) ।


এখন, যখাক্রমে O এবং O' বিন্দুকে কেন্দ্র এবং ছিদ্রের ব্যাসার্থ মাপ R-কে ব্যাসার্থরূপে একটি পূর্ণবৃত্ত ও একটি বৃত্ত-চাপ অংকন করি (চিত্র-3)। শেষে অভিরিক্ত রেখাগুলো মুছে ফেলি। ফলে, চিত্র (4) অবলিক দৃশ্য অংকিত হলো।

নিম্নের চিত্র ১২.২.৮ এ 1) চ্যানেল (Channel) 2) টি (Tee) 3) জরেস্ট (Joist) 4) জেড (Zed) আম্ননের অবলিক দৃশ্য অংকনের সংক্ষিত্ত পদতি প্রদর্শন করা হলো ঃ










চিত্র ১২.২.৮ বিভিন্ন প্রকার চ্যানেলের অবলিক দৃশ্য

উদাহরণ ৭। নিম্নের চিত্রে বর্গন্ধেত্রাকার ব্লকের অবশিকতিউ ও অর্থোমাফিক প্রজেকশনের পার্থক্য দেখানো হলো ঃ




Comparison of Oblique and Orthographic Projections.

চিত্র ১২.২.৯ বর্গক্ষেত্রাকার ব্লকের অবলিক ও অর্থোগ্রাফিক ভিউ

**देखिनिग्ना**तिर <u>फ्रव</u>ेर


উদাহরণ ৮। নিম্নের চিত্রে সিলিম্রিক্যাল ব্লকের অবলিকভিউ ও অর্ধোয়াফিক প্রজেকশনের পার্থক্য দেখানো হলো ঃ



Circles Parallel to Plane of Projection.

চিত্র ১২,২,১০ সিলিম্রিক্যাল ব্লকের অবলিক ও অর্থোয়াফিক ভিউ

উদাহরণ ১। নিম্লের চিত্রে আরতক্ষেত্রাকার ব্লকের অক্ষসমূহের পরিবর্তনীয় বিভিন্ন দিকের অবলিকভিউত্তলা প্রদর্শন করা হলো ঃ



Variation in Direction of Receding Axis.

চিত্র ১২.২.১১ আয়তক্ষেত্রাকার ব্লকের অক্ষসমূহের বিভিন্ন দিকের অবলিকভিউ

क्या नः २२, रेक्टिनियांतिर छ्टर


#### অনুশীলনী - ১২

### সংক্ষিত্ত প্রশ্লাবলী

- ১। অবলিক দৃশ্য কী ?
- ২। ক্যাবিনেট ও ক্যাভেলিয়ারি অবলিক প্রোজেকশন সাধারণত কত ডিগ্রি কোণে অংকন করা হয় ?
- ৩। একটি হেক্সাগোনাল নাট অবলিক ভিউতে অংকন করে দেখাও।
- 8। অবলিক দৃশ্য বা প্রোজেকশন সাধারণত কোথায় কোথায় ব্যবহার করা হয় ?

#### वर्गनाम्मक धन्नावमी

১। দ্রইং ইনস্ট্রুমেন্টের সাহায্যে প্রদত্ত পরিমাপ অনুযায়ী নিচের ব্লকণ্ডলোর অবলিক ভিউ অংকন কর।




চিত্র ১২.১৫ অবলিক ভিউ

विश्वनिद्यातिः क्षटेर


#### ২। নিম্নে চিত্রে মেলিনারি পার্টস ব্লকের অর্থোপ্রাফিকভিউ থেকে অবলিকভিউ অংকন কর ।

সমস্যা - ১ 8




চিত্ৰ ১২.১৮ অর্থোগ্রাফিক ডিউ

मयम्गा - २ ३




চিত্ৰ ১২,১৯ অর্থোগ্রাফিক ডিউ

সমস্যা - ৩ ঃ



চিত্র ১২.২০ অর্থোপ্রাফিক ভিউ

मयम्। - 8 १



চিত্ৰ ১২.২১ অর্থেচ্যাকিক ভিউ

# ১৩. অর্থোগ্রাফিক দৃশ্য অংকন Orthographic View Drawing

#### ১৩.০ অর্থোগ্রাফিক দৃশ্য ঃ

ইঞ্জিনিয়ারিং ড্রইং-এ প্রায় সর্বত্রই এ ধরনের দৃশ্য অংকন করা হয়। এতে দৃশ্যের প্রতিটি রেখা প্রকৃত মাপে থাকে। ফলে দৃশ্য থেকে মাপ প্রত্যক্ষভাবে পাওয়া যায়। কিন্তু অসুবিধা এই যে, 'আইসোমেট্রিক', 'অবলিক' বা 'পার্সপেক্টিভ' দৃশ্যের বেলায় যেমন একটি মাত্র দৃশ্য থেকে এবং সহজে বস্তুটির রূপ উপলব্ধি হয়, এর বেলায় তা হয় না। রূপ ও গঠন বৈচিত্র্য উপলব্ধি করার জন্য দুই বা ততোধিক দৃশ্যকে একযোগে বিবেচনা করার প্রয়োজন হয়ে থাকে। এ কারণে এ দৃশ্য অন্যান্য দৃশ্যের মতো সহজবোধ্য হয় না। এর অংকন পদ্ধতিও অপেক্ষাকৃত কঠিন।

#### ১৩.১ অর্থোগ্রাফিক অভিক্ষেপ (Orthographic Projection) ঃ

কোন বস্তুর প্রতিটি ধারের (Edge) অর্থাৎ পৃষ্ঠতলের (Surface) সীমারেখার প্রত্যেকটি বিন্দু থেকে নির্দিষ্ট কোনো তলের (Plane) উপর লম্ব রেখা (Perpecdicular) টানলে রেখাগুলো পরস্পর সমান্তরাল হয় এবং যে যে বিন্দুতে এরা তলটিকে ছেদ করে, তাদেরকে যুক্ত করলে একটি চিত্র তৈরি হয়ে থাকে। এ চিত্রটিকে ঐ বস্তুর অর্থগ্রাফিক ভিউ বা সমরূপীয় দৃশ্য (Orthograpic View) এবং রেখাগুলোকে প্রজেক্টর (Projector) বা 'প্রজেকশন রেখা' (Projection Lines) বলা হয়।

#### অর্থোগ্রাফিক প্রজেকশন বা সমরূপীয় অভিক্ষেপ (Orthographic Projection) ঃ

একটি তলের উপর কোনো অভিক্ষেপ অথবা দৃশ্য অবস্থিত থেকে যখন পরিকল্পিত রেখা (Projection) একে অন্যের সমান্তরাল হয়, কিন্তু অভিক্ষেপ তলে এটা লম্বভাবে অবস্থান করে, তাকে অর্থোঘাফিক অভিক্ষেপ (Orthographic Projection) বা সমরূপীয় অভিক্ষেপ বলে।

#### 💠 চার কোয়াড্রান্ট (Four Quadrants) ៖

অনুভূমিক (Horizontal) এবং উল্লম্ব (Vertical) তল দুইটিকে বর্ধিত করলে চারটি দ্বিতল কোণ (Di-Hedral Angle) উৎপন্ন হয়। এ কোণ কয়টিকে যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কোণ অথবা কোয়াড্রান্ট বলে।

# ❖ অর্থোয়াফিক অভিক্ষেপের নীতি (Principle of Orthographic Projection) ঃ


অর্থোগ্রাফিক অভিক্ষেপের নীতিতে দৃশ্য অংকন করার সময় সাধারণত নিম্নলিখিত দুইটি তল (Plane) অনুমান করা হয়। যথা ঃ

#### ১) অনুভূমিক তল (Horizontal Plane বা সংক্ষেপে H.P) ঃ

যে তল ভূমিতলের সমান্তরাল থাকে, সেটাই অনুভূমিক তল। যেমন-ঘরের মেঝে, টেবিলের উপরিভাগ ইত্যাদি।


#### ২) উল্লম তল (Vertical Plane বা সংক্ষেপে V.P.) ঃ

যে তল ভূমিতলের সাথে এক সমকোণ উৎপল্ল করে বা এর উপরে লম্বভাবে অবস্থিত থাকে, সেটাই উল্লম্ব তল। যেমন-ম্বরের দেওরাল বা প্রাচীর। এ উল্লম্ব ও অনুভূমিকতল দুইটির সংযোগ রেখাকে ভূমি-রেখা' (Ground Line) বলে। পরের দৃশ্য অংকনের সময় এ রেখাকেই XX'রেখা ছারা সূচিত করা হরেছে (চিত্র১৩.১)




চিত্র ১৩.১ অনুভূমিক ও উল্লখ তল

#### ১৩.২ অর্থোমাকিক অভিক্ষেপ তল ঃ কোন্ডিং পদ্ধতিতে একটি ঘন বস্তুর অর্থোমাকিক অভিক্ষেপের ছয়টি তল অংকন ঃ



The Glass Box.

চিত্র ১৩.২.১



The Glass Box Unfolded.

চিত্র ১৩.২.২ অর্থোগ্রাফিক ভিউ

#### ১৩.৩ অর্থোগ্রাফিক অভিক্ষেপের শ্রেণি বিভাগ ঃ

অর্থোম্রাফিক প্রক্রেকশন বা সমন্ধ্রগীয় অভিক্রেপ দুই প্রকার। বখা ঃ

- ১) প্রথম কোণীয় অভিক্লেগ (First Angle Projection)
- ২) তৃতীয় কোণীয় অভিকেপ (Third Angle Projection)

#### ❖ পিকটোরিয়াল প্রজেকশন বা দৃষ্ট মধুর অভিক্লেপ (Pictorial Projection) ঃ

মাত্র একটি দৃশ্য দারা বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অভিক্ষেপটি দেখানো হয়। এটাই পিকটোরিয়াল প্রজেকশন Pictorial Projection বা দৃষ্ট মধুর অভিক্ষেপ নামে পরিচিত।

# পরিশ্রেকিতে অভিকেশ (Perspective Projection) ঃ

নির্দিষ্ট একটি স্থান হতে কোনো বস্তুর প্রতি দৃষ্টিপাত করলে দৃষ্টিরেখাণ্ডলি তির্যক হয়ে অবশেষে একটি বিন্দুতে মিলিত হওয়ায় যে অভিক্ষেপ সৃষ্টি করে, ঐ অভিক্ষেপটিকে পরিপ্রেক্ষিত অভিক্ষেপ (Perspective Projection) বলে। ফাস্ট ও থার্ড অ্যাকেলের জন্য সাধারণ ভিউত্তলির নাম নিম্নে প্রদন্ত হলো। বখা ঃ

- ১) সমুখ দৃশ্য (Front View or Front Elevation)
- ২) উপর দৃশ্য (Top view or Plane)

ইঞ্জিনিয়ারিং ড্রইং

৩) বাম পার্শ্ব বান্তিক দৃশ্য (Left Side View or Left End Elevation or Left End View)


- 8) ডান পার্শ্ব প্রান্তিক দৃশ্য (Right Side View or Right End Elevation or Left End View)
- 💠 প্রথম কোণীয় অভিক্ষেপ (First Angle Projection) 🛭

বস্তুটি প্রথম কোণ দ্বারা অধিকৃত স্থান এর মধ্যে অবস্থিত এটা অনুমান করা হয় এবং বস্তু হতে অনুভূমিক ও উল্লম্বতলের উপর লম্ব রেখা অভিক্ষিপ্ত করে (অর্থাৎ প্রজেকশন রেখা টেনে) দৃশ্য নেওয়া হয়ে থাকে। এ নীতিকে প্রথম কোণীয় অভিক্ষেপ বা First Angle Projection বলে।

#### ❖ প্রথম কোণীয় অভিক্ষেপের বৈশিষ্ট্য বা নিয়ম ঃ


- এটা বৃটিশ পদ্ধতি বা প্রথা।
- ২) দৃশ্যগুলি বস্তু হতে পিছনে সরে থাকে।
- ৩) উপর দৃশ্য বা Top View টি সমুখ দৃশ্য বা Front View এর নিচে অবস্থান করে।
- 8) সম্মুখ দৃশ্য বা Front View টি উপর দৃশ্য বা Top View এর উপরে অবস্থান করে।
- ৫) ডান পার্শ্ব দৃশ্যটি (Right Side View), সমুখ দৃশ্য বা Front View টি এর বাম পার্শ্বে অবস্থান করে।
- ৬) বাম পার্শ্ব দৃশ্য বা Left Side View টি সম্মুখ দৃশ্য (Front View) এর ডান পার্শ্বে অবস্থান করে।
- ৢপর্বোগ্রাফিক অভিক্ষেপ বা প্রজ্ঞেকশন অংকনের নিয়ম ঃ
  সাধারণত একটি বয়্তর তিন প্রকারের মাপ দিয়েই বিভিন্ন ভিউল্ভলো অংকন করা সম্ভব হয়। যথা ঃ
  - ১। দৈর্ঘ্য (Lenght) ২। প্রস্থ (Wide) ৩। উচ্চতা (Height)
    - ১) দৈর্ঘ্য ও উচ্চতার মাপ নিয়ে Front View অংকন করা হয়।
    - ২) দৈর্ঘ্য ও প্রস্থের মাপ নিয়ে Top View অংকন করা হয়।
    - ৩) প্রস্থ ও উচ্চতা মাপ নিয়ে Side View অংকন করা হয়।

#### ১৩.৪ প্রথম কোণীয় অভিক্ষেপ পদ্ধতিতে ঘন বস্তুর অর্থোগ্রাফিক দৃশ্য অংকন ঃ




চিত্র ১৩.৪.১ অর্থোগ্রাফিক ভিউ


উদাহরণ ২।



উদাহরণ ৩।





চিত্ৰ ১৩.৪.২ অর্থোগ্রাফিক ভিউ



চিত্ৰ ১৩.৪.৩ অর্ধোমাফিক ভিউ

উদাহরণ ৪।






চিত্ৰ ১৩.৪.৪ অর্থোগ্রাফিক ভিউ


**देखिनित्रातिः प्रदेर** >११

### উদাহরণ ৫।




### উদাহরণ ৬।

চিত্ৰ ১৩.৪.৫ অর্থোগ্রাফিক ভিউ




চিত্র ১৩.৪.৬ অর্থোগ্রাফিক ভিউ

### উদাহরণ ৭।



চিত্ৰ ১৩.৪.৭ অর্থোগ্রাফিক ভিউ

#### উদাহরণ ৮।




চিত্র ১৩.৪.৮ অর্থোগ্রাফিক ভিউ

# প্রথম কোণীয় অভিক্লেপ পদ্ধতিতে জটিল বস্তুর অর্থ্যাফিক দৃশ্যের অংকন ঃ

প্রত্যেক ক্ষেত্রে বস্তুটির গঠন ও মাপ আইসোমেট্রিক বা সম-মাত্রিক দৃশ্যের (Isomatric) সাহায্যে দেখান আছে। এর সম্মুখ তীর-মুখ (Arrow Head) দ্বারা সূচিত। দ্রষ্টব্য ঃ উদাহরণ হতে অংকন অভ্যাস করার সময় শিক্ষার্থীগণ প্রদন্ত ইঞ্চির মাপকে মিলিমিটারে পরিবর্তিত করে নিবে।

নৈচের চিত্রে প্রথম কোণীয় অভিক্ষেপ পদ্ধতিতে আইসোমেট্রিক দৃশ্য থেকে অর্থোশ্রাফিক দৃশ্য ফ্রি
হ্যান্ডে অংকন কর ঃ
প্রথম কোণীয় অভিক্ষেপ পদ্ধতিতে জটিল বস্তুর অর্থোগ্রাফিক ভিউ প্রদর্শন করা হলো ঃ

#### উদাহরণ ১।




First-Angle Projection.

চিত্ৰ ১৩.৪.৯ অর্থোগ্রাফিক ভিউ


ইঞ্জিনিয়ারিং ফ্রইং

# উদাহরণ ২। গাইড ব্রাকেট (Guide Bracket)



চিত্র ১৩.৪.১০ গাইড ব্রাকেটের অর্থোগ্রাফিক ভিউ

# উদাহরণ ৩। ওয়াল ব্রাকেট (Wall Bracket):



ওয়াৰ ব্ৰাকেট (Wall Bracket)

চিত্র ১৩.৪.১১ ওয়াল ব্রাকেটের অর্থোগ্রাফিক ভিউ

# 

বস্তুটি তৃতীয় কোপ দারা অধিকৃত স্থানের মধ্যে অবস্থিত এটা অনুমান করা হয় এবং প্রক্ষেকশন রেখা বস্তু হতে দ্রন্থার দিকে অনুভূমিক এবং উল্লখতন দুইটিকে টেনে এনে দৃশ্য নেওয়া হয়ে থাকে। এই পদ্ধতিকে তৃতীয় কোপ বিষয়ক অভিক্ষেপ বা Third Angle Projection বলে।

# ভৃতীর কোণ বিষয়ক অভিক্ষেপের বৈশিষ্ট্য বা নিয়ম ঃ


- ১) এটা আমেরিকান পদ্ধতি।
- এ প্রথায় দৃশাঙলি দর্শকের দিকে অগ্রসর হয়ে আসে।
- ৩) সম্মুখ দৃশ্য বা Front View টি, উপর দৃশ্য বা Top View এর উপরে অবস্থান করে।
- 8) উপর দৃশ্য বা Top View টি, সমুখ দৃশ্য বা Front View এর উপরে অবস্থান করে।
- ৫) ডান পার্শ্ব দৃশ্য বা Right Side View টি, ডান পার্শ্বে (Right) অবস্থান করে।
- ৬) বাম পার্শ্ব দৃশ্য বা Left Side View টি, বাম পার্শ্বে (Left) অবস্থান করে।

টীকা ঃ তৃতীয় কোণ বিষয়ক অভিক্ষেপ পদ্ধতিতে বস্তুকে অনুভূমিকতলের (H.P.) নিচে এবং এর সমান্তরাল একটি তলে অবস্থিত এটা অনুমান করা হয়ে থাকে। এ তলটিকে ভূমিতল (Ground Plane সংক্ষেপে G.P.) বলে। এ তল এবং উল্লেম্ব তল (V.P) এ দুইয়ের সংযোগ রেখাকে সাধারণভাবে ভূমিতল রেখা বলা যেতে পারে। এটাকে G-L দ্বারা স্চিত করা হয়। একটি বস্তুকে বর্ণনা করতে নিম্নলিখিতভাবে ভিউ বা দৃশ্য পছন্দ করা হয়। কোন বস্তুর যে পার্শ (Side) হতে দেখলে বস্তু সমন্ধে মোটামুটি ভালোভাবে ধারণা করা যায়, সেই পার্শ (Side) টাকে সম্মুখ দৃশ্য (Front View) ধরে অন্য View গুলিকে নির্দেশ করতে হয়।

# ১৩.৫ তৃতীয় কোপীয় পদ্ধতিতে অভিকেপ পদ্ধতিতে ঘনবস্তুর অর্থোগ্রাফিক দৃশ্য অংকন ঃ

নিচে এবং পরের পৃষ্ঠার তৃতীর কোণীর প্রজেকশন (Third Angle Projection) নীভিতে অংকিত কয়েকটি সরল ঘনবস্তুর প্লান, সম্মুখ এলিভেশন এবং বাম বা দক্ষিণ প্রান্তিক দৃশ্যের উদাহরণ দেওরা হলো। প্রত্যেকটি বস্তুর মাপ মিলিমিটারে। সম্মুখ দিক তীর-মুখ (Arrow Head) দিরে সুচিত করা আছে।


উদাহরণ ১।



চিত্র ১৩.৫.১ অর্ধেচ্যাকিক ভিউ


ইঞ্জিনিরারিং ড্রাইং

# উদাহরণ ২।




চিত্ৰ ১৩.৫.২ অর্থোখাফিক ভিউ

# উদাহরণ ৩।



চিত্ৰ ১৩.৫.৩ অর্থোগ্রাফিক ভিউ

#### উদাহরণ ৪।



চিত্র ১৩.৫.৪ অর্থোগ্রাফিক ভিউ

# অনুশীলনী - ১৩

# সংক্ৰিও প্ৰশ্লাবলী


- ১। অর্ধোগ্রাফিক দৃশ্য কী ? অর্ধোগ্রাফিক দৃশ্যে কয়টি তল অনুমান করা হয় ? এগুলো কী কী ?
- ২। একটি মেশিনারি পার্টসের আইসোমেট্রিক দৃশ্য থেকে অর্থোগ্রাফিক দৃশ্য অংকন কর
- ৩। প্রথম ও তৃতীর কোণীর অর্থোগ্রাফিক দৃশ্যের ব্যবহারিক ক্ষেত্রের আলোচনা কর।

# त्रव्नागृनक धन्नावनी


১। নিচে প্রদন্ত পিকটোরিয়াল দৃশ্য থেকে ভৃতীয় কোপীয় পদ্ধতিতে অর্থোখ্যাফিক (Orthographic) দৃশ্যের সমুধ দৃশ্য (Front View), উপর দৃশ্য (Top View) এবং প্রযোজ্য পার্শ্ব দৃশ্য (Side View) অংকন কর।

ইঞ্জিনিয়ারিং ড্রাইং

### সমস্যা-১




চিত্র ১৩.৫.৫ পিকটোরিয়াল দৃশ্য




চিত্র ১৩.৫.৬ পিকটোরিয়াল দৃশ্য

### সমস্যা-৩




চিত্র ১৩.৫.৭ পিকটোরিয়াল দৃশ্য

### সমস্যা-8



চিত্র ১৩.৫.৮ পিকটোরিয়াল দৃশ্য

# ২। নিম্নের চিত্র ভৃতীয় কোশীয় অভিকেপ পদ্ধভিতে আলোমেট্রিক দৃশ্য থেকে অর্থোপ্রাফিক ভিউ অংকন কর। (সমস্যা নং ১-৯)



চিত্র ১৩.৫.৯ আসোমেট্রিক ভিউ

# ১৪. সেকশন বা ছেদিত দৃশ্য অংকন Sectional View Drawing

### ১৪.১ সেকশন বা ছেদিত দৃশ্য ঃ

ব্যবহারিক ক্ষেত্রে এমন অনেক জটিল গঠনের বস্তু পাওয়া যায়, যাদের ভিতর এর গঠনকে সাধারণ প্রান, সম্মুখ এলিভেশন এবং প্রান্তিক দৃশ্য দিয়ে স্পষ্টভাবে বোঝান সম্ভব নয়। এ সকল স্থানে বস্তুটিকে অনুমানে অনুভূমিকতল বা উল্লম্ব তল বা উভয় তলে ছেদন বা সেকশন (Section) করে ভিতরের গঠন বোঝানো হয়ে থাকে। এ প্রকার ছেদিত অবস্থার দৃশ্যকে ছেদ-দৃশ্য বা (Sectional View) বলে। বস্তুটি প্রতিসম (Symmetrical) হলে, এর কেন্দ্র-রেখা বা অক্ষের মধ্য দিয়েই ছেদন করা সাধারণ নিয়ম। যে তল দিয়ে এ ছেদন করা হয়, তাকে ছেদ-তল (Sectional Cutting Plan) এবং যে রেখা দিয়ে এই ছেদ-তলকে সূচিত করা হয়ে থাকে, তাকে কাটিং প্লেন লাইন (Cutting Plan Line) বলে।

#### ১৪.২ সেকশন বা ছেদিত দৃশ্যের প্রকার ভেদ ঃ

সেকশন বা ছেদিত দৃশ্য নিম্লুলিখিত প্রকারের হয়ে থাকে। যথা ঃ

১) পূৰ্ণচ্ছেদ (Full Section)

8) ক্ষাইন্ড ছেদ (Combined Section)

২) অর্থচ্ছেদ (Half Section)

৫) রিভশভড ছেদ (Revolved Section)


৩) আংশিক ছেদ (Partial Section)

৬) রিমুভড ছেদ (Removed Section) ৭) ব্রোকেন সেকশন (Broken Section)


১৪.৩ ছেদিত দৃশ্যের প্রতীক সমূহ ঃ ছেদিত দৃশ্যের প্রতীক সমূহ স্বংকনের নিয়ম ঃ

১) সেকশন বা ছেদন করার সময় ছেদ-তল যে যে স্থানে ধাতুর সংস্পর্শে আসে যেসব স্থানগুলোতে  $45^{\circ}$ -তে নত (ডান বা বাম দিকে) রেখা দিয়ে দেখানো নিয়ম। এ রেখাগুলোকে ছেদ-রেখা (Sectional Lines) বলে। এদের পরম্পর ব্যবধান সম্পর্কে বাঁধাধরা কোনো নিয়ম নেই। তবে বেশি নিকটে বা বেশি দূরে এ সকলরেখা অংকন করলে দ্রইং-এর সৌন্দর্য নষ্ট হয় বলে, সাধারণত এ দূরত্ব 1.5 মি.মি. থেকে 3 মি.মি.-এর মধ্যে রাখা নিয়ম। প্রকৃত মাপে রেখা না টেনে অনুমানেই এ

দূরত্ব বজায় বাখা হয়ে থাকে।




চিত্র ১৪.৩.১ বিভিন্ন মেটালের ছেদিত দৃশ্যের প্রতীক সমূহ



চিত্র ১৪.৩.২ বিভিন্ন মেটালের ছেদিত দৃশ্যের প্রতীক সমূহ অংকনের সঠিক ও বেঠিক পদ্ধতি

- ২) ছেদন করা সম্পর্কে বিভিন্ন ধাতৃর জন্য বিভিন্নপ্রকার রেখা নির্দিষ্ট করা আছে (চিত্র ১৪.৩.১)। ছেদ-রেখা এ অনুযায়ী টানাই সাধারণ নিয়ম। এতে সুবিধা এই যে, ছেদিত অংশ কোনো ধাতৃ দিয়ে তৈরি দ্রইং-এ তা বিশেষ ভাবে লেখা না থাকলেও রেখার ধরন থেকে তা অনায়াসে বৃঝতে পারা যায়। কিন্তু যেখানে ধাতৃ কি প্রকার তা দেখান গৌণ থাকে অথবা ধাতৃর জন্য নির্দিষ্ট রেখা টানার অসুবিধা থাকে, ঐখানে কাস্ট আয়রনের জন্য নির্দিষ্ট রেখা টেনে পালে ধাতৃর নাম লিখে দেওয়া হয়।
- ৩) ছেদ-রেখা, ছেদ-ক্ষেত্রের অক্ষের (Axis) সাথে অথবা এর প্রধান সীমারেখার সাথে 45° কোলে টানা নিয়ম।
- 8) ছিদ্র-বিশিষ্ট বস্তুকে ছেদ করার সময় ছেদ-তল ছিদ্রের উভয় দিকে এ ধাতুর সংস্পর্শে আসে বলে দৃশ্যে একে একই শ্রেণির এবং একই দিকে নত রেখা দিয়ে দেখাতে হয় (চিত্র ১৪.৩.৩)।




চিত্র ১৪.৩.৩ যন্ত্রাংশের পূর্ণ সেকশন করার পদ্ধতি

চিত্র ১৪.৩.৪ যন্ত্রাংশের পূর্ণ সেকশন করার পদ্ধতি

৫) দুইটি বিভিন্ন বস্তুকে অথবা একটি বস্তুর দুইটি অংশকে যুক্ত করা অবস্থায় ছেদন করা হলে, ছেদিত দৃশ্যে দুইটি বস্তুকে অথবা বস্তুর দুইটি অংশকে বিপরীত দিকে নত রেখা টেনে দেখাতে হয়। ধাতু বিভিন্ন হলেও এ প্রকার করা প্রয়োজন্। ছেদ-রেখাগুলো জোড় স্থানে পরস্পরকে স্পর্শ করা উচিত (চিত্র ১৪.৩.৪)। ইঞ্জিনিয়ারিং ড্রইং ১৮৭

৬) তিন বা ততোধিক অংশ যুক্ত থাকলে, এ অবস্থার ছেদিত দৃশ্য অংকনের বেলায় প্রত্যেকটি
45°-তে নত রেখা এবং রেখাগুলোর পরস্পর দূরত্বকে একটি অংশে বেশি, অন্য অংশে কম
রেখে টানা সাধারণ নিয়ম (চিত্র ১৪.৩.৫)। একটি অংশ 45°-তে নত রেখা টেনে অন্য অংশ
দূইটিতে 30° বা 60°-তে নত রেখা টেনে দেখানোর পদ্ধতিও চালু আছে।




চিত্র ১৪.৩.৫ রিভেট সংযুক্ত যন্ত্রাংশের ফুল সেকশন করার পদ্ধতি

# ১৪.৪ घनवड्डत शूर्व ७ वर्षटाक्र्म मृणा व्यत्कन :

# খনবস্তুর পূর্ণচ্ছেদ (Full Section) দৃশ্য অংকন ঃ


সেকশন পূর্ণ, অর্ধ এবং আংশিক হতে পারে। সাধারণভাবে 'পূর্ণচ্ছেদ' শব্দ দিয়ে বস্তুটির অর্ধেক কেটে কেলা এবং পূর্ণচ্ছেদ দৃশ্য কথা দিয়ে সমগ্র বস্তুটিকে সমান দুই খণ্ডে কাটার পর সম্মুখের অর্ধাংশকে সরিয়ে ফেলে পশ্চাতে অবস্থিত অর্ধাংশের দৃশ্যকে বুঝায়। (চিত্র ১৪.৪.১)




চিত্র ১৪.৪.১ পূর্ণচ্ছেদ বা ফুল সেকশন করার পদ্ধতি

# 💿 ঘনবন্তর অর্থচ্ছেদ (Half Section) দৃশ্য অংকন ঃ

অনুরূপভাবে, 'অর্ধচ্ছেদ' শব্দ দিয়ে বস্তুটির এক-চতুর্থাংশ কেটে ফেলা এবং অর্ধচ্ছেদদৃশ্য' কথা দিয়ে সমগ্র বস্তুটির এক-চতুর্থাংশকে কেটে ফেলে সম্মুখের এক-চতুর্থাংশ সরিয়ে ফেলার
পর পশ্চাতে অবশিষ্ট তিন-চতুর্থাংশের দৃশ্যকে বোঝায়। অধিকাংশ স্থানে পূর্ণ বা অর্ধচ্ছেদ দৃশ্যই
অংকন করা হয়ে থাকে। সহচ্ছে বোঝার সুবিধার জন্য নিচে উল্লেম্ব ছেদ-তলকে একটি ছুরি দিয়ে
কেটে এটি বোঝান হলো। চিত্র ১৪.৪.১ পূর্ণচ্ছেদন এবং চিত্র ১৪.৪.২ অর্ধচ্ছেদন দেখানো হলো।
অর্ধচ্ছেদন করার সময় উভয় ছেদ-তল যে সব সময় অনুভূমিক বা উল্লেম্ব হতে হবে এ রকম
কোনো বাধ্যতা নেই। একটি অনুভূমিক, অপরটি উল্লেম্ব হতে পারে (চিত্র ১৪.৪.৩)।




চিত্ৰ ১৪.৪.২ অৰ্থচেছদ বা হাক সেকশন করার পদ্ধতি




চিত্র ১৪.৪.৩ অর্থছেদ বা হাফ সেকশন করার পদ্ধতি

যে বস্তুটির গঠন প্রতিসম অর্থাৎ বার গঠন কেন্দ্র-রেধার উভর পাশে একই রকম, তাকে পূর্ণতাবে ছেদন না করিয়ে অর্থচেন্দ্রন করে দৃশ্য


নেওরাই সাধারণ নিরম। কারণ, এতে একাধারে বাইরে এবং ভিতরের গঠন উত্তরই দেখানোর সুযোগ হয়। বছকে সরল (Straight) ছেদ-তল দিয়ে সমতাবে ছেদন না করে বিষমভাবে (Irregularly) এর কিছু অংশকে তেকে বা সেকশন বা ছেদন করে দৃশ্যও কোনো কোনো ছানে অংকন করা হরে বাকে (চিত্র ১৪.৪.৪)।



কোন বস্তু হতে তথু প্রয়োজনীয় স্থান অথবা আংশিকভাবে কর্তন করে ভিডরের গঠন প্রকাশ করা হয়, তাকে আংশিক ছেদ (Partial Section) বলে (চিন্ন ১৪.৪.৫)।




চিত্ৰ ১৪.৪.৪ আর্থপিক সেকশন



চিত্ৰ ১৪.৪.৫ আংশিক সেকশন


### ক্যাইড কেন (Combined Section) :


কোন বস্তুর অভিক্রেপ দৃশ্যের সমান্তরাল একাধিক তলটি সিঁড়ির অবস্থায় ছেদ করে প্রকাশ করা হয়, তাকে ক্যাইভ ছেদ (Combined section) বলে (চিত্র ১৪.৪.৬)।



- 🔾 বিভাগতভ, বিযুক্তত ও ব্রোকেন সেকশন (Revolved, Removed & Broken Section) 🕹
  - ১) বিভাজ্ড নেকশন (Revolved Section) :

কোন বস্তুর প্রস্থাছদেকে দীর্ঘ করা, যেমন বার (Bars),আর্ম (Arms), স্পোক (Spocs), রিব (Ribs), এদের লঘালয়ি দৃশ্য অংকন করলে বা করে দেখালে তাকে রিভলভড় সেকশন (Revolved Section) বলে (চিত্র ১৪.৫.৭)।






Use of the Cutting Plane in Revolved Sections.

#### চিত্র ১৪.৪.৭ রিভ্সভড় সেকশন

# ২) রিমূভড সেকশন (Removed Section) ঃ


রিভশভড সেকশন (Revolved Section)-এর মতো করে অংকন করে Cross Section টি অন্যত্র সরিয়ে অংকন করে দেখানোকে রিমুভড সেকশন (Removed Section) বলে। অর্থাৎ Revolved সেকশনে Cross Section কে বস্তুটির ভিতরে দেখানো হয় এবং Removed Section-Cross Section কে সরিরে অন্যত্র অংকন করে দেখানো হয় (চিত্র ১৪.৪.৮)।



Revolved and Removed Section চিত্ৰ ১৪.৪.৮ রিযুক্ত সেকশন

#### ৩) ব্রোকেন সেকশন (Broken Section) ঃ

বস্তুকে সরল ছেদ-তল দিয়ে সমভাবে ছেদন না করে বিষমভাবে (Irregularly) এর কিছু অংশকে ভেঙ্গে বা ছেদন করার দৃশ্যও কোন কোন স্থানে অংকন করে দেখানো হয় (চিত্র ১৪.৪.৯)।



চিত্র ১৪.৪.৯ ব্রোকেন সেকশন

### বছর প্রছচ্ছেদ (Section) অংকনে দেকশন লাইন ব্যবহারের প্ররোজনীয়তা ঃ

এটা 45° কোণ করে সমান্তরাল রেখার মাধ্যমে অংকন করা হয়। বস্তুর ছেদ করা অবস্থা বোঝাতে এ প্রকার রেখা টানা হয়ে থাকে। এ রেখা অংকন না করলে বস্তুর জটিল ও অভ্যন্তর ফাঁপা বিশিষ্ট যদ্ধাংশ পুরোপুরি বর্ণনা করা কোনক্রমেই সম্ভব নয়। তাই এর সেকশন লাইন ব্যবহারের প্রয়োজনীয়তা অধিক শুরুত্ব বহন করে।

# অনুশীলনী - ১৪

### **पि गर्किड धन्नावनी**

- ১। সেকশনাল ভিউ বা ছেদ-দৃশ্য বলতে কী বোঝাায় ?
- ২। ছেদ-তল ও কাটিং প্লেন লাইন বলতে কী বোঝায় ?
- ৩। ছেদ-রেখা বলতে কী বোঝায় ?
- 8। ছেদ-রেখা কত ডিগ্রি কোপে নত করে দেওয়া উচিত ?

# সংক্রিও প্রশ্নাবলী

- 🕽 । ছেদিত দৃশ্যের বিভাগ উল্লেখ কর।
- ২। চিত্রসহ একটি ঘনবম্ভর পূর্ণচেছদ বা ফুল সেকশন, অর্ধচেছদ বা হাফ সেকশন ও আংশিক সেকশনের ব্যাখ্যা দাও।
- ৩। ছেদিত দৃশ্য অংকনের নিয়মগুলো চিত্রসহ লিখ।


# বর্ণনামূলক প্রশ্লাবলী

- 🕽 । একটি মেকানিক্যাল পার্টসের পূর্ণচ্ছেদ অংকন করে দেখাও।
- ২। ছেদিত দৃশ্য সাধারণত কোন কোন ক্ষেত্রে প্রয়োজন হয় ?
- ৩। নিচের যন্ত্রাংশসমূহের উপরি দৃশ্য এবং পূর্ণচ্ছেদিত সম্মুখ দৃশ্য অংকন কর।

ইঞ্জিনিয়ারিং দ্রইং ረፈረ


# উদাহরণ-১

# উদাহরণ-২



### উদাহরণ-৩

# উদাহরণ-৪



চিত্ৰ ১৪.৪.১২

চিত্র ১৪.৪.১৩

# ১৫. নকশা বা স্কেচিং Sketching

#### ১৫.০ नकमा वा क्षिष्ठिः (Sketching) १

কোন বস্তু বা বস্তুসমূহ তৈরীর জন্য প্রয়োজনীয় তথ্যাবলি মুক্তহন্তে অংকনের সাহায্যে বিবৃত করাকেই নকশা (Sketching) বলে।

বা কোন প্রকার যন্ত্রের সাহায্য না নিয়ে, কেবল মুক্তহন্তে 'পেনসিল ও 'ইরেজার'-এর সাহায্যে যে ড্রইং করা হয়, ঐ ড্রইংকে 'স্কেচিং' বলে।

#### ১৫.১ ক্ষেচিং এ ব্যবহৃত যন্ত্রপাতিসমূহ ঃ

সাধারণত স্কেচিং করতে শুধু পেনসিল, ইরেজার ও কাগজ ব্যবহৃত হয়। স্কেচিং সাধারণত ড্রাফটিং বোর্ডের উপর করা হয়, তবে ক্লিপ-বোর্ডও ব্যবহার করা যায়। বর্গাংকিত কাগজ (Graph Paper) এ অংকন করলে, বর্গের সংখ্যা দিয়ে বস্তুর পরিমাপের অনুপাত রক্ষা করে মুক্ত হস্তে অংকন করার জন্য সুবিধা হয়।

- 🔾 ক্ষেচিং করতে যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহৃত হয় এটা নিম্লে প্রদত্ত হলো । যথা ঃ
  - ১) পেনসিল ২) ইরেজার বা রাবার ৩) কাগজ ৪) দ্রাফটিং বোর্ড ৫) ক্লিপ-বোর্ড ৬) গ্রাফ পেপার
- 🔾 ক্ষেচিং দক্ষতার প্রয়োজনীয়তা ঃ

যন্ত্রের মূল ধারণাকে অধিকাংশ স্থানে ক্ষেচিং দিয়ে প্রকাশ করা হয়। প্রাথমিক যন্ত্রশিক্সের অবস্থান অন্যান্য দেশের যন্ত্রগুলো থেকে ডিজাইন অনুকরণ করে উৎপাদন করার প্রবণতা বেশি দেখা যায়, তবে বিভিন্ন যন্ত্রের আকৃতি ও পরিমাপগুলো লিপিবদ্ধ রাখার জন্য 'ক্ষেচিং' করা হয়। ক্ষেচিং এর প্রধান ব্যবহার এই যে, বিভিন্ন ধারণা সম্পাদন করা ও লিপিবদ্ধ রাখা।


#### ১৫.২ ক্ষেচিং এর শ্রেণি বিভাগ ঃ

ক্ষেচিং পাঁচ প্রকার। যথা ঃ

- ১। আইসোমেট্রিক ক্ষেচিং (Isometric Sketching)
- ২। অবলিক ক্ষেচিং (Oblique Sketching)
- ৩। পিক্টোরিয়াল ক্ষেচিং (Pictorial Sketching)
- 8। অর্থোয়াফিক ক্ষেচিং (Orthographic Sketching) বা Multi View Sketching
- ৫। পার্সপেকটিভ ক্ষেচিং (Perspective Sketching)

### ১৫.৩ ঘনবম্ভর আইসোমেট্রিক স্কেচিং ঃ

প্রকৃত বস্তু থেকে আইসোমেট্রিক স্কেচিং করার জন্য চিত্র ১৫.৩.১ এর মত বস্তুকে স্থাপন করে পরস্পর 120° কোণে অবস্থিত আইসোমেট্রিক অক্ষ টেনে তার সাহায্যে অংকন করা হয়। অথবা চিত্র ১৫.৩.২-এর ন্যায়, ভূমি রেখা থেকে 30° কোণে ২টি অক্ষ, 90° কোণে একটি অক্ষ টেনে তার সাহায্যে অংকন করা যায়।



চিত্র ১৫.৩.১ আইসোমেট্রিক ক্ষেচিং

### ১৫.৩.১ আইসোমেট্রিক উপবৃত্ত ক্ষেচিং করার পদ্ধতি ঃ

আইসোমেট্রিক ক্ষেচিং করতে একটি সমস্যা এই যে, হেলানো বৃদ্তাকার তলের জন্য উপবৃস্ত (Ellipse) আঁকতে হয়। যদি বৃস্তটি বস্তুর প্রধান তলের সাথে সমান্তরালে অবস্থিত


হয়ে থাকে, তবে নিচে আংকিত এ প্রকারে আইসোমেট্রিক উপবৃত্ত এর পদ্ধতিতে অংকন করা যায় (চিত্র ১৫.৩.১)।






চিত্র ১৫.৩.১ আইসোমেট্রিক উপবৃত্ত ক্ষেচিং করার পদ্ধতি

### আইসোমেট্রক ইলিপস অংকন করার পদতি ঃ



চিত্ৰ ১৫.৩.২ আইসোমেট্রক ইলিপস অংকন পদ্ধতি

# বিশ্বাংশের আইনোমেট্রিক দৃশ্য কেচিং কর ঃ



চিত্র ১৫.৩.৩ ও চিত্র ১৫.৩.৪ আইসোমেট্রিক দৃশ্যে যদ্রাংশের ক্ষেচিং পদ্ধতি

# ক্রিলের ভাঁজ করা চেয়ার ও কাঠের টেবিল আইলোমেট্রিক দৃশ্য কেচিং কর ঃ




চিত্র ১৫.৩.৫ আইসোমেট্রিক দৃশ্য স্কেচিং স্টিলের ভাঁজ করা চেয়ার (Folding Steel Chair)



চিত্র ১৫.৩.৬ আইসোমেট্রিক দৃশ্য স্কেচিং কাঠের টেবিল

# 🔾 নিচের উপবৃত্তরলো অংকন করার পদ্ধতি ঃ




চিত্র ১৫.৩.৭ আইসোমেট্রিক দৃশ্যে বৃত্ত অংকন পদ্ধতি

# ১৫.৪ বনবছর অবলিক দৃশ্য কেচিং করার পছতি ৪

- ক) বস্তুর সামনের তলকে বস্তুর একই আকৃতি নিয়ে আঁকতে হবে। তবে বৃত্ত বা বৃত্তচাপ থাকার তলকে সামনের তলের জন্য নির্বাচন করতে হয়।
- খ) পার্থ ও উপরের তলের আকৃতিকে প্রকাশ করার জন্য সামনের তল থেকে যে কোনো পরিমাণ কোলে রেখাগুলো টানতে হবে। ঐ রেখাগুলোর দৈর্ঘ্যকে চিত্র ১৫.৪.১ এর মতো প্রকৃত দৈর্ঘ্য না নিরে, চিত্র ১৫.৪.২ এর মতো অপেকা কমিরে অংকন করলে, দৃশ্যটি স্বাভাবিক দেখা যার।
- গ) বস্তুর আকৃতিকে Object Line (মেটা রেখা) দিয়ে স্পষ্ট করতে হবে।


# 🔾 ব্যবস্থার অবশিক ভিউ কেচিং ঃ

"অবলিক অভিক্ষপ" অনুযায়ী মৃক্ত হল্তে অংকন করার পদ্ধতিকে "**অবলিক ক্ষেচিং**" বলা হয়।




চিত্ৰ ১৫.৪.১ অবলিক ভিউ কেচিং পদ্ধতি

### 🔾 প্রাক্ষের সাহায়ে অবশিক ভিউ ক্ষেচিং পদ্ধতি :



চিত্ৰ ১৫.৪.২ অবলিক ক্ষেচিং পদ্ধতি




Oblique Sketching on Gross-Section Paper.

চিত্র ১৫.৪.৩ প্রাকের সাহাব্যে অবলিক ক্ষেচিং পদ্ধতি


#### ১৫.৫ পিটোরিয়াল ভিউ ক্ষেচিং ঃ

যদি একটি ঘনবম্ভর তলগুলোকে চিত্র ১৫.৫ এর ন্যায় হেলানো ভাবে স্থাপন করা হয়, তবে ঘন বস্তুটির বিভিন্ন তল দেখা যায়। তাই ঘনবস্তুটির আকৃতি মোটামুটি বুঝতে পারা যায়। এ ধরনের দৃশ্যকে মুক্ত হস্তে অংকন করলে তাকে "পিক্টোরিয়াল স্কেচিং" বলা হয়। পিক্টোরিয়াল স্কেচিং আঁকতে কঠিন এবং সময় বেশি লাগে, কিন্তু বস্তুটির মোটামুটি আকৃতি সহক্তে বোঝতে পারা যায় (চিত্র ১৫.৫)।



চিত্র ১৫.৫ পিক্টোরিয়াল ক্ষেচিং পদ্ধতি

### 🔾 সুক্ত হল্তে প্রাফের সাহায্যে পিকটোরিরাল ক্ষেচিং অনুশীলন কর ঃ




চিত্র ১৫.৫.১ ও চিত্র ১৫.৫.২ গ্রাব্দের সাহায্যে পিকটোরিয়াল ক্ষেচিং পদ্ধতি

### ১৫.৬ পার্সপেকটিভ ভিউ ক্ষেচিং ঃ

"পার্সপেকটিভ অভিক্ষেপ" অনুযায়ী মুক্ত হস্তে অংকন করার পদ্ধতিকে "পার্সপেকটিভ

ক্ষেচিং" বলা হয়। এ পদ্ধতি দ্বারা সবচেয়ে
সঠিক ক্ষেচিং করা হয়। অর্থাৎ দৃষ্ট বিন্দু
থেকে যে অংশ কাছাকাছি থাকে, সে অংশ
দূরে থাকা অংশ থেকে বড় হয়ে দেখা
যায়, ঐ ধরনের অবস্থা পার্সপেকটিভ
ক্ষেচিং দিয়ে প্রকাশ করা যায়।






চিত্র ১৫.৬.১ ও চিত্র ১৫.৬.২ পার্সপেকটিভ ভিউ স্কেচিং


### ১৫.৭ অর্থোখাফিক ভিট ক্ষেচিং ঃ

শুর্ একটি দৃশ্য দিয়ে বস্তুর সমস্ত আকৃতি প্রকাশ করা যায় না। তাই বিভিন্ন দিক থেকে দেখা দৃশ্যগুলো একসাথে রেখে আঁকতে হয়। এ ধরনের দৃশ্য গুলোকে মুক্ত হস্তে অংকন করলে, তাকে "অর্থোগ্রাফিক দ্রইং" বা "মালটি ভিউ ক্ষেচিং" বলা হয়। অর্থোগ্রাফিক ক্ষেচিং আঁকতে সহজ এবং দ্রুত বস্তুর তলগুলোর সঠিক আকৃতি প্রকাশ করা যায়। তাই শিল্প কারখানার কাজে "অর্থোগ্রাফিক ক্ষেচিং" অধিকাংশ স্থানে ব্যবহৃত হয়।



চিত্র ১৫.৭ অর্থোগ্রাফিক ক্ষেচিং


# প্রথম কোণীয় প্রজেকশনে ভি ব্রকের অর্থোপ্রাফিক ভিউ কেচিং ঃ



চিত্ৰ ১৫.৭.১ অৰ্থোয়াফিক কেচিং (First Angle Method)


# অর্থোছাফিক ভিউ ক্ষেচিং করার পদ্ধতি ঃ

- ১) বন্ধর দৈর্ঘ্য ও উচ্চতাকে সম্মুখ দৃশ্যে, দৈর্ঘ্য ও গভীরতাকে উপর দৃশ্যে এবং প্রস্থ ও উচ্চতাকে পার্শ্ব দৃশ্যে নিয়ে প্রত্যেক দৃশ্যে আয়তক্ষেত্র আঁকতে হবে।
- প্রত্যেক দৃশ্যকে সহায়ক রেখা দিয়ে আঁকতে হবে।
- ৩) প্রত্যেক দৃশ্যের আকৃতিকে Object Line দিয়ে আঁকতে হবে। Center Line & Hidden Line টানতে হবে।




চিত্ৰ ১৫.৭.২ অর্থোগ্রাফিক স্কেচিং পদ্ধতি

# 🗘 সুক্ত হক্তে Third Angle Method এ অর্থোখাঞ্চিক ভিউ কেচিং কর ঃ



চিত্ৰ ১৫.৭.৩ অর্থোমাফিক ভিউ স্কেচিং পদ্ধতি


# মুক্ত হল্ডে 3<sup>rd</sup> Angle Method এ অর্থোপ্রাফিক ভিট কেচিং কর :



চিত্র ১৫.৭.৪ অর্থোহাফিক ক্ষেচিং পদ্ধতি

ইঞ্জিনিয়ারিং দ্রইং

### 🔾 মুক্ত হক্তে Third Angle Method এ অর্থোখাফিক ভিউ এ মার্লিট ভিউ প্রোক্তেকশন ক্ষেচিং কর ঃ




চিত্র ১৫.৭.৫ অর্থোগ্রাফিক ভিউ এ মাল্টি ভিউ প্রোক্তেকশন ক্ষেচিং পদ্ধতি

# ১৫.৮ ব্রি হ্যান্ড দ্রইং এর জন্য দীর্ঘ অনুভূমিক সরলরেখা অংকন অনুশীলন কর ঃ




চিত্র ১৫.৮ অনুভূমিক সরলরেখা অংকন


🚨 ফ্রি হ্যান্ড দ্রইং করার জন্য 'পেনসিল দিয়ে অনুভূমিক, উল্লয় ও হেলানো রেখা অংকন অনুশীলন কর



চিত্র ১৫.৮.১ অনুভূমিক, উল্লম্ব ও হেলানো রেখা অংকন

# ই ফ্রাড ফ্রইং করার জন্য দীর্ঘ অনুভূমিক ও উল্লঘ রেখা অংকন অনুশীলন কর ঃ






চিত্র ১৫.৮.২ অনুভূমিক রেখা অংকন পদ্ধতি

চিত্র ১৫.৮.৩ উল্লম্ব রেখা অংকন পদ্ধতি


# প্রসমান্তরাল সরল রেখা কেচিং কর ঃ

- ১) রেখাটির দৃই প্রান্ত বিন্দু নির্দেশ করি।
- ২) দুইটি বিন্দুর সাহায্যে মুক্ত হক্তে সহায়ক রেখা Construction Line) অংকন করি।
- ৩) সহায় রেখা ( Construction Line) এর উপরে মুক্ত হল্তে Object Line অংকন করি।



চিত্র ১৫.৮.৪ সমান্তরাল সরলরেখা অংকন পদ্ধতি

# বৃশুচাপ অংকন পদ্ধতি কেচিং কর ঃ




চিত্ৰ ১৫.৮.৫ বৃস্তচাপ অংকন পদ্ধতি

देशिनियातिर फ्रवेर

# 🧿 বৃত্ত (Circle) ক্ষেচিং পদ্ধতি অনুশীলন কর ঃ


১) Center Line কে কেন্দ্র করে 45° কোণে মুক্ত হস্তে দুইটি সরলরেখা (Construction Line) অংকন করি।

- কেন্দ্র থেকে প্রার সমান দৈর্ঘ্য নিয়ে প্রত্যেক রেখার উপরে চিহ্নিত করি।
- ত) Construction Line দিয়ে বৃত্ত অংকন করি।
- 8) Object Line দিয়ে বৃত্ত অংকন করি।




চিত্ৰ ১৫.৮.৬ বৃত্ত অংকন পদ্ধতি

### 🖒 মুক্ত হত্তে যদ্রাংশ কেচিং পদ্ধতি অনুশীলন কর :




চিত্ৰ ১৫.৮.৭ যদ্ৰাংশ অংকন পদ্ধতি

### 🖸 মুক্ত হল্তে সেন্টার লাইন ক্ষেচিং কর ঃ



চিত্র ১৫.৮.৮ সেন্টার লাইন স্কেচিং পদ্ধতি


# 🗘 মুক্ত হচ্ছে হিছেন লাইন ক্ষেচিং অনুশীলন কর 🛭



Hidden-Line Practices.

हिव्य ३৫.४.क


# 🗘 বিভিন্ন ধরনের প্রয়োজনীয় হ্যান্ড টুলস ও ব্যবহার্য সাম্মী মুক্ত হত্তে চিত্র অংকন অনুশীলন কর ঃ



চিত্র ১৫.৮.১০ ভার্নিয়ার স্লাইড ক্যালিপার্স

চিত্র ১৫.৮.১১ মাইক্রোমিটার (Micrometer)

ইঞ্জিনিয়ারিং দ্রইং



চিত্র ১৫.৮.২০ ফ্লাট জ্ ড্রাইভার (Flat Screw Driver) চিত্র ১৫.৮.২১ ফ্লিপস জ্ ড্রাইভার (Fillips Screw Driver)



চিত্ৰ ১৫.৮.২২ হ্যাক'স' (Hack Saw)

চিত্ৰ ১৫.৮.২৩ ব্যৱাত (Wooden Saw)





চিত্র ১৫.৮.২৪ ফাইল (রেড - File)

চিত্ৰ ১৫.৮.২৫ চিজেল (ছেনি-Chisel)






চিত্ৰ ১৫.৮.২৬ ড্ৰিল বিট (Drill Bit)

চিত্ৰ ১৫.৮.২৭ লেদ সাইড কাটিং টুল (Side Cutting Tool)



চিত্ৰ ১৫.৮.২৮ বাটালি (Wooden Chisel)



চিত্ৰ ১৫.৮.২৯ কোদাল (Spade)




চিত্র ১৫.৮.৩০ কাঁচি (সিজার-Scissore)




চিত্র ১৫.৮.৩১ পিনসার (কামড়ি-Pincer)




চিত্ৰ ১৫.৮.৩২ টেৰিল ভাইস (Table Vice)




চিত্র ১৫.৮.৩৩ এনভিন্ন (নেহাই-Anvil)




চিত্ৰ ১৫.৮.৩৪ 'সি' ক্ল্যাম্প (C-Clamp)



চিত্র ১৫.৮.৩৫ পানির কলের মুখ (Bib-Cock)



চিত্র ১৫.৮.৩৬ মটর (Motor)



চিত্র ১৫.৮.৩৭ বাড়ির প্লান (Plan)

# অনুশীলনী - ১৫


# সংক্রিপ্ত প্রশ্লাবলী

- ১। নকশা বা স্কেচিং কী ?
- ২। নকশা বা ক্ষেচিং এর প্রকারভেদ উল্লেখ কর।
- ৩। একটি মেশিনারি পার্টসের আইসোমেট্রিক ও অর্থগ্রোফিক দৃশ্য ক্ষেচিং করে দেখাও।
- 8। বিভিন্ন প্রকার ক্ষেচিং এর প্রয়োজনীয়তা উল্লেখ কর।

# বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। নিম্নে উল্লেখিত সামগ্রীগুলো মুক্ত হস্তে চিত্র অংকন কর।
- 🕨 একটি ভার্নিয়ার স্লাইড ক্যালিপার্স
- একটি হাতৃড়ি
- একটি প্লায়ার্স
- একটি হাতা ছাড়া চেয়ার
- একটি হ্যাক'স'
- একটি টেবিল ভাইস
- একটি পানির কলের মুখ (Bib-Cock)

- 🗲 একটি খালি ফুলদানি
- একটি বলপিন হ্যামার
- > একটি এনভিল (নেহাই)
- একটি পড়ার টেবিল
- > একটি ফ্লাট স্কু দ্রাইভার
- একটি স্প্যানার
- একটি কাঠের বসার টুল
- ২। নিচের যন্ত্রাংশটির মুক্ত হল্তে অর্থোগ্রাফিক দৃশ্য থেকে আইসোমেট্রিক দৃশ্য বা ভিউ অংকন কর।



চিত্র ১৫.৮.৩৮ অর্থোগ্রাফিক ভিউ

# ১৬. ক্ল্-থ্ৰেড অংকন

# **Screw-Thread Drawing**

### ১৬.০ ক্স্-শ্ৰেড বা ক্স্-পাঁচ (Screw Thread) ঃ

কোনো সিলিম্রিক্যাল বন্ধর বাইরের বা ভিতরের পরিধিতে কুন্ডলী আকারে অবস্থিত একই ধরনের ক্রমাগত উত্থিত শিরোদেশকে থেড বা পাঁচ (Thread) বলা হয়।

### ১৬.১ জু-শ্রেডের বর্ণনাঃ

# ⊙ বিভিন্ন প্ৰকার ক্ষ্-প্ৰেডের বর্ণনা ঃ ' ডি ' প্ৰেড (Vee Thread) -


এটা ইংরেজি অক্ষর "V" এর ন্যায় ও নির্দিষ্ট মান বিশিষ্ট। ১) বিটিশ স্ট্যান্ডার্ড হুইটওরার্থ প্রেড ঃ একে সংক্ষেপে B.S.W প্রেড বলা হয়। সকল প্রকার প্রেডের মধ্যে এই থ্রেডের ব্যবহার সর্বাপেক্ষা বেশি। প্ররোগ ঃ সাধারণ নাট ও বোল্টে এ প্রেডই বেশি ব্যবহৃত হয়ে থাকে।

এর কোণ (Angle) = 55°

গভীৰতা (Depth) = 0.6403 × পিচ

শীর্ষ (Crest) = 0.1373 × পিচ মাপের

ব্যাসার্ধ দারা গোল করা।



চিত্র ১৬.১ ব্রিটিশ স্ট্যান্ডার্ড হুইটওয়ার্থ প্রেড

# বিটিশ স্ট্যান্ডার্ড হুইটএয়ার্থ প্রেচ্ছের (B.S.W) ভালিকা ঃ

No. of Size	Number of Screw Thread per Inch	DIA of BOLT		DIA of DRILL	
		INCH	M.M	INCH	M.M
1	64	0.073	1.8	0.0595	1.5
2	56	0.086	2.2	0.0725	1.8
3	48	0.099	2.5	0.0785	2.0
4	40	0.112	2.8	0.089	2.3
5	40	0.125	3.2	0.1015	2.6
6	32	0.138	3.5	0.1065	2.7
8	32	0.164	4.2	0.136	3.5
10	24	0.19	1.8	0.1494	3.8

No. of Size	Num ber of Screw Thread Per Inch	DIA of BOLT		DIA of DRILL	
		INCH	M.M	INCH	M.M
3 8	16	0.37 5	9.5	0.3125	7.9
<del>7</del> 19	14	0.43 75	11.1	0.368	9.3
1 2	12	0.50	12.7	0.4219	10
9 16	12	0.56 25	14.2	0.4844	12.3
<u>5</u>	11	0.62 5	15.9	0.5312	13.5
34	10	0.75	19.1	0.6563	16.7
78	9	0.87 5	22.2	0.7658	19.4
1	8	1.0	25.4	0.875	22.2

12	24	0.216	5.5	0.177	4.5
1/4	20	0.25	6.4	0.201	5.1
<u>5</u>	18	0.312	7.9	0.257	6.5

1 1 8	7	1.12 5	28.6	0.9844	25.0
11/4	7	1.25	31.7	1.1094	28.2
11/7	6	1.5	38.1	1.3637	34.1

### ২) ব্রিটিশ স্ট্যান্ডার্ড ফাইন প্রেড (British Standard Fine Thread) ঃ

একে সংক্ষেপে B.S.F. থ্রেড বলা হয়। এ থ্রেডের শীর্ষ (Crest), গভীরতা (Depth) এবং কোণের মাপ (Angle) সকলই Whitworth Standard Thread এর ন্যায়। শুধু পার্থক্য এই যে, এতে শুইটওয়ার্থ স্ট্যান্ডার্ড থ্রেড হতে প্রতি ইঞ্চিতে থ্রেডের সংখ্যা বেশি থাকে। ফলে এ প্রকার থ্রেড বিশিষ্ট ক্লুকে সূক্ষ্মভাবে নিয়ন্ত্রণ করতে সুবিধা হয়।

প্রয়োগ ঃ এরোপ্রেন ও মোটর গাড়ি ইত্যাদির বিভিন্ন অংশে  $\frac{1}{2}$  ইঞ্চি অপেক্ষা কম ডায়ামিটারের যে সকল ক্লু ব্যবহৃত হয়, এতে অধিকাংশ স্থানে এ প্রকার থ্রেড থাকে।

#### ব্রিটিশ স্ট্যান্ডার্ড ফাইন থ্রেডের তালিকা ঃ

No. of Size	Number of Screw thread per inch	DIA of BOLT		DIA of DRILL	
		INCH	M,M	INCH	M,M
7/32	28	0.2188	5.6	0.1731	4.4
1/4	26	0.25	6.4	0.2037	5.2
9/32	26	0.2813	7.1	0.232	5.9
<u>5</u>	22	0.3125	7.9	0.2543	6.5
3/8	20	0.375	9.5	0.311	7.9
7 16	18	0.4375	11.1	0.3664	9.3
1/2	16	0.5	12.7	0.42	10.7
9 16	16	0.5625	14.3	0.4825	12.3
<u>5</u> 8	14	0.625	15.9	0.5334	13.5

No. of Size	Number of Screw thread per inch	DIA of BOLT		DIA of DRILL		
		INCH	M.M	INCH	M.M	
11 16	14	0.687 5	17.5	0.59	15.	
3 4	12	0.75	19.0	0.6433	16.3	
13 16	12	0.812 5	20.6	0.706	19.3	
7/8	11	0.875	22.2	0.7586	19.3	
1	10	1.0	25.4	0.871	22.1	
1 1 8	9	1.125	25.6	0.9827	25.0	
114	9	1.25	31.7	1.1077	26.1	
13/8	8	1.375	34.6	1,2149	30.9	
11/2	8	1.5	38.1	1.339	34.0	

ইঞ্জিনিয়ারিং ড্রইং

# ৩) ব্রিটিশ স্ট্যান্ডার্ড পাইপ শ্রেড (British Standard Pipe Thread ) ঃ

এ খ্রেড কে সংক্ষেপে B.S.P বলে। এ খ্রেডের শীর্ষ, গভীরতা এবং কোণের মাপ সবই " হুইটওয়ার্থ স্ট্যান্ডার্ড " থ্রেডের ন্যায়। কিন্তু এতে প্রতি ইঞ্চিতে থ্রেডের সংখ্যা অপেক্ষাকৃত বেশি থাকে। প্রথমটি সচরাচর ব্যবহৃত হয়ে থাকে। এখানে স্মরণ রাখা প্রয়োজন য়ে, 'পাইপের ডায়ামিটার' কথা দ্বারা পাইপের ছিদ্রের ব্যাস মাপকে বোঝায়। পাইপের বাহিরের ব্যাস এটা থেকে সর্বদা বেশি হয়ে থাকে। "পাইপ থ্রেড" সমান্তরাল (Parallel) ও ক্রমশঃ সরু (Taper) উভয় প্রকারই হয়।

প্রয়োগ ঃ গ্যাস, পানি এবং স্টিমের পাইপে এ শ্রেণির থ্রেড ব্যবহৃত হয়।

### ⊙ ব্রিটিশ স্ট্যাভার্ড পাইপ প্রেডের (B.S.P) তালিকা ঃ

No. of Size	Number of Screw Thread per Inch	Out Side DIA		In Side DIA	
		INCH	M.M	INCH	M.M
1	28	0.4063	10.3	0.337	8.6
$\frac{1}{8}$					
14	19	0.5312	13.5	0.451	11.5
4					
3	19	0.6875	17.5	0.589	15.0
$\frac{3}{8}$					
1	14	0.8437	21.4	0.734	1.6
$\frac{1}{2}$					
	14	0.9375	23.8	0.811	20.6
<u>5</u> 8					
3 4	14	1.0625	27.0	0.95	24.1
4					
7	14	1.2188	31.0	1.098	27.9
8					
1	11	1.3437	34.1	1.193	30.3


No. of Size	Number of Screw Thread per Inch	Out Side DIA		In Side DIA		
		INCH	M.M	INCH	M.M	
1 1/4	11	1.6875	42.9	1.534	39.0	
$1\frac{1}{2}$	11	1.9063	48.4	1.766	44.9	
1 3/4	11	2.1563	54.7	2.0	50.8	
2	11	2,375	60.3	2,231	56.7	
2 1/4	11	2.625	66.7	2.471	62.7	
$2\frac{1}{2}$	11	3.0	67.2	2.544	64.6	
$\frac{2}{4}$	11	3.25	82.55	3.094	78.6	
3	11	3.5	88.9	3.344	84.9	

# 8) ব্রিটিশ এসোসিয়েশন স্ট্যান্ডার্ড প্রেড : (British Association Standard Thread) :

এ প্রেড কে সংক্ষেপে B.A বা B.A.S প্রেড বলে। এর কোণ  $(Angle) = 47\frac{1}{2}^\circ$  । গভীরতা (Depth)  $0.6 \times$  পিচ। এ প্রেডের মাপ 0 হতে 25 সংখ্যা দ্বারা সূচিত হয়ে থাকে। সংখ্যা যত বেশি হয়, স্কু এর ডায়ামিটার তত কম হয়।

হয়ে থাকে।

সাধারণত  $\frac{1}{4}$  ইঞ্চি অপেক্ষা কম ডায়ামিটারের ক্র্ এর জন্য এ প্রকার প্রেড উপযোগী হয় (চিত্র ১৬.১.১)। প্রয়োগ ঃ সৃক্ষ যন্ত্রাদিতে এ প্রকার প্রেড ব্যবহৃত



চিত্র ১৬.১.১ ব্রিটিশ এসোসিয়েশন স্ট্যান্ডার্ড প্রেড

# বিটিশ এসোসিয়েশন স্ট্যান্ডার্ড (B.A.) প্রেডের তালিকা ঃ

No of	Number of	DIA	of	DIA	of
Siz	Screw thread	BOLT	M.M	BOLT INCH	M.M
0	25.4	0.2362	6.0	0.1890	4.8
1	28.2	0.2087	5.3	0.1662	4.2
2	31.4	0.1850	4.7	0.1467	3.7
3	34.8	0.1614	4.1	0.1269	3.2
4	38.5	0.1417	3.6	0.1105	2.8
5	43.1	0.1260	3.2	0.0981	2.5
6	47.9	0.1102	2.7	0.0851	2,2
7	52.9	0.0987	2.5	0.0757	1.9
8	59.1	0.0866	2.2	0.0663	1.7
9	65.1	0.0748	1.9	0.0564	1.4
10	72.6	0.0669	1.7	0.0504	1.3

No. of Size	Number of Screw thread per inch	DIA of	BOLT	DL	A of
		INCH	MM	INCH	M,M
11	81.9	0.059	1.5	0.0445	1.1
12	90.9	0.0511	1.3	0.0379	1.0
13	102	0.0472	1,2	0.0355	0.9
14	110	0.0394	1,0	0.0285	0.7
15	121	0.0354	0.9	0.0255	0.6
16	133	0.0311	0.8	0.0221	0.56
17	149	0.0276	0.7	0.0196	0.5
18	169	0.0244	0.6	0.0173	0.4
19	182	0.0211	0.54	0.0145	0.37
20	213	0.019	0.48	0.0134	0.34

# ৫) আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রেড : (American National Standard Thread ) :


একে পূর্বে সেলার্স খ্রেড বলা হতো। এর শীর্ষ সমতল এর কোণ  $(Angle) = 60^\circ$ । গভীরতা  $(Depth) = 0.6459 \times$  পিচ এ খ্রেড অনেক প্রকার হয়। এদের মধ্যে নিম্নলিখিত দুই প্রকারই অধিকাংশ স্থানে ব্যবহৃত হয়ে থাকে।

# ক) আমেরিকান ন্যাশনাল কোর্স প্রেড : (American National Coarse Thread) ঃ

একে সংক্ষেপে N.C প্রেড বলা হয়।

(চিত্র ১৬.১.২)

প্রবাদ : ব্রিটিশ স্ট্যান্ডার্ড হুইটওয়ার্থ প্রেড যে যে স্থানে উপযোগী হয়, এ প্রেড সে সকল স্থানে ব্যবহৃত হয়ে থাকে।



চিত্র ১৬.১.২ আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড

ইঞ্জিনিয়ারিং দ্রইং

খ) আমেরিকান ন্যাশনাল ফাইন প্রেড (American National Fine Thread) ঃ একে সংক্ষেপে N.F প্রেড বলা হয়। ব্রিটিশ স্ট্যান্ডার্ড ফাইন প্রেড যে যে স্থলে উপযোগী হয় এ প্রকার প্রেড ঐ সকল স্থানে ব্যবহৃত হয়ে থাকে।


৬) ইন্টারন্যাশনাশ স্ট্যান্ডার্ড প্রেড বা ইউনিফায়েড প্রেড ঃ (International Standard Thread or Unified Thread) ঃ

সংক্ষেপে একে U.N. প্রেড বলে। এর আকার ও কোণের বেলায় রুট (Root) অংশ এবং ক্রেষ্ট (Crest) অংশ ভিতরের থ্রেডের বেলায় অক্ষের সমান্তরালরূপে অন্য গভীরতায় সমতল করা ইউনিফায়েড প্রেড দুই প্রকার। যথাঃ

ক) ইউনিফারেড কোর্স প্রেড ঃ (Unified Coarse Thread - U.N.C) ঃ

এতে প্রতি ইঞ্চিতে ৮ টি প্রেড থাকে এবং এর পর্যায়  $\frac{1}{4}$  ইঞ্চি হতে 1  $\frac{1}{2}$  ইঞ্চি ডায়ামিটারের হয়।

খ) ইউনিফারেড ফাইন প্রেড ঃ
(Unified Fine Thread - U.N.F)
এতে প্রতি ইঞ্চিতে 12 টি প্রেড থাকে এবং এর
পর্যায়  $\frac{1}{4}$  ইঞ্চি হতে  $1\frac{1}{2}$  ইঞ্চি ডায়ামিটারের হয়।
উভয় প্রেডের ক্ষেত্রে প্রেডের কোণ (Angle) =  $60^\circ$ , বাইরের প্রেডের ক্ষেত্রে গভীরতা =  $\frac{5}{4}$ D = 0.4 P.ভিতরের প্রেডের ক্ষেত্রে গভীরতা =  $\frac{17}{14}$ D =



0.61 P.(চিত্র ১৬.১.৩)।

চিত্র ১৬.১.৩ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রেড

#### ইউনিফায়েড প্রেডের ভালিকা ঃ

বোল্টের ডায়ামিটার	প্রতি ইঞ্চিতে থ্রেডের	বোল্টের	প্রতি ইঞ্চিতে থ্রেডের
ইঞ্চিতে	সংখ্যা	ভায়ামিটার	সংখ্যা
1	20	3	10
<u>1</u> 4		<b>3 4</b>	
<u>5</u> 16	18	<u>7</u>	9
<del>16</del>		8	
3 8	16	1	8
8			
<u>7</u>	14	<u>.1</u>	7
<del>16</del>		1 <del>-</del> 8	
1	13	<u>,1</u>	7
<u>2</u>		1 <del>-</del> 4	
1 2 9	12	13	6
<b>16</b>		1 <mark>3</mark>	
5	11	1	6
<u>5</u> 8		1 <del>2</del>	

#### ৭) মেট্রিক প্রেড (Metric Thread) ঃ

এ প্রকার প্রেডের কোণের পরিমাণ  $60^\circ$ । মেট্রিক শ্রেডকে মিলিমিটারে প্রকাশ করতে ডারামিটারের পূর্বে "M" অক্ষর লিখে পরে গুণ সংখ্যার ডান দিকে পিচ সংখ্যা লিখে সূচিত করা হয়। যেমন 3 M  $10 \times 1.5$  বললে জু এর ডারামিটার 10 মিলিমিটার ও প্রেডের পিচ = 1.5 mm (চিত্র ১৬.১.৪)।

এর কোণ (Angle) = 60°


হাইট (Height) H = 0.866 × পিচ

গভীরতা (Depth) = 0.541266 × পিচ

#### মেট্রিক শ্রেড দু' প্রকার। যথা ঃ

- ক) কোৰ্স পিচ প্ৰেড (Coarse Pitch Thread)
- খ) ফাইন পিচ প্রেড (Fine Pitch Thread)

প্রয়োগঃ মেট্রিক প্রেডে কোর্স পিচ থ্রেডই অধিকাংশ স্থানে সচরাচর বেশি ব্যবহৃত হয়।



চিত্র ১৬.১.৪ মেট্রিক প্রেড

# মেট্রিক প্রেডের কোর্স ও ফাইন প্রেডের তালিকা ঃ

SIZE	COARSE THREAD PITCH	DIA OF BOLT	FINE THREAD PITCH
M.1	0.25	1.0	
M1.1	0.25	1.1	
M1.2	0.25	1.2	
M1.4	0.3	1.4	1.0
M1.6	0.35	1.6	1.2
M1.8	0.35	1.8	1.4
M2	0.4	2.0	1.5
M2.2	0.45	2.2	1.7
M2.5	0.45	2.5	2.0
<b>M3</b>	0.5	3.0	2.4
M3.5	0.6	3.5	2.8

SIZE	COARSE THREAD PITCH	DIA OF BOLT	FINE THREAD PITCH
M10	1.5	10.0	1
M11	1.5	11.0	
M12	1.75	12.0	1.5
M14	2.0	14.0	1.5
M16	2.0	16.0	1.5
M18	2.5	18.0	1.5
M20	2.5	20.0	1.5
M22	2.5	22.0	1.5
M24	3.0	24.0	2
M27	3.0	27.0	2
M30	3.5	30.0	2

ইঞ্জিনিয়ারিং দ্রইং **420** 


M4	0.7	4.0	3.2
M4.5	0.75	4.5	3.6
M5	0.8	5.0	4.1
M6	1.0	6.0	0.75
M7	1.0	7.0	0.75
M8	1.25	8.0	1
M9	1.25	9.0	1

M33	3.5	33.0	2
M36	4.0	36.0	3
M39	4.0	39.0	3
M42	4.5	42.0	3
M45	4.5	45.0	3
M48	5.0	48.0	3
M52	5.0	52.0	3

#### ২। ক্ষার শ্রেড (Square Thread) :

এ খ্রেডের পার্শ্ব সমান্তরাল এবং অক্ষের সাথে এক সমকোণ (90°) কোণ করা। এর শীর্ষ এবং মূল উভয়ই সমতল (চিত্র ১৬.১.৫)। এর গভীরতা, (Depth) = 0.5 × পিচ। ক্ষয়ার প্রেডের পিচ সংক্রান্ত নির্দিষ্ট কোনো তালিকা নেই। ছইটওয়ার্থ স্ট্যান্ডার্ড প্রেডে প্রতি ইঞ্চিতে যে প্রেড সংখ্যা নির্দিষ্ট আছে, এর অর্ধ সংখ্যা থ্রেড নিয়েই এর পিচ নির্ণয় করা হয়ে থাকে (চিত্র ১৬.১.৫)।

এর কোণ (Angle) = 90° গভীরতা (Depth) = 0.5 × পিচ। থারোগ ঃ জু জ্যাক (Screw Jack), লেদ মেশিনের লিড (Lead Screw) ইত্যাদিতে এ প্রেড ব্যবহৃত হয়ে থাকে।




চিত্র ১৬.১.৫ ক্ষয়ার থ্রেড

## ১) একমি শ্রেড (Acme Thread) ঃ

এটা স্কয়ার প্রেড অপেক্ষা অধিক শক্তিসম্পন্ন। INCH System - কোণ (Angle) = 29° গভীরতা (Depth) = 0.5 × পিচ + 0.01 শীর্ষের প্রস্থ (Crest) = 0.3707×96 METRIC System 3 (本) (Angle) = 30° গভীরতা (Depth) = 5.0 × পিচ + 0.25 শীর্ষের প্রস্থ (Crest) = 0.3493 × পিচ প্রয়োগ ঃ লেদ (Lathe) এর লিড ক্স (Lead Screw), হাফ নাট (Half Nut), কক

(Cock) ইত্যাদিতে এ ধরনের শ্রেড ব্যবহৃত

र्य ।




চিত্র ১৬.১.৬ একমি শ্রেড

#### ২) বাট্রেস শ্রেড (Buttress Thread) ঃ


এ প্রেডের একটি পার্শ্ব লম্ব এবং অপরটি ঢালু ।
শীর্ষ অক্ষের সমান্তরাল (চিত্র ১৬.১.৭)।
এর কোণ (Angle) = 45°
গভীরতা (Depth) = 0.75 × পিচ
শীর্বের প্রস্থ (Crest) = 0.125 × পিচ
প্ররোগ ঃ যে সকল স্থানের প্রেডের উপর সব সমর এক
দিক প্রেকে চাপ পড়ে। যেমন-দ্রুত ক্রিরাশীল ভাইস
যদ্রে ঐ সব স্থানে বাট্রেস প্রেড ব্যবহৃত হর।



এর শীর্ষ এবং মৃশ উভয়ই অর্ধ বৃত্তকার। একে রাউভ (Round) বা রোপ (Rope) খ্রেডও বলে। প্রয়োগঃ রেল গাড়ির কাপলিং ব্রু (Coupling Screw), ইলেক্রিক বাতির টুপি (Cap) ইত্যাদিতে এ ধরনের খ্রেড ব্যবহৃত হয়ে থাকে (চিত্র ১৬.১.৮)।



চিত্ৰ ১৬.১.৭ বাট্ৰেস প্ৰেড



চিত্ৰ ১৬.১.৮ নাকল খ্ৰেড

# শ্রেডের জন্য ট্যাপ সাইজ দ্বিল (Tap Size drill) ঃ

১) ট্যাপ সাইজ দ্বিল (Tap Size drill ) = Tap – 2 × Depth [সকল খ্রেডের জন্য]
[Tap = Diameter of Bolt or Diameter of Tap]

২) বিভিন্ন প্রকার স্ট্যান্ডার্ড প্রেডের জন্য ছিদ্র করতে নিম্নলিখিত নিয়মন্তলো দারা দ্রিলের মাপ নির্ণয় করা যায়।

ইঞ্চিতে ঃ ড্রিলের মাপ = ট্যাপের ডায়ামিটার মাপ - <u>1.28</u> ট্যাপের প্রতি ইঞ্চিতে প্রেডের

অথবা দ্রিলের মাপ = ট্যাপের ডায়ামিটার মাপ - (পিচ মাপ × 1.28)

মিলিমিটারে ঃ দ্রিলের মাপ = ট্যাপের ডায়ামিটার - 2 × প্রেডের গন্ডীরতা × পিচ মাপ।

অথবা দ্রিলের মাপ = ট্যাপের ডায়ামিটার × 0.8।

১) ব্রিটিশ স্ট্যান্ডার্ড হুইটওরার্থ প্রেডের ক্ষেত্রে ঃ

Tap Size drill = Tap - 2 × 6403P [
$$\therefore$$
 0.6403P = Depth of B.S.W]  
= Tap - 1.2896P  
= Tap -  $\frac{1.28806}{T.P.I}$  [ $\therefore$  Pitch =  $\frac{1}{T.P.I}$ ] [T.P.I = Taper per inch]

২) ব্রিটিশ এসোসিয়েশন শ্রেডের ক্ষেত্রেঃ ট্যাপ সাইজ খ্রিল (Tap Size drill)ঃ =  $Tap-2 \times Depth$  =  $2 \times 0.6 P [P = pitch] = Tap-1.2P$  =  $Tap - \frac{1.2}{T.P.I} [:: Pitch = \frac{1}{T.P.I}]$ 

**देक्षिनिग्नातिर फ्र**वेर

- ৩) মেট্রিক প্রেডের কেনে : ট্যাপ সাইজ ড্রিল (Tap size drill ) বা Tap drill size = Tap Pitch
- 8) স্বর্মার প্রেডের ক্ষেত্রে  $\sharp$  ট্যাপ সাইজ দ্বিল  $= \text{Tap} 2 \times \text{Depth}$

= 
$$Tap - 2 \times .5P = Tap - 1.0P = Tap - \frac{1}{T.P.I}$$
 [pitch =  $\frac{1}{T.P.I}$ ]

৫) একমি শ্রেভের ক্ষেত্রেঃ ট্যাপ সাইজ দ্বিল =  $Tap - 2 \times Depth = Tap - 2 \times .5P - 0.01$ = Tap - 1.0P + 0.01=  $Tap - \frac{1}{T.P.I} + 0.01$ 


#### ক্র-শ্রেড এর ব্যবহার নিল্লে প্রদন্ত হলো ঃ

- ১) যন্ত্রের গতি শক্তি প্রেরণ করার জন্য, এটা ঘুর্ণন গতি শক্তি থেকে সরল রৈখিত গতি শক্তিতে পরিবর্তন করা হয়।
  বেমন ঃ কয়ার ও একমি প্রেড
- भूই বা ততোধিক বস্তুকে একসঙ্গে অস্থায়ী ভাবে আবদ্ধ বা সংযোজন করার জন্য।
   বেমন ঃ নাট, বোল্ট ও মেশিন ফু ইত্যাদি।
- ভ) নির্ভুল বা সূত্র ভাবে মাপ জানা বা স্থান নির্দিষ্ট করার জন্য।
   বেমন ঃ মাইক্রোমিটারের প্রেড ঘুরিয়ে এর সরানোর স্থান, দৈর্ঘ্য ও গভীরতা মাপা হয়।
- ৪) সংযুক্ত বস্ত্রকে একই অবস্থায় অপরিবর্তিত রাখার জন্য।
- ৫) কোন কিছুর ওজন বা ভারকে বহন বা প্রতিরোধ করার জন্য। যেমনঃ ক্লু জ্যাক।
- ৬) বস্তুকে ভাড়াতাড়ি সংযোগ অথবা পৃথক করার জন্য। যেমন ঃ ডবল ও ট্রিপল খ্রেডেড নাট ও বোল্ট।

#### ১৬.২ জ্ব-প্রেড এর প্রকারভেদ ঃ

প্রেড প্রধানত দুই শ্রেণিতে ভাগ করা যায়। যথা ঃ

- ১। 'ভি' প্রেড (Vec Thread) (চিত্র ১৬.২.১)
- ২। ক্ষয়ার থেড (Square Thread) (চিত্র ১৬.২.২)



চিত্র ১৬.২.১ 'ভি' শ্বেড

চিত্র ১৬.২.২ ক্ষয়ার থেড


#### ১। 'ভি' প্রেডের অন্তর্ভূক্ত প্রেডসমূহ ঃ

- ১) ব্রিটিশ স্ট্যাভার্ড হুইটওরার্থ প্রেড (British Standard whit worth Thread B.S.W).
- ২) ব্রিটিশ স্ট্যাডার্ড ফাইন শ্রেড (British Standard Fine Thread-B.S.F)
- ৩) ব্রিটিশ স্ট্যাভার্ড পাইপ শ্রেড (British Standard Pipe Thread) (B.S.P)
- 8) ব্রিটিশ এসোসিয়েশন প্রেড (British Association Thread-B.A.)
- ৫) আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রেড (American National Standard Thread) ক) আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড কোর্স প্রেড (American National Standard Coarse Thread)
  - খ) আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড ফাইন প্রেড (American National Standard Fine Thread)

- ৬) ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রেড বা ইউনিফায়েড প্রেড (International Standard Thread or Unified Thread -U.N.)
  - ক) ইউনিফায়েড কোর্স প্রেড (Unified Coarse Thread U.N.C)
  - ৰ) ইউনিফায়েড ফাইন প্ৰেড (Unified Fine Thread-U.N.F)
- ৭) মেট্রক প্রেড (Metric Thread)
  - ক) মেট্রিক কোর্স পিচ প্রেড (Metric Coarse Pitch Thread)
  - খ) মেট্রক ফাইন পিচ প্রেড (Metric Fine Pitch Thread)
- ২। ক্ষরার প্রেডের পর্যারভুক্ত প্রেড। যথা ঃ
  - ১) একমি প্রেড (Acme Thread)
  - ২) বাট্রেস প্রেড (Buttress Thread)
  - ৩) নাকল শ্রেড (Knuckle Thread)

#### ১৬.৩ হ্র-শ্রেড এর টার্মসমূহ ঃ

- ১) ক্রেষ্ট (Crest) ঃ ক্রেষ্ট অর্থ শীর্ষ। প্রেডের সন্নিহিত দুইটি পার্শ্বভাগ উপরের দিকে মিলিত হয়ে এটা উৎপন্ন করে।
- ২) রুট (Root) : রুট অর্থ মূল। থ্রেডের সন্নিহিত দুইটি পার্শ্বভাগ নিচের দিকে মিলিত হয়ে এটা উৎপন্ন করে।
- জাছ (Flank) ঃ এটা খ্রেডের শীর্ষ (Crest) এবং মূলের (Root) অন্তর্বতী পার্শ্বতল। প্রেডের বিভিন্ন অংশ



िष्य ३७.७.३ व्हर्-

- 8) ডেপথ (Depth): ডেপথ অর্থ গভীরতা। অক্ষের এক সমকোণে গৃহীত, প্রেডের শীর্ষ থেকে মূল পর্যন্ত যে দূরত্ব মাপ পাওরা যায়, প্রটাকেই প্রেডের ডেপ্থ বলা হয়। এর মান 'পিচ' এর (বা-বোল্টের ডায়ামিটারের) উপর নির্ভর করে।
- ৫) পিচ (Pitch) :
  - ক) একটি থ্রেডের শীর্ষের কেন্দ্র থেকে ঠিক পরবর্তী থ্রেডের শীর্ষের কেন্দ্র পর্যন্ত অথবা একটি প্রেডের মূল (Root) এর কেন্দ্র থেকে ঠিক পরবর্তী থ্রেডের মূল এর কেন্দ্র পর্যন্ত দূরত্ব (ইঞ্চি বা মিলিমিটারে) মাপকে থ্রেডের পিচ বলা হয়।
  - খ) একটি নাট-কে বেস্টের উপরের দিক খেকে পূর্ণ এক পাক ঘুরালে, ঐ নাট নিচের দিকে যে পরিমাণ নেমে যায় বা উপরের দিকে আসে (ইঞ্চি বা মিলিমিটারে) এটাই পিচ।

ইঞ্জিনিয়ারিং ডুইং ২১৭

গ) প্রতি ইঞ্চিতে বা মিলিমিটারে যে সংখ্যক থ্রেড বর্তমান ঐ থ্রেডের সংখ্যা দ্বারা 1-কে ভাগ করলে যে ভাগফল পাওয়া

যায়, ওটাই পিচ। যেমনঃ

- ৬) **অ্যাঙ্গেল (Angle) ঃ** অ্যাঙ্গেল অর্থ কোণ। দুইটি থ্রেডের সন্নিহিত পার্শ্বভাগ দ্বারা রুট এর সাথে যে কোণ উৎপন্ন করে। এটা তা নির্দিষ্ট মানের থ্রেডে এ কোণ বিভিন্ন মাপের হয়ে থাকে।
- ৭) নমিনাল ডায়ামিটার (Nominal Diameter) ঃ স্কু থ্রেড তৈরি করার পূর্বে বোল্ট ও স্কু ইত্যাদি

  যে মাপের হয়ে থাকে, তাকে নমিনাল ডায়ামিটার বা বোল্ট ডায়ামিটার বলে।
- ৮) **আউট সাইড ডায়ামিটার (Out Side Diameter) ঃ** একে মেজর ডায়ামিটার (Major diameter) ও বলা হয়। থ্রেডের বিপরীত দুইটি শীর্ষের লম্বভাবে গৃহীত ব্যবধানকে আউট সাইড ডায়ামিটার বলে।
- ৯) কোর ভায়ামিটার (Core Diameter) ঃ বিপরীত দুইটি রুট এর লম্বভাবে গৃহীত দূরত্ব মাপকে কোর ভায়ামিটার বলে। একে রুট ভায়ামিটার বা মাইনর ভায়ামিটারও বলা হয়ে থাকে। কোর ভায়ামিটার = প্রেডের আউট সাইড ভায়ামিটার প্রেডের গভীরতার দ্বিশুণ।
- ১০) পিচ **ডায়ামিটার (Pitch Diameter) ঃ** বিপরীত দুইটি থ্রেডের অর্ধেক গভীরতা নিয়ে লম্বভাবে যে দূরত্ব মাপ হয়, একে পিচ ডায়ামিটার বলে। এটা থ্রেডের বাহিরের ডায়ামিটার হতে এক দিকের গভীরতাকে বিয়োগ করে পাওয়া যায়।

পিচ ডায়ামিটার = আউট সাইড ডায়ামিটার - থ্রেডের গভীরতা।

# ১৬.৪ এক্সটারনাল স্ক্-প্রেড শনাজ্ঞকরণ (Identity of External and Internal Screw Thread) ঃ

এক্সটারনাল ক্কৃ-প্রেড বা বাইরের ক্কু-প্রাচ (External Thread) ঃ

কোন সিলিন্দ্রিক্যাল বস্তুর বাইরের পরিধিতে কুন্ডলী আকারে অবস্থিত একই ধরনের ক্রমাগত উত্থিত শিরোদেশকে বাইরের প্রাঁচ বা এক্সটারনাল থ্রেড (External Thread) বলা হয়। যেমন ঃ বোল্ট ও লীড স্ক্র ইত্যাদি।

ইন্টারনাল স্ক্র্-প্রেড বা ভিতরের ক্ক্র্-প্যাচ (Internal Thread) ঃ


কোন বস্তু একটি বৃত্ত আকৃতি ছিদ্রের ভিতরের পরিধিতে কুশুলী আকারে অবস্থিত একই ধরনের ক্রমাগত উত্থিত শিরদেশকে ভিতরের প্যাঁচ বা ইন্টারনাল থ্রেড বলে। ডান হাতি ও বাম হাতি স্কু-প্রেড শনাক্তকরণ ঃ

ভান হাতি প্রেড (Right Hand Thread) ঃ
 যে প্রেড, বোল্টের উপর বাম দিকে হেলানো

করে তৈরি করা হয়, অর্থাৎ বোল্টের উপরে নাটটিকে উপরের দিক থেকে ডান দিকে স্থুরালে নাট নিচের দিকে নামে, তাকে ডান হাতি প্রেড বলা হয়।

#### ⊙ বাম হাতি প্রেড (Left Hand Thread) ঃ

বে প্রেড, বোল্টের উপর ডান দিকে হেলানো করে তৈরি হয়, অর্থাৎ বোল্টের উপর নাটকে উপরের দিক থেকে বাম দিকে যুরালে, নাট নিচের দিকে নামে, তাকে বামহাতি প্রেড বলা হয় (চিত্র ১৬.৪.১)।



# সিলেল ও মালটিপল প্রেড (Single and Multiple Thread) ঃ সিড (Lead) ঃ

নাটকে বোস্টের উপর পূর্ণ একপাক ঘুরালে, এটা ষভটুকু স্থান অক্ষের দিকে অথসর হয়, ঐ দৈর্ঘ্যকে লিড (Lead) বলে।

#### লিকেল শ্রেড (Single Thread) ঃ

কোন বস্তুর উপর যখন একটি মাত্র প্রেড ঘুরিয়ে ঘুরিয়ে


# মালটিপল শ্রেড অথবা ডবল ও ট্রিপল শ্রেড : (Multiple or Double and Triple Thread) :

কোন বস্তুর উপর যখন দুইটি বা তিনটি প্রেড ঘুরিয়ে ঘুরিয়ে অর্থাসর হয়, তখন একে মালটিপদ বা ডবল ও দ্বিপল প্রেড বলে। দ্রুত শক্তি পরিবহনের উদ্দেশ্যে এটা ব্যবহৃত হয়। এটা হ্যান্ড বা বল প্রেস (Hand or Ball Press),

ফাউনটেন পেনের ক্যাপ এ এটা ব্যবহৃত হয় (চিত্র ১৭.৫)।

ভবল প্ৰেড এ লিড = 2 × পিচ

ট্রপল শ্রেড এ লিড = 3 × পিচ



চিত্র ১৬.৪.২ সিকেল ও মালটিপল প্রেড

# প্রেডেড কালেনার (Threaded Fastener) ঃ কালেনিং (Fastening) ঃ

দুই বা তভোধিক যন্ত্রাংশ কোন উপকরণের ব্যবহারে সংযোজন করার পদ্ধতিকে ফ্যাসেনিং বলে।

## ক্যাসেনার (Fastener)

ইঞ্জিনিয়ারিং ডুইং

দূই বা ততোধিক যন্ত্রাংশ সংযোজন করার উপকরণই ফ্যাসেনার (Fastener)।

# ক্যাসেনারকে প্রধানত দুই ভাগে বিভক্ত করা হয়। বথা ঃ

- ১। স্থায়ী বন্ধনী (Permanent Fastener)
- ২। অশ্বায়ী বন্ধনী (Temporary Fastener)

#### ১। স্থারী বন্ধনী (Permanent Fastener) ঃ

এ প্রকার বন্ধনী দ্বারা ইঞ্জিনিয়ারিং দুইটি যদ্রাংশকৈ স্থায়ীভাবে সংযোজন করা হয়। যদি একে খোলার দরকার হয়, তবে একে ভাঙ্গার প্রয়োজন হয়। যেমন ঃ সোল্ডারিং (Soldering), ব্রেজিং (Brazing) এবং ওয়েন্ডিং (Welding) ইত্যাদি। স্থায়ী বন্ধনীকে আরও এক প্রকার ব্যবহার করা হয়। এর নাম অর্ধ স্থায়ী বন্ধনী (Semi-Permanent) ফ্যাসেনার।

#### 🗿 অৰ্থ ছায়ী বন্ধনী (Sami Permanent Fastener) 🎖


এ বন্ধনী স্থায়ী বন্ধনীর ন্যায়। তবে ইঞ্জিনিয়ারিং যন্ত্রাংশ সংযোজন ও বিয়োজন করার প্রয়োজন হলে, এটাকে না ভেলে, খুলে পুনরায় নতুন করে সংযোজন করা সম্ভব হয়। একেই অর্ধ স্থায়ী বন্ধনী বলে। যেমন ঃ রিভেটিং (Riveting)।

#### ২। অহারী বন্ধনী (Temporary Fastener) ঃ

এ প্রকার বন্ধনী দ্বারা দুইটি বস্তুকে অস্থায়ীভাবে সংযোজন করা হয়। একে না ভেক্তে সহজেই খোলা যায়। মাঝে মাঝে পরিবর্তন করা হয়, এমন ধরনের যন্ত্রাংশে এটা ব্যবহৃত হয়। যেমনঃ বোল্ট (Bolt), নাট (Nut), স্টাড (Studs), কী (Key), কটার (Cotters) ও পিন (Pin) ইত্যাদি।

# ১৬.৫ নাট ও বোল্ট সম্পর্কে জ্ঞাত হওরা (Nut and Bolt) 8

দুইটি অংশকে অস্থায়ীভাবে যুক্ত করতে বোল্ট এবং নাট ব্যবহার করা হয়ে থাকে। এর সুবিধা এই য়ে, য়খন প্রয়োজন তখনই অংশ দুইটিকে সহজে পৃথক বা যুক্ত করা যায় এবং একই নাট ও বোল্টকে বারবার ব্যবহার করা যায়। নিচে প্রথমে নাট এবং পরে বোল্ট অংকন ও ব্যবহার সম্পর্কে আলোচনা করা হলো (চিত্র ১৬.৫)।



চিত্র ১৬.৫ নাট ও বোল্ট

#### 

সাধারণ নাট মাইন্ড স্টিল (Mild Steel) দিয়ে তৈরি এবং ষটকোণ (Hexagonal) বা চতুকোণ (Square) প্রিজমের ন্যায় গঠন-বিশিষ্ট হয়। স্প্যানার (Spanner) ঘারা স্বল্প কোণে ধারণ করে স্বল্প কোণে ঘুরাতে সুবিধা হয় বলে, ষটকোণ নাটই সাধারণ কাজে বেশি ব্যবহৃত হয়ে থাকে।

#### নাটের মাপ ঃ

নাটের মাপ দারা যে ডায়ামিটারের বোল্টের সাথে এর মিল হয়, এটাকে বোঝায়। যেমন– 20 মি.মি. ডায়ামিটোরের একটি বোল্টের সাথে যে নাটের মিল হয়, এটার মাপ 20 মি.মি.। নাটের ছিদ্রের ডায়ামিটার মাপ থেকেও এটা স্থুলভাবে নির্ণয় করা যায়।


বোল্টের ন্যায় নাটও কতকগুলো নির্দিষ্ট আনুপাতিক মাপে তৈরী হয়ে থাকে। এদেরকে স্ট্যান্ডার্ড নাট (Standard Nut) বলে। বেমন- হুইটওয়ার্থ স্ট্যান্ডার্ড নাট (Whitworth Standard Nut)। নাটের ছিদ্রের সমস্ম হানেই ক্ল্-প্রেড করা থাকে। কোন নাটের সম্পূর্ণ বিবরণ দিতে হলে, এর আকার, যে ডায়ামিটারের বোল্টের সাথে এর মিল হবে সেই মাপ, বাইরের গঠন এবং ভিতরের ক্ল্-প্রেড কোন স্ট্যান্ডার্ড-এর ইত্যাদি উল্লেখ করা প্রয়োজন হয়। বেমন- ষটকোণাকার এবং মেট্রিক মাপ সংক্রান্ড 20 মি.মি. মাপের একটি নাটের পরিচয় "Hex Nut M20" রূপে দেওয়া নিয়ম।

# 🔾 নাটের শ্রেণি বিভাগ (Classification of Nut) ঃ

নাট প্রধানত নিম্লুলিখিত প্রকারের হয়ে থাকে। যথা ঃ

- ১) হেক্সাগনাল নাট বা ষড়ভুজ্ঞাকার নাট (Hexagonal Nut)।
- ২) ক্ষয়ার নাট বা চতুর্ভুজাকার নাট (Square Nut)।
- ৩) হেক্সাগনাল ফ্লেছড নাট (Hexagonal Flanged Nut)।
- 8) হেক্সাগনাল ফ্লেক্সড ক্যাপ নাট (Hexagonal Flanged Cap Nut)।
- ৫) ক্যাসল নাট (Castle Nut)।
- ৬) স্লটেড নাট (Slotted Nut)।
- 9) লক নাট (Lock Nut)।
- ৮) ও (৯) রাউন্ড নাট (Round Nut)।
- ১০) থাম নাট বা উইং নাট (Thumb Nut or Wing Nut)।

## নিয়ে বিভিন্ন প্রকারের নাটের চিত্র দেওয়া হলো ঃ



চিত্র ১৬.৫.১

ইঞ্জিনিয়ারিং ডুইং

#### ষটকোণ (Hexagonal) নাটের আনুপাতিক মাপ ঃ

নাটের মাপ যদি D হয়, তা হলে এর আনুপাতিক মাপ ঃ

নাটের উচ্চতা = D, মেট্রিক মাপের ক্ষেত্রে উচ্চতা = 0.8D।

সমান্তরাল পার্শ্বভাগ দুইটির ব্যবধান ( Width Across Two Flat Sides ) = 1.75D (স্থুলভাবে)।

মেট্রিক মাপের ক্ষেত্রে এ ব্যবধান 1.5 D থেকে 1.5 D+3 মি.মি.।

বিপরীত কোণ দুইটির ব্যবধান (Distance Across Corners) =2D


ঢাল সূচক রেখার কোণ (Angle of Chamfer Lines)= 30° বা 45°

ঢালের বৃত্ত-চাপ (Chamfering Arc) অংকনের ব্যাসার্ধ =  $1.2 \, \mathrm{D}$  বা  $1.5 \, \mathrm{D}$ 

(ব্যবহারিক দ্রইং-এ অনেক ক্ষেত্রে ব্যাসার্ধ কেবল D নেওয়া হয়)।

#### ১৬.৬ প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে ষটকোণ নাট অঙ্কন ঃ

প্রথমে প্লান অংকন করার জন্য এক সমকোণে ছেদ করিয়ে অনুভূমিক এবং উল্লম্ব দুইটি কেন্দ্র-রেখা টানি। এদের ছেদ-বিন্দু O-কে কেন্দ্র এবং D অর্থাৎ নাটের মাপকে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি (চিত্র-১)। পরে এর মধ্যে PQRSTU একটি ষড়ভুজ অঙ্কন করি। এই ষড়ভুজের প্রত্যেকটি বাহু ডায়ামিটার D এর সমান হবে (চিত্র-২)।



চিত্র ১৬.৬.১ হেক্সাগোনাল নাটের প্রথম কোণীয় প্রজেকশন


এখন O-কে কেন্দ্র এবং এ ষড়ভুজের প্রত্যেকটি বাহুকে স্পর্শ করিয়ে ভিতরে ঢাল-সূচক (Chamfering Circle) একটি বৃত্ত অংকন করি। পুনরায়, এ O-কেই কেন্দ্র এবং D- এর অর্থেক ব্যাসার্ধ নিয়ে ছিন্ন রেখা দিয়ে আর একটি বৃত্ত অংকন করি। এটি নাটের মধ্যস্থিত স্কু-থ্রেভের ভিতরের ডায়ামিটার বা বোল্টের বাইরের ডায়ামিটারকে সূচিত করে। এটি অনুভূমিক কেন্দ্র-রেখাটিকে V ও W বিন্দুতে ছেদ করল (চিত্র-৩)। এবার সম্মুখ এলিভেশন দৃশ্য অংকনের জন্য ষড়ভুজটির QR বাহুর উপরে EF একটি অনুভূমিক রেখা টেনে ষড়ভুজটির প্রত্যেকটি কোণ-বিন্দু থেকে এবং ভিতরের বৃত্তির দুইটি প্রান্ত V ও W হতে উপরের দিকে উল্লম্ব প্রজেকশন রেখা টানি। রেখাগুলো পরস্পর মিলে যাওয়ায় শেষ পর্যন্ত মোট ৪টি রেখা পাওয়া গেল। PV এবং WS-এর দৈর্ঘ্য D মাপের অধের্ক। এখন EF রেখা থেকে D মাপ উর্ধের্ব (যেহেতু নাটের উচ্চতা D এর সমান) এর সমান্তরালরূপে GH একটি সরল রেখা টানি। এ রেখা উল্লম্ব কেন্দ্র-রেখাটিকে যে বিন্দুতে ছেদ করল তাতে নিচের দিকে এ কেন্দ্র-রেখাটির উপর D-এর 1.5গুণ (D-এর 1.2 গুণ বা D-এর সমান দৈর্ঘ্য নেয়ার রীভিও চালু আছে) সমান দৈর্ঘ্য কেটে নিই। পরে, এই ছেদ-বিন্দুকে কেন্দ্র এবং ঐ একই মাপকে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ অংকন করি। এটি Q এবং R থেকে টানা প্রজেকশন রেখা দুইটিকে যথাক্রমে J এবং K বিন্দুতে ছেদ করল। J,K-কে যুক্ত করে একটি সরলরেখা টানি এবং তাকে উভয় দিকে বর্ধিত করি। এ রেখা EQ ও FH-কে যথাক্রমে L ও M বিন্দুতে ছেদ করল (চিত্র-৪)।

এবার LJ ও KM রেখাকে সমিছখিণ্ডিত করে লম্ব টানি। এটি GH রেখাকে N বিন্দুতে ছেদ করল। এখন, এই লম্ব ছিখণ্ডকটির উপর কেন্দ্র রেখে এবং L, N ও J বিন্দু তিনটির মধ্য দিয়ে একটি বৃত্ত চাপ অংকন করি। অনুরূপভাবে, KM স্থানেও একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ অংকন করি (চিত্র-৫)।

এখন, LJ এবং KM স্থানে অংকিত বৃত্তচাপ দুইটিকে স্পর্শ করিয়ে 30° কোণে স্পর্শক রেখা টানি। (45° কোণে স্পর্শক টানার নিয়মও চালু আছে) এ রেখা ঢাল-সূচক (Chamfering Line) রেখা অঙ্কিত হলো (চিত্র-৬)

এবার ক্কু-থ্রেডের কোর ডায়ামিটার মাপ নির্ণয় করার জন্য D মাপের অর্ধেক থেকে থ্রেডের গভীরতা মাপ বিয়োগ করি। এ বিয়োগফল সমান ব্যাসার্ধ নিয়ে (মেট্রিক মাপের ক্ষেত্রে 0.85 সমান মাপের ব্যাসার্ধ রূপে) পূর্বাঙ্কিত প্লানে অর্থাৎ (চিত্র-৪)-এ পূর্ণ রেখা দিয়ে একটি বৃত্ত অংকন করি।

এখন এ বৃত্তটির এবং পূর্বাঙ্কিত ছিন্ন রেখার বা পূর্ণ রেখার ভগ্ন বৃত্তটির উভয় প্রান্ত থেকে প্রজেকশন রেখা টেনে সম্মুখ এলিভেশনে ৪টি ছিন্ন রেখা টানি। কারণ এটি বাইরে থেকে দেখা যায় না। শেষে সম্পাদনী রেখাগুলোকে মুছে ফেলি। ফলে (চিত্র-৭) নাটটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকিত হলো।



চিত্ৰ ১৬.৬.২

এবার বামপ্রান্তিক দৃশ্য (চিত্র ১৬.৬.২) অংকনের জন্য প্লান ও সমুখ এলিভেশনের প্রত্যেকটি কোণ-বিন্দু থেকে সাধারণ নিয়ম অনুযায়ী 45° কোণে অন্ধিত রেখার মাধ্যমে উল্লেখ প্রজ্ঞেকশন রেখা টানি। এতে ভূমির কোণ-বিন্দু তিনটি OR, PS ও UT হলো।

যেহেতু প্লানের QR ও UT রেখা দুইটির ব্যবধান = ষড়ভুজের দুইটি বিপরীত সমান্তরাল বাহুর দূরতু এবং এটি D এর 1.73 গুণ (অর্থাৎ স্থূলভাবে, D-এর প্রায় 0.875 গুণ হয় (চিত্র-৮)।


এখন QR-PS এবং PS-UT এই রেখা দুইটির লম-বিখন্তক টানি এবং D-এর 1.2 শুণ দৈর্ঘ্য মাপকে ব্যাসার্ধ রূপে (চিত্র-৫)-এর প্রণালিতে উভয় দিকে দুইটি বৃত্ত-চাপ অংকন করি (চিত্র-৯)।


সর্বশেষে নাটের মধ্যন্থিত ক্ল্-প্রেড ও ছিদ্রের জন্য কেন্দ্র-রেখার উভয় দিকে ছিদ্রের ব্যাসার্থ মাপ দ্রে ক্ল্-প্রেডের আউট সাইড ডায়ামিটার বা বাইরের ব্যাস সূচক দুইটি এবং এটি থেকে ক্ল্-প্রেডের গভীরতা মাপ ভিতরের দিকে ক্ল্-প্রেডের 'কোর ডায়ামিটার' সূচক দুইটি, মোট চারটি ছিন্ন রেখা টানি। পরিশেষে সম্পাদনী রেখাগুলা মুছে ফেললে (চিত্র ১০) অংকনীয় বাম প্রান্তিক দৃশ্য হলো।

#### বাল্ট (Bolt) ঃ

সাধারণত মাইভ স্টিল দিবে বোল্ট তৈরি করা হর এবং এর মাখা বটকোণ (Hexagonal). চতুকোণ (Square) ইত্যাদি আকারের হর। এদের মধ্যে বটকোণ মাখা-বিশিষ্ট বোল্টই ইঞ্জিন, মেশিন ইত্যাদিতে এবং সাধারণ কাজে ব্যবহৃত হয়ে থাকে। প্লামার ব্লক (Plummer Block) এবং অন্য যে স্থানে বোল্টের মাখাকে ভিতরে রাখা প্রয়োজন হর, সেখানে চতুকোণ মাখা-বিশিষ্ট (Square Headed) বোল্ট বেশি উপযোগী হয়।

বোল্ট এবং নাটের সাহায্যে যে দুইটি অশে যুক্ত করা হয় এদের কোনটিতেই ক্স্-থ্রেড করা থাকে না, কেবল ছিদ্র থাকে। ছিদ্রের মধ্য দিরে বোল্ট বাতে সহজে বাভায়াত করতে পারে, এই উদ্দেশ্যে ঐ ছিদ্রের ব্যাস বা ভায়ামিটারকে বোল্টের ব্যাস বা ভায়ামিটার মাপ অপেক্ষা সামান্য (প্রায় 2 মি.মি. পরিমাণ) বেশি রাখা হয় (চিত্র ১৬.৬.৩)। বোল্টের সাথে নাট ব্যবহার করার সময় বোল্ট যাতে ঘুরে না বায় এ জন্য বোল্টের মাথাকে একটি স্প্যানারের সাহায্যে ধারণ করে নিতে হয়।





চিত্র ১৬.৬.৪ বোল্টের দৈর্ঘ্য

#### বাল্টের দৈর্ঘ্য (Length of Bolt) ៖

'বোল্টের দৈর্ঘ্য' এ কথা দ্বারা এর মাখার উচ্চতা বাদে অবশিষ্ট অংশের দৈর্ঘ্যকে বোঝায় (চিত্র ১৬.৬.৪)। নাটের মত বোল্টের মাথা এবং ক্স্-প্রেডও সাধারণত কয়েকটি নির্দিষ্ট আনুপাতিক মাপে তৈরি করা হয়। এই প্রকার বোল্টকে স্ট্যান্ডার্ড বোল্ট (Standard Bolt) বলে।

বোল্টের বিবরণ দিতে হলে এটা কোন্ ধাতু দ্বারা তৈরি, কোন আকারের মাথা বিশিষ্ট দৈর্ঘ্য কত, কতটুকু স্থানে ক্স্-প্রেড বর্তমান, ক্স্-প্রেড কোন স্ট্যান্ডার্ডের (Standard) ইত্যাদি বিষয় উল্লেখ করা প্রয়োজন হয়। উদহারণ স্বরূপ, মেট্রিক মাপ স্থলে, নাট সহ 70 মি.মি. দীর্ঘ ষটকোণাকার 18 মি.মি. মাপের একটি বোল্টের পরিচয় 'Hex Bolt M 18×70N' রূপে দেওয়া হয়ে থাকে।

#### ত বটকোণ মাথা বিশিষ্ট বোল্টের (Hexagonal Headed Bolt) আনুপাতিক মাপ ঃ


বোল্টের ডায়ামিটার যদি D হয়, তাহলে এর মাখার আনুপাতিক মাপ ঃ মাখার উচ্চতা =  $0.875 \times D$  (মেট্রিক মাপের ক্ষেত্রে  $0.66 \times D$ ) স্ক্র-থ্রেড করা স্থানের দৈর্ঘ্য =  $1.5 \times D$  থেকে  $2 \times D$ 

অন্যান্য অনুপাত ও তথ্য পূর্ব লিখিত ষটকোণ নাট (Nut) এর অনুরূপ। ষটকোণ নাটের মত ষটকোণ মাথাবিশিষ্ট বোল্টের বেলায়ও সম্মুখ এলিভেশন দৃশ্যে তিনটি পার্শ্বভাগ এবং প্রান্তিক দৃশ্যে দুইটি পার্শ্বভাগ দেখিয়ে অংকন করা নিয়ম।

#### প্রথম কোণীয় প্রজ্ঞেকশন পদ্ধতিতে ষ্টকোণ মাথা-বিশিষ্ট বোল্ট অংকন ঃ

প্রথমে সম্মুখ এলিভেশন দৃশ্য অংকনের জন্য একটি উল্লম্ব জক্ষ-রেখা টেনে এর সমান্তরালরূপে এবং D মাপের অর্ধেক দূরত্বে বাম ও ডান দিকে দুইটি করে মোট চারটি সরলরেখা টানি। পরে এদেরকে ছেদ করিয়ে যথাক্রমে নিচের দিকে একটি, এটি থেকে D-এর 0.875 শুণ মাপ উঁচুতে একটি এবং এ রেখাটি থেকে বোল্টের দৈর্ঘ্য মাপ উপরে আরও একটি অনুভূমিক সরলরেখা টানি (চিত্র-১)।


এবার বোল্টটির প্রান্ত অংকনের জন্য সর্বশেষের এ অনুভূমিক রেখাটির এবং বৃহত্তর উল্লম্ব রেখাদ্বরের ছেদ-বিন্দুকে কেন্দ্র এবং D কিংবা 1.25 D মাপকে (এখানে, D মাপকে নেওয়া হয়েছে) ব্যাসার্ধ রূপে একটি বৃত্তচাপ অংকন করি। এটি কেন্দ্র-রেখাটিকে যে বিন্দুতে ছেদ করল, তাকে কেন্দ্র এবং ঐ D মাপকেই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ অংকন করি। (মেট্রিক মাপ সংক্রান্ত বোল্টের ক্ষেত্রে, প্রান্তটিকে এই প্রকার গোলাকার না দেখিয়ে 0.15 D মাপ উচ্চতায় 45°কোণে ঢাল-রেখা টেনে সমতল আকারের দেখানোর নিয়ম ও ঢালু আছে) এখন সর্বাপেক্ষা নিচের অনুভূমিক রেখাটি কেন্দ্র রেখাকে যে বিন্দুতে ছেদ করেছে তা থেকে D এর 1.5 গুণ মাপ উঁচুতে কেন্দ্র-রেখাটির উপরে একটি বিন্দু নিয়ে একে কেন্দ্র এবং ঐ 1.5 D মাপকে ব্যাসার্ধরূপে একটি বৃত্ত-চাপ (Chamfering arc) অংকন করি (চিত্র-২)।



চিত্র ১৬.৬.৫

এটি কেন্দ্র-রেখাটির উভয় পার্শ্বের বৃহত্তর রেখাছয়কে যে দুইটি বিন্দৃতে ছেদ করল, তাদেরকে যুক্ত করে একটি সরলরেখা টানি। এবার, পূর্ব বর্ণিত নাট অংকনের পদ্ধতিতে উভয় পার্শ্বে বৃস্তচাপ এবং 30° কোণে ঢাল-রেখা (Chamfering Line) টানি (চিত্র-৩)।

এখন পূর্বে স্ক্র্- প্রেড অংকনের যে পদ্ধাতি এখানে বর্ণনা করা হয়েছে। তা অনুসরণ করে নির্দিষ্ট দৈর্ঘ্য পর্যন্ত ক্লু-প্রেড সূচক রেখান্তলো টানি (চিত্র-৪)।



এবার বোল্টটির প্লান অংকনের জন্য সম্মুখ এলিভেশন থেকে নিচের দিকে প্রজেকশন রেখা টেনে কেন্দ্র-রেখাটিকে বর্ধিত করি। একটি অনুভূমিক কেন্দ্র-রেখা টেনে এদেরকে ছেদ করাই। এখন, এ কেন্দ্র-রেখা দুইটির ছেদ-বিন্দুকে কেন্দ্র এবং বোল্টের ডায়ামিটার মাপ D-কে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অংকন করি। এই বৃত্তটি সর্বাপেক্ষা বাম ও ডান দিকের প্রজেকশন

রেখাকে যে যে বিন্দুতে স্পর্শ এবং ছেদ করল, তাদেরকে সরলরেখা দিয়ে যুক্ত করে একটি ষড়ভুজ অংকন করি। পরে এই ষড়ভুজটির বাহু কয়টিকে স্পর্শ করিয়ে ছিন্ন রেখার (Dotted Line) সাহায্যে ভিতরের দিকে একটি বৃত্ত অংকন করি। এটি ঢাল-সূচক (Chamfering Circle) বৃত্ত এবং উপর থেকে দেখা যায় না বলে একে ছিন্ন রেখা ছারা অংকন করা হলো। পূনরায় ঐ একই বিন্দুকে কেন্দ্র এবং D এর অর্থেক মাপকে ব্যাসার্ধ নিয়ে একটি পূর্ণ রেখার বৃত্ত এবং বোল্টের ডায়ামিটার মাপের অর্ধ থেকে ক্ক্-প্রেডের গভীরতা মাপ বিয়োগ করলে যত হয়, ঐ মাপকে ব্যাসার্ধ নিয়ে একটি ছিন্ন রেখাবৃত্ত (কোর ডায়ামিটার সূচক) অংকন করি (চিত্র-৫)।

এখন পূর্বে নাট অঙ্কন সম্পর্কে (চিত্র-৯) বিষয়ে যে পদ্ধতি বর্ণিত হয়েছে তা অনুসরণ করে বোল্টটির বাম প্রান্তিক দৃশ্য অংকন সম্পূর্ণ করি (চিত্র-৬)।
দুষ্টব্য ঃ বোল্টের সাথে নাট যুক্ত অবস্থায় থাকলে প্লান, এলিভেশন ইত্যাদি দৃশ্যে সাধারণত স্কু-প্রেডের জন্য কোন ছিন্ল-রেখার বৃত্ত বা সরলরেখা টানা হয় না। (চিত্র ১৬.৬.৬) এ (১) থেকে (৫) দ্বারা সম্মুখ এলিভেশন অংকন করার পর্যায়ে দেখান হলো।

#### চতুঙ্কোণ (Square) নাটের আনুপাতিক মাপ ঃ

নাটের মাপ D হলে, এর আনুপাতিক মাপ নাটের উচ্চতা = D (মেট্রিক মাপ স্থলে এটি = 0.85D)।

সমান্তরাল পার্শ্ব ভাগ দুইটির ব্যবধান  $=1rac{1}{2}D+rac{1}{8}$  বা স্থুলভাবে  $=1rac{5}{8}D$  .

মেট্রিক মাপ স্থলে, 1.5D থেকে 1.5D+3 মি.মি.। ঢাল-সূচক রেখার কোণ= 30°


ঢালের বৃক্ত চাপ অংকনের ব্যসার্থ  $1\frac{3}{4}D$  বা 2D.

দ্রষ্টব্য ঃ যাতে একই স্প্যানার (Spanner) দিয়ে ষটকোণ এবং চতুষ্কোণ উভয় প্রকার নাটকে ধারণ করা যায়, এ উদ্দেশ্যে অনেক ক্ষেত্রে চতুষ্কোণ নাটের সমান্তরাল পার্শ্ব ভাগ দুইটির ব্যবধানকে ষটকোণ নাটের সমান্তরাল পার্শ্বভাগ দুইটি সমান করে তৈরি করা হয়ে থাকে।

### প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে চতুকোণ নাট অঙ্কন ঃ

প্রথমে প্লান অংকনের জন্য অনুভূমিক এবং উল্লম্ব দুইটি কেন্দ্র রেখা টেনে এদের সমদূরত্বে এবং D এর  $1\frac{5}{8}$  গুণ (বা D এর  $1\frac{3}{8}$  গুণ) বাহু মাপের একটি বর্গক্ষেত্র অংকন করি। ঢাল–সূচক বৃত্তের (Chamfering Circle) জন্য বর্গক্ষেত্রটির স্পর্শ করিয়ে একটি পূর্ণ রেখার বৃত্ত অন্তর্লিখিত করি।

পরে যেহেতু নাটের ছিদ্রটি ক্ল্-থ্রেড বিশিষ্ট, সৃতরাং কেন্দ্র-রেখা দুইটির ছেদ-বিন্দুকে কেন্দ্র এবং D-এর অর্থেক ব্যাসার্থ নিয়ে একটি ছিন্ন রেখার বৃত্ত (অথবা, এর পরিবর্তে তিন-চতুর্থাংশ একটি পূর্ণ রেখার ভগ্ন বৃত্ত) অংকন করি। D মাপের অর্থ থেকে প্রেডের গভীরতা মাপ বিয়োগ করলে যত হয় ঐ মাপকে ব্যাসার্থ নিয়ে অথবা 0.85 D মাপকে ব্যাসার্থরূপে একটি পূর্ণরেখার বৃত্তও অংকন করলাম। এটিই অংকনীয় প্লান হলো। (চিত্র ১৬.৬.৭)




চিত্র ১৬.৬.৭

এবার, সম্মুখ এলিভেশন দৃশ্য অঙ্কনের জন্য এই প্লান থেকে প্রজেকশন রেখা টেনে ভূমি থেকে নাটের উচ্চতা (D সমান) উধের্ব অনুভূমিক রেখার সাহায্যে একটি আয়তক্ষেত্র অংকন করলাম। পরে, প্লানের ছিদ্র ও ক্স্-প্রেডের গভীরতা সূচক বৃত্ত দুইটির প্রাপ্ত থেকে মোট চারটি প্রজেকশন রেখা টেনে আয়তক্ষেত্র মধ্যস্থিত এদের অংশকে ছিন্ল রেখা ছারা দেখালাম। কারণ এটি বাইরে থেকে দেখা যায় না। এবার ঢাল-সূচক বৃত্তের (Chamfering Circle) জন্য উল্লেঘ কেন্দ্র রেখা আয়তক্ষেত্রটিকে উপরের দিকে যে বিন্দৃতে ছেদ করেছে তা থেকে D-এর  $1\frac{3}{4}$  গুণ মাপ নিচে ঐ কেন্দ্র রেখাটির উপরে একটি বিন্দু নিয়ে তাকে কেন্দ্র এবং ঐ মাপকেই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ অংকন করলাম। এখন প্রজেকশন রেখার মাধ্যমে বাম প্রাপ্তিক দৃশ্য অংকন

করলাম। এটি সর্বন্তোভাবে সম্মুখ এলিভেশনের অনুরূপ হলো (চিত্র ১৬.৬.৮)।

# চতুক্ষোণ মাথাবিশিষ্ট (Square Headed) বোল্টের আনুপাতিক মাপ ঃ

বোল্টের ডায়ামিটার যদি D হয়, তাহলে মাথার উচ্চতা  $=\frac{3}{4}$  D বা  $\frac{7}{8}$  D মাথার দুইটি সমান্তরাল পার্শ্বভাগের ব্যবধান  $=1\frac{1}{2}$  D  $+\frac{1}{8}$  D বা স্থুলভাবে  $1\frac{3}{4}$  D ক্রু-প্রেড করা স্থানের দৈর্ঘ্য  $=\frac{1}{2}$  D থেকে 2D.



চিত্র ১৬.৬.৮ চতুকোণ মাথাবিশিষ্ট বোল্ট

ইঞ্জিনিয়ারিং দ্রইং ২২৯

#### অনুশীলনী - ১৬

#### অতি সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। থ্রেড কী ? থ্রেড প্রধানত কত প্রকার ও কী কী ?
- আকার অনুযায়ী প্রেড কত প্রকার ও কী কী ?
- ৩। থ্রেডের নিম্ললিখিত অংশগুলোর সংজ্ঞা দাও।
  - ক) ক্রেস্ট
- ঘ) পিচ
- ছ) আউট সাইড ডায়ামিটার
- খ) রুট
- ঙ) ডেপথ জ) নমিন্যাল বা বোল্ট ডায়ামিটার

- গ) ফ্ল্যাঙ্ক চ) এঙ্গেল ঝ) কোর ডায়ামিটার।
- ৪। স্ট্যান্ডার্ড বা প্রমাণ থ্রেড বলতে কী বোঝায় ?
- **৫। স্ট্যান্ডার্ড থ্রেড কত প্রকার ও কী কী ?**
- ও। ব্রিটিশ স্ট্যান্ডার্ড থ্রেড কত প্রকার ও কী কী ?
- ৭। বি.এস. হুইটওয়ার্থ থ্রেডের কোণ এবং গভীরতার পরিমাপগুলো লেখ।
- ৮। বি.এ.এস. থ্রেডের কোণ এবং গভীরতার পরিমাপগুলো লেখ।
- ৯। আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড থ্রেড কত প্রকার ও কী কী ?
- ১০। আমেরিকান থ্রেড বলতে কী বোঝায় ?
- ১১। ইউনিফায়েড থ্রেড বলতে কী বোঝায় ?
- ১২ ৷ ইউনিফায়েড থ্রেড কত প্রকার ও কী কী ?
- ১৩। থ্রেডেড ফ্যাসেনার কী ? এটা কত প্রকার ও কী কী ?
- ১৪। নাট বলতে কী বোঝায় ?
- ১৫। নাট প্রধানত কত প্রকার ও কী কী ?
- ১৬। বোল্টের দৈর্ঘ্য বলতে কী বোঝায় ?

#### সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। কী কী কারণে 'ভি'-থ্রেড ও স্কয়ার থ্রেড ব্যবহার করা হয় ?
- ২। একটি আদর্শ ক্সু-থ্রেড অংকন করে এর বিভিন্ন অংশ দেখাও।
- ৩। 'ভি'-থ্রেড ও ক্ষয়ার থ্রেডের পরিচছন চিত্র অংকন কর।
- 8। বিভিন্ন ব্রিটিশ স্ট্যান্ডার্ড থ্রেডের চিত্র অংকন কর।
- ৫। নাট ও বোল্টের একটি পরিচছন্ন চিত্র অংকন কর।
- ৬। নাট ও বোল্টের ব্যবহারিক ক্ষেত্রগুলো লেখ

#### বর্ণনামূলক প্রশ্লাবলী

- 🕽 । একটি মেট্রিক থ্রেড অংকন করে বিভিন্ন অংশ চিহ্নিত কর।
- ২। একটি নাট-বোল্টের চিত্র অংকন করে এর বিভিন্ন অংশ দেখাও।
- ৩। নিমুলিখিত থ্রেডগুলোর চিত্র অংকন কর ।
- 8। তৃতীয় কোণ পদ্ধতিতে নাট ও বোল্ট অংকন কর।
  - ক) আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড থ্রেড
- ঘ) একমি থ্ৰেড


খ) ইউনিফায়েড থ্ৰেড গ) স্কয়ার থ্রেড

- ঙ) বাট্রেস থ্রেড চ) নাকল থ্ৰেড
- ে। প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে একটি ষটকোণ নাট ধাপে ধাপে অংকন কর।
- ৬। প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে একটি ষটকোণ মাথা-বিশিষ্ট বোল্টের চিত্র ধাপে ধাপে অংকন কর।
- ৭। প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে একটি চতুষ্কোণ নাট অংকন কর।
- ৮। প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে একটি চতুষ্কোণ মাথা বিশিষ্ট বোল্ট অংকন কর।

#### প্ৰথম কোণীয় প্ৰজেকশন পদ্ধতিতে চতুকোণ মাধা বিশিষ্ট বোল্ট অংকন ঃ

পূর্বে চতুকোণ নাট অংকন এবং বটকোণ বোল্ট অংকন সম্পর্কে যে পদ্ধতি বর্ণনা করা হয়েছে, চতুকোণ মাথা বিশিষ্ট বোল্ট মূলত ঐ প্রকারে অংকন করা হয়ে থাকে। চিত্রের সাহায্যে এর তিনটি দৃশ্য দেখান হলো। এ প্রকার বোল্টের বেলার সম্মুখ এলিডেশন ও বাম প্রান্তিক দৃশ্য একই প্রকার হয় বলে, মাথার চতুকোণ আকারকে দুইটি কর্ণ (Diagonal) দিয়ে দেখিয়ে একটি মাত্র দৃশ্য অংকনের ব্যবহারিক রীতিও (Convention) ও প্রচলিত আছে (চিত্র ১৬.৬.৯)।

ভৃতীয় কোণ গছভিতে পূৰ্ণাক ষটকোণ ও চতুহোৰ মাখা বিশিষ্ট বোল্ট ও নাট অংকন গছভি ঃ




চিত্ৰ ১৬.৬.৯ ষটকোণ ও চতুকোণ মাখা বিশিষ্ট বোল্ট ও নটি


# ১৭. ডেভেলপমেন্ট বা বিকাশন Development

# ১৭.১ ঘনম্ভব পৃষ্ঠতন বিকাশন (Surface Development of the Solids) ঃ

ঘনস্তর পৃষ্ঠতলকে কোনো সমতল স্থানের উপর বিতৃত করে ধরলে যে সীমাবদ্ধ ক্ষেত্র উৎপন্ন হয়, তাকে ঐ বস্তব পৃষ্ঠতলের বিকাশন বা ডেডেলপমেন্ট বলে। যেমন ঃ চিত্র ১৭.১-এর (১) এ একটি গোল বেলনাকার (Cylindrical) বস্তব এবং (২)-এ একটি 'কোণ' বা মোচক (Cone)-এর পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট দেখানো হয়েছে। কারখানায় বালতি (Bucket), তৈলাখার (Drum), চিমনি (Chimney), কার্ড বোর্ডের বাক্স (Card Board Box) ইত্যাদি তৈরি করার সময় লোহার শিট বা কার্ড-বোর্ডকে এ পদ্ধতিতে কাটা হয়ে থাকে।



১) সিলিন্দ্রিক্যাল বস্তুর বিকাশন




২) মোচক আকৃতি বস্তুর বিকাশন

চিত্ৰ ১৭.১


## ১৭.২ আয়তাকার, সিশিভার, মোচক, পিরামিড ও ঘনক তলের বিকাশন বা সম্প্রসারণ ঃ

কোনো ঘনবস্তুর তলসমূহকে খুলে একই সমতলে বিছানোকে তল সম্প্রসারণ বলা হয়। উদাহরণ হিসেবে ধরি কোনো ঘনক, প্রিজম, সিলিভার, পিরামিড বা মোচকের প্রভ্যেকটি তলের আকৃতি অনুযায়ী পৃথক পৃথক কাগজ কাটা হলো। কাগজের টুকরোগুলো দিয়ে সেলোফেন টেপের সাহায্যে। ঐ ঘন বস্তুর তলগুলোকে আবৃত করা হলো। এখন কাগজের আবরণটি খুলে সমতল অবস্থানে রাখলে ঐ ঘন বস্তুর সম্প্রসারিত তল পাওয়া যায়। ইছিনিয়ারিং কর্মক্ষেত্রে তল সম্প্রসারণ বিষয়ে নানা ধরনের জটিল সমস্যার সমাধান করতে হয়। শিট বা পাত দিয়ে নানা ধরনের জিনিস তৈরির কাজে, যেমন্ বয়লার, পাইপ, ডাই, কোন কিছুর প্রাটার্ন, চিমনি, বালতি, ফানেল, প্রিজম, সিলিভার, পাইপের সংযোগ ইত্যাদি তৈরি করতে হলে বিকাশন বা সম্প্রসারণ বিষয়্কের জ্ঞান বিশেষ ভাবে কাজে লাগে।

নিচে আরভাকার, সিলিভার, মোচক, পিরামিড ও খনক ডলের সম্প্রসারণ প্রদর্শন করা হলো ঃ




আয়তাকার তলের সম্প্রসারণ



সিলিভার তলের সম্প্রসারণ

ইঞ্জিনিয়ারিং দ্রইং



মোচক তলের সম্প্রসারণ

পিরামিড তলের সম্প্রসারণ


ঘনক তলের সম্প্রসারণ

চিত্র ১৭.২ ঘন বস্তুর তল বিকাশন বা সম্প্রসারণ

### আয়তাকার খনবন্তর তল বিকাশন অংকন (Surface Development of the Recangle Solids) ঃ

এখানে উপরে উল্লিখিত সাধারণ বস্তুর বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন পদ্ধতি প্রথম কোণীয় প্রজেকশন পদ্ধতিতে অংকিত দৃশ্যের মাধ্যমে বর্ণনা করা হলো। প্রত্যেকটির ক্ষেত্রে বস্তুটিকে ফাঁপা (Hollow) অনুমান করা হয়েছে।

উদাহরণ ১। একটি স্বায়তাকার স্থানবস্তুর বাহুন্তলো 15 মি.মি. 30 মি.মি. ও 55 মি.মি.। ফাঁপা সকল তল সম্প্রদারণ কর।



চিত্র ১৭.৩ আয়তাকার ঘনবন্তর পৃষ্ঠতল সম্প্রসারণ

অন্ধন ঃ আয়তাকার ঘনবস্তুটির প্লান ও এলিভেশন আঁকি। ঘন বস্তুটির প্রত্যেকটির কোণা (Corner) অন্ধর দিয়ে চিহ্নিত করি। এ কাজের সুবিধার জন্য পাশে একটি আয়তাকার ঘনবস্তুর খসড়া (Sketch) চিত্র এঁকে তাতে অন্ধর বসিয়ে নিতে পারি। এলিভেশন থেকে উচ্চতা নির্ধারণের জন্য ডান দিকে দুইটি অনুভূমিক সমান্তরাল অভিন্দেপ রেখা টানি। নিচের অভিন্দেপ রেখায় ঘনবস্তুটির বড় আয়তাকার তলটির পরিমাপ ডিভাইডার দিয়ে চিহ্নিত করি এবং ABCD আয়তন্দেত্রটি গঠন করি। এর ডান পাশে ঘনবস্তুটির ছোট আয়তাকার তলটির মাপ নিয়ে BbcC তলটি গঠন করি। এখন


পাশাপাশি badc এবং aADd তলগুলো আঁকি। এবার ঘনবস্তুটির উপরের তল cCDd এবং নিচের তল AabB আঁকি। এভাবে ঘনবস্তুটির সকল তল সম্প্রসারিত হলো। (চিত্র ১৭.৩) উদাহরণ ২। একটি আয়তকার ঘনবস্তুর অনুভূমিকতলের উপর এমনভাবে দশুরমান যে, এর

থাতের বৃহত্তর বাহুটি উল্লয় তলের সমাত্তরাল। প্রিজমটির সম্পুর্ব এলিভেশনকে কোনো নির্দিষ্ট উচ্চতার অনুভূমিকতলের সাথে 30°কোণে হেদন করা হলে এর

#### নিমাংশের পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন কর।

ধরা যাক, খনবস্তুটির প্রান্তের বাহুর দৈর্ঘ্য L, প্রস্থ W এবং এর উচ্চতা H। প্রথমে, প্রথম কোণীর প্রক্ষেকশন পদ্ধতিতে খনবস্তুটির প্লান ও সম্মুখ এলিভেশন অংকন করে নির্দিষ্ট

উচ্চতায় ছেদ-তল স্চক PQ রেখা দিয়ে 30° কোশে, তাকে AB, DC বিন্দুতে ছেদ করাই। পরে সম্মুখ এলিভেশনের ভূমি রেখাকে বর্ষিত করে একটি সরল রেখা টানি এবং এর উপর যথাক্রমে ঘনবস্তুটির প্রস্থ (W) ও দৈর্ঘ্য (L)-কে কেটে নিই। ছেদ বিন্দুগুলোকে A, B, C,D,A অক্ষর দিয়ে চিহ্নিত করে এটি থেকে উপরের দিকে লম্ম এবং সম্মুখ AB ও DC বিন্দু দুইটি (চিত্র ১৭.8)



চিত্র ১৭.৪ আয়তকার ঘনবস্তুর পৃষ্ঠ তল বিকাশন

থেকে ডান দিকে অনুভূমিক প্রজেকশন রেখা টানি। উভয় দিকের এ রেখাগুলো ছেদ-বিন্দুতে যে যে অক্ষর থেকে টানা হয়েছে ভাদের যে যে অক্ষর একই ধরনের সেগুলো লিখি। এখন A-B, B-C, C-D, D-A, A-A' এলিভেশন A'-A', A'-A' কে সরলরেখা দ্বারা যুক্ত করি। ফলে যে সীমাবদ্ধ ক্ষেত্রটি উৎপন্ন হলো তাই-ই নিমাংশের ঘনবস্তুটির অংকনীয় বিকাশন বা ডেভেলপমেন্ট হলো।


#### উদাহরণ ১। সিলিভার বস্তুর পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন কর।

যেহেতু বস্তুটির দেই গোলাকার, সূতরাং এর বিকাশন বা ডেভেলপমেন্ট এমন একটি আয়তক্ষেত্র হবে যার একটি বাছ ঐ গোলের পরিধির সমান এবং অন্য বাছ বস্তুটির উচ্চতার মান। বস্তুটির দুই প্রান্তের বিকাশন বা ডেভেলপমেন্ট দুইটি বৃত্ত হবে। এ বৃত্তের ব্যাস বস্তুটির ব্যাসের সমান।

প্রথমে এমন একটি সরলরেখা টানি যার দৈর্ঘ্য বস্তুটির পরিথির ( $\pi$  $\times$ বস্তুটির ব্যাস) সমান। ধরা যাক এটি AA। বস্তুটির ব্যাস খুব বড় না হলে, এর অর্ধেক ব্যাসের সাহায্যে একটি বৃত্ত অংকন করে এবং এর পরিধিকে সমান ১২টি অংশে বিভক্ত করে যে কোনো একটি অংশকে ১২ বার নিলে পরিধির দৈর্ঘ্য পাওয়া যেতে পারে। পরে A এবং A বিন্দুতে বস্তুটির উচ্চতা সমান যথাক্রমে AB ও AB দুইটি লঘ টানি।

BB কে সরলরেখা দিরে যুক্ত করি। কলে ABB র্ম বে আয়তক্ষেত্রটি উৎপন্ন হলো এটিই বস্তুটির দেহের বিকাশন বা ডেভেলপমেন্ট। প্রাপ্ত দৃইটির বিকাশনের জন্য BB এবং AA এর মধ্যবিন্দু C এবং D কে যুক্ত করে। (চিত্র ১৭.৫)

একটি সরশরেখা টানি এবং এ রেখাকে উভয়
দিকে বর্ধিত করি। এবার এ রেখাটির উপর C ও
D বিন্দু থেকে বছাটির ব্যাসার্থ মাপ দূরে O এবং
Ó দুইটি বিন্দু নিয়ে তাদেরকে কেন্দ্র এবং বছাটির
ব্যাসের অর্থেক মাসকে ব্যাসার্থ নিয়ে দুইটি বৃত্ত
অন্ধন করি। এটি বস্তুটির দুইটি প্রান্তের বিকাশন
বা ডেভেলপমেন্ট হলো (চিত্র ১৭.৫)।




২৩৩


চিত্র ১৭.৫ সিশিভার বস্তুর পৃষ্ঠতল বিকাশন

উদাহরণ ২। 30 বি.মি. যাল এবং 50 মি.মি. উচ্চতা বিশিষ্ট একটি লিভিজের ভলতলো সম্প্রদারণ কর।

অংকন ঃ সিলিভারের প্লান ও এলিভেশন আঁক। প্লান্ট বৃন্ধটিকে কেন্দ্র থেকে পরিখি পর্যন্ত রেখা টেনে সমান ১২ অংশে ভাগ কর। এলিভেশন থেকে ডান দিকে উচ্চতা নির্ধারণের জন্য দুইটি অভিক্ষেপ রেখা টান। যে কোন অভিক্ষেপ রেখার উপর বৃত্তের ব্যাস  $\times$   $\pi$  = পরিখি নির্ধারণ রেখা চিহ্নিত কর এবং উচ্চতা ও পরিখির সমান দৈর্ঘ্য নিরে একটি আরভক্ষেত্র

গঠন কর। আয়তকেনটিট সিলিভারের খাডা তলের সম্প্রসারণ দৃশ্য। এর সাথে সংযোগ আয়তক্ষেত্রটির কেন্দ্র রেখা বরাবর নির্দিষ্ট সিলিভারের পরিমাপে উপরের এবং নিচের বভাকার ক্ষেত্র দুইটি তাঁক। এভাবেই সিলিভারের সকল তল সম্প্রসারিত হলো (চিত্র ১৭.৬)।






চিত্র ১৭.৬ সিলিভারের পৃষ্ঠতল সম্প্রসারণ

#### খাড়া তল সম্প্রদারশের বিকয় পছতি ঃ

সিলিভারের প্লানে চিহ্নিত ১২টি বিন্দুর ক্রমান্বরে পারস্পারিক দ্রত্ব ডিভাইডারের সাহাব্যে উপরের উদ্রিখিত অভিক্রেপ রেখার চিহ্নিত কর। চিহ্নিত প্রত্যেকটি বিন্দু থেকে সম্ব টেনে অপর অভিক্রেপ রেখাকে স্পর্শ করাও।

অন্ধন ঃ কর্তিত সিলিভারটির প্লান ও এলিভেশন আঁক। কেন্দ্র থেকে পরিথি পর্যন্ত রেখা টেনে প্লানকে সমান ১২ ভাগে ভাগ কর। ভাগ বিন্দৃতলোকে সংখ্যা দিরে টিহ্নিত করে লখ অভিক্ষেপ রেখা টেনে এলিভেশনে হানাভর কর। উদাহরণ ২-এর অনুরূপ বে কোনো পদ্ধতিতে কর্তিত সিলিভারের নিচের তলের বৃত্তাকার প্রান্তকে (ভূমি) ভাল পাশে সম্প্রানারিত কর। ভাগ-বিন্দৃতলো সংখ্যা দিয়ে টিহ্নিত কর। প্রত্যেকটি বন্দু থেকে (0,1,2,3,........10,11,12) উপরের দিকে অভিক্ষেপ রেখা টান। এলিভেশনের প্রত্যেকটি চিহ্নিত বিন্দু থেকেও ভান পাশে অনুভূমিক সমান্তরাল অভিক্ষেপ রেখা টান। উন্নয় এবং অনুভূমিক অভিক্ষেপ রেখাওলো পরম্পরকে ০', 1', 2', 3',............10', 11', 12' বিন্দৃতে ছেদ করবে। এ ছেদ বিন্দৃতলো একটি সুষম বক্ত রেখার সাহায্যে বৃদ্ধ কর। এখন প্রয়োজনীয় সীমা রেখা টেনে সম্প্রসারিত তলটির



চিত্র ১৭.৭ সিলিভারের পৃষ্ঠতল সম্প্রদারণ

ইঞ্জিনিয়ারিং ড্রইং

উদাহরণ ৪। উদাহরণ ৩ এ বর্ণিত সিলিভারটির হেলানো (30° কোলে কর্তিত) তলটির প্রকৃত দৃশ্য অংকন কর।

আংকন ঃ উদাহরণ ৩-এর অনুরূপ প্লান ও এলিভেশন আঁক। এলিভেশনে অক্ষর চিহ্নিত বিন্দুগুলো থেকে হেলানো তলটির সাথে সমকোণে প্রয়োজনীয় অভিক্ষেপ রেখাগুলো

আঁক। এবার হেলানো তল থেকে সিলিভারের ব্যাসের সমান আনুমানিক দূরত্বে তলটির সাথে সমান্তরাল AG রেখা টানি। এই রেখাটিই হবে অংকনীয় তলটির কেন্দ্র রেখা। এবার উক্তরেখার বাম প্রান্তে প্লানের A বিন্দুটি অভিন্দেপ রেখার মাধ্যমে স্থানান্তর কর। এরপর ক্রমান্থরে ডিভাইডারের সাহায্যে প্লানের BL রেখার সমান দৈর্ঘ্যকে সংশ্লিষ্ট অভিন্দেপ রেখা বরাবর কেন্দ্র রেখার (AG) উপর স্থাপন কর, যাতে BL রেখার মধ্যবিন্দু কেন্দ্র রেখার (AG) উপর থাকে। এভাবে CK, DJ, EI, FH ম্রানান্তর কর। কেন্দ্র রেখার ডান পাশে G বিন্দু বসবে।

প্রত্যেকটি রেখার ছেদ বিন্দুগুলো চিহ্নিত কর। এবার A, B, C,D,...., K, L বিন্দু দিয়ে সুষম বক্র রেখা এঁকে তলটির প্রকৃত দৃশ্য চূড়ান্ত কর। বিকল্পভাবে AG রেখা বরাবর চিত্র অনুযায়ী প্লানের অংশ একে জ্যামিতিক উপায়ে হেলানো তলটির প্রকৃত দৃশ্য আঁকা

A B G D E F


যায়। (চিত্র ১৭.৮)

চিত্র ১৭.৮ সিলিন্ডাররের কর্তিত তলের প্রকৃত দৃশ্য অংকন

#### উদাহরণ ১। ভূমির ব্যাস এবং তির্যক উচ্চতা দেওয়া থাকলে, মোচক এর পৃষ্ঠতল বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন কর।

প্রথমে 'কোণ' এর ভূমির ব্যাসের অর্ধকে ভূমি এবং তির্যক উচ্চতাকে অতিভূজরূপে একটি সমকোণী গ্রিভুজ অংকন করি। মনে করি এটি OAB। এরপর A-কে কেন্দ্র এবং AO কে ব্যাসার্থ নিয়ে একটি বৃস্তচাপ অংকন করি। এটি AB রেখাটিকে D বিন্দুতে ছেদ করল। OD বৃত্তচাপটিকে সমান তিনটি অংশে বিভক্ত করে, O কে কেন্দ্র করে এবং OB কে ব্যাসার্থ নিয়ে আর একটি বৃত্তচাপ অংকন করি। বিভাগ-বিন্দুগুলোকে যথাক্রমে1,2,3 ইত্যাদি অঙ্ক ঘারা এবং সর্বশেষ বিভাগ-বিন্দুটিকে B' অক্ষর ঘারা চিহ্নিত করি। B' এবং O' কে সরলরেখা ঘারা যুক্ত করলে OBB'ক্ষেত্রটি 'কোণ'এরগোলাকার পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট হলো। এবার 'কোণ' টির তলদেশের বিকাশনের জন্য 0-6 সংযোজন রেখাকে বর্ধিত করি এবং এর উপরে একটি বিন্দুকে কেন্দ্র এবং AO সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি। এটি বৃত্তচাপটিকে স্পর্শ করবে। (চিত্র ১৭.৯)

২৩৬ ডেভেলপমেন্ট বা বিকাশন




চিত্র ১৭.৯ মোচক এর পৃষ্ঠতল বিকাশন

উদহারণ ২। ভূমি ও শীর্ষের ব্যাস এবং লম্ব উচ্চতা দেওরা থাকলে, ছিন্ন শীর্ষ মোচকের তল বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন কর।

'কোণ' এর শীর্ষদেশকে ভূমির সাথে সমান্তরাল করে কেটে ফেললে, নিচের অংশে যা অবশিষ্ট থাকে, তাকে 'কোণ' এর "ফ্রাস্টাম' বলে। একটি বালতিকে বিপরীতভাবে রাখলে এমন দেখা যায়।

প্রথমে প্রদত্ত 'কোণ-এর ফ্রাস্টামটির ভূমির ব্যাসের অর্ধ সমান AB একটি সরলরেখা টেনে এর নিচের দিকে একটি লম্ব টানি। এ লম্বের উপর ফ্রাস্টামটির লম্ব উচ্চতা সমান AC দৈর্ঘ্য কেটে নিলাম। এখন C বিন্দুতে AB এর সমান্তরালরূপে ফ্রাস্টামটির শীর্ষাংশের ব্যাসের অর্ধ সমান CD একটি সরলরেখা টেনে B, D-কে সরলরেখা দিয়ে যুক্ত করে নিচের দিকে বর্ধিত করি। এ বর্ধিত AC রেখাকে E বিন্দৃতে ছেদ করল। এবার E কে কেন্দ্র এবং EB কে ব্যাসার্ধ নিয়ে (B থেকে আরম্ভ করে) একটি বৃস্তচাপ অংকন করি । A- কে কেন্দ্র এবং AB কে ব্যাসার্ধ নিয়েও একটি বৃত্তচাপ অংকন করি। এটি AC- রেখাকে F বিন্দুতে ছেদ করল। পরে BF বৃত্তচাপটিকে সমান তিনটি অংশে বিভক্ত করে এর একটি অংশের দৈর্ঘ্যকে প্রথমাংকিত বৃদ্ভচাপটির (BB') উপর (B) থেকে আরম্ভ করে) বারো বার নিলাম। বিভাগ বিন্দুগুলোকে 1,2,3,4 ইত্যাদি অঙ্ক দিয়ে এবং সর্বশেষ বিভাগ বিন্দৃটিকে B' অক্ষর ধারা চিহ্নিত করি। থেকে আরম্ভ করে) আর একটি বৃত্তচাপ অংকন করি। এটি EB' রেখাটিকে D' বিন্দুতে ছেদ করল। ফলে DBB'D' ক্ষেত্র ফ্রাস্টামটির গোলাকার পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট এখন ফ্রাস্টামটির তলদেশের বিকাশনের জন্য E-6 সংযোজক সরলরেখাটিকে বর্ধিত করে এর উপরে কেন্দ্র এবং AB সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধরূপে BB বৃত্তচাপটিকে 6 বিন্দুতে স্পর্শ করিয়ে একটি বৃত্ত অংকন করি। এর চিত্র ১৭.১০ শীর্ষাংশের বিকাশনের জন্যও অনুরূপভাবে CD সমান দৈর্ঘ্যকে ব্যাসার্ধরূপে এবং DD'বৃত্তচাপটিকে স্পর্শ করিয়ে আর একটি বৃত্ত অংকন করি (চিত্র ১৭.১০)।

रेक्षिनियातिः फ्रवेर ५७१




চিত্র ১৭.১০ মোচকের এর পৃষ্ঠতল বিকাশন

উদাহরণ ৩ একটি মোচকের (Cone) ভূমির ব্যাস 75 মি.মি. এবং উচচতা 100 মি.মি.। ভূমির সাথে 45°কোণে একটি কর্তন-তল (Cutting Plane) মোচাকটিকে দ্বিপঞ্জিত করেছে। মোচকটির ভূমি সংগন্ন থতের তল সম্প্রসারণ কর।

অংকন ঃ মোচকের প্লান ও এলিভেশন আঁকি। প্লানের বৃত্তাকার তলকে সমান ১২

অংশে ভাগ করি। প্রত্যেকটি অংশকে সংখ্যা দিয়ে চিহ্নিত করে উল্পুম্ব অভিক্ষেপ রেখার সাহায্যে এলিভেশনের ভূমিতে (Base) স্থানাম্ভর করি। মোচকের শীর্ষ বিন্দু O এর সাথে বিন্দুগুলো রেখা দিয়ে যুক্ত করি। এবার এলিভেশনকে 45° কোণে নির্দিষ্ট উচ্চতায় কাটি। এই কর্তন রেখা 0-1, 0-2, 0-3... ইত্যাদি যথাক্রমে a, b, c..... ইত্যাদি বিন্দুতে ছেদকরলো।

এবার O-কে কেন্দ্র করে এবং প্রকৃত হেলানো দৈর্য্য 0-1 বা 0-7 নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপের দৈর্য্য মোচকের ভূমির পরিধির সমান হতে হবে। প্লান হতে সমান ১২টি অংশের পরিমাপ বৃত্ত চাপে স্থানান্তর করি। O থেকে রেখা টেনে সবগুলো বিন্দুকে যুক্ত করি। এবার Oa, Ob,.. Og দৈর্ঘ্যগুলো থেকে অনুভূমিক সমান্তরাল রেখা টেনে ডান পাশের সীমানায় স্থানান্তর করি এবং ঐ দৈর্ঘ্যগুলো নিয়ে বৃত্তচাপ আঁকি। এগুলো 0-1', 0-2', 0-3'



... ইত্যাদি সরলরেখাকে a', b', c'...ইত্যাদি


(চিত্র ১৭.১১)।

চিত্র ১৭.১১ মোচকের এর তল বিকাশন
বিন্দৃতে ছেদ করলো। এখন অক্ষর মিলিয়ে সুষম বক্ররেখার সাহায্যে কাটা তলটির সীমারেখা
টানি এবং সম্প্রসারিত ক্ষেত্রটির অংকন সম্পন্ন করি। ফলে, সীমাবদ্ধ যে ক্ষেত্রটি উৎপন্ন হলো
প্রটাই অংকনীয় বিকাশন বা ডেভেলপমেন্ট হলো

উদাহরণ ১। ভ্মির দৈর্ঘ্য এবং তির্বক উচ্চতা দেওয়া থাকলে, একটি বর্গক্ষেত্রাকার পিরামিভের
তল বিকাশন বা ডেভেলপমেন্ট অংকন কর।

প্রথমে প্রদত্ত ভূমির দৈর্ঘ্য সমান AB সরলরেখাকে ভূমিরূপে এবং প্রদত্ত তির্যক উচ্চতা সমান OA ও OB কে বাহুরূপে OAB একটি সম-দ্বিবাহু ত্রিভূজ অংকন করি। পরে O কে কেন্দ্র এবং OA বা OB কে ব্যাসার্ধ নিয়ে বৃত্তচাপ অংকন করি এবং B বিন্দু থেকে আরম্ভ করে AB এর সমান দৈর্ঘ্যকে এ বৃত্তচাপটির উপর তিনবার কেটে নিই

মনে করি, এ বিভাগ-বিন্দুগুলো C,D এবং র্ম হলো। এবার B-C,C-D,D-Á,O-C এবং D-A কে সরলরেখা দারা যুক্ত করি। ফলে OABCDÁ O পিরামিডটির দেহের চারটি পৃষ্ঠতলের বিকাশন বা ডেভেলপমেন্ট অংকিত হলো। তলদেশের বিকাশনের জন্য এখন যে কোন একটি বাহুকে ভূমিরূপে একটি বর্গক্ষেত্র (ধরা যাক, CFED অংকন করি (চিত্র ১৭.১২)।




চিত্র ১৭.১২ বর্গক্ষেত্রাকার পিরামিডের তল বিকাশন

উদাহরণ ২। একটি বর্গাকৃতি পিরামিডের ভূমির একটি বাছ 35 মি.মি. এবং খাড়া উচ্চতা 55
মি.মি.। পিরামিডটির ভ্মির একটি বাছ উল্লখতলের সাখে সমান্তরাল অবস্থায় রয়েছে।
পিরামিডটির তল সম্প্রসারণ কর।

অংকনঃ পিরামিডটির ভূমির সম্প্রসারিত তলের দৃশ্য হবে 35 মি.মি.বাহু বিশিষ্ট

একটি বর্গক্ষেত্র। ভূমি বাদে অপর চারটি তলের সম্প্রসারণের পদ্ধতি বর্ণনা করা হলো। শর্ত অনুযায়ী পিরামিডটির স্বাভাবিক প্লান ও এলিভেশন আঁক। এর চারটি কোণ বিন্দুকে A,B,C,D এবং শীর্ষকে O অক্ষর দিয়ে চিহ্নিত কর। চারটি তলকেও P, Q, R,S অক্ষর দিয়ে চিহ্নিত কর (চিত্র ১৭.১৩)।



চিত্র ১৭.১৩ ওয়েজ্ব আকৃতি পিরামিডের তল সম্প্রসারণ

ইঞ্জিনিয়ারিং ড্রইং

#### হেলানো তলের প্রকৃত দৈর্ঘ্য নির্ণয় ঃ

এই উদাহরণটিতে পিরামিডটির অবস্থানগত কারণে এর হেলানো প্রান্তের প্রকৃত দৈর্ঘ্য জানা অপরিহার্য। কারণ এলিভেশনে হেলানো প্রান্তটির প্রকৃত দৈর্ঘ্য সাধারণ অভিক্ষেপ রেখায় আনা যায় না।

প্রথমে O বিন্দু থেকে AB অথবা CD রেখার সমান্তরাল OX রেখা টান। OB ব্যাসার্ধ নিয়ে O-কে কেন্দ্র করে একটি বৃত্তচাপ আঁক। এ চাপ OX-কে X বিন্দুতে ছেদ করলো। এখন X থেকে উল্লম্ব অভিক্ষেপ রেখা টান যা বর্ধিত A'B' কে X' বিন্দুতে ছেদ করলো। O'X' সরল রেখা টেনে যুক্ত কর। O'X' হবে হেলানো পিরামিডটির হেলানো প্রান্তের প্রকৃত দৈর্ঘ্য। এবার তলগুলোর সম্প্রসারণের জন্য খালি জায়গায় O বিন্দু লই। O-কে কেন্দ্র করে O'X' ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁক। ডিভাইডারের সাহায্যে এ চাপটিতে প্ল্যান থেকে AB, BC, CD, DA পরিমাপ বৃত্তচাপে চিহ্নিত কর। এখন, OA, OB, OC, OD, যোগ কর। D-A, A-B, B-C, C-D কেও সরলরেখা দিয়ে যুক্ত করে তলগুলোর সম্প্রসারণ সম্পন্ন কর। উদাহরণ ৩। একটি ষড়ভুক্ত আকৃতির পিরামিডের ভূমির কোণাকোণি দূরত্ব 75 মি.মি. এবং উচ্চতা


100 মি.মি.। পিরামিডটির ভূমির দুইটি সমান্তরাল বাঁহু উল্লখতলের সাথে সমকোণে আছে। একটি  $45^{\circ}$  হেলানো তল পিরামিডটিকে কর্তন এবং পিরামিডের অক্ষকে ভূমি থেকে 38 মি.মি. উচ্চতায় ছেদ করেছে। কর্তিত পিরামিডটির ভূমি সংলগ্ন খণ্ডের তল সম্প্রসারণ কর।

প্রথমে পিরামিডের প্লান<sup>্</sup>ও এলিভেশন আঁক। প্রত্যেকটি কোণ বিন্দু অক্ষর দিয়ে চিহ্নিত কর। যে কোনো একটি কোণ বিন্দুকে প্লানের অনুভূমিক কেন্দ্র রেখায় স্থানান্তর

করে অভিক্ষেপ রেখার সাহায্যে উদাহরণ ৬-এর মতো পিরামিডটির হেলানো তলের প্রকৃত দৈর্ঘ্য বের কর।

খালি জায়গায় O-কে কেন্দ্র করে প্রকৃত দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁক। চাপটির বাম প্রান্তে F বিন্দু চিহ্নিত কর। এখন, ডিভাইডার দিয়ে F থেকে আরম্ভ করে প্লানের F-A, A-B, B-C, C-D, D-E, E-F অংশ কেটে লই। নির্মাণ রেখা দিয়ে OF, OA, OB, OC, OD, OE, OF যুক্ত করি। F-A, A-B, B-C, C-D, D-E এবং E-F অংশগুলোকেও সরলরেখা দিয়ে যুক্ত কর। এবার কর্তন রেখাটিযে যে বিন্দুতে পিরামিডকে ছেদ করেছে সেখান থেকে অনুভূমিক রেখার সমান্তরাল রেখা টেনে বিন্দুগুলোকে প্রকৃত দৈর্ঘ্য স্থানান্তর কর। O কে কেন্দ্র করে ঐ সব বিন্দু থেকে ডান দিকে প্রয়োজনীয় বৃত্তচাপগুলো আঁক। অক্ষর মিলিয়ে ছেদ বিন্দু দিয়ে রেখা টেনে সম্প্রসারিত তলের দৃশ্যটি চূড়ান্ত কর্তিত পিরামিডের তল সম্প্রসারণ করি। একটি একটি কর্তিত মোচকের তল সম্প্রসারণ হলো (চিত্র

1 (84.64



চিত্র ১৭.১৪ ষড়ভুজ আকৃতির পিরামিডের তল সম্প্রসারণ

#### অনুশীলনী - ১৭

#### সংক্ষিপ্ত প্রশ্লাবলী

- ১। ডেভেলপমেন্ট বা বিকাশন কী ?
- ২। সাধারণত কত ধরনের ডেভেলপমেন্ট বা বিকাশন করা যায় ও কী কী ?
- ৩। আয়তাকার, সিলিন্ডার, পিরামিড ও মোচকের তল ডেভেলপমেন্টের প্রয়োজনীয়তা লেখ।
- ৪। একটি বর্গক্ষেত্রাকার পিরামিডের ডেভেলপমেন্ট অংকন কর।
- ে। ডেভেলপমেন্টের প্রয়োগ বা ব্যবহারিক ক্ষেত্রগুলো উল্লেখ কর।

## বর্ণনামূলক প্রশ্লাবলী

- ১। 0 মি.মি. বাহু বিশিষ্ট একটি বর্গাকৃতি পিরামিডের উচ্চতা 60 মি.মি.। পিরামিডটির তলদেশের একটি বাহু উল্লেম্বতলের সাথে সমাস্তরাল। এর সব কয়টি তলের সম্প্রসারিত দৃশ্য আঁক।
- ২। 25 মি.মি. বাহু বিশিষ্ট একটি ষড়ভুজাকার পিরামিডের উচ্চতা 60 মি.মি.। পিরামিডটির তলদেশের একটি বাহু উল্লম্বতলের সাথে সমান্তরাল অবস্থানে আছে।
- ৩। 20 মি.মি. বাহু বিশিষ্ট একটি পঞ্চভুজাকার প্রিজমের উচ্চতা 80 মি.মি.। প্রিজমটির একটি আয়তাকার তল উল্লম্বতলের সাথে সমান্তরাল। এর তল সম্প্রসারণ কর।
- ৪। একটি আয়তাকার প্রিজমের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 5 সে.মি 3 সে.মি. ও 6 সে.মি। প্রিজমটি একটি প্রান্তের উপর ভর করে লম্ব অবস্থায় এমনভাবে অবস্থিত যে, এর বৃহত্তম পৃষ্ঠতলটি উল্লম্বতলের সমান্তরাল। প্রিজমটির সম্মুখ এলিভেশনকে 2 সে.মি. উচ্চতায় অনুভূমিকতলের সাথে 45° কোণে ছেদন করিয়ে এর নিয়াংশের বিকাশন অংকন কর।
- ৫। একটি সিলিভারের ব্যাস 4 সে.মি. এবং দৈর্ঘ্য 6 সে.মি.। সিলিভারটি অনুভূমিকতলের উপর লম্বভাবে অবস্থিত। এর অক্ষকে অনুভূমিকতলের সাথে 45° কোণে ছেদ করিয়ে নিমাংশের বিকাশন অংকন কর।
- ৬। ঘনকের পৃষ্ঠতলের বিকাশন অংকন কর।
- ৭। ভূমির দৈর্ঘ্য এবং তির্যক উচ্চতা দেওয়া থাকলে একটি বর্গক্ষেত্রাকার পিরামিডের বিকাশন অংকন কর।
- ৮। ভূমি ও শীর্ষের ব্যাস এবং লম্ব উচ্চতা দেওয়া থাকলে ছিন্ন শীর্ষ মোচকের এর বিকাশন অংকন কর।

# ১৮. ওয়ার্কিং ড্রইং Working Drawing

#### ১৮.০ ওয়ার্কিং দ্রাইং (Working Drawing) ঃ

শিল্প-কারখানায় জটিল যন্ত্রপাতি তৈরি করার সময় একাধিক অংশবিশিষ্ট পার্টস তৈরি করা হয়। প্রত্যেকটি অংশকে আলাদা আলাদাভাবে ড্রইং করে, কোন যন্ত্রাংশ বা যন্ত্র উৎপাদন ও সংযোজন করার কাজে ব্যবহার করা হয়। এ নির্দিষ্ট ড্রইংকেই ওয়ার্কিং ড্রইং বলে।

"যে ড্রইং এ মেশিন অথবা গঠন সংক্রান্ত দ্রব্য বা স্ট্রাকচারের (Structure) উৎপাদনের জন্য পরিপূর্ণ তথ্য সরবরাহ বা বর্ণনা করা হয়, তাকে ওয়ার্কিং ড্রইং বলে।

#### ১৮.১ ওয়ার্কিং দ্রইং এর প্রয়োজনীয়তা (Necessity of Working Drawing) ঃ

ওয়ার্কিং ড্রইং একটি প্রাথমিক ড্রইং। যাতে প্রস্তুতকৃত প্রয়োজনীয় সমস্ত তথ্য বর্ণনা করা হয়। এটা প্রোডাকশন ড্রইং বলেও পরিচিত। তাই এ ড্রইংকে যন্ত্রকৌশল সম্মন্ধীয়, গঠন সংক্রান্ত, স্থাপত্য ও বিদ্যুৎ সংক্রান্ত বিষয়সমূহের উদ্ভাবনের চাবিকাঠি বলা হয়। কারণ এতে উৎপাদিত দ্রব্যের আকার, আকৃতি ও গুণাগুণ সমাপ্তিকরণ পদ্ধতি, উৎপাদিত দ্রব্য সংযোজনের জন্য প্রয়োজনীয় সূক্ষ্মতার বিবরণ, পরিপূর্ণভাবে বর্ণনা করা থাকে অর্থাৎ মেশিন অথবা গঠন সংক্রান্ত দ্রব্য উৎপাদনের জন্য পরিপূর্ণ জ্ঞান এতে প্রদান করা থাকে।

মোট কথা শিল্প-কারখানায় এ ড্রইং সাধারণ ভাবে যাতে গ্রহণযোগ্য হয়, সেভাবে এটা উপস্থাপন করা হয়ে থাকে। এ জন্য ওয়ার্কিং ড্রইং-এর প্রয়োজনীয়তা বিশেষ গুরুত্ব বহন করে।

#### ১৮.২ ওয়ার্কিং ড্রইং এর উপাদান সমূহ ঃ

ওয়ার্কিং দ্রইং এর মধ্যে যে সমস্ত বিষয় বা তথ্য না থাকলে একটি দ্রইং পরিপূর্ণ হয় না। ঐ সমস্ত বিষয় বা তথ্যকেই সাধারণত ওয়ার্কিং দ্রইং এর উপাদান বলে। ওয়ার্কিং দ্রইং এর উপাদান সমূহ নিম্নুরুপ । যথা ঃ

- ১) যন্ত্রকৌশল সম্মন্ধীয় গঠন সংক্রান্ত বিষয় ২) স্থাপত্য সংক্রান্ত বিষয় ৩) বিদ্যুৎ সংক্রান্ত বিষয়
- 8) উৎপাদিত দ্রব্যের আকার ৫) দ্রব্যের আকৃতি ৬) দ্রব্যের গুণাগুণ ৭) সমাপ্তিকরণ পদ্ধতি ৮) উৎপাদিত দ্রব্যের সংযোজন ৯) উৎপাদিত দ্রব্যের সৃক্ষতার বিবরণ

#### ১৮.৩ ওয়ার্কিং ড্রইং এর প্রকারভেদ ঃ

ওয়ার্কিং দ্রইংকে মূলত দুইটি শ্রেণিতে বিভক্ত করা যায়। যথা ঃ

- ১। ডিটেইল ড্রইং (Detail Drawing)
- ২। অ্যাসেমব্লি দ্রইং (Assembly Drawing)

#### ১। ডিটেইল ড্রইং (Detail Drawing) ঃ

যে ড্রইং এ মেশিন অথবা স্ট্রাকচার এর (Structure) প্রত্যেকটি অংশ স্বতন্ত্র ও বিশদভাবে উৎপাদনের জন্য যাতে পরিপূর্ণ তথ্য বর্ণনা করা থাকে, তাকে ডিটেইল ড্রইং বলে।

#### ডিটেইল দ্রইং এ উল্লিখিত বিষয়য়য়য়হ ঃ

একটি সমৃদ্ধিপূর্ণ ডিটেইল ড্রইং এ নিমুলিখিত তথ্যগুলো উল্লেখ করা থাকে। যথা ঃ

- ১) অংশটির আকৃতি (Shape of the Part)
- ২) অংশটির আকার (Size of the Part)
- ৩) ম্যাটেরিয়াল (Material)
- 8) মসৃণতার মান (Grade of Finish)
- ৫) শপের প্রয়োজনীয় কার্যাবলী (Necessary Shop Operations)
- ৬) সীমামাপের সৃক্ষতা (Limits of Accuracy)
- ৭) প্রয়োজনীয় অংশগুলোর সংখ্যা (No. of Parts Required)
- ৮) দৃশ্যের সংখ্যা এবং প্রকৃত অংশটির আকারের প্রয়োজনীয় সেকশনের বর্ণনা (No. of View and Section Required to Describe Exact Shape of the Part)

#### ২। অ্যাসেম্বব্লি ড্রইং (Assembly Drawing) ঃ

যে দ্রইং এ যন্ত্রের অংশগুলোকে সন্নিবেশিত অবস্থায় সমগ্র বস্তুটির যে রূপ অংকন করা হয়, তাকে অ্যাসেমব্লি দ্রইং বলে।

বা যে ড্রইং এ একটি পরিপূর্ণ মেশিন বা স্ট্রাকচারের (Structure) সমস্ত অংশকে তাদের কার্যপদ্ধতি অনুযায়ী সংযোজন করা হয়ে থাকে, তাকে অ্যাসেমব্লি ড্রইং বলে।

#### অ্যাসেমব্রি দ্রইং নিম্লুলিখিত তথ্যের পরিসমান্তি প্রদান করে। যথা ঃ

- ১) সবচেয়ে ভালো অ্যাসেমব্লি একটি প্রধান দৃশ্য দিয়েই দেখায়।
- সর্বোপরি পরিমাপ এবং গুরুত্বপূর্ণ কেন্দ্র হতে কেন্দ্রের দূরত্বগুলো নির্বাচিত করে।
- অ্যাসেমব্লি দ্রইং এর বিভিন্ন অংশকে চিহ্নিত করে।
- 8) প্রয়োজনীয় সেকশনসমূহ উল্লেখ করে। (Necessary Sections)
- ৫) অংশ তালিকা, নোটসমূহ ও টাইটেল ইত্যাদি উল্লেখ করে। (Part List, Notes, Titles etc.)


#### অ্যাসেমৃব্লি দ্রইং এর প্রয়োজনীয়তা ঃ

সামগ্রিক ধারণায় একটি মেশিন অথবা স্ট্রাকচারের বাহ্যিক আকার কীভাবে স্থাপন করা হয়, এটার পরিপূর্ণভাবে স্থাপিত সংযোজন এতে দেখান হয়। অর্থাৎ অ্যাসেমব্রি দ্রইং এ বস্তুর প্রকৃতরূপ বোঝানো হয়। যন্ত্রের বা স্ট্রাকচারের বিভিন্ন অংশের আলাদা আলাদাভাবে অংকিত দ্রইং হতে চূড়ান্ত অ্যাসেমব্রি দ্রইং অংকন করা হয়। এ দ্রইং হতে কোন যন্ত্রাংশ বা স্ট্রাকচার পৃথক পৃথকভাবে তৈরি করে, অ্যাসেমব্রি দ্রইং এর সাহায্যে সুন্দরভাবে সংযোজন করা সম্ভব হয়। বিভিন্ন যন্ত্রাংশ বা স্ট্রাকচারের অবস্থান ও ধারাবাহিকতা অনুযায়ী এটা সহজেই সন্নিবেশিত করা যায়। এ দ্রইং ব্যতীত কোনো যন্ত্রাংশ বা স্ট্রাকচার ব্যবহারিক ক্ষেত্রে সঠিকভাবে সংযোজন করা সম্ভব নয়। এ জন্য অ্যাসেমব্রি দ্রইং এর প্রয়োজনীয়তা অপরিসীম।

#### ১৮.৪ ডিটেইল ও জ্যাসেমব্লি ম্র্রইং এর পার্থক্য নিম্নে প্রদন্ত হলো ঃ


#### ডিটেইল দ্রইং অ্যানেমুব্রি দ্রুইং ১। এ ছ্রইং-এ যন্ত্র বা স্ট্রাকচারের প্রত্যেকটি ১। এ দ্রইং-এ, যন্ত্র বা স্ট্রাকচারের সমস্ত অংশ অংশের দ্রইং পৃথক পৃথকভাবে অংকিত করা সংযোজন অবস্থায় পরিপূর্ণ রূপটি অংকন করা থাকে। থাকে। ২। এ ড্রইং-এ, বদ্রাংশের সমস্ত খুঁটিনাটি পরিমাপ ২। এ দ্রইং-এ, সংযোজনের সর্বোপরি পরিমাপ দেওয়া থাকে। কিন্তু খুঁটিনাটিভাবে কোন পরিমাপ দেওয়া থাকে। ৩। এ দ্রইং-এ, সীমা মাপের সৃক্ষতা উল্লেখ করা দেওয়া থাকে না ৩। এ ড্রইং-এ, সীমা মাপের সৃক্ষতার কোনো উল্লেখ থাকে। ৪। এ ড্রইং-এ, উৎপাদিত যদ্রাংশ বা স্ট্রাকচার এ থাকে না। কোন কোন ধরনের অপারেশন করতে হবে এর ৪। এ দ্রইং-এ, এ ধরনের কোনো অপারেশনের উল্লেখ থাকে। উল্লেখ থাকে না। ৫। এ দ্রইং-এ, উৎপাদন সমান্তি করণের জন্য ৫। এ দ্রইং-এ, উৎপাদনের মসৃণতা মানের জন্য মসৃপতা মানের সিম্বল দেওয়া থাকে। কোন সিম্বল দেওয়া থাকে না। ৬। এতে যন্ত্রাংশ বা স্ট্রাক্চারের কোনো সংখ্যার ৬। এতে যন্ত্র বা স্ট্রাকচারের বিভিন্ন অংশে উল্লেখ থাকে না ৷ ধারাবাহিক অনুযায়ী সংখ্যা দেওয়া থাকে। ৭। এ ড্রইং-এ, যন্ত্রাংশে চলাচলের দিক নির্দেশ ৭। এ দ্রইং-এ, যন্ত্রাংশ বা স্ট্রাকচারের চলাচলের দিক নির্দেশ উল্লেখ করা থাকে না। উল্লেখ থাকে।

#### ১৮.৫ হ্যাভ ভাইস এর ওরার্কিং ও অ্যাসেমৃব্রি দ্রইং অংকন ঃ



চিত্র ১৮.৫.১ হ্যান্ড ভাইস এর ওয়ার্কিং ও অ্যাসেমৃল্লি ড্রইং

# 'সি' ক্ল্যাম্প এর ওয়ার্কিং ও অ্যাসেমৃব্রি দ্রইং অংকন ঃ




চিত্র ১৮.৫.২ 'সি' ক্ল্যাম্পের ওয়ার্কিং ও অ্যাসেম্ব্রি দ্রইং

वैभिनियादिः स्वरेष


# ১৮.৬ বুই কক এক বাৰালা বিশিষ্ট একটি বিকিং এর প্রান্ত একিজেশন অংকন ঃ

# দুই কক এক বারাকা বিশিষ্ট একটি বিভিৎ এর প্লান অংকন ঃ





Plan Plinth area -510 sft( Inc St) Total Land - 720 Sft (1 Khata) দৃই কক্ষ এক বারান্দা বিশিষ্ট একটি বিভিং এর ম্রন্ট এলিভেশন অংকন :




Front Elevation

চিত্র ১৮.৬.২ বিভিং এর ফ্রন্ট এলিভেশন


# নিম্নে করেকটি ওয়র্কিং ও অ্যানেমব্লি ম্রইং এর উদাহরণ দেওরা হলো ঃ

আউটার পুলার এর ওয়ার্কিং ও অ্যানেসমিয় দ্রইং ঃ




চিত্র ১৮.৬.৩ আউটার পুলারের গুরার্কিং ও অ্যাসেম্ব্রি দ্রইং

# পাইশ ভাইস (Pipe Vice) এর ওয়ার্কিং ও অ্যাসেমরি ফ্রইং ঃ




চিত্র ১৮.৬.৪ পাইপ ভাইসের ওয়ার্কিং ও অ্যাসেমব্রি দ্রইং

# হেক্সাগোনাল নাট ও বোল্ট এর ওয়ার্কিং দ্রইং ঃ



চিত্র ১৮.৬.৫ হেক্সাগোনাল নাট ও বোল্টের ওয়ার্কিং ড্রইং

### লেদ মেশিনে টার্নিং জবের ওয়ার্কিং দ্রইং ঃ



# মেশিনারি পার্টসের ওয়ার্কিং দ্রইং ঃ

# 2.0 10 DRILL HOLE R10 R10 P70 P70 P85 R85 R85 R85

চিত্র ১৮.৬.৭


### অনুশীলনী - ১৮

#### সংক্ষিপ্ত প্রশ্নাবলী

- 🕽 । ওয়ার্কিং ড্রইং কী ? এটা কত প্রকার ও কী কী ?
- ২। ডিটেইল ড্রইং এ কী তথ্য উল্লেখ করা থাকে?
- ৩। একটি মেশিনারী পার্টসের ওয়ার্কিং ড্রইং অংকন কর।
- ৪। ওয়ার্কিং ড্রইং এ ডিটেইল ও অ্যাসেমব্লি ড্রইং এর পার্থক্যসহ ব্যবহারিক ক্ষেত্র উল্লেখ কর।

# রচনামূলক প্রশ্নাবলী

১। নিম্নের চিত্রে ক্ল্যাম্পসহ 'ভি 'ব্লক এর ওয়ার্কিং ও অ্যাসেমব্লি ড্রইং কর।



চিত্র ১৮.৬.৮ 'ভি 'ব্লক

#### সহায়ক বই ঃ

- ১। ইঞ্জিনিয়ারিং ড্রইং- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। প্রাথমিক ইঞ্জিনিয়ারিং ড্রইং হেমন্ত মুখার্জী
- ♥ | Elementary Engineering Drawing A.C Parkinson
- 8 | Intermediate Engineering Drawing A.C Parkinson
- & | Mechanical Drawing Curl & French
- ৬। ইঞ্জিনিয়ারিং ড্রইং মোঃ মোদাচ্ছের আলী

#### যন্ত্রপাতি ও সরঞ্জাম তালিকা ঃ

১। ড্রইং বোর্ড ৯। ইরেজার

২। সেট-স্কয়ার ১০। পেনসিল শার্পনার

৩। টি-ক্ষয়ার ১১। রুমাল

৪। ক্ষেল ১২। লেটারিং গাইড

৫। ড্রইং ইন্সট্রুমেন্ট বক্স ১৩। ফ্রেন্স কার্ভ ও টেমপ্লেট

৬। ড্রইং শিট ১৪। ল্যাপটপ - ১টি

৭। ড্রাফটিং স্কচটেপ ১৫। মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ক্রিন - ১টি

৮। পেনসিল

#### জব তালিকা ঃ

🕽 । ড্রইং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও সরঞ্জাম সম্পর্কে অবহিত হবে।

২। নির্দিষ্ট আকারের ড্রইং শিটে ড্রইং লে-আউট তৈরি করতে পারবে।

৩। ইঞ্জিনিয়ারিং ড্রইং এ ব্যবহৃত বিভিন্ন রেখা অংকন করতে পারবে।

8। ভার্টিক্যাল ও ইনক্লাইন্ড গ্রাফ অংকন করে সিঙ্গেল স্ট্রোক ও ডাবল স্ট্রোক লেটারিং ও নাম্বারিং অংকন করতে পারবে।

ে। প্লেন ক্ষেল ও ডায়াগোনাল ক্ষেল অংকন করতে পারবে।

৬। ইঞ্জিনিয়ারিং ড্রইং এ ব্যবহৃত বিভিন্ন প্রতীক অংকন করতে পারবে।

৭। বিভিন্ন প্রকার কোণ ও ত্রিভুজ অংকন করতে পারবে।

৮। একটি সরলরেখা ও কোণকে নির্দিষ্ট ভাগে ভাগ করতে পারবে।

৯। বিভিন্ন প্রকার বহুভুজ অংকন করতে পারবে।

১০। বিভিন্ন পদ্ধতিতে উপবৃত্ত অংকন করতে পারবে।

১১। আয়তাকার, ওয়েজ আকৃতি ও বক্রতল বিশিষ্ট ঘনবস্তুর আইসোমেট্রিক দৃশ্য অংকন করতে পারবে।

১২। বর্গাকার ও নালীযুক্ত বা খাঁজকাটা ঘনবস্তর অবলিক দৃশ্য অংকন করতে পারবে।

১৩। প্রথম ও তৃতীয় কোণীয় অভিক্ষেপ পদ্ধতিতে ঘনবস্তুর অর্থোগ্রাফিক দৃশ্য অংকন করতে পারবে।

১৪। ঘনবস্তুর পূর্ণ ও অর্ধচ্ছেদ দৃশ্য অংকন করতে পারবে।

১৫। ঘনবস্তুর আইসোমেট্রিক ও অবলিক স্কেচিং অংকন করতে পারবে।

১৬। ষটকোণ (Hexagonal) আকৃতির নাট ও বোল্ট অংকন করতে পারবে।

১৭। আয়তাকার, সিলিন্ডার, মোচক ও পিরামিডের তলের বিকাশন অংকন করতে পারবে।

১৮। হ্যান্ড ভাইস ও সি-ক্লাম্প এর ডিটেইলস ও অ্যাসেমব্লি ড্রইং অংকন করতে পারবে।

১৯। দুই কক্ষ ও এক বারান্দা বিশিষ্ট একটি বিল্ডিং এর প্লান ও এলিভেশন অংকন করতে পারবে।

#### নম্বর বন্টন

বিষয়	মোট নম্বর	ব্যবহারিক ধারাবাহিক	ব্যবহারিক চূড়ান্ত
ইঞ্জিনিয়ারিং ড্রইং	<b>(</b> 0	২৫	২৫

#### সমাপ্ত



শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

# কারিগরি শিক্ষা আত্মনির্ভরশীলতার চাবিকাঠি

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন

২০১০ শিক্ষাবর্ষ থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য